গালি অভিধান

সংকলন ও সম্পাদনা

আবদুল মান্নান স্বপন

গালি অভিধান

গালি অভিধান

গালি অভিধান

সংকলন ও সম্পাদনা
আবদুল মান্নান স্বপন

ঐতিহ্য

গালি অভিধান
সংকলন ও সম্পাদনা : আবদুল মান্নান স্বপন

প্রকাশক
ঐতিহ্য
রুমী মার্কেট ৬৮-৬৯ প্যারীদাস রোড
বাংলাবাজার ঢাকা ১১০০

প্রকাশকাল
ফাল্গুন ১৪২০
ফেব্রুয়ারি ২০১৪

প্রচ্ছদ
ধ্রুব এষ

বর্ণ বিন্যাস
প্রদীপ চন্দ্র দাস

মুদ্রণ
ঐতিহ্য মুদ্রণ শাখা

মূল্য
চারশত পঁচিশ

GALI OVIDHAN [Dictionary of Slang]
Compilied & Edited by Abdul Mannan Swapan
Published by Oitijjhya.
Date of Publication : February 2014

website: www.oitijjhya.com
Email: oitijjhya@gmail.com

Price : Taka 425.00 US$ 12.00
ISBN 978-984-776-144-2

উৎসর্গ

বাবা আবদুল তাহের তালুকদার (বাবু মিয়া)
মা মুখছুদা খাতুন
যাঁরা আমাকে এ পৃথিবীর আলোয় এনেছেন

সূচিপত্র

ভূমিকা

একটি ভাষার মানুষের মুখ নিঃসৃত শব্দই সে ভাষার শব্দসম্ভারের একটি অংশ। মানুষ প্রাত্যহিক কথনে যেমন স্বাভাবিকভাবে শব্দ, শব্দগুচ্ছ ও বাক্য ব্যবহার করে তেমনি ক্রোধ-ক্ষোভে প্রতিপক্ষের উপর রাগ প্রকাশের জন্য শব্দকে বিকৃত করে ভিন্ন ধরনের শব্দ-বাক্য ব্যবহার করে থাকে। সে শব্দকে অশ্লীল শব্দ, ইতর শব্দ, গালি, বদকথা, বদবুলি, অকথ্যভাষা, জনবুলি, অপভাষা ইত্যাদি নানা অভিধায় ভাষাবিদগণ অভিহিত করেছেন। তবে শব্দগুলো বিতর্কের ঊর্ধ্বে নয়। অর্থাৎ যে শব্দটি slang হিসাবে বেশি পরিচিত তার একটি যথার্থ প্রতিশব্দের আজও সন্ধান মেলেনি। এখানে লক্ষ করলে গালি শব্দটির সাথে অন্যান্য শব্দের পার্থক্য সহজেই অনুমেয়।

গালি মূলত sense কেন্দ্রিক। গালিতে সব সময় অশ্লীল শব্দ নাও হতে পারে। একজন ক্ষুব্ধ মানুষ যখন ভাষার মাধ্যমে প্রতিপক্ষকে আক্রমণ করে এবং বিপক্ষও ক্ষুব্ধ হয় তখনই সে ভাষা বা শব্দ গালি রূপে গণ্য হয়।

গালি বা slang বিষয়ে ইংরেজি, ফরাসি, জার্মান ভাষায় প্রচুর কাজ হয়েছে। বিশ্বব্যাপী বিভিন্ন ভাষাগোষ্ঠীর slang বা গালির পূর্ণাঙ্গ অভিধানও সংকলিত হয়েছে। কিন্তু বাংলাদেশে বাংলা ভাষায় গালি নিয়ে কোনো কাজ হয়নি। ইংরেজি ভাষায় ষোড়শ শতক থেকেই slang সংকলিত হয়েছে। বাংলা ভাষার গালি বিষয়ে গত দুই দশক যাবৎ কলকাতায় কিছু গবেষণাধর্মী কাজ সম্পন্ন হয়েছে। তা শুধু কলকাতাকেন্দ্রিক গালির মান্য শব্দ নির্ভর।

'ধমনি' সাহিত্য পত্রিকার গালি সংখ্যা প্রকাশকালে গালি অভিধান করার আইডিয়া মাথায় আসে। ধমনির গালি সংখ্যায় বাংলাদেশের ৬৪টি জেলার বাংলা ভাষাভাষীদের গালির শব্দ, কলকাতার বাংলা ভাষাভাষীদের গালির শব্দ, আসামের বাংলা ভাষাভাষীদের গালির শব্দ, ত্রিপুরার বাংলা ভাষাভাষীদের গালির শব্দ এবং বাংলাদেশের আদিবাসিদের ১১টি গোত্রের গালির শব্দ নিয়ে পৃথক পৃথক প্রবন্ধ প্রকাশিত হয়। তবে সে প্রবন্ধগুলোতে সংশ্লিষ্ট এলাকার প্রতিনিধিত্বমূলক কিছু গালির শব্দ থাকে। অভিধানের কাজ করতে গিয়ে ছাত্র, শিক্ষক, শ্রমিক, যুবক, বৃদ্ধসহ নানা পেশাজীবী মানুষের

কাছ থেকে গালির শব্দ সংগ্রহ করা হয়। এলাকাভিত্তিক গালির শব্দগুলোর বানান উচ্চারণ অনুযায়ী করা হয়েছে এবং গালির অনেক শীর্ষ শব্দ অভিধান বহির্ভূত হওয়ায় অর্থ নিজস্ব আইডিয়া থেকে করা হয়েছে। প্রতিটি এলাকার গালির শব্দের প্রয়োগ সংশ্লিষ্ট এলাকার উপভাষার বাক্যে দেখানো হয়েছে। বাংলাদেশের বৃহত্তর জেলাকে একটি ইউনিট ধরে বাংলাদেশকে ১৬টি অঞ্চলে ভাগ করে প্রতিটি জেলার নামের আদ্যাক্ষর; কলকাতার নামের আদ্যাক্ষর এবং বাংলাদেশের ১১টি আদিবাসী সম্প্রদায়ের নামের আদ্যাক্ষরের মাধ্যমে গালির শব্দটি কোন অঞ্চলে প্রচলিত তা দেখানো হয়েছে। পরবর্তী সংস্করণে বাংলাদেশের সকল আদিবাসী সম্প্রদায়ের গালির শব্দ অন্তর্ভুক্ত করার প্রচেষ্টা থাকবে। আসাম ও ত্রিপুরার গালির শব্দ পৃথকভাবে দেখানো গেল না প্রয়োগকৃত বাক্য দেখাতে না পারার কারণে। আশা করি পরের সংস্করণে আসাম ও ত্রিপুরার গালির শব্দ স্বাতন্ত্রিকভাবে দেখানো হবে। প্রাচীন, মধ্য ও আধুনিক যুগে বাংলা সাহিত্যের বিভিন্ন শাখায় গালির ব্যবহার হয়েছে। অভিধানে বাংলা সাহিত্যের বিভিন্ন শাখায় গালির যে প্রয়োগ আছে তা দেখানো হয়েছে। প্রাচীন যুগ থেকে আধুনিক যুগ পর্যন্ত বাংলা সাহিত্যের যেসব গ্রন্থে গালি ব্যবহৃত হয়েছে তার প্রয়োগ সংশ্লিষ্ট গালির শীর্ষ শব্দের সাথে দেখানো হয়েছে। সাহিত্য থেকে উদ্ধৃত বাক্যগুলোর বানান অপরিবর্তিত রাখা হয়েছে। তাতে প্রাচীন, মধ্য ও আধুনিক যুগের বানানরীতির ধারণা পাওয়া যাবে এবং বর্তমান বানানরীতির সাথে ভিন্নতা দেখা যাবে। যুগের পরিবর্তনের সাথে সাথে গালির নতুন শব্দের জন্ম হয়। গালির শব্দ নিত্য যেমন সৃজিত হচ্ছে তেমনি অনেক শব্দ হারিয়ে যাচ্ছে। প্রাচীন ও মধ্য যুগের শব্দ বর্তমানেও ব্যবহৃত হচ্ছে আবার কিছু শব্দের ব্যবহার নেই। তাই অনেক শব্দের অস্তিত্বের ধারণা পাঠককে সন্দিহান করবে।

সংগৃহীত গালির শব্দগুলোর আঞ্চলিক উচ্চারণে বানান সংশোধন এবং প্রয়োগকৃত বাক্যের কাজটি সংশ্লিষ্ট এলাকার বিজ্ঞজন অত্যন্ত ধৈর্য ও অক্লান্ত পরিশ্রম করে সম্পাদন করেছেন। তাঁদের অকৃত্রিম সাহায্য ছাড়া অভিধানের

কাজটি করা আদৌ সম্ভব ছিল না। কৃতজ্ঞতায় তাদের নাম উল্লেখ করছি : বৃহত্তর যশোর– প্রাবন্ধিক ও ঔপন্যাসিক হোসেনউদ্দিন হোসেন, বৃহত্তর খুলনা– অধ্যাপক গাজী আজিজুর রহমান, বৃহত্তর বরিশাল– অধ্যক্ষ তপঙ্কর চক্রবর্তী ও বাংলা একাডেমীর পাণ্ডুলিপি সম্পাদক মনি হায়দার, বৃহত্তর দিনাজপুর– অধ্যাপক ড. মাসুদুল হক, আমজাদ হোসেন, বৃহত্তর রংপুর– অধ্যাপক ড. শাশ্বত ভট্টাচার্য এবং এনজিও কর্মী মো. এরশাদ আলী, বৃহত্তর রাজশাহী– কবি আনিফ রুবেদ এবং বিচার বিভাগের চাকুরে মেহেদী হাসান, বৃহত্তর পাবনা– জাহিদ সোবহান, বৃহত্তর বগুড়া– কবি ইসলাম রফিক, বৃহত্তর কুষ্টিয়া– শাশ্বত নিপ্পন এবং হাসনাত শাহীন, বৃহত্তর চট্টগ্রাম– অধ্যাপক রুহুল কাদের, বৃহত্তর নোয়াখালী– মাস্টার ম. পানাউল্লাহ, বৃহত্তর কুমিল্লা– অধ্যাপক শান্তিরঞ্জন ভৌমিক এবং অধ্যাপক সিরাজুল ইসলাম জীবন, বৃহত্তর সিলেট– প্রাবন্ধিক-গবেষক ইকবাল কাগজী, কবি সামস শামীম এবং অধ্যাপক হেনা নূরজাহান, বৃহত্তর ফরিদপুর– লোকগবেষক ড. মাসুদ রেজা ও ছড়াকার জাহাঙ্গীর খান, বৃহত্তর ঢাকা- ছড়াকার নাসের মাহমুদ ও ফারোহা সারোয়ার্দী বৃহত্তর ময়মনসিংহ– কবি, গল্পকার আমজাদ দোলন, এনাজিও কর্মী হাসান ইকবাল এবং আবদুল মান্নান স্বপন, কলকাতা– নেতাজী সুবাস বোস বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞানের অধ্যাপক ড. অমিতাভ চক্রবর্তী ও হোসেন উদ্দিন হোসেন। আদিবাসী সমাজের গারো, হাজং-এর গালির শব্দ নিয়ে কাজ করেছেন নেত্রকোনা জেলার দুর্গাপুরের মতিলাল হাজং, চাকমা, মারমা, ম্রো, চাক, ত্রিপুরা, খুমি, খিয়াং, বম-এর গালির শব্দ নিয়ে কাজ করেছেন বান্দরবানের চৌধুরী বাবুল বড়ুয়া।

অভিধানের কাজটি করতে যারা আন্তরিকভাবে উৎসাহ উদ্দীপনা দিয়ে সাহস যুগিয়েছেন তাঁদের মধ্যে বাংলাদেশ সরকারের সাবেক সচিব সমর চন্দ্র পাল, বাংলাদেশ পুলিশ বিভাগের ডিআইজি মোশাররফ হোসেন ভূঞা, ডিআইজি ভানুলাল দাস, কবি-গল্পকার-প্রাবন্ধিক শাহেদ ইকবাল, জেলা প্রশাসক রামচন্দ্র দাস, উপ-সচিব মুহাম্মদ মাহবুবুর রহমান, বাংলা একাডেমীর সহ-পরিচালক ইমরুল ইউসুফ, অধ্যাপক ড. মাসুদ রহমান, তরুণ লেখক এমরানুর রেজা প্রমুখ।

অভিধান সংকলনে দিকনির্দেশনা, সংশ্লিষ্ট বই-পুস্তকের তথ্য প্রদান, দুষ্প্রাপ্য গ্রন্থ সরবরাহ এবং গালির শীর্ষ শব্দগুলো বর্ণানুক্রম অনুসারে বিন্যাসের নির্দেশনা ও পরামর্শ দিয়ে ঋণী করেছেন বাংলা একাডেমীর সহ-পরিচালক ড. এ. কে. এম. কুতুবউদ্দিন। কম্পোজের কাজটি অত্যন্ত ধৈর্য্যের সাথে সম্পন্ন করে স্নেহের প্রদীপ চন্দ্র দাস কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন। যাঁর প্রতি কৃতজ্ঞতা অপ্রকাশে আমার সাহিত্যকর্ম ও উৎসাহ-প্রেরণার কথা অব্যক্তই থেকে যাবে তিনি হলেন আমার গুরুপ্রতিম বাজিতপুর ডিগ্রি কলেজের বাংলা বিভাগের শিক্ষক এ. কে. মনজুরুল হক। তাঁর উপদেশ, পরামর্শ ব্যতিরেকে আমার লেখার জগৎ দেখার সুযোগই হতো না। অভিধানের প্রুফ সংশোধন ও পদবিন্যাসে সম্যক পরামর্শ প্রদানের মাধ্যমে সংকলনের কাজকে তিনি সহজ করে দিয়েছেন।

যেকোনো অভিধান সংকলন নিরন্তর পরিশ্রমলব্ধ কাজ। তিন বছর নিরলসভাবে অভিধানের কাজ করতে গিয়ে আমার পরিবারের অনেক কাজই উপেক্ষিত হয়েছে। পরম ধৈর্য ও সহিষ্ণুতায় সাংসারিক কাজের দায়িত্ব থেকে আমাকে মুক্তি দিয়ে অভিধানের কাজটি করতে অপার সুযোগ করে দিয়েছেন আমার স্ত্রী ছালমা আক্তার কুমকুম। তাঁর এ ত্যাগস্বীকারকে কৃতজ্ঞতা না জানিয়ে অবিচার করতে চাই না।

আমি বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র নই। ভাষার নিগূঢ় তত্ত্ব বুঝার কোনো যোগ্যতা আমার নেই। অদম্য ইচ্ছায় অভিধান সংকলনের মনস্থ করি। ফলে ভাষাতাত্ত্বিকদের দৃষ্টিতে অভিধানে বহু ত্রুটি বা অসংগতি ধরা পড়া স্বাভাবিক। সর্বোপরি বাংলা ভাষায় গালি বিষয়ক কোনো পূর্ণাঙ্গ অভিধান না থাকায় এতদ্‌সংক্রান্ত নমুনা নির্বাচনেও নিজস্ব ভাবনার আশ্রয় নিতে হয়েছে। অধিকন্তু কোন অভিধানই সংস্করণ ব্যতীত পূর্ণতা পায় না। পরবর্তী সংস্করণে ভুল সংশোধন, পরিমার্জন ও পরিবর্তনের লক্ষ্যে বিজ্ঞজন তথা পাঠকের উপদেশ ও পরামর্শের বিনীত প্রত্যাশা রইল।

বাজিতপুর
ফেব্রুয়ারি, ২০১৪

আবদুল মান্নান স্বপন

অভিধানে ব্যবহৃত বর্ণক্রম নিম্নরূপ

অ আ ই উ এ ও

ক খ গ ঘ

চ ছ জ ঝ

ট ঠ ড ঢ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ স হ

অঞ্চল, সম্প্রদায়, ভাষা, ব্যাকরণ ও অন্যান্য বিষয়ক সংকেত

অঞ্চল

কল	কলকাতা
কু	কুষ্টিয়া
কুম	কুমিল্লা
খু	খুলনা
চট্ট	চট্টগ্রাম
ঢা	ঢাকা
দি	দিনাজপুর
নো	নোয়াখালী

পা	পাবনা
ফ	ফরিদপুর
ব	বগুড়া
বরি	বরিশাল
ম	ময়মনসিংহ
য	যশোর
রং	রংপুর
রা	রাজশাহী
সি	সিলেট

সম্প্রদায়

খি.	খিয়াং
খুমি	খুমি
গা.	গারো
চ.	চাক
চা.	চাকমা
ত্রি.	ত্রিপুরা
বম	বম
মা.	মারমা
ম্রো	ম্রো
সাঁও.	সাঁওতাল
হা.	হাজং

ভাষা, ব্যাকরণ

অব্য.	অব্যয়ীভাব
অস. ক্রি.	অসমাপিকা ক্রিয়া
আ.	আরবি

ইং.	ইংরেজি
প্র.	প্রবাদ
বাগ.	বাগধারা
বি.	বিশেষ্য
বিণ.	বিশেষণ
ক্রি.বি.	ক্রিয়া বিশেষণ
সর্ব.	সর্বনাম
হি.	হিন্দি

গ্রন্থ সংকেত

সংকেত	গ্রন্থের নাম	গ্রন্থকার/সম্পাদক	রচনাকাল
অ. কু. স., কাল.	অমৃতকুম্ভের সন্ধানে	কালকূট	১৯৫৬ খ্রি.
অগ্র., শৈ. মি.	অগ্রবাহিনী	শৈবাল মিত্র	১৯৭৮ খ্রি.
অজ্ঞাত., শৈ. মি.	অজ্ঞাতবাস	শৈবাল মিত্র	১৯৭৮ খ্রি
অটো, ন. ভ.	অটো	নবারুণ ভট্টাচার্য	১৪০৮ বাং
অ. ন., স্ব.চ.	অবন্তী নগর	স্বপ্নময় চক্রবর্তী	২০০২ খ্রি.
অলীক., জ্যো. ঠা.	অলীক বাবু	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর	১৯০০ খ্রি.
আদাব, স. ব.	আদাব	সমরেশ বসু	২০০৪ খ্রি.
আ. দে., প্র. রা.	আমাকে দেখুন	প্রফুল্ল রায়	১৯৭৫ খ্রি.
আ. প্রদীপ, র. চৌ.	আকাশপ্রদীপ	রমাপদ চৌধুরী	১৯৮৬ খ্রি.
আ. প্র., সু. গ.	আত্মপ্রকাশ	সুনীল গঙ্গোপাধ্যায়	১৯৬৬ খ্রি.
আ. বি., দ্বি. রা.	আনন্দবিদায়	দ্বিজেন্দ্রলাল রায়	১৯১১ খ্রি.
আ. মু., ভো. মু	আপনার মুখ আপনি দেখ	ভোলানাথ মুখোপাধ্যায়	১৮৬৩ খ্রি.
আ. যে., গৌ. ঘো.	আমরা যেখানে	গৌরকিশোর ঘোষ	১৯০৭ খ্রি.
আ. রা.	জ্ঞানসাগর	আলী রাজা	১৮ শতক
আলা.	আলাওলের বিভিন্ন গ্রন্থ		১৭ শতক
আলাল., টে. ঠা.	আলালের ঘরের দুলাল	টেকচাঁদ ঠাকুর	১৮৫৮ খ্রি.
ইঁ., সো. চ.	ইঁদুর	সোমেন চন্দ	২০০৪ খ্রি.

ই. বি.	ইমাম বিজয়	দৌলত উজির বাহারাম খান	১৬ শতক
এ. আ. সি. লে. নি., সু. মি.	এই আমাদের সিকি লেবু নিঙড়ানি	সুবিমল মিশ্র	১৯৯০ খ্রি.
র. চৌ.	এখনই	রমাপদ চৌধুরী	১৯৬৯ খ্রি.
এ. পা., বা. ব.	একুশে পা	বাণী বসু	১৯৯৪ খ্রি.
এ. পৃ. পা., র. চৌ.	এই পৃথিবী পান্থনিবাস	রমাপদ চৌধুরী	১৩৬৭ বাং.
এ. ব. স., ম. দ.	একেই কি বলে সভ্যতা	মধুসূদন দত্ত	১৮৬০ খ্রি.
ক. চ.	কবি কঙ্কন চণ্ডী	মুকুন্দরাম চক্রবর্তী	১৬ শতক
ক. বা., গি. ঘো.	কেরমেতি বাঈ	গিরিশচন্দ্র ঘোষ	১৮৯৫ খ্রি.
ক. থে. মি., অ. মি.	কবিতা থেকে মিছিলে	অশোক মিত্র	২০০৬ খ্রি.
কথো., উই. কে.	কথোপকথন	উইলিয়াম কেরী	১৮০১ খ্রি.
ক. রা. ব.		কবিয়াল রাম বসু	১৯ শতক
কমলা., গৌ. ঘো.	কমলা কেমন আছ	গৌর কিশোর ঘোষ	১৩৯০ বাং.
করুণা, র. ঠা.	করুণা [গল্পগুচ্ছ]	রবীন্দ্রনাথ ঠাকুর	১৯০০ খ্রি.
কা. পু., স. ম.	কালপুরুষ	সমরেশ মজুমদার	১৯৮৪ খ্রি.
কা. মা., ন. ভ.	কাঙাল মালসাট	নবারুণ ভট্টাচার্য	২০০৪ খ্রি.
কারা., আ. হ.	কারাগারে আঠারো বছর ১/২	আজিজুল হক	১৯৮৭ খ্রি.
কাল., স. ম.	কালবেলা	সমরেশ মজুমদার	১৯৮৩ খ্রি.
কু. দে., হ. দ.	কুশপাতার দেউল	হর্ষ দত্ত	১৪০৭ বাং.
কৃ. উ., ব. চ.	কৃষ্ণকান্তের উইল	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	১৮৭৮ খ্রি.
কৃ. কী.	শ্রীকৃষ্ণ কীর্তন	বড়ু চণ্ডিদাস	১৪ শতক আনু.
কৃত্তি	রামায়ণ	কৃত্তিবাস	১৫ শতক
কৃ. ম	কৃষ্ণমঙ্গল	মাধবাচার্য	১৬ শতক
কৃষ্ণ	কৃষ্ণরাম দাসের	গ্রন্থাবলী	১৭ শতক
কেতকা	মনসামঙ্গল	কেতকাদাস	১৭ শতক
কেরী., প্র. না. বি.	কেরী সাহেবের মুন্সী	প্রমথনাথ বিশী	১৯৫৮ খ্রি.
খ. ও প., না. গ.	খট্টাঙ্গ ও পলান্ন	নারায়ণ গঙ্গোপাধ্যায়	১৩৫৫ বাং.
খণ্ডিতা, স. ব.	খণ্ডিতা	সমরেশ বসু	১৩৯৩ বাং.

গণ., তা. ব.	গণদেবতা	তারাশংকর বন্দ্যোপাধ্যায়	১৯৪২ খ্রি.
গ. স., র. ঠা.	গল্পসল্প	রবীন্দ্রনাথ ঠাকুর	১৯৪১ খ্রি.
গু. স.	গোপীচণ্ডের সন্ন্যাস	শুকুর মাহমুদ	১৯০৯ খ্রি.
গোপী	গোপীচণ্ডের সন্ন্যাস	আবদুস সুকুর	১৮ শতক
গৌ. ম.	গৌরী মঙ্গল	কবিচন্দ্র মিশ্র	১৪৯৭-৯৮ খ্রি.
ঘন	ঘনরামের ধর্মমঙ্গল		১৮ শতক
চ. গী.	চর্যাগীতিকা		প্রাক দ্বাদশ শতক
চণ্ডি	চণ্ডিদাস পদাবলী		১৫ শতক আনু.
চণ্ডী	চণ্ডীকাব্য		১৬ শতক
চা. ম., ম. মি.	চাকভাঙা মধু	মনোজ মিত্র	২০০৬ খ্রি.
চা. মূ., না. গ.	চারমূর্তি	নারায়ণ গঙ্গোপাধ্যায়	১৩৬২ বাং.
চিড়ি., শ. ব.	চিড়িয়াখানা	শরদিন্দু বন্দ্যোপাধ্যায়	১৩৬০ বাং.
চৈ. চ.	চৈতন্য চরিতামৃত	কৃষ্ণদাস কবিরাজ	১৬ শতক
চৈ. ভা.	চৈতন্য ভাগবত	বৃন্দাবনদাস	১৬ শতক
চৈ. ম.	চৈতন্যমঙ্গল	লোচনদাস	১৬ শতক
ছে., র. ঠা.	ছেলেটা	রবীন্দ্রনাথ ঠাকুর	১৪১১ বাং
জগ	জগজ্জীবন-মনসামঙ্গল		১৬ শতক
জনা, গি. ঘো.	জনা	গিরিশচন্দ্র ঘোষ	১৮৯৩ খ্রি.
জা. বা., দী. মি.	জামাই বারিক	দীনবন্ধু মিত্র	১৮৭২ খ্রি.
জাল, শী. মু.	জাল	শীর্ষেন্দু মুখোপাধ্যায়	১৯৮৫ খ্রি.
জাহেদ	শেখ জাহেদ রচিত	আদ্য পরিচয়	১৫ শতক আনু.
ঝা., সু. রা.	ঝালাপালা	সুকুমার রায়	১৯১১ খ্রি.
টানা., স. ব.	টানাপোড়েন	সমরেশ বসু	২০০৭ খ্রি.
টি. ত., উ. দ.	টিনের তলোয়ার	উৎপল দত্ত	১৯৭৩ খ্রি.
ডমরু., ত্রৈ. মু.	ডমরু চরিত	ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়	১৯২৩ খ্রি.
ত. বি.	তন্দ্রবিভূতি রচিত মনসাপুরাণ		১৭ শতক
ত. ব., হ. দ.	তপস্যার রঙ	হর্ষ দত্ত	১৯৯৯ খ্রি.

ত. হ. তী., হী. মু.	তরী হতে তীরে	হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়	১৯৭৪ খ্রি.
তোহ্	তোহ্ফা	আলাওল	১৭ শতক
দ. ক., সু. সি.	দয়াময়ীর কথা	সুনন্দা সিকদার	২০১০ খ্রি.
দয়া	দয়াবানের	সারদামঙ্গল	১৮ শতক
দু. ন., ব. চ.	দুর্গেশ নন্দিনী	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	১৮৬৫ খ্রি.
দু. ম.	দুররে মজলিশ	আবদুল হাকিম	১৭ শতক
দে. গ., বি. ভ.	দেবী গর্জন	বিজন ভট্টাচার্য	২০০৬ খ্রি.
দে. পা., শ. চ.	দেনা পাওনা	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	১৯২৩ খ্রি.
দেব., অপ.	দেবলীনা	অপরাজিতা	১৪০৩ বাং.
দোনা	দোনা গাজী-সয়ফুল মুলক বদিউজ্জামান		১৭ শতক
দৌ. উ.	লাইলী মজনু	দৌলত উজির বাহ্রাম খান	১৬ শতক
দৌ. কা.	দৌলৎ কাজী রচিত সতী ময়না ও লোর চন্দ্রাণী		১৭ শতক
ন. ত., দী. মি.	নবীন তপস্বিণী	দীনবন্ধু মিত্র	১৮৬৩ খ্রি.
নাটাদা., স্ব. চ.	নাটাদা	স্বপ্নময় চক্রবর্তী	২০০৯ খ্রি.
নি. ক., ত. না.	নির্বাচিত কলাম	তসলিমা নাসরিন	১৯৯২ খ্রি.
নবান্ন., বি. ভ.	নবান্ন	বিজন ভট্টাচার্য	১৯৪৪ খ্রি.
নী. দ., দী. মি.	নীল দর্পণ	দীনবন্ধু মিত্র	১৮৬০ খ্রি.
নূ. না.	নূরনামা	আবদুল হাকিম	১৭ শতক
পঞ্চ. ১, সৈ. মু.	পঞ্চতন্ত্র ১	সৈয়দ মুজতবা আলী	১৩৫৯ বাং.
পদকল্প	পদকল্পতরু	পদরত্না পদরত্নাবলী	১৮ শতক
প. ডা. পাঁ., যুব	পটলডাঙার পাঁচালী	যুবনাশ্ব	১৯২৩ খ্রি.
প. দা., স. রা.	পাগলাদাশু	সুকুমার রায়	১৩২৩-৩০ বাং.
প. ন. মা., মা. ব.	পদ্মা নদীর মাঝি	মানিক বন্দ্যোপাধ্যায়	১৯৩৬ খ্রি.
প. পাঁ., বি. ব.	পথের পাঁচালী	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়	১৯২৯ খ্রি.
পায়রা, স. চ.	পায়রা	সঞ্জীব চট্টোপাধ্যায়	১৩৮৪ বাং.
পা. হা., স্ম. চ.	পালটা হাওয়া	স্মরণজিৎ চক্রবর্তী	২০০৮ খ্রি.
পুঁই., বি. ব.	পুঁইচাচা	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়	

পু. না. ই., মা. ব.	পুতুল নাচের ইতিকথা	মানিক বন্দ্যোপাধ্যায়	১৯৩৬ খ্রি.
পূ. গী.	পূর্ববঙ্গ গীতিকা	দীনেশ চন্দ্র সেন	১৯২৩ খ্রি.
পূ. প. ১, সু. গ.	পূর্ব পশ্চিম ১/২	সুনীল গঙ্গোপাধ্যায়	১৯৮৯ খ্রি.
প্র. আ., সু. গ.	প্রথম আলো	সুনীল গঙ্গোপাধ্যায়	১৯৯৭ খ্রি.
প্রজা., স. ব.	প্রজাপতি	সমরেশ বসু	১৯৬৭ খ্রি.
প্রত্নকন্যা, সুকা. গ.	প্রত্নকন্যা	সুকান্ত গঙ্গোপাধ্যায়	১৪০৫ বাং
প্র. প্র., আ. দে.	প্রথম প্রতিশ্রুতি	আশাপূর্ণা দেবী	১৪১৪ বাং.
প্রফুল্ল, গি. ঘো.	প্রফুল্ল	গিরিশচন্দ্র ঘোষ	১৮৮৯ খ্রি.
প্রা., মা. ব.	প্রাগৈতিহাসিক	মানিক বন্দ্যোপাধ্যায়	১৯৩৭ খ্রি.
ফেরা, ত. না.	ফেরা	তসলিমা নাসরিন	১৯৯৪ খ্রি.
ফ্যাতাড়ু., ন. ভ.	ফ্যাতাড়ুর বোম্বাচাক ও অন্যান্য	নবারুণ ভট্টাচার্য	২০০৪ খ্রি.
বলি	বলিদান	গিরিশচন্দ্র ঘোষ	১৩১১ বাং.
ব. সা. প.	বঙ্গসাহিত্য পরিচয়	দীনেশচন্দ্র সেন	১৯১৪ খ্রি.
বাঁ. হা., ন. ই.	বাঁধনহারা	কাজী নজরুল ইসলাম	১৯২৭ খ্রি.
বা. এ., র. ব.	বাস স্টপে একদিন	রবিশংকর বল	১৪০৭ খ্রি.
বা. ম. ই., আ. ভ.	বাংলা মঙ্গল কাব্যের ইতিহাস	আশুতোষ ভট্টাচার্য	১৪১০ বাং.
বা. প্র., র. ঠা.	বাল্মীকি প্রতিভা	রবীন্দ্রনাথ ঠাকুর	১৮৮১ খ্রি.
বা. বৃ., স. সে.	বাবু বৃত্তান্ত	সমর সেন	১৯৭৮ খ্রি.
বিজয়	বিজয়গুপ্তের পদ্মাপুরাণ		১৫ শতক
বি. পা. বু., দী. মি.	বিয়ে পাগলা বুড়ো	দীনবন্ধু মিত্র	১৮৬৬ খ্রি.
বিবর, স. ব.	বিবর	সমরেশ বসু	১৯৬৫ খ্রি.
বি., র. ঠা.	বিসর্জন	রবীন্দ্রনাথ ঠাকুর	১৮৯০ খ্রি.
বী. কা., ম. দ.	বীরাঙ্গনা কাব্য	মধুসূধন দত্ত	১৮৬২ খ্রি.
বু. আ., অ. ঠা.	বুড়ো আংলা	অবনীন্দ্রনাথ ঠাকুর	১৩৭২ বাং.
বু. সা. ঘা. রোঁ., ম. দ.	বুড়ো সালিকের ঘাড়ে রোঁ	মধুসূদন দত্ত	১৮৬০ খ্রি.
বৃ., ব. চ.	বিষবৃক্ষ	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	১৮৭৩ খ্রি.
ভ. আ., রা. সে.	ভক্তের আকুতি	রামপ্রসাদ সেন	১৯৯৭ খ্রি.

ভারত	ভারতচন্দ্রের রচনাবলী		১৮ শতক
ভা., সু. ভ.	ভাঙনকাল	সুচিত্রা ভট্টাচার্য	১৯৯৬ খ্রি.
ভো. ম.		ভোলা ময়রা কবিয়াল	১৮ শতক
ম. বা. গী.	মধ্যযুগের বাংলা গীতি কবিতা		১৫ শতক
মরদন	মরদন রচিত নছিয়ত নামা		১৭ শতক
ম. রা. জী., র. ব.	মধ্যরাত্রির জীবনী	রবিশংকর বল	১৪০৮ বাং
মা. চ.	মানিকদত্তের চণ্ডিমঙ্গল		১৫ শতক
মা., ন. ই.	মানুষ	কাজী নজরুল ইসলাম	১৯২৮ খ্রি.
মানিক	ধর্মমঙ্গল	মানিকরাম গাঙ্গুলি	১৮ শতক
মা. ব.	মালাধর বসু	শ্রীকৃষ্ণবিজয়	১৫শতক
মসো., ন. ভ.	মসোলিয়ম	নবারুণ ভট্টাচার্য	২০০৬ খ্রি.
মহা	মহাভারত	কাশীরাম দাস	১৭ শতক
মু. ক.	মধুমালতী	মুহম্মদ কবীর	১৬ শতক
মু. ক. প.	মুসলিম কবির-পদসাহিত্য		
রজনী	রজনী	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	১৮৭৭ খ্রি.
রসক	রসকদম্ব	কবি বল্লভ	১৬ শতক
রসম	রসমঞ্জরী	ভারতচন্দ্র	১৮ শতক
রবি., র. ঠা.	রবিবার	রবীন্দ্রনাথ ঠাকুর	১৯৩৮ খ্রি.
রা. কা. নি., র. ঠা.	রামকানাইয়ের নির্বুদ্ধিতা	রবীন্দ্রনাথ ঠাকুর	১৯৪১ খ্রি.
রায়	রায়বিনোদ	পদ্মাপুরাণ	১৭ শতক
রা. সা., ন. ভ.	রাতের সার্কাস	নবারুণ ভট্টাচার্য	২০০৯ খ্রি.
রোমন্থন	রোমন্থন অথবা ভীমরতি প্রাপ্তের পরচরিতচর্চা	তপন রায় চৌধুরী	১৯৯৩ খ্রি.
ল. শ., সু. রা.	লক্ষ্মণের শক্তিসেল	সুকুমার রায়	১৯১১ খ্রি.
লা. স.	লালমোতি সয়ফুল মুলক	আবদুল হাকিম	১৭ শতক
লো. র., ব. চ.	লোক রহস্য	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	১৮৭৪ খ্রি.
শঙ্ক., গি. ঘো.	শঙ্করাচার্য	গিরিশচন্দ্র ঘোষ	১৯০৯ খ্রি.

[একুশ]

শা. খা.	শাহ্ বারিদ খান রচনাবলী		১৪৮০-১৫৫০ খ্রি.
শা. গ.	ইউসুফ জলেখা	শাহ গরীবুল্লাহ্	১৮ শতক
শিব	শিবসংকীর্তন	রামেশ্বর	১৮ শতক
শু., শ. চ.	শুভদা	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	১৯৩৮ খ্রি.
শূন্য	শূন্যপুরাণ	রামাই পণ্ডিত	১৩-১৮ শতক
শে. চা.	শেখ চান্দ রচিত-হরগৌরীসম্বাদ		১৬-১৭ শতক
শে. ম.	শেখ মনসুর রচিত-শির্নামা		১৭-১৮ শতক
শ্রী., শ. চ.	শ্রীকান্ত	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	১৯১৮ খ্রি.
স. উ. হ., দী. মি.	সত্য উৎপাটিত হয়	দীনবন্ধু মিত্র	১৮৬৬ খ্রি.
স. এ., দী. মি.	সধবার একাদশী	দীনবন্ধু মিত্র	১৮৬৬ খ্রি.
সগীর	শাহ সগীর রচিত	ইউসুফ জলেখা	১৫ শতক আনু.
সতী	সতী ময়না লোর চন্দ্রাণী আলাওল		১৭ শতক
সত্য	সত্যকলি বিবাদ সম্বাদ	মুহম্মদ খান	
সদর., সু. চ.	সদর মফস্বল	সুধীর চক্রবর্তী	১৯৮৬ খ্রি.
সয়., প.	সয়ম্বরা	পরশুরাম	১৩৩৫ বাং.
সাঁ. স. ম., মহা. দে.	সাঁঝ সকালের মা	মহাশ্বেতা দেবী	২০০৪ খ্রি.
সাজাহান, দ্বি. রা.	সাজাহান	দ্বিজেন্দ্রলাল রায়	১৯০৯ খ্রি.
সু. জ.	সুলতান জমজমা	মীর ফয়জুল্লাহ	১৬ শতক
সে. স., সু. গ.	সেই সময়	সুনীল গঙ্গোপাধ্যায়	১৩৮৮ বাং.
সৈ. নু.	সৈয়দ নুরুদ্দীন রচিত রাহাতুল কুলুব		১৮ শতক
সৈ. সু.	নবীবংশ ১ম ও ২য় খণ্ড	সৈয়দ সুলতান	১৫৮৪-৮৬ খ্রি.
সৈ. হা.	মধুমালতী	সৈয়দ হামজা	১৮ শতক
স্বপ্ন., কি. রা.	স্বপ্নপুরাণ	কিন্নর রায়	২০০০ খ্রি.
হরি	হরিবংশ	ভবানন্দ	
হাঁ. বাঁ. উ., তা. ব.	হাঁসুলি বাঁকের উপকথা	তারাশংকর বন্দ্যোপাধ্যায়	১৯৪৭ খ্রি.
হাকিম	আবদুল হাকিম রচিত গ্রন্থ		১৭ শতক
হাজী. মু.	সুরতনামা	হাজী মুহম্মদ	

হা., ন. ভ.	হারবার্ট	নবারুণ ভট্টাচার্য	১৯৯৩ খ্রি.
হারা., গি. ঘো.	হারানিধি	গিরিশচন্দ্র ঘোষ	১৮৯০ খ্রি.
হি.বি., জ্যো. ঠা.	হিতে বিপরীত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর	১৮৯৬ খ্রি.
হুতোম., কা. সি.	হুতোম প্যাঁচার নকশা	কালীপ্রসন্ন সিংহ	১৮৬২ খ্রি.
হেয়াত	হেয়াত মামুদ রচনাবলী		১৮ শতক
হ্যালহেড	বাংলা-ফারসি শব্দকোষ হ্যালহেড সংগৃহীত		১৮ শতক

সহায়ক গ্রন্থপঞ্জি

১. বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান — ড. মুহম্মদ শহীদুল্লাহ্

২. অপরাধ জগতের ভাষা ও শব্দকোষ — ভক্তিপ্রসাদ মল্লিক

৩. নর নারীর অশ্লীল ভাষার ইতিহাস — জগবন্ধু শীট

৪. প্রাচীন ও মধ্যযুগের বাংলা ভাষার অভিধান — মোহাম্মদ আবদুল কাইউম, রাজিয়া সুলতানা

৫. বাংলা স্ল্যাং : সমীক্ষা ও অভিধান — অভ্র বসু

৬. রত্নমালা : সমার্থাভিধান — প্রাণতোষ ঘটক

৭. বাংলা অকথ্য ভাষা ও শব্দকোষ — সত্রাজিৎ গোস্বামী

৮. সংসদ বাঙ্গালা অভিধান — শৈলেন্দ্র বিশ্বাস

৯. চলন্তিকা — রাজশেখর বসু

১০. যথাশব্দ — মুহম্মদ হাবিবুর রহমান

১১. বাংলা একাডেমি ছোটদের অভিধান

অ

অঁড়কঁক *বিণ.* বোকা, অল্পবুদ্ধিসম্পন্ন ব্যক্তি, নির্বোধ, বেআক্কেল ॥ শালা আমাকে অঁড়কঁক ভেব্যেচে মাগি- [টানা. স. ব.]

অউরর পোয়া *বি.* [চট্ট] শালা, স্ত্রীর ছোট ভাই ॥ দুর অউরর পোয়া, বাজে হথা ন হইস।

অক্কুম *বি.* [চট্ট] শকুন, এক ধরনের পাখি [নিকৃষ্ট অর্থে] ॥ চাই থাক, জউরাই গইল্লে ভিডাত্ অক্কুম চরাইয়ুম।

অকর্মণ্য *বিণ.* [ম কু ঢা] অক্ষম, অকেজো, অযোগ্য, অপদার্থ ॥ ম- অকর্মণ্যডা কোনহানের তরে দেয়া কি অইব। কু- তোমার মত অকর্মণ্যের বিয়ে করা উচিত হয়নি। ঢা- অকর্মণ্য ছেলেরা তালুকদারের সংসার শেষ করবো।

অকর্মা *বিণ.* [কু ম রং] অলস, কুঁড়ে, শ্রমবিমুখ, যে কাজ করতে চায় না, কর্মবিমুখ ॥ কু- তুমি একটা অকর্মার ধাড়ি। ম- তুই একটা আস্তা অকর্মা। রং- শালা তুই ত একটা অকর্মা, তোক্ দিয়ে কোন কাজ হয় না।

অকর্মার ধাড়ি *বিণ.* [বাগ.] নিতান্ত অলস, শ্রমবিমুখ ব্যক্তি ॥ তুমি একটা অকর্মার ধাড়ি।

অকর্মা *বিণ.* অযোগ্য ॥ কর্মে অকর্মা, ঐ রামপ্রসাদ শর্মা- [ক. রা. ব.]।

অক্দমা *বি. বিণ.* [ম] বোকা, হতভম্ব, বেআক্কেল, নির্বোধ ॥ এই অক্দমাডা জীবনে কি করব।

অকাইঠা *বি. বিণ.* [ম] যে কোন যুক্তিতর্ক মানে না, গোঁয়ার, একগুঁয়ে, একরোখা ॥ এ একটা অকাইঠা, কেউ এ্যারে বুঝাইত ফারত না।

অকাইতা *বিণ.* [য] ইঁচড়ে পাকা, অকালপক্ব ॥ এই ছ্যামড়াডা অল্প বয়সেই অকাইতা হয়ে গেছে।

অকাজ *বি.* বৃথা কাজ, মিছা কাজ, অপকর্ম, কুকর্ম ॥ যত করে ... সকলি অকাজ- [ভারত]।

অকাটা *বিণ.* [রং] খৎনাহীন [হিন্দু সম্প্রদায়ের লোকদের মুসলমানরা অকাটা বলে গালি দেয়] ॥ তুই শালা একটা অকাটা।

অকামা *বিণ.* [বরি] অকেজো, অকর্মণ্য, কাজের অযোগ্য মানুষ, অপদার্থ, অসার ॥ এমন অকামা লোক আর দেহি নাই।

অকামের গুরুঠাকুর *বি.* [পা] যে মন্দ কাজ বেশি করে ॥ মফিজ অকামের গুরুঠাকুর সাজেছে।

অকারি *বিণ.* [ম] অকেজো, কর্মের অযোগ্য, অক্ষম, অপদার্থ ॥ এই অকারির গরের অকারি।

অকালকুষ্মাণ্ড *বিণ.* [বাগ.] মূর্খ, অকমর্ণ্য ব্যক্তি, অপদার্থ, অকেজো লোক ॥ তোর ছেলেটা একটা অকালকুষ্মাণ্ড। [বাবা তুমি বোকারাম অকালকুষ্মাণ্ড- স. ম. দী. নি.]।

অকুলিনী *বিণ.* যে কুলীন নয়, নীচ বংশ জাত ॥ হীন অকুলিনী উপদেশ নাহি ধরে- [সত্য]।

অকুলীন *বিণ.* নীচ বংশ .জাত ॥ অকুলীনে দিলে সুতা/সভা মাঝে হেঁট মাথা- [কচ]।

অকৃতজ্ঞ *বিণ.* যে উপকারীর উপকার স্বীকার করে না, কৃতঘ্ন ॥ হায় অকৃতজ্ঞ, দেবী তোর কী করেছে- [বি., র.ঠা.]

অকেজো *বিণ.* [ঢা ম] অক্ষম, অকর্মণ্য ॥ ঢা- অকেজো রাজার রাজ্যে কোনো কাজ হয় না। ম- এর মত অকেজো দে কি অইবো।

অখর্মা *বিণ.* [সি] অলস, অযোগ্য ॥ অখর্মার পয়দা।

অখাউরা *বিণ.* [সি] অনাহারী, যে খায়নি ॥ অখাউরার গরর্ অখাউরা।

অখাবখা *বিণ.* [সি] নির্বোধ, বোকা, বেআক্কেল, বুদ্ধিহীন ॥ অখাবখার চুদা বখার ডিম।

অগা *বিণ.* [ঢা চট্ট বরি] বোকা, নির্বোধ, বেআক্কেল ॥ ঢা- অগাচোদার গরের অগা চোদারে কামে লইছে ক্যাডা। চট্ট- এত্তর অগা গওর, কিচ্ছু ন জানে। বরি- অগার মত কথা কইস্ না।

অগ্দমা *বিণ.* [য] বোকা, নির্বোধ, বেআক্কেল, বুদ্ধিহীন ॥ এত করে বুঝায়, তবুও এখনো অগ্দমা রয়েছে।

অগাই *বিণ.* [ম] অবুঝ, বুদ্ধিহীন ॥ হালা অগাই মারা দিতে ইহানঅ কি করছ।

অগাইচণ্ডি *বিণ.* [ফ] নির্বোধ, বোকা, গোবর গণেশ ॥ তুই একটা অগাইচণ্ডি ছেলে।

অগাচন্ডি *বিণ.* [য খু] বোকা, নির্বোধ, বেআক্কেল, বুদ্ধিহীন ॥ য- অগাচন্ডি, তোর দিয়ে কোন কিছুই হবে না। খু- তোর মতো অগাচন্ডি ভূ ভারতে নেই।

অগাটিলা *বিণ.* [রা] আলস্য পরায়ণ,

আইল্সা ॥ মাগির ব্যাটা যাতা অগাঢিলা লয়।

অঘা *বিণ.* [রা] অকেজো, অক্ষম, অসার ॥ কি সব অঘা মঘা লোক কাজে লাগালছো কহতো।

অঘামবানি *বিণ.* [রা] অকেজো, অক্ষম, অযোগ্য, অপদার্থ ॥ অঘামবানি ধন লিয়া মাগি চুদবার যাও কাম হবে নানি।

অচুদি *বিণ.* [রা] বদমাশ, দুশ্চিরিত্রা, চরিত্রহীন ॥ অচুদি মাগি।

অচেত/অচেতা *বিণ.* অবিবেচক, মূঢ়, তত্ত্বজ্ঞানহীন ॥ যে জন অচেত চিত্ত সেই সদা দুঃখী- [ভারত]; হইয়া অচেতা ধাইল প্রচেতা- [ক.চ]।

অছিলা *বি.* ছুতো, অজুহাত, উপলক্ষ ॥ তুমি কেবলই কথা–কাটাকাটি করবার অছিলা খুঁজছ- [রবি. র, ঠা.]

অজমুখ/অজামুখ *বি.* ছাগলের ন্যায় মুখ ॥ ভুঞ্জিবা এহার ফল হৈবা অজামুখ- [গৌ.ম.]।

অজাংগাল্ *বিণ.* [রং] বেআদব, অশিষ্ট, অভদ্র ॥ অজাংগাল্ ছাওয়া কোন্ঠ্যাকার।

অজাতি *বিণ.* জাতিহীন, যার জাতি নেই ॥ আমার প্রতিজ্ঞা তবে শুন সর্বজন/অজাতি দেখিলে যুদ্ধ না করি কখন- [মহা]।

অত্তা কুঁড়ো *বিণ.* [রা] অতি অলস, গোঁফ খেজুরে ॥ এ্যামোন অত্তা কুঁড়ো, গতোর নাড়া জায় না।

অতীন *বি. বিণ.* [ম] সতীন, স্বামীর বিয়ে করা অপর স্ত্রী ॥ অতীন তর্ মাঙঅ ফারাইয়াম লো।

অতুরে *বিণ.* [কু] কুঁড়ে, অলস, শ্রমবিমুখ, কর্মবিমুখ ॥ অতুরে লোক্ কামের না।

অতৈক্কা *বিণ.* [ম] বাহানাবাজ, ভেকধারী ॥ এই অতৈক্কার কতা ওনিস না।

অদ্ *বি.* [বরি] গর্ত, ফুটো ॥ কিরে ওহন্ যে ভয় পাইয়া অদের মইদ্যে হাইন্দ্যা রইচো!

অদি *বিণ.* [ম] নিকৃষ্ট, জঘন্য, নীচ, অপকৃষ্ট ॥ আরে অদি মাগি তরে কেডা বেয়া করব।

অদ্গত্যা *বিণ.* [ফ] অকর্মা, অলস ব্যক্তি, অকর্মণ্য ॥ তুমি এ্যাক্কেরে অদগত্যা।

অদ্গ্যা কফাইল্ল্যা *বিণ.* [ম] মন্দভাগ্যের লোক, ভাগ্যহীন, হতচ্ছাড়া, দুর্ভাগা ॥ এই অদগ্যা কফাইল্ল্যাডা অহন কইত্তে আইল?

অদ্ধপুতা *বিণ.* অপদার্থ, অযোগ্য, অক্ষম, অকেজো ॥ বসবক ক্যানে

র‍্যা শালা অদ্‌ধপুতা [টানা. স. ব.]?

অদ্‌না *বিণ.* [কুম] নিকৃষ্ট, অধম, জঘন্য, নীচ ॥ আমারে অদ্‌না কইছস, দেহাইয়া দিমু।

অদ্‌ভুশি *বিণ.* [রা] অকর্মা নারী, অকর্মণ্য, অলস নারী ॥ অদ্‌ভুশি মাগি তোক্ দিয়ে বাল ফেলাবো?

অধম *বিণ.* [ঢা ম] নীচ, তুচ্ছ, নির্গুণ, নিন্দিত ॥ ম- অরে অধমের গরের অধম তর এই কাম। ঢা- তুই তো মানুষ না পশুরও অধম। [উত্তমে উত্তমে মিলে অধমে অধমে- ভারত]

অনাইমুইক্কা *বিণ.* [ঢা] যার মুখ দেখলে অমঙ্গল হয় ॥ আউয্‌গা কোন্ অনাইমুইক্কার মুক দেইক্যা বাইর ঐসত্ ।

অনামুখো *বিণ.* [খু] যার মুখ দেখলে অমঙ্গল হয় ॥ দুর হ অনামুখো, আজ যাত্রাই নাস্তি।

অনুমান *বি.* [ম] হনুমান, বেকুব ॥ অনুমানের নাচ্ দেখলি?

অনুপাঁয্‌রা *বিণ.* [পা] দুর্ভাগা, অলক্ষ্মী ॥ কাজীর বউ একটা অনুপাঁয্‌রা মিয়ে লোক।

অন্তক *বি.* বিনাশক, যম, মৃত্যু, ধর্মরাজ, যুগ্ম ॥ অধমে আনিতে অন্তকের আজ্ঞা পেয়ে অযুত অযুত যমদূত আইল ধেয়ে- [শিব] ।

অন্‌তাকুড়ে *বিণ.* [য] অতিমাত্রায় অলস, অত্যন্ত শ্রমবিমুখ ব্যক্তি ॥ কোন কাজ করে না, সারাদিন অন্‌তাকুড়ে হয়ে শুয়ে থাকে।

অন্তরটিপুনি/অন্তরটিপ্পুনি *ক্রি. বি.* গোপনে ইঙ্গিত করা, সচরাচর চিমটি কাটা ॥ হাসি হাসি মুখে এমনভাবে অন্তর টিপ্পুনি দিয়ে কথা বলে যাতে বোঝা যায় লোকটি অনেক কিছু জানে- [পূ.প.১, সু.গ]

অন্ধনী *বি.* অন্ধনারী, যে নারী চোখে দেখে না ॥ আন্ধার মানিক বাছা অন্ধনীর নড়ি/লোচনের তারা বাছা কৃপণের কড়ি- [ঘন] ।

অপডাংগাইত *বিণ.* [রং] ফাঁকিবাজ, দুষ্টলোক ॥ অপডাংগাইতটার মিড্ ডরিত দ্যাও একনা মুটকি।

অপদা *বিণ.* [পা] অপয়া, অমঙ্গলকর, অলক্ষণা ॥ অপদাচোদা লোকটাক বাইর করে দে।

অপদার্থ *বিণ.* [ম] অকর্মণ্য, নিষ্কর্মা, অসার ॥ ইমুন অপদার্থ লইয়া কাম করণ জা।

অপবাদী *বিণ.* দোষদর্শী, নিন্দুক ॥ অপবাদী হই থাকে সেই জন- [সত্য]।

অপয়া *বিণ.* [ঢা ম] অমঙ্গলকারী পুরুষ-মহিলা, অলক্ষণা ॥ ঢা-

মাইয়াডা অপয়া, বিয়া আহে আর ভাইঙ্গ্যা যায়। ম- তুই একটা আস্তা অপয়াচুদা।

অপাট *ক্রি. বি.* গণ্ডগোল, অকাজ ॥ আমি অপাট করেছি তাই বুঝি ঠাকরুণ খেতে দেবে না- [প্রফুল্ল., গি.ঘো.]

অপাল্‌টি ম্যায়া *বি.* [রা] ব্যর্থ মহিলা ॥ অপাল্‌টি ম্যায়ার মতো কাম্ করিশ্?

অপোগণ্ড *বিণ.* নাবালক, নির্বোধ, অযোগ্য ॥ কতকগুলি অপোগণ্ড দিব্যি চালিয়েছে ছুটে ছুটে খেলা- [অ.কু.স., কাল.]

অবং *বিণ.* [ব ম] বোকা, অযোগ্য ॥ ব- এংকা অবং ছেলে কমই দেখছি। ম- তুই অক্করে অবং।

অবংশীল *বিণ.* বংশহীন, জাতিকুলহীন ॥ উত্তমের ছায়া না ধরএ অবংশীলে [দু.ম]।

অবনৃড *বি.* [ঢা] গালিগালাজ, কটুবাক্য, তিরস্কারপূর্ণ বাক্য, কুৎসিত বাক্য, অশ্লীল কথা ॥ অবনৃড কম চোদাইস্।

অবলংগা *বিণ.* [ম] বোকা, বেআদব, অশিষ্ট ॥ ইমুন অবলংগা ছেড়া দেহি নাই।

অবলা *বিণ.* [ম] সহজ-সরল মেয়ে, স্ত্রীলোক, ললনা ॥ এইরহম অবলারে দেয়্যা কাম চলব না। [অবলা অবলী হৈলা- হরি; বদন থাকিতে না পারি বলিতে তেঁই সে অবলা নাম- চণ্ডী]।

অবলী *বিণ.* দুর্বল, বলহীন ॥ অবলা অবলী হৈলা না বাসে ভরসা- [হরি]।

অবসতি *বিণ.* গৃহহীন, বসতিহীন ॥ অবসতি আপনে পরের ঘর ভাঙ্গ - [হরি]।

অবা *বিণ.* বোকা, বুদ্ধিহীন, নির্বোধ, বেআক্কেল ॥ হীরা বলে অবা/হাবা গোবা বোবা/বিধাতা ঘটাল মোরে- [ঘন]।

অবাংগাল *বিণ.* [পা] বুদ্ধিহীন, বোকা, নির্বোধ ॥ শালা অবাংগাল সরি যা।

অবাতুইরা *বিণ.* [পা] অকেজো, অক্ষম, অকর্মণ্য ॥ শালা অবাতুইরা হেনে আয়ছে কে রে।

অবিদগ্ধ *বিণ.* বুদ্ধিহীন, বিবেচনাহীন ॥ অবিদগ্ধ বিধি ভাল না জান সৃজন- [চৈ. চ]

অবিদ্যা *বিণ.* বিদ্যাহীন, মূর্খ, অশিক্ষিত ॥ অপুত্রের পুত্র ঘটে নির্ধনের ধন/অবিদ্যার বিদ্যা ঘটে শুনে যেই জন- [দয়া]।

অবিয়নৃতি *বিণ.* [ম] বন্ধ্যা, বাঁঝা, যে

নারীর সন্তান হয় না ॥ এই অবিয়ন্তির পোলাফাইন অইত না।

অবুঝা *বিণ.* নির্বোধ, যে বোধ বা প্রবোধ মানে না ॥ অধিক অবুঝা পিট ভরা কুঁজা শুতে গেলে করে উঃ- [ঘন]।

অবুধ *বিণ.* বুদ্ধিহীন, নির্বোধ, অপণ্ডিত ॥ আকলত ণা ধরহ শুনহ অবুধ- [কৃ. কী]; তুহ্মি যে অবুধ নারী নিন্দিলা যে ত্রিপুরারি- [গৌ.ম.]।

অবুধিনী *বিণ.* বুদ্ধিহীনা, বোকা, নির্বোধ ॥ যে ভেল সে ভেল অবহুঁ অবুধিনী অপন সম্বর রে- [পদরত্না]।

অবোধিনী *বিণ.* বোধহীনা, বিচারশক্তিহীনা ॥ কিছু বুদ্ধি নাহি তব অবোধিনী সীতা- [কৃত্তি]।

অব্বু *বিণ.* [ঢা] বুদ্ধিহীন, বোকা, নির্বোধ ॥ অব্বু চোদাডা তুই মানুষ অইবি কবে?

অভব্য *বিণ.* অসভ্য, অশিষ্ট, ভদ্রসমাজের অনুপযুক্ত ॥ অসভ্য অবভ্য হই ফিরি স্থানে স্থানে- [দোনা]।

অভাগা/অভাগিয়া *বি. বিণ.* [ম] ভাগ্যহীন, মন্দভাগ্যের মানুষ, হতভাগ্য, দুর্ভাগা ॥ এই অভাগা তুই মরতে পারছ্না। [বসিয়া পানির ধারে যে কেহ পিয়াসে মরে তার মত নাই অভাগিয়া- সৈ.হা.]।

অভাগিনী *বিণ.* ভাগ্যহীন নারী, হতভাগিনী নারী ॥ ওরে অভাগিনী, এতদিন এ কি ভ্রান্তি পুষেছিলি মনে- [বি., র.ঠা.]।

অভাজন *বি. বিণ.* অপাত্র, শত্রু, ভাগ্যহীন, হতভাগ্য ॥ মা হয়্যা হইলে অভাজন- [ক.চ]।

অরগজা *বি.* অজগর, বৃহৎ সাপ ॥ অরগজা চটাইয় আঠো আঙ্গ/সির সুরসরি জটা বোল গাঙ্গ- [বিদ্যা]।

অরম্‌বা *বি. বিণ.* [রা] দুষ্ট, দোষযুক্ত, অসৎ, মন্দ ॥ অরম্‌বা চোদার পোলা জাওরামু তোর কমবে কবে?

অর্‌মুক্‌তালে *বিণ.* [কু য] অদক্ষ, অলস, শ্রমবিমুখ ॥ কু- তোর মত অর্‌মুক্‌তালে আমি আর কনে পাব? য- তোর দিয়ে এই কাজটি করাবোনা তুই অর্‌মুক্‌তালে ।

অরিফ্‌ *বিণ.* [পা] ধূর্ত, চালাক, চতুর, ধড়িবাজ, শঠ, প্রবঞ্চক ॥ যত অরিফ্‌ তত গরীব।

অয়েলিং *ক্রি. বি.* [ইং oiling, কল] তোষামোদ, তেল দেওয়া ॥ সারাটি জীবন বসকে অয়েলিং করে কি পেলে?

অলংকলং *বিণ.* [ম] আজে বাজে, ফষ্টিনষ্টি ॥ ইহানঅ অলংকলং মারাইস্‌না।

অলক্ষণা *বিণ.* অপয়া, কুলক্ষণযুক্তা ॥ তখন যে ধন ছিল এখন সে ধন/তবে মোরে অলক্ষণা কন কি কারণ- [ভারত]।

অলক্ষ্মী *বিণ.* [ঢা ম] অপয়া, দুর্ভাগিনী ॥ ঢা- এই বউটা এট্টা অলক্ষ্মী, সংসার ডুবাইতে আইছে। ম- এই অলক্ষ্মীর বাচ্চা একটা চড় মারবাম।

অলক্‌খ্যা *বিণ.* [চট্ট] হতভাগ্য, মন্দ কপাল ॥ অলক্‌খ্যা পোয়াডার বাপ মরি গিইয়ই।

অলগর্‌দা *বিণ.* [সি] নিষ্কর্মা, অলস, শ্রমবিমুখ, কুঁড়ে ॥ অলগর্‌দা বলরাম।

অল্পজাতি *বিণ.* হীনজাতি, হীনপ্রাণি ॥ আহ্মি পক্ষী অল্পজাতি কি জানি তোহ্মাতে স্তুতি- [সঞ্জয়]।

অলপেয়ে *বিণ.* অল্প আয়ু যার, অল্প আয়ু হোক এমন অভিসম্পাত ॥ আশমনি মনে মনে বলিল, আলোপ্পেয়ে ! তুমি হাত ধোবে ? - [দু.ন,ব.চ]

অলম্মুস্ *বিণ.* [ম] নোংরা, আহাম্মক, উজবুক [পৌরাণিক রাক্ষস বিশেষ] ॥ অলম্মুসের বাচ্চা তুই মানুষ অইতে না ।

অলম্‌বুশ *বিণ.* [কুম] বোকা, হিতাহিত জ্ঞানশূন্য ॥ এই অলম্‌বুশ তোর বুজ অইব কবে?

অলাড়ি *বিণ.* [রা] আনাড়ি, অদক্ষ, অনভিজ্ঞ, মূর্খ, অজ্ঞ, অশিক্ষিত ॥ অলাড়িক পাটাবু ঐ কামেতে?

অলাইস্‌স্যা *বিণ.* [ম] অলস, ভবঘুরে, কর্মবিমুখ ॥ অলাইস্‌স্যার গরের অলাইস্‌স্যা বাত কইত্তে আইব।

অলুক্ষণে *বিণ.* [ঢা] অপয়া, কুলক্ষণযুক্ত ॥ মাইয়াডা আস্তা অলুক্ষণে। [অলুক্ষণে বেটারা এসেছিল আর মায়ের খোরাক পর্যন্ত বন্ধ হয়ে গেল- বি., র.ঠা.] !

অশারা *বিণ.* [য] অকুলীন, বংশ মর্যাদাহীন ॥ ওরা অশারা, ওই বংশে মেয়ে বিয়ে দেওয়া যাবে না।

অশিদ্‌দি *বিণ.* [পা] অকুলীন, বংশ মর্যাদাহীন ॥ এত অশিদ্‌দি হয়ছে ও ক্যা।

অষ্টমীর পাঁঠা/বলির পাঁঠা *বিণ.* [কল] পরিস্থিতির শিকার, কোন বিশেষ পরিস্থিতিতে যাকে ক্ষতিগ্রস্ত বা প্রতারিত করা হয়েছে ॥ অষ্টমীর পাঁঠা হলি শেষ পর্যন্ত!

অষ্টরম্ভা *বি.* শূন্য, ফাঁকি ॥ অষ্টরম্ভা বাপের বাড়ী, দুবেলা চড়ে না হাঁড়ি- [জা.বা.,দী.মি]

অসদ্ *বিণ.* [কু] বোকা ॥ তুই যবর অসদ্ রে।

অসম্ভেদ *বিণ.* নির্বোধ, জ্ঞানহীন, বোকা ॥ বর্বর কৈর্তর সে না মানিল নিষেধ। নামিল সভার আগে হয়া অসম্ভেদ- [হেয়াত]।

অসুর *বি.* [ম] দানব, দৈত্য ॥ এই অসুরের বাচ্চা অসুরের চামড়া ওডাইয়া লাইয়াম।

অসৃথুমৃবা *বিণ.* [বরি] নিশ্চল, স্থির, অচঞ্চল ॥ কিরে এরহম অসৃথুমৃবা দিয়া গেলি ক্যান?

অসৃসার *বিণ.* [খু] শয়তান, দুষ্ট, দোষযুক্ত ॥ এমন অসৃসার ছেলে যেনো কারো না হয়।

অ্যাড়/অ্যাঁড়/অ্যাড়বিচি *বি.* পুরুষাঙ্গ, অণ্ডকোষ ॥ গায়ে হাওয়া দিয়ে বেড়াবে আর অ্যাঁড় চুলকোবে- [মসো., ন. ভ.]

অ্যাড়ে তেল দেওয়া *ক্রি. বি.* [কল] তোষামোদ করা, মোসাহেবি, চাটুবৃত্তি ॥ অ্যাড়ে তেল দিয়ে রামবাবু অনেক মাল গুছিয়ে নিয়েছে।

অ্যালব্যালে *বিণ.* অগোছালো, বিশৃঙ্খল, বিপর্যস্ত, এলোমেলো ॥ তোমার বিয়ের পর থেকে ক্রমশ আরো অ্যালব্যালে হয়ে গেলে- [প্রত্নকন্যা, সুকা.গ.]

আ

আই *বি.* [ম] স্বামী, পতি, জামাই ॥ আইয়ের লগে হুইত্যা সব কতা কস্ তুই মাগি।

আইটেম ভাজা *ক্রি. বি.* [খু] বড়াই করা, গর্ব করা, গৌরব করা ॥ সব কাজে আইটেম ভাজা ওর স্বভাব।

আইট্যা *বিণ.* [সি] কৃপণ, বখিল ॥ আইট্যার গরর আইট্যা বক্কিলর চুদা।

আইদ্যাবাইদ্যা *বিণ.* [চট্ট] আজে বাজে লোক, চোগলখোর ॥ এত আইদ্যাবাইদ্যা মাইনষল্ল তোর সম্পর্ক।

আইদৃদা উদাইরা *বিণ.* [য] ন্যাকা, ভণ্ড ॥ এ্যা এক্‌টা আইদৃদা উদাইরা বেডা।

আইবুড়ো *বিণ.* [খু] অবিবাহিত, যে মেয়ের বিয়ে হয়নি ॥ খু- ধাড়ি

মেয়েটা এখনো আইবুড়ো রয়ে গেল।

আইররয়া *বি.* [বরি] অণ্ডকোষ ॥ তোর আইররয়া দুডো ফাডাইয়া দিমু।

আইল্‌লা *বি. বিণ.* [ফ নো] চাষা, খেতমজুর, অসভ্য ॥ ফ- লেখাপড়া শিখিয়ে মেয়েটাকে একটা আইল্‌লার সাথে বিয়ে দেব? নো- লাগে য্যান আইল্‌লা না।

আইল্‌সা *বিণ.* [ম দি] অলস, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি ॥ ম- এই আইল্‌সারে কামেত্‌তে বাদ দে। দি- আইল্‌সা মাইনসের ভাত নাই দুনিয়াত।

আইল্ল্যাকুর *বিণ.* [সি] কুঁড়ে, আলসে, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি ॥ চুদাউরির ভাই আইল্ল্যাকুরর ছাও।

আইশ্‌টা মুয়া *বিণ.* [রং] আঁধার মুখো ॥ মানুশ্‌টা আইশ্‌টা মুয়া।

আউ আউ *অব্য.* [ঢা] ছিঃ ছিঃ ॥ আউ আউ ইমুন কাম মাইন্‌সে করে?

আউকাল *বি.* [সি] যে অযথা আউ কাউ করে ॥ আউকালর চুদা ফেউয়্যালির বাইচ্চা।

আউম্যা *বিণ.* [ঢা] আহাম্মক, নিরেট মূর্খ, নির্বোধ, বেওকুফ, বোকা ॥ তার মতো আউম্যা দিয়া কোনো কাম ঐব না।

আউয়্যা *বিণ.* [সি] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ আউয়্যার গরর আউয়্যা ছুতমারাউনির পুআ।

আউয়্যানো *ক্রি.* [ঢা] বোকা সাজা, অকর্মণ্য হওয়া ॥ লোকসান দিয়া অহনে আউয়্যাইয়া বৈসি।

আউরামি দাউরামি *বি.* [ঢা] বাচালতা, উচ্চবাচ্য ॥ আমৃগো লগে আউরামি দাউরামি করবানা।

আউশ *বি.* [ম কুম] শখ, চিত্রবিনোদনের অভিপ্রায়, আগ্রহ, ঝোঁক ॥ ম- আউশের পুটকি কুড়াল দিয়া খাইজ্যায়। কুম- নয়া শাড়ি পরনের আউশ অইছে।

আওয়া *বি.* [ম] যোনি, মাঙ, স্ত্রীলিঙ্গ ॥ বান্দি তর আওয়াডা ফাডায়া লাইয়াম কতা কইলে।

আওয়াই হাই ম *বি.* [খুমি] সব খারাপ বা অমঙ্গল তোমার উপর পড়ুক।

আওয়াছুদা *বিণ.* [ম] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ আউয়াছুদাডা তর এই কাম?

আওয়াজ দেওয়া *ক্রি. বি.* বিদ্রুপ করা, ঠাট্টা করা, রঙ্গ-তামাশা করা ॥ বাবা বেরোতে গেলেই বুলে পঞ্চাননদের আওয়াজ খেতো- [বিপর্যস্ত, স.ব.]

আওয়াডা *বি. বিণ.* [ম] বোকা, মূর্খ, নির্বোধ, বেআক্কেল ॥ আওয়াডা

কোন্‌হানের ।

আংগে মাংগে *বিণ.* [কুম ম] আজে বাজে ॥ কুম- আংগে মাংগে কথা কওন্ বালানা। ম- আংগে মাংগে কথা চুদাইস না।

আংনা *বিণ.* [রং] বাজে, খারাপ ॥ তোর ঐলা আংনা মাংনার কথা মুই শুনিবার নও।

আংপাত্‌লা *বিণ.* [ব] হীনমনা, হালকা ॥ অতো আংপাত্‌লা হলে চলে না বাপু।

আংবাং/আংসাং *বিণ.* আজে বাজে কথাবার্তা বা কাজকর্ম ॥ আমি মোটেই আংসাং বকছি না- [জাল,শী.মু.]

আংরা চেটি *বি.* [সি] যার যৌনাঙ্গ আংগরা বা কয়লার মত উত্তপ্ত ॥ আংরা চেটির পয়দায় খান্দাত্ যাওয়া যায় না।

আংলি *ক্রি. বি.* [কল খু] হস্তমৈথুন, হাত দ্বারা মৈথুন করা ॥ কল- এই শালা ধাতু রোগ বাধিয়েছে আংলি করে। খু- শালা বাথরুমে যেয়ে আংলি করো?

আংলি করা *ক্রি. বি.* হস্তমৈথুন করা, উস্কানি দেওয়া, বিশেষত মেয়েদের ক্ষেত্রে ॥ [মমির গাঁড়ে আঙলি করতে যাসনি যেন- মসো, ন.ভ.]

আংলো *বি.* [রং] হাবাগোবা, গোবেচারী ॥ আংলোর ব্যাটা ডোং-ডোংগা- [প্র.]।

আংশাং *বি.* [রং] বাজে কাজ, শয়তানি ॥ খালি সারাদিন আংশাং করি বেড়াইস্।

আঁচা ভূঁয়া *বিণ.* [রা] অদ্ভুত ॥ ওরে বাবা, আঁচা ভূঁয়া চিজরে।

আঁটকুড়া বিণ. সন্তানহীন, নিঃসন্তান ॥ ওরে বুড়া আঁটকুড়া নারদা অল্পেয়ে - [ভারত]।

আঁটকুড়ি *বিণ.* নিঃসন্তান নারী, বংশ রক্ষার উপায় নেই এমন নারী ॥ আঁটকুড়ির মুখ দেখলে পাপ- [টানা., স. ব.]

আঁটকুড়ী *বিণ.* সন্তানহীন, নিঃসন্তান নারী ॥ ছটি পুত্র খেয়ে তোরে করিব আঁটকুড়ী- [কেতকা]।

আঁটকুড়ার বেটা *বি.* [কল] নিঃসন্তান ব্যক্তির দত্তক নেওয়া পুত্র সন্তান ॥ আঁটকুড়ার বেটা এ পাড়াতে নাঙ্ করতে এসেচে।

আঁটকুড়ীর ব্যাটা/আটকুড়ির বেটা/ আঁটকুড়ির ছেলে *বি.* বন্ধ্যা বা বাঁঝা মেয়ের দত্তক নেওয়া পুত্র সন্তান ॥ তবে রে আঁটকুড়ীর ব্যাটা, এমনি উন্মুক্ত হয়েচে, মাগ্‌কে বাছা

বল্চো- [ন. ত., দী. মি.]

আঁটকুড়ীর মেয়ে *বিণ.* বন্ধ্যা বা বাঁঝা মেয়ের দত্তক নেওয়া কন্যা সন্তান ॥ আঁটকুড়ীর মেয়ে, পেতনি, শূয়োর খাগি, শূয়োরের বাচ্চা আমার গায় দিলি ক্যান? [বি. পা. বু., দী. মি.]

আঁটি *বি.* [ব] অণ্ডকোষ ॥ তুমি আমার বালের আঁটি। [তখন আঁটি চুষতে হবে- জাল, শী, মু.]

আঁড়রা *বিণ.* নিষ্ঠুর, কঠিন হৃদয় এমন ॥ স্বামী শিবে ত্যজ তুমি কেমন আঁড়রা মেয়ে- [শিব]।

আঁড়াই প্যাঁচ *বি.* [কল] জটিল, কুটিল ॥ শালা যেখানেই যায় সেখানেই আড়াই প্যাঁচ মারে।

আঁড়ি[১] *বিণ.* [রং] বিধবা, যে নারীর স্বামী মারা গেছে ॥ আঁড়ি মাগি তোর শরম নাই, বিয়ের নাইক দুইটা বেটি থাকতে কাইন বসতে চাইস্।

আঁড়ি[২] *বি.* [ব] অভিমান, ক্ষোভ, অহঙ্কার, গর্ব ॥ ছোলডা সেই কখন থাকে আঁড়ি ধরে আছে।

আঁড়ুয়া *বিণ.* [দি] গোঁয়ার, জেদী, একরোখা ॥ তুই তো বড় আড়ুয়ারে, বাপটার কথা শুনিন্না।

আঁতাত *বি.* যোগসাজশ, গোপনে পরস্পর সহযোগিতা, ষড়যন্ত্র ॥ বিশ্ববিদ্যালয়ে ওদের সংখ্যা সামান্য, শুনছি ছাত্র পরিষদের সঙ্গে একটা আঁতাত হচ্ছে ওদের- [কাল.,স.ম.]

আঁতেল *বি.* পাণ্ডিত্য বা জ্ঞানের কারণে নিজেকে যে অন্যদের থেকে আলাদা মনে করে ॥ তর গোল মুখটা ইষৎ ছুঁচলো আঁতেল আঁতেল দেখায়-[এ.পা.,বা.ব.]

আক্করা *বিণ.* [ম] বোকা, বেআক্কেল, বেওকুফ, নির্বোধ ॥ দুরু আক্করা তুই মানুশ অইতে না।

আক্করাইন্ন্যা *বিণ.* [ম] হাবাগোবা, নির্বোধ, বোকা, বেআক্কেল, বেওকুফ ॥ এই আক্করাইন্ন্যা ছেরার এই কাম।

আক্কৈশ্ *বি.* [রা] রাক্ষস, অতিমাত্রায় পেটুক ব্যক্তি, পুরাণোক্ত নরখাদক জাতিবিশেষ ॥ তুই তো একটা আক্কৈশ ।

আকপাইল্যা *বিণ.* [ম] হতভাগা, মন্দ কপালের মানুষ ॥ ইমুন আকপাইল্যা অইলাম।

আকপাল্নী *বিণ.* [ম] মন্দ ভাগ্যের নারী, হতভাগিনী ॥ আকপাল্নীর গরের আকপাল্নী।

আক্কল *বি.* [ম] উচিৎ শিক্ষা, শাস্তি ॥ আক্কলডা পাইছস্ না, কিমুন লাগে দেক্ ।

আক্কলের ডেহি *বি.* [ম] বোকা অর্থে গালি ॥ আক্কলের ডেহির কাম দ্যাহ, বেক কাম কইর‍্যা উল্টাইয়ালতাছে।

আকাইটে *বিণ.* [পা] দুরন্ত, অশান্ত, উগ্র ॥ লোকটা একটা আকাইটে লোক।

আকাইম্‌মা *বিণ.* [বরি] অকেজো, নিষ্কর্মা, অলস, কর্মবিমুখ ॥ এ্যাইডা আকাইম্‌মা মাইন্‌শের কাম্ না।

আকাডা *বিণ.* [ম] খৎনাবিহীন, সুন্নত কাজ করা হয়নি এমন ব্যক্তি ॥ ইতান্ আকাডার দল্ [মুসলমানরা হিন্দুদের আকাডা বলে গালি দেয়।]

আকাদ্‌দা *বিণ.* [য] অকর্মণ্য, অকেজো, অক্ষম, অসার, অপদার্থ ॥ শালা, আকাদ্‌দা বেরিয়ে যা এই বাড়ি থেকে।

আকামা *বিণ.* [ম] অযোগ্য, অপ্রয়োজনীয়, অক্ষম ॥ তুই একটা আকামার গরের আকামা।

আকামিলা *বিণ.* [ম] অকর্মণ্য, অক্ষম, অকেজো, অপদার্থ ॥ এই আকামিলারে দিয়া কি অইব।

আকাল্ কেড়ে *বিণ.* [খু] মূর্খ, বোকা, বুদ্ধিহীন, নির্বোধ ॥ দুর হ আকাল্ কেড়ে কোথাকার।

আকালন্ ক্রি. [কুম] পাগলামি করা ॥ এত আকালন্ ক্যারে?

আকালু *বিণ.* [রং] ঠগ, কঞ্জুস, কিপটে ॥ আকালু ব্যাটার বাকালু কথা মুঁই না শোনোম।

আকাল্যা *বিণ.* [ফ] অভাবগ্রস্ত, লুণ্ঠিত, আক্রান্ত ॥ আকাল্যা ব্যাটারে খয়রাত্ দাও।

আকুট্‌লামি *ক্রি. বি.* [সি] দুষ্টামি, অসদাচরণ ॥ হুন খইলাম, আকুট্‌লামি খরিছ্না, বালা অইত না।

আকুশ্ বাকুশ্ *ক্রি. বি.* [রং] বাজে প্রলাপ ॥ আকুশ বাকুশ করিস্ ক্যা?

আক্কেল *বি.* বিচারবুদ্ধি, কাণ্ডজ্ঞান ॥ দেখ দেখি মাগীর আক্কেল- [শঙ্ক. গি. ঘো.]

আখড়া *বি.* আড্ডারস্থল [বিশেষত খারাপ লোকদের] ॥ চোরা বাজার মানেই তো চুরির আখড়া- [খ.ও প.,না.গ.]

আখরা *বিণ.* [সি] বোকা, হাবা, মূর্খ, আহাম্মক ॥ আখরার লাগান্ চাও

কিতা?

আখাইয়া *বিণ.* [পা] হাভাতে, উপোস ॥ আখাইয়া চোদা লোক কতা কইস্‌নি।

আখাউরা *বিণ.* [সি] কখনো খায়নি যে, খুব অভাবি মানুষ ॥ আখাউরা মেমানি ফাইছে খাইয়া লউক্।

আখাম্বা *বিণ.* বেখাপ্পা, বদখত, বেঢপ, প্রকাণ্ড ॥ ওধারের বেঞ্চিতে একটা অসুরের মতন আখাম্বা ঢ্যাঙা সায়েব চিৎপাত হয়ে শুয়ে আছে- [সয়., প.]

আখামূরা *বিণ.* [বরি] গোঁয়ার, অবাধ্য ॥ পোলাডা এক্‌ছের আখামূরা।

আখার হোসা *বিণ.* [কুম] অলস, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি ॥ আখার হোসা লৈয়া ঠেক্‌সি।

আগডুম বাগডুম *বিণ.* উল্টাপাল্টা, মাথামুণ্ডহীন ॥ আপনি টিনাকে যেমন বলেছেন সেই সব আগডুম বাগডুম অন্য লোকেদের কাছে বলে পয়সা কামিয়েছেন- [হা.,ন.ভ]

আগড় বাগড় *বি.* [কল] গণ্ডগোল, উল্টাপাল্টা কাজকর্ম ॥ যে কাজে পাঠাচ্ছি, সেই কাজটি করছে আগড় বাগড় করে।

আগয়ান *বিণ.* জ্ঞানহীন, অজ্ঞান ॥ কেন হইলে আগয়ান- [চণ্ডী]।

আগর মাগর করা *ক্রি. বি.* [কল] গড়িমসি করা, কিন্তু কিন্তু করা ॥ কবে থেকে বলছি কাজটা করে দে—আগর মাগর করে দিচ্ছে না।

আগ্‌রামিলা *বিণ.* [ম] পেটুক, অতিভোজনকারী, অতি মাত্রায় খায় যে ব্যক্তি ॥ ব্যাডায় যবর্ আগ্‌রামিলা।

আগাচাল্যা *বিণ.* [পা] বাচাল, বেশি কথা বলে এমন ব্যক্তি ॥ বসির তুই একটা আগাচাল্যা লোক।

আগাছা *বি.* [ম ঢা] অসভ্য, অভদ্র, বর্জনীয় বস্তু বা অবাঞ্ছিত লোক, ফালতু লোক ॥ ম- ইভ্ডা কিডা আগাছাডা। ঢা- আগাছার বাচ্চারে বাইর কইরা দে।

আগাভগা *বিণ.* [সি] বোকা, হাবা, মূর্খ, আহাম্মক ॥ আগাভগার চুদা বখারডিম।

আগাত্ *বি.* [কুম] গালি, কটুবাক্য, তিরস্কারপূর্ণ বাক্য, অশ্লীল কথা ॥ এত আগাত্ দিলে বালা অইত না।

আগুইন্যা *বিণ.* [ম] বদরাগী, মেজাজী ॥ আগুইন্যা স্বভাবই তরে কাইব।

আগুন *বিণ.* [কল] যৌন উত্তেজনাসম্পন্ন মেয়ে ॥ দেখেছিস মাগিটার শরীলে কেমন আগুন।

আগুনখাকি *বিণ.* [কল] অত্যন্ত মেজাজী, অতি ক্রুদ্ধ ॥ এই আগুনখাকি মাগিটারে বিয়ে করে আমার সুখ শান্তি নেই।

আগে নাছরী *বিণ.* [সি] গোপন কথা যে সবার আগে প্রকাশ করে দেয় ॥ আগে নাছরীর গরর্ আগে পাদরী।

আগে মাত্রী *বিণ.* [সি] গোপন কথা যে সবার আগে প্রকাশ করে দেয় ॥ আগে মাত্রী হাঙ্গার পান বাট্রী।

আগোনা *বিণ.* [কুম] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ দুরু আগোনাচুদা বেডা, বাল হালাইন্ন্যা কাম্ হরস্নি।

আঙলি *বি.* [কল] পকেটমার, অপরের পকেট থেকে টাকা অপহরণকারী ॥ মারব এক থাপুড়, এই আঙলি শালা পকেটে হাত ঢুকিয়েছে।

আঙুল চোষা *ক্রি. বি.* কোন কাজে ব্যর্থ হয়ে আপসোস করা ॥ তবে শালা তুমি বসে বসে আঙুল চোষো- [জাল, শী,মু.]

আঙুল ফুলে কলাগাছ *ক্রি. বি.* অত্যন্ত বাড়বাড়া, অহংকার হওয়া ॥ হঠাৎ আঙুল ফুলে কলাগাছ হওয়াতেই যে সে ধরাকে সরা জ্ঞান করছে এতে আর কিছুমাত্র সন্দেহ থাকে না সমাজপতিদের- [বি. পি.,ভ. মি.]

আঙ্গা *বি.* [ম] দ্বিতীয় বিয়ে, প্রথম বিয়ের পরের বিয়ে ॥ আঙ্গা বউরির গরের আঙ্গা বউরি।

আচমকা *বিণ.* হঠাৎ, অতর্কিতে ॥ উন্মত্তা এলোকেশী প্রকৃতির বিরামহীন অট্টহাসিতে ভীষণতর হয়ে উঠছে- [প.ডা.পাঁ.,যুব.]।

আচাভুয়া *বিণ.* [রং] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ আচাভুয়াটা ইগ্‌লা ক্যামন কতা কলু।

আচামুয়া *বিণ.* [রং] হতভম্ব, কিংকর্তব্যবিমূঢ় ॥ তাই খেলায় ঠকিয়া আচামুয়া হচে।

আচুদি *বিণ.* [ঢা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ আচুদিরে যে চোদে হ্যায়ও একটা আচুদি।

আচুদ্যা *বিণ.* [চট্ট] বোকা, অনভিজ্ঞ, বেজন্মা ॥ দুর আচুদ্যা গওর।

আচোদা *বিণ.* [ম] বোকা, অনভিজ্ঞ, বেআক্কেল, বেওকুফ ॥ আচোদার গরের্ আচোদা তুই এই কাম ফার্‌বে?

আচ্চাক্ *বি.* [গা.] কুত্তা, কুকুর ॥

আচ্চাক গা *বিণ.* [গা.] কুত্তার বাচ্চা,

কুকুরের বাচ্চা ॥

আছাড়া *বিণ.* [ম] অসভ্য, খারাপ, অভদ্র ॥ তুই একটা আছাড়া গোলাম।

আছিদর *বিণ.* ধূর্ত, শঠ, প্রতারক ॥ এবেঁ রাজা হয়িল ধনের কাতর/পথে মহাদানী থুয়িল হেন আছিদর- [কৃ.কী.]।

আছুন বাইড়া *বিণ.* [ম] ঝাড়ুর বাড়ি খাওরা, মন্দ ভাগ্যের পুরুষ ॥ আছুন বাইড়া ছেরা লইয়া মরছি।

আছুনবান্নী *বিণ.* [ম] ঝাড়ুর বাড়ি খাওয়া মেয়ে, মন্দ ভাগ্যের নারী ॥ আরি আছুনবান্নী তরে কেডা বেয়া করব?

আছেলা *বিণ.* [চট্ট] কঞ্চিসহ বাঁশ ॥ এক্কেরে আছেলা বাঁশ ঢুকাই দিয়ুম।

আছোদা *বিণ.* [ম] বোকা, অনভিজ্ঞ ॥ এই আছোদা ব্যাডা কই আছিল?

আছোলা *বিণ.* [ম চট্ট] কঞ্চিসহ বাঁশ ॥ ম- তর গাইরঅ আছোলা বাঁশ দেম শালী। চট্ট- এক্কেরে আছোলা বাঁশ ঢুকাই দিয়ুম।

আছোলা দেওয়া *ক্রি. বিণ.* [খু] কন্টক কাট ॥ তোমার পোঁদে আছোলা বাঁশ দেবো।

আজব *বি.* [ঢা ম] অদ্ভুত, আশ্চর্য লোক, উদ্ভট, বিচিত্র, বিস্ময়কর ॥ ঢা- এই আজবডা, এই কাম তুই কেমনি করলি। ম- ইমুন আজব মানুষ ত দেক্ছি না ।[ঐ যার নাম চিড়িয়াখানা তারই নাম গোলাপ কলোনী। আজব জায়গা-আজব মানুষগুলি-চিড়ি.,শ.ব.]

আজল *বিণ.* [রা] বুদ্ধিহীন, হাবাগোবা, বেআক্কেল, বেওকুফ, নির্বোধ ॥ জ্যারা বুলে আজল, মাগি চোদাত তো ঠিক আছে।

আজাত *বিণ.* [ম] নীচ বংশ, নীচ জাত ॥ আজাত কুজাতের সাথে কতা নাই।

আজাদী *বিণ.* [ম] নীচু জাত, ছোট লোক ॥ আজাদীর বাচ্চা আজাদী।

আজালা *বিণ.* [দি] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ পুবপাড়ার মনামুন্সির বেটাটা বেজায় আজালা ।

আটকপালি/আঠকপালী *বিণ.* মন্দ কপাল ॥ আম্মো দুখমতী নারী আঠকপালী- [কৃ.কী]

আট্কাল *বিণ.* [ম] বধির, কালা, কানে কম শোনা মানুষ ॥ এই আট্কাল্ডা, উনস্না অত্কান দইরা ডাক্তাছি।

আট্কাল্নী *বিণ.* [ম] বধির মহিলা,

কানে কম শোনা নারী ॥ এই আট্‌কাল্‌নীর কানের ওফর ফইরা ডাকলেও ওনে না।

আট্‌কি পাট্‌কি *বি.* [কু] চঞ্চলতা, আইঢাই ॥ আট্‌কি পাট্‌কি ফেলা থুয়ে পড়তি বয়।

আট্‌কুইরা *বিণ.* [ঢা] নিঃসন্তান, যে পুরুষের সন্তান নেই ॥ আট্‌কুইরার্‌ মুখ দেখ্‌লে অযাত্‌রা অয়।

আট্‌কুড়নি *বিণ.* [ম] আটকুড়ার স্ত্রী লিঙ্গ ॥ আট্‌কুড়নির জীবনেও বাচ্চা অইব না।

আটকুড়া *বিণ.* [ম ঢা] নিঃসন্তান, সন্তানহীন পুরুষ ॥ ম- আটকুড়া মুক দেক্‌লে যাত্রা বালা অয় না। ঢা- আটকুড়া হালায় ভোডে দাঁড়াইছে। [বন্ধ্যা যার রমণী আপনি আঁটকুড়া- ঘন]।

আট্‌খুরা *বিণ.* [সি] নির্বংশ, সন্তানহীন পুরুষ ॥ আট্‌খুরার মুখ দেখাও পাপ।

আট্‌খোরা *বিণ.* [কুম] নির্বংশ, সন্তানহীন ॥ আট্‌খোরা হালা মইর‍্যা গেছে।

আট্‌ফাটাং *বি.* [পা] ফুটানি, বড়াই, বাহাদুরি ॥ আট্‌ফাটাং বাদ দিয়ে দে, বুঝছিস্‌।

আটভাট *বিণ.* [কল] আলতু ফালতু, উল্টাপাল্টা ॥ তোরে আমি নিষেধ করেছি আটভাট কথা বলবি নে।

আটাইল্‌ *বি. বিণ.* [সি] ক্ষুদ্রকীট [রক্তচোষা অর্থে] ॥ আটাইলর চুদা রক্ত খাওরা।

আটাপেষা *ক্রি. বি.* [কল] বেদম প্রহার, প্রচণ্ড আঘাত ॥ এমন করে আটাপেষা করে ছেড়ে দিয়েছে যে উঠতে পারছে না।

আটিয়া খ্যাচর *বিণ.* [রং] দুষ্ট, শয়তান ॥ লোকটা আটিয়া খ্যাচর।

আঠাপানি *বিণ.* [পা] গাঁজাখুর, গাঁজার নেশায় আসক্ত মানুষ ॥ আঠাপানি লোক কথা কম কওহে।

আডাইল্যা *বিণ.* [ফ] অলস, নিরুদ্যম, জড়প্রকৃতি, শ্রমবিমুখ ॥ তুই একটা আডাইল্যা মানুষ।

আডার বিসা *বিণ.* [নো] ধুরন্ধর, চতুর, ধড়িবাজ ॥ হোলাডা আডার বিসা।

আডুয়া *বিণ.* [সি] গোঁয়ার, জেদী ॥ এই ফুয়া আডুয়ার এখশেষ।

আড্‌ডুশ *বিণ.* [নো] অকেজো, কাজের অযোগ্য, অপদার্থ ॥ আড্‌ডুশের লই য্যান আঁর মরণ এনা।

আড়ইয়া *বি.* [বরি] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ আড়ইয়া পড়ছে ফাডা বাঁশে।

আড়ং ধোলাই *ক্রি. বি.* বেদম প্রহার, প্রচণ্ড আঘাত ॥ ১০ জন মিলে সমালোচনার নামে আড়ং ধোলাই দিলেন- [কারা.,আ.হ.]

আড়কাঠা *বিণ.* [রা] মূর্খ, নির্বোধ, বোকা, বেআক্কেল, বেওকুফ ॥ ঐ আড়কাঠা চোদার কথা কস্ না।

আড়গাজা *বিণ.* [ম] অবাধ্য, কথা শুনে না এমন মানুষ ॥ ইমুন আড়গাজা গোলাম ত আর দেক্‌ছি না।

আড় ভাঙা *ক্রি. বি.* লজ্জা বা আড়ষ্টতা দূর হওয়া ॥ একবার যখন আড় ভেঙে গেছে তখন আর উঠতে হবে না- [কা.পু.,স ম.]

আড়ি *বি.* [দি রং] বিধবা, যে নারীর স্বামী মারা গেছে ॥ দি- ঐ যে ছাগল বান্ধিবা যাছে আড়িবুড়ি । রং- ভাতারতির ভাতার একজন আঁড়ি ভাতার হল গরে সাতজন। [স্বামী বিনে হইব আড়ি- গু.স.]।

আড়ুয়া নাগা *বিণ.* [রং] দুষ্ট, খারাপ, মন্দ লোক, বদলোক ॥ তোর মত আড়ুয়া নাগা মানুশ আর মোর চৌখ্‌খত্ পড়ে না।

আণ্ডিয়া *বিণ.* একগুঁয়ে, জেদী, গোঁয়ার, একরোখা ॥ পুরুষে আধিক তিরী আণ্ডিআ-[কৃ.কী.]।

আত্‌খুয়া *বিণ.* [ঢা] নিঃসন্তান, যে নারীর সন্তান হয় না, বন্ধ্যা, বাঁঝা ॥ আত্‌খুয়া মাগী তোরে চুদি না।

আত্‌যালা *বিণ.* [পা] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন ॥ শালা আত্‌যালা কথা কম ক।

আতত *বিণ.* কল্পিত, বানোয়াট ॥ তোম্মার বচন রাধা সবই আতত- [কৃ.কী.]।

আতাই *বি. বিণ.* [সি] পেটুক, উদরপরায়ণ, যে খুব বেশি খেতে পারে ॥ আতাইর লাকান কত খাইতায়?

আতাকেলু *বিণ.* [পা] বোকা, নির্বোধ, বেআক্কেল ॥ শালা আতাকেলু চুপ কর।

আতাখাওরি *বিণ.* [য] অতি ভোজনকারিনী, পেটুক, যে খুব বেশি খায় ॥ ওই আতাখাওরিকে আর নেমন্তন্ন করা হবে না। খেয়ে শেষ করে দিয়েছে।

আতান্যা *বিণ.* [কুম] বুনো, বন্য, বনজাত, জংলি, অসভ্য, অমার্জিত ॥ আতান্যার মত কাম করস ক্যা।

আতাবুতা *বিণ.* [ম বরি] বোকা, বোধহীন, নির্বোধ, অসুন্দর ॥ বরি- ফজলুর বাপে রোগে শোকে আতাবুতা দিয়া গ্যাছে। ম- এই

আতাবুতা মাগিরে লইয়া সংসার কেমনে করবা।

আতাল যাতাল *বি.* [ঢা] গালাগালি, রাগারাগি ॥ অত আতাল যাতাল মারাইস্না।

আতুর *বিণ.* [পা] কুঁড়ে, অলস, শ্রমবিমুখ, জড়প্রকৃতি ॥ দুলালের আব্বা একটা আতুর হয়া গেছে।

আতৈক্যা *বিণ.* [ঢা] ভীতু, ভয়কাতুরে, ভীরু, সহজে ভয় পায় এমন ॥ আতৈক্যা লইয়া খেলায় জিতোন যায় না।

আথাইল্ গারিয়া *বিণ.* [সি] অলস, নিরুদ্যম, জড়প্রকৃতি, শ্রমবিমুখ ॥ তুই যবর আথাইল্ গারিয়া।

আদত্ *বিণ.* [কল] হিজড়া, একই দেহে স্ত্রী ও পুং চিহ্নযুক্ত মানুষ বা প্রাণী, নপুংসক ॥ সকালবেলাটা আজ বরবাদ হয়ে গেল তিন আদত্ মাগির মুখ দেখে।

আদ্না *বিণ.* [য রা] বোকা, স্থূলবুদ্ধির মানুষ, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ রা- তোর মত আদ্নাকে দিয়্যা কুনু কাম হব্যে না। য- যত বয়স বাড়ছে-ততই ছেলেটা আদ্না হচ্ছে।

আদ্মগা *বিণ.* [ঢা] নির্বোধ, বোকা, বেআক্কেল ॥ আদ্মগারে ম্যানেজার বানাইছেন অহন ডুববেন।

আদম্ চোদম্ *বিণ.* [ঢা] বোকা, বেআক্কেল, নির্বোধ ॥ হালায় আদম্ চোদম্ লইয়া মরছি।

আদশি *বিণ.* [ম] আইবুড়ো, অবিবাহিত মেয়ে ॥ আদশি মাইয়ার চিন্তায় মৈলাম।

আদা *বি.* [পা] যৌন মিলন, যৌনক্রিয়া, রতিক্রিয়া, সঙ্গম ॥ তোক্ আদা করি।

আদাংশাদাং *বিণ.* [রং] আধা পাগল, অস্থির প্রকৃতির মানুষ ॥ শালা আদাংশাদাং কোন কামোত নাগে না।

আদাখ্লা *বিণ.* [সি] হাবা, অল্পবুদ্ধি, বোকা, বেআক্কেল ॥ নয়া বউ একেবারে আদাখ্লা।

আদাগদা *বিণ.* [সি] বোকা, সরল, নির্বোধ, বেআক্কেল ॥ বুতর্ জন্মা আদাগদার লাখান চলে।

আদাম্ *বিণ.* [খু] অযোগ্য, আনাড়ি ॥ এখানে আদাম্ ব্যক্তির কোনো স্থান নেই।

আদিখ্লা *বি.* [সি] যে কোন কিছু না জানার ভান করে ॥ হেটা মারাউনির আদিখ্লে খানা দেখলে মাথার বাই খারাপ অই যায়।

আদিখ্যেতা *বি.* বাড়াবাড়ি, লোক

দেখানো কাজকর্ম ॥ ওপরপড়া আদিখ্যেতা থেকে শিখবটা কী শুনি- [হা.,ন.ভ.]

আদুইয়াবৈর *বি.* [নো] অপরিষ্কার পা, ময়লাযুক্ত পা ॥ আদুইয়াবৈর লই ঘরে উডিচ্ছা।

আদুরী *বিণ.* [ম] স্নেহের, আদরের [ব্যঙ্গার্থে] ॥ আমার আদুরীরে! কোত্থে আইছস্ অহন।

আদেআইল্‌লা *বিণ.* [চট্ট] লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ আদেআইল্‌লা পোয়ার শরম কম।

আদেইল্লা *বিণ.* [নো] বোকা, অলক্ষ্মী, নির্বোধ ॥ আদেইল্লা মানুষের লই কেন্নে চলি।

আদেখলা/আদেখলে *বিণ.* [খু] লোভী, আগে দেখেনি এমন ভাব ॥ তোর আদেখ্‌লে স্বভাবটা গেল না। [আদেখলের ঘটি হল, জল খেতে প্রাণ গেল- প্র.]

আদেল্‌কা *বিণ.* [রা ম] লোভী, অভদ্র ॥ ম- আদেল্‌কাগিরি তর রাক অহন। রা- শালা আদেল্‌কার ঘরের আদেল্‌কা দুর হ-ইটি থিক্যা।

আদেল্‌লে *বিণ.* [খু] লোভী, লোভযুক্ত মানুষ, লোলুপ ॥ আদেল্‌লের শাস্তি এভাবেই হয়।

আদেল্‌হা *বিণ.* [ফ] লোভী, অনভিজ্ঞ, বেশি আবদার, বাড়াবাড়িকারী ॥ সবকিছুতে এমন আদেল্‌হাপনা করিস না।

আদ্দুচুদা *বিণ.* [চট্ট] বোকা, বেআক্কেল, নির্বোধ, বুদ্ধিহীন, বেওকুফ ॥ দূর আদ্দুচুদা গওর, পুকপছিম ন চিনে।

আধাখেঁচড়া *বিণ.* [ম] অর্ধসম্পন্ন, পাগলাটে, বিশৃংখল, অস্থির ॥ এই আধাখেঁচড়ার বাচ্চা ইহানতে গেলি। [গ্যালবার দশ কুড়ো করেলাম তার দাম দিতি আধাখ্যাচড়া কল্লে- নী.দ.,দী.মি.]

আধিআ-সাই *বি.* [কল] বারবনিতা, বেশ্যা, দুশ্চরিত্রা নারী, খানকি, বারস্ত্রী, বারনারী, কুলটা ॥ মাইরি বলছি, সন্ধ্যা হলেই আধিআ-সাইর ঘরে ঢুকে ফূর্তি মারব।

আধেলা চোদা ক্রি. বি. [খু] যে আংশিক কাজ পারে ॥ তুই আধেলাচোদা না হলে কাজটা ঠিকই সমাধা হয়ে যেত।

আনকোরা *বিণ.* নতুন, অনভিজ্ঞ, অব্যবহৃত ॥ এবারে আনকোরা নতুনটা শুনবে- [সদর., সু. চ.] ?

আনুগরা *বিণ.* [সি] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, কমবুদ্ধির

মানুষ ॥ পুয়াডা এ্যাখেবারে আন্‌গরা।

আন্‌জাক্‌ত *বিণ.* [ম] সন্ধ্যাবেলা, সাঁঝবেলা ॥ তর আন্‌জাক্‌তর জন্ম।

আন্‌টেংসি *বিণ.* [চট্ট] আধপাগল, বোকা ॥ ইতে ওগ্‌গুয়া আন্‌টেংসি গওর।

আন্‌তাবৃড়ি *বি.* [কল] থাপ্পড়, চড়, চপেটাঘাত, থাবা, চাপড় ॥ একটা আন্‌তাবৃড়ি মেরে নাকের ডগা ভেঙে দেব।

আনপড় *বিণ.* অশিক্ষিত, নিরক্ষর ॥ কেউ কেউ অত্যাচার করে ঠিকই, একেবারে আনপড়, কিছু জানে না- [ম.রা.জী., র.ব]

আন্‌সান্ *ক্রি. বি.* [কল] আজে বাজে বকা, বাজে কথাবার্তা বা কাজকর্ম ॥ যতসব আন্‌সান্ লোকের সঙ্গে ওর বন্ধুত্ব। [আনসান কিছু করবি না, বলবিও না- পা.হা.,স্ম.চ.]

আন্টু বান্টু *বিণ.* আজে বাজে কথাবার্তা বা কাজকর্ম ॥ বিদেশীরা ভারত সম্পর্কে অনেক আন্টুবান্টু কথা বলে- [পা.হা.,স্ম.চ.]

আন্দুইক্কা *বি.* [ম] যম, মৃত্যুদূত, আজরাইল ॥ আন্দুইক্কা তরে নিত।

আনা আক্কের পুয়া *বিণ.* [সি] জারজ, বেজন্মা, যে সন্তানের পিতৃপরিচয় নেই ॥ তার খাছলত তো খারাপ অইবোই হে তো আনা আক্কের পুয়া।

আনাডা *বিণ.* [খু বরি] ডানপিটে, দুষ্টু, অবাধ্য, দুরন্ত ॥ খু- ও দারুণ আনাডা মাল। বরি- আনাডা নাপিতের তিন আডা ক্ষুর।

আনাড়ি *বিণ.* [সি] অপটু, শিক্ষানবিশ, যে কোন কাজেই দক্ষ নয় ॥ আনাড়ি কুনাড়ির জন্মারে দিয়্যা কুনতা অইতনায়। [স্বয়ং নেপোলিয়ন যে ছেলেবেলায় ব্যাকরণে একেবারে আনাড়ী ছিলেন, সে বেলা কি- পা.দা.,সু.রা.]

আনারকলি *বি.* [কল] কয়েদি, কয়েদে, আবদ্ধ ব্যক্তি, জেলখানায় আটক ব্যক্তি ॥ ট্যাপারে মার্ডার করে গোপাল আনারকলি হয়ে গ্যালো।

আন্দাইত্ত্ব *বিণ.* [ম] সন্ধ্যা, সাঁঝবেলা, সন্ধ্যাকাল ॥ তর আন্দাইত্ত্বের জন্ম।

আপন্‌যালা *বিণ.* [পা] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন, হারামজাদা ॥ আপন্‌যালা কনেকর, চুপ থাক।

আপাইতা *বিণ.* [ম] লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ পোলাডা যবর আপাইতা।

আপাট্টা *বিণ.* [কুম] দুষ্ট, ঝগড়াটে, কলহপরায়ণ ॥ তুর মত আপাট্টা পোলা আর দেহি নাই।

আপাত্না *বিণ.* [সি] নির্বোধ, ভাগ্যহীন ॥ হে একটা আপাত্না বৌ বিয়া কৈরা আন্ছে।

আপুত্যা *বি.* [ঢা] কুপুত্র, নষ্ট পুত্র, খারাপ ছেলে ॥ ইমুন আপুত্যার বাপ অইছেন, সুরমান ডুবাইছে।

আপোন্দা *বিণ.* [খু] বেঢপ, বেসাইজ ॥ দ্যাখ ওর ঢকটা সক্রেটিসের মতো আপোন্দা।

আপ্যাউঃ [ত্রি.] অসৎ ॥

আফদ্ *বি.* [ম] প্রতিবন্ধক, উৎপাত ॥ তাড়াতাড়ি এই আফদ্রে বিদায় কর।

আফ্লাতুন *বিণ.* [সি] জালিম, জুলুমকারী, উৎপীড়ক ॥ আফলাতুনর মারে হাঙ্গা করি।

আফাহ্ লোঃমা *বি.* [মা.] সুদানির মেয়ে ॥

আফৈত্তা *বি.* [ঢা] জঞ্জাল, অবাঞ্ছিত বস্তু, আবর্জনা ॥ এই আফৈত্তারে দৌড়া।

আবক্তালি *ক্রি. বি.* [ঢা কুম ম] বাজে বকুনি, অকথা, গালাগাল ॥ ঢা- তর্ আবক্তালি ছার্। কুম- আবক্তালি বক্লে মাইর্ খাবি। ম- না হরলাম আবক্তালি করিস্ না।

আবৃগা *বিণ.* [কুম] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ ইডা একটা আবৃগা।

আবৃগি *বিণ.* [কুম] কাণ্ডজ্ঞানহীন, ভাল-মন্দবোধহীন, কর্তব্যজ্ঞানহীন ॥ হ্যায় একটা আবৃগি।

আবনৃড *বি.* [কুম] অশ্লীল ভাষা, গালি, কটুবাক্য ॥ স্যারাডায় আবনৃড বক্তাসে।

আবর জাবড় *বি.* [দি] জঞ্জাল, আবর্জনা, অবাঞ্ছিত বস্তু ॥ আবর জাবড়গুলো ফেলাও।

আবাইগ্যা *বিণ.* [ম] হতভাগা, ভাগ্যহীন, মন্দ ভাগ্যের মানুষ, দুর্ভাগা, হতচ্ছাড়া ॥ আবাইগ্যার কফাল বালইব না।

আবাইত্যা *বি.* [কুম ঢা] পেটুক, রাক্ষস, অতিভোজনকারী, যে বেশি খায় ॥ ঢা- আবাইত্যা গুলারে ডাকছে ক্যাডা। কুম- আবাইত্যার মত খাও ক্যা?

আবাইদ্যা১ *বিণ.* [ম] লাজশরমহীন, হ্যাংলা, লজ্জাহীন, নির্লজ্জ ॥ ইতান

আবাইদ্যার দল।

আবাইদ্যা২ *বি.* [সি] সিলেটের লোকেরা সিলেটের বাহিরের অভিবাসীদের আবাইদ্যা বলে গালি দেয় ॥ আবাইদ্যার বাইচ্ছ্যা চুতমারাউনির পুআ।

আবাইল্যা *বিণ.* [ঢা] বলদ, বোকা, নির্বোধ, বেআক্কেল, বুদ্ধিহীন ॥ এই আবাইল্যারে লইয়া মরছি।

আবাংলা *বিণ.* [বরি] বর্বর, বোকা ॥ আবাংলার কাম না এইডা করা।

আবাগা *বিণ.* [পা] হতভাগ্য, ভাগ্যহীন পুরুষ, মন্দভাগ্যের পুরুষ, দুর্ভাগা ॥ লতুর আবাগা একটা কপাল।

আবাগে *বিণ.* দুর্ভাগা নারী, মন্দ ভাগ্যের নারী ॥ বেচে যা টাকা হবে তাই থেকে ঠাক্রুণকে খাইও, আবাগীর আর কেউ নাই- [প্রফুল্ল, গি.ঘো.]]

আবাগীর বিটি *বি.* ভাগ্যহীনা নারীর কন্যা, হতভাগিনী নারীর কন্যা ॥ আবাগীর বিটি, মুখ্যার বিটি ... দূর যা- [দে.গ., বি.ভ.]

আবাগীর ব্যাটা *বি.* ভাগ্যহীনা নারীর পুত্র, হতভাগিনী নারীর পুত্র ॥ আবাগির ব্যাটা একটি চড়ে বদন বিগড়ে দেব- [টি.ত., উ.দ.]

আবাগে *বিণ.* [খু] হতভাগা, মন্দ ভাগ্যের লোক, ভাগ্যহীন ॥ আবাগে লোকের কথাটাও একটু ভাবো।

আবাগ্যা *বিণ.* [কুম ম] অভাগা, ভাগ্যহীন, মন্দ ভাগ্যের মানুষ, দুর্ভাগা ॥ কুম- আবাগ্যার শুক্ নাই। ম- আবাগ্যার কপাল কুনু দিন ফিরে?

চিড়িআ *বি. বিণ.* [কল খু] সুন্দরী এবং চনমনে মেয়ে ॥ খু- চিড়িয়া যায়রে বলাই। কল- আহ, দেখেছিস চিড়িয়াটা মাজা দুলিয়ে হাঁটছে।

চিৎ করলে ডোঙা উপুর করলে পোঙা [খু] এক রকম, পার্থক্যহীন ॥ সুমুন্দির আর কি বলব, চিৎ করলে ডোঙা উপুর করলে পোঙা।

চিনা *বি.* [কল] চোলাই মদ, এক প্রকার নেশা জাতীয় পানীয় ॥ হরেন্দ্র নদীর ধারে চিনা বিক্রি করে।

চিপট্যা *বিণ.* [ব রা] কৃপণ, নীচ, অনুদার, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, বখিল ॥ রা- লোকটা এমন চিপট্যা যে হাগতে বসে হাগে না। ব- খুব চিপট্যা এক পসা খরচ করে না।

চিপশ্যা *বিণ.* [রা] কৃপণ, নীচ, অনুদার, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, বখিল ॥ লোকটা এমন চিপশ্যা যে হাগতে বসে হাগে না।

চিমনি *বি.* [কল] চোরাইমালের ক্রেতা ॥ বাসব চোর চিমনিতে গিয়ে চোরাইমাল বেচেছে।

চিমৃবক্কিলা *বিণ.* [ম] কৃপণ, নীচ, অনুদার, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, বখিল ॥ ইমুন চিমৃবক্কিলা তো আর জীবনে দেহি নাই।

চিম্‌মু *বিণ.* [রা] মিথ্যাবাদী, মিথ্যা কথা বলে যে ॥ মনে থুইস চিম্‌মু কইয়্যা কেহ কুনুদিন লাব পাইনি।

চিমুট *বিণ.* [দি] কৃপণ, নীচ, অনুদার, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, বখিল ॥ বুড়াটা খুবই চিমুট, কামিনার বেটা কামিনা ফকির আইলেই লাঠি নিয়া মারিবা দৌড়ায়।

চিলপার্টি *বি.* [কল] পকেটমারের দল ॥ আমি একবার চিলপার্টির খপ্পরে পড়েছিলাম।

চিসানু *বি.* [কল] গব্বাবাজ, চোর, অপরের জিনিস অপহরণকারী ॥ চিসানুদের চাল চলনই আলাদা।

চুৎমারানিকা বেটা *বি.* [ম] [ময়মনসিংহের মুচিদের মুখের

ভাষায়] অসতির পুত্র, চরিত্রহীন নারীর ছেলে ॥ চুৎমারানিকা বেটা তোর মারে চদুতানি।

চুংগাদিলা *বিণ.* [সি] নীচমনা, ছোট মন যার ॥ চুংগাদিলা বেটা দামান্দরে কিতা দিব?

চুক্রু *বি.* [কল] যে চোর ঘুমন্ত বাচ্চা চুরি করে ॥ জেলেপাড়ায় দিনের বেলায় মোহন্তের ঘর থেকে চুক্রু এসে বাচ্চা ছেলেটাকে নিয়ে গেছে।

চুক্লি মাগি *বি.* [রং] কথা নাড়া চাড়া করে যে নারী ॥ চুক্লি মাগি খালি কতা নাগে বেড়াইস্।

চুকালো মাল *বি. বিণ.* [কু] সুন্দরী মেয়ে ॥ মেয়েটা কেরে, চুকালো মাল।

চুকুম বুদাই *বিণ.* [সি] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ চুক্ আছে বুদ্ধি নাই, তারে খয় চুকুম বুদাই।

চুগলামু *ক্রি.* [রং] একজনের কথা অন্য জনকে লাগিয়ে দেয়া ॥ তুই চুগলামু করি সারাজীবন কাটালু।

চুগলি *বিণ.* [কুম] মিথ্যাবাদিনী, মিথ্যা কথা বলে যে নারী ॥ এই চুগলি মাগিরে লই সংসার করন্ যাইতো নো।

চুট্কি *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ তালতলায় বসে ওরা চুট্কি টানছে।

চুট্টামি *বি.* [সি] দুষ্টামি, দুরন্তপনা, অসদাচরণ ॥ চুট্টামি মাতর লাগি ইনো বওয়া দায়।

চুড়েল *বি. বিণ.* [খু] খারাপ নারী ॥ ছুড়িটা এক নম্বরের চুড়েল।

চুণকালি *বি.* কলঙ্ক, কেলেঙ্কারি, দুর্নাম, অখ্যাতি ॥ চুণকালি দহে দিলি ঝাঁপ- [ঘন]।

চুত *বি.* [য] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ মাগির চুতের মধ্যে বাঁশ ঢুকিয়ে দেব– চিরকাল মনে রাখবে।

চুত্মারাওনি *বি.* [সি] চরিত্রহীন মেয়ে, অসতী মেয়ে ॥ চুতমারাওনির গরর্ ছিনাল।

চুতমারানি *বি.* [বরি খু পা কুম রং দি] চরিত্রহীন মেয়ে, বেশ্যা, গণিকা, দুশ্চরিত্রা ॥ বরি- কোথায় বৌরাণী আর কোথায় চুতমারানি। খু- আমাকে চুত্মারানি মনে করলে ভুল হবে দাদা। কুম- চুতমারানির ঝি তুকে নিয়া গর করুম না। রং- ওই চুত্মারানিক্ ধর। পা- শালী চুত্মারানী ভুদা এত গরম ক্যা। দি- চুত্মারানির বেটি ভাতারটাক্ মেহ রোগ ধরাইয়া এর গোড়ত

ওর গোড়ত গোহা মারাই মারাই শাউয়াখান ঢিলা করি ফেলালু তাহোঁ শোগ মিটে না। [চুৎমারানির পক্ষাঘাত হয়ে ডানদিকটা পড়ে গেছে- কা.মা., ন.ভ]

চুতমারানির ফুত্ *বি.* [ম] চরিত্রহীন নারীর ছেলে ॥ চুতমারানির ফুত্ দরতে ফার্লে মাইরাল্বাম।

চুতমারানির বেটা *বি.* [ম রং] অসতীর ছেলে ॥ ম- ঐ চুদমারানির বেটা খাড়া। রং- ওই চুতমারানির বেটা কোন্ঠে গেছিলু ।

চুতমারানির বেটি *বি.* [ম রং] অসতীর মেয়ে ॥ ম- চুতমারানির বেটি তর মাঙঅ চুদি। রং- ওই চুতমারানির ব্যাটি কোন্ঠে গেছিলু।

চুতমারানির মাগি *বি.* [ম ঢা কুম] চরিত্রহীন নারী ॥ কুম- চুতমারানি মাগি তুকে নিয়া গর করমু না। ম- চুতমারানির মাগি কই গেছ্লে ?

চুতর *বি.* [দি য] নিতম্ব, পাছা, কটি ॥ য- দেখ তাকিয়ে দেখ, এই মাগিটার কি সুঠাম চুতর। লোভ হচ্ছে। দি- ঐ ছুঁড়ি খান যেমন দেখেনালি ওর গোহাখানও তেমন দেখার মতোন। এমন জুতসই চুতর নজরত পড়েইনা।

চুতরা লাগাউরি *বি. বিণ.* [ম] এক জায়গার কথা আরেক জায়গায় লাগায় যে নারী ॥ চুতরা লাগাউরি মাগি তুই আর একটা কতাও কইস না।

চুতিয়া *বিণ.* [রং পা রা সি] চোট্টা, চোট্টামি, ধুরন্দর, শঠ, ধড়িবাজ ॥ রং- এই চুতিয়াক্ দিয়া কাম হবার নয়। পা- শালা চুতিয়া কোনো কতা শোনে না। রা- ওরে চুতিয়া তুই হামার কাছে আইস্সিস। সি- চুতিয়ামি করিস না মাইর দিমু।

চুথিয়া *বিণ.* [পা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ চুথিয়া তোর কোন মন নাই।

চুদনাই *বিণ.* [কু] বোকা, নাদান ॥ তোর মতন চুদনাই লোক আর নেই।

চুদনা ঘোলা *বিণ.* [কু পা] অপদার্থ, অসার, অযোগ্য, অকর্মণ্য ॥ কু- তোমার মত চুদনা ঘোলার বিয়ে হবি না নে। পা- এই চোদনা ঘোলা লোক সব্।

চুদ্বনে ধরি *ক্রি.* [কু] জোরপূর্বক সংগম করা ॥ তোমাক চুদবনে ধরি কলাম।

চুদা *ক্রি.* [ম ঢা ব] সংগম করা, যৌনক্রিয়া, রতিক্রিয়া, মৈথুন ॥ ব- চুদবনে ধরে । কু- তোর মাকে

চুদি। ম- কাম লইলা, অহন চুদা লইবা না।

চুদাউরি *বিণ.* [সি] পরপুরুষ গ্রহণকারী নারী ॥ চুদাউরির পোয়া কুনানর।

চুদানি *বি. বিণ.* [কুম ঢা] যে নারী রমণ করে [বোকা অর্থে] ॥ কুম- চুদানির পুত তরে দেহাইয়া দিমু। ঢা- চুদানির ঝি চুদানি কতা কইবা না।

চুদার টাইম নাই [কু] ভ্রুক্ষেপ না করা, তুচ্ছার্থে কাউকে বলা ॥ তোকে আমার চুদার টাইম নাই।

চুদি *ক্রি.* [কু ম চট্ট] রমণ করা, সঙ্গম করা, রতিক্রিয়া, মৈথুন ॥ কু- তোর মাকে চুদি । ম- তর মারে চুদি । চট্ট- তোর মারে চুদি।

চুদিয়ে খাল করে দেবো *ক্রি.* [খু কল] সর্বনাশ করা, ক্ষতি করা ॥ খু- তোকে চুদিয়ে খাল করে দেবো শুয়ার। কল- বেশি বাড়াবাড়ি করলে চুদিয়ে খাল করে দেব।

চুদির ফুত্ *বি.* [ম সি] চরিত্রহীন নারীর পুত্র ॥ সি- চুদির ফুতে্ খাম বাড়াইছে। ম- চুদির ফুত্ তর মারে চুদি।

চুদির বেটা *বি.* [রা ব রং দি কল] অসতীর ছেলে, দুশ্চরিত্র, অভদ্র, ছোটলোক ॥ রা- থামরে চুদির বেটা, তোকে হামি ছাড়মু না। ব- চুদির বেটা একটা কথা শুনলো না। রং- ওই চুদির বেটা চুপ কর। দি- শালা চুদির বেটা বাহিরি যা মোর বাড়িত থাকি। কল- চুদির বেটা আর করার কিছু নেই, এবার মরবেই।

চুদির বেটি *বি.* [রং দি] অসতীর মেয়ে, চরিত্রহীন নারীর কন্যা ॥ রং- ওই চুদির বেটি চুপ কর। দি- রে চুদির বেটি তোর মাওটাতো চুদায় বেড়াই মইল, এখন তাঁহো ঐ লাইনত !

চুদির বোন *বি.* দুশ্চরিত্রার বোন, বেশ্যা-পতিতার বোন ॥ এই সব ১৪/১৫ বছরের ছেলেরা মাকে মুখ খিস্তি করে চুদির বোন বলে গালাগাল করে- [এ.আ.সি. লে.নি., সু.মি.]

চুদির ভাই *বি.* [সি বরি ম য রা রং খু] চরিত্রহীন নারীর ভাই, দুশ্চরিত্রার ভাই, বেশ্যার ভাই ॥ বরি- স্যানে কইছে চুদির ভাই আহ্লাদের আর সীমা নাই। রা- ওরে চুদির ভাই তুই এমনও পারিস। য- চুদির ভাই ফের যদি এ বাড়িতে দেখি তোর ঠ্যাং ভেঙে

দেব। রং- চুদির ভাই কি কয়রে? সি- চুদির ভাই খয় কিতা দেখ। খু- তুই আমার চুদির ভাই না। [অনাদি প্রামাণিক হয়ে যাবে চুদির ভাই পরামাণিক- কা.মা., ন.ভ.]

চুদির শালা *বি.* [দি] অসতীর শালা, অসতী নারীর স্বামীর ভাই ॥ তর মতন্ চুদির শালা মুঁই আর দেখোঁনাই মোর জীবনত্।

চুদু[১] *বি. বিণ.* [রা] মেয়েলি স্বভাবাপন্ন ॥ তুই একেবারেই চুদু ভদ্দরলোক।

চুদু[২] *বিণ.* [কু] দুর্বল, শক্তিহীন, ক্ষীণ, রুগ্‌ণ ॥ চুদু পেলে সবাই শুধু খাই।

চুদুব্ *বি. বিণ.* [খু] বোকা, অনভিজ্ঞ, নির্বোধ ॥ জানিস্‌নে ওর নাম চুদুব্ আলী।

চুদুম *বি. বিণ.* [সি] অলস, বোকা ॥ হেটো মারাউনির পুআ আদুম চুদুমর ছাও।

চুদুম দেওয়া *ক্রি.* [সি] ঠকানো, প্রতারণা, প্রবঞ্চনা ॥ বেটারে বালা খরি চুদুম দিছে।

চুদে একটি করমু *ক্রি. বি.* [ব] দল পাকানো ॥ কতা না শুনলে সব শালার বেটাক্ চুদে একটি করমু।

চুদে পানেট করা *ক্রি. বি.* [কু] সংগম করে অপরকে ক্লান্ত করা ॥ তোক্ চুদে পানেট করবানে।

চুনকালি *বি.* [ম] কলঙ্ক, কেলেঙ্কারি, দুর্নাম, অখ্যাতি ॥ কিমুন চুনকালি ফিন্‌লে তহন বর বর কতা ত কইছ্‌লে?

চুন্‌পরি *বি. বিণ.* [রা] নিকৃষ্ট, নীচ ॥ এই চুন্‌পরির জ্বালায় আমি আর বাঁচি না।

চুন্নি *বি. বিণ.* [ম ঢা দি ব] যে নারী চুরি করে, অপরের জিনিস অপহরণ করে যে নারী ॥ ঢা- চুন্নি বেডিরে রাইত থিকা বাইরা দিমু। দি- ঐ চুন্নি মাগিটাক্ ঘাঁরটা ধরি বাহির করি দেতোরে মহির । পাছাত একটা লাতও দে। ম- আরি চুন্নি তুই করলে কি? ব- তুই তো একটা চুন্নি মাগি।

চুন্নির বেটা *বি. বিণ.* [ব] চোরনির ছেলে ॥ তুই তো একটা চুন্নির বেটা।

চুন্নির বেটি *বি. বিণ.* [ব] চোরনির মেয়ে, চোর মহিলার মেয়ে ॥ চুন্নির বেটির আবার বড় গলা।

চুম্মাচুম্মি *ক্রি. বি.* [ঢা] ঠোঁটে ঠোঁটে চুম্বন, ওষ্ঠাধর দ্বারা স্পর্শ, চুমা ॥ সিনেমার চুম্মাচুম্মি দেইখা, ওহন আমার ল্যাওড়া গেছে খাড়া হইয়া।

চুয়ার *বি.* [চট্ট] চড়, থাপ্পড়, চপেটাঘাত, থাবা, থাপড় ॥ চুয়ার মারি দাঁত ফেলাই দিয়ুম।

চুয়াড় *বি. বিণ.* [কল] অসভ্য, নিষ্ঠুর, গোঁয়ার ॥ চুয়াড়ের পাল্লায় পড়ে কী সব্বনাশটাই না হল। [কি আমরা রাড় চুয়াড় মত রাত্রি দিন ঝকড়া করহ কিছু ভয় ডর নাই- কথো., উই.কে]

চুলকানি ভেঙে দেব *ক্রি. বিণ.* [খু] শায়েস্তা করা ॥ বেশি বেড়ো না চুলকানি ভেঙে দেব কিন্তু।

চুলকুনি করা *ক্রি.* [কু] অস্বস্তিকর কথাবার্তা বলা ॥ সরে যা বাঁড়া চুলকুনি করিসনি।

চুল্লু *বি.* [খু] মদ, নেশা জাতীয় পানীয় ॥ চুল্লু খাও তো মাগি পাড়ায় যাও।

চুসকা *বিণ.* [কুম] চোগলখোর, ঝগড়াটে, কলহপরায়ণ ॥ ছেরাডা জবর চুসকা।

চুসকি১ *বিণ.* [কুম] পরচর্চাকারীনী, পরের নিন্দাকারী ॥ তুই বড় চুসকি।

চুসকি২ *বি. বিণ.* [কল] বেশ্যা, দুশ্চরিত্রা, বারবনিতা, পতিতা, বারনারী, বারস্ত্রী, গণিকা, খানকি, কুলটা, রূপাজীবিনী ॥ এই চুসকি মাগিটাকে ঠেঙায়ে হাত পা ভেঙে দেবো।

চুসা *বি.* [কল] পুলিশ, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ॥ ওই দেখ রাস্তা ধরে কয়েকজন চুসা আসছে।

চেউগরান *ক্রি.* [খু] গালি দেওয়া, তিরস্কার করা ॥ বৌটারে ও গা চেউগরানি চেউগরাইসে।

চেঁড়ার পোয়া চেট *বি. বিণ.* [চট্ট] পুরুষাঙ্গ থেকে উদ্গত পুত্র ॥ চেঁড়ার পোয়া চেট মাত্বরি ন গরিস।

চেঙ্গ *বি.* [ম] পুরুষাঙ্গ, সোনা, পুংলিঙ্গ, ল্যাওড়া, শিশ্ন ॥ চেঙ্গের কতা কছনি?

চেট *বি.* [ম ঢা পা চট্ট] পুরুষাঙ্গ, শিশ্ন, পুংলিঙ্গ, ল্যাওড়া ॥ পা- চেটমার্কা লোক । ম- তুমি আমার চেটের বাল আবদুল্লা না। ঢা- তুমি আমার চেটের বাল ফালাইবা। চট্ট- দুর চেট! ইথে কি?

চেটর্ বাল *বি.* [সি] যৌনাঙ্গের কেশ [কাউকে তুচ্ছার্থে গালি দেওয়া] তাইন আমার চেটর্ বাল।

চেটাস *বি.* গর্ব, অহংকার ॥ কিসের চেটাস কর কার ধন খাই [মানিক]।

চেটি *বিণ.* [সি] নিষ্কর্মা, অলস ॥ চেটি বেটি যামাইর খথা শুনে না।

চেটের বাল *বি.* [ম পা ব] যৌনাঙ্গের কেশ [তুচ্ছার্থে] ॥ ম- আমার চেটের বাল নসুরুল্লা আইছে কইত্তে। ব- তুমি কি চেটের বাল আসে গেছে তোমার কতা শোনা লাগবি। পা- চেটের বাল আমার কি হয়া গিছে ও।

চেম [ম] পুরুষাঙ্গ, লিঙ্গ, শিশ্ন ॥ আমার চেম করবে তুই।

চেলা১ *বি.* [নো] শিষ্য, সাগরেদ, মুরিদ ॥ ইঁদির হুত তঁদি, চেলামি তোর হোন্দের ভিতর ঢুকাই দিমু।

চেলা২ *বি.* [কল] যে লোক মেয়ে চুরিতে সাহায্য করে ॥ কয়েকজন চেলা মেয়েটাকে তুলে নেওয়ার সুযোগ তৈরি করে দিয়েছে।

চৈত গাওয়া *ক্রি.* [কুম] গালি দেওয়া, তিরস্কার করা ॥ এত চৈত গাও ক্যান, আমি তুর কি খতি করসি।

চৈতালি *ক্রি. বি.* [কুম ম] শয়তানি, ধূর্ততা, বদমায়েশি ॥ কুম- ছেড়ার হুত চৈতালি ছার্। ম- অত চৈতালি করিস্ না লা, তরও সময় আইব দেক্‌বে।

চৈতে গেযান *ক্রি. বি.* [য] বৃথা বাক্য, অনর্থক কথা, বাজে কথা ॥ অত আর চৈতে গেযান শুনে লাভ নেই, কাজ দেখগে যা।

চোআনি কম্‌তি *বি.* [কল] হিজড়া, ক্লীব, নপুংসক ॥ ঢোলক বাজিয়ে চোআনিরা গ্রামে যাচ্ছে।

চোউক চোঁদো *ক্রি. বি.* [দি] ঘৃণা ও ক্ষোভ অর্থে গালি ॥ হামার পাড়ার সেই ছেমরি খান বাড়িগিছে ওম মার মুঁই চোউক চোঁদো।

চোউকনু *বি. বিণ.* [কল] গব্বাবাজ, চোর, তস্কর, অপরের জিনিস অপহরণকারী ॥ অতীন্দ্র হলো একজন পাকা চোউকনু।

চোকলখোর *বিণ.* [দি] একজনের কথা অন্যজনকে লাগায় যে, পরনিন্দাকারী, যে ব্যক্তি আড়ালে নিন্দা করে ॥ তুমার গরের আর কুনো কাম নাই বাহে, শুধু চোকলখোরগিরি করে বেরান। [কুচক্রী চসমখোর চোকলখোর হয়/পাপিষ্ঠ দুরন্ত সেই পুণ্যবন্ত নয়- ঘন]।

চোগলকুর *বিণ.* [ম] যে একজনের কথা অন্যজনকে লাগায়, পরনিন্দকারী নারী ॥ তর মত চোগলকুর আর দেহি নাই।

চোগলকুরনী *বিণ.* [ম] যে নারী একজনের কথা অন্যজনকে লাগায়, পরনিন্দাকারী নারী ॥ তুই চোগলকুরনীর গরের

চোগলকুরনী।

চোটটামি *ক্রি. বিণ.* [রা] চোরের মত কাজ ॥ এঁ্যাত বয়স হয়্যা গেল দাদা, তোমার কিন্তু চোটটামি গেল না।

চোটপাট *বি.* ক্রোধ প্রকাশ, ধমকান, ভর্ৎসনা ॥ কোন প্রয়োজনে মূর্খ কর চোটপাট- [ঘন]।

চোঠ্‌ঠা *বিণ.* [দি ম] ঠগ, চোর, প্রবঞ্চক ॥ দি- শালা চোঠ্‌ঠা কুন্ঠেকার ঠকবাজি করিবার জাগা পাইনূনা এইঠে আইছি। ম- চোঠ্‌ঠা দেশ বইরা গেছে।

চোডানো ক্রি. [ম] চপেটাঘাত করা, প্রহার করা ॥ ইমুন চোডানো চুডাইয়াম শালা বাফের নাম বুইল্ল্যা যাইবে।

চোত্‌মারানি *বি. বিণ.* [কুম] রমণ করে বেড়ায় যে নারী, দুশ্চরিত্রা নারী, অসতী রমণী ॥ চোতমারানি তোরে তালাক দিমু ।

চোতমারানীর পো *বি.* [ঢা] অসতীর ছেলে ॥ চোতমারানীর পো আর কতা বাড়াইস্‌ না।

চোতা *বিণ.* [য] অকেজো, অসার, অযোগ্য, অকর্মণ্য ॥ ওর মত চোতা ছেলে দিয়ে এ কাজ হবে না।

চোদং ক্রি. [রং] চুদবো, রতিক্রিয়া, মৈথুন ॥ তোর মাক্ চোদং।

চোদন *বি.* [ব পা বরি] প্রহার, শাস্তি, রমণ ॥ ব- দে চোদন সোজা হয়ে যাবি হিনি। বরি- খায় খয়রাত কইর‍্যা চোদে ল্যাম জ্বালাইয়া। পা- চোদন তো খাওনি এইবার খাবে।

চোদন লাগা ক্রি. [রং] কষ্ট পাওয়া, ক্ষতি হওয়া ॥ ক্যামন চোদন লাগিল ?

চোদন শালা *বি.* [দি] বোকার শালা ॥ বে চদনার কাঠি মুখ খারাপ করি কেনে গেইলাছি বে, চোদন শালা।

চোদন হরি *বি. বিণ.* [খু] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ মারব এক থাপ্পড় চোদন হরি।

চোদনা *বিণ.* [রং পা ব পা বরি] অসৎ পুরুষ, বোকা, মূর্খ ॥ ব- তুই এক হরি চোদনা। রং- চোদনা কোন্‌ঠেকার। রা- কি ভালো আর কি মন্দ তোর মত চোদনা কুনুদিন বুঝবে না। পা- চোদনার চোদনা চুপ কর। বরি- চোদনায় কয় কি? [গোড়াতেই এমন চোদনার মতো কথা বলে বসো যে মটকা গরম হয়ে যায়- কা.মা.,ন.ভ.]

চোদনা শালা *বি. বিণ.* [দি] বোকার শালা ॥ বে চোদনার কাঠি মুখ খারাপ করি কেনে গেইলাছি বে চোদনা শালা।

চোদনাহরি *বি. বিণ.* [রং খু] বোকা, বেআক্কেল, বেওকুফ, নির্বোধ, কমবুদ্ধির মানুষ ॥ রং- চোদনাহরি দিয়া কোন কাম হবার নয়। খু- কথা শুনিল না চোদনা হরি।

চোদনার ব্যাটা *বি. বিণ.* [পা বরি] বোকা, মূর্খ, বেআক্কেল, বেওকুফ, নির্বোধ ॥ বরি- চোদনা ব্যাটায় কয় কি? পা- চোদনার ব্যাটারে, তোক্ আজকি দেক্প।

চোদব *ক্রি.* [কু] সঙ্গম করা, মৈথুন করা ॥ তোক্ কিন্তু চোদবনে।

চোদা ক্রি. [কু খু ঢা ব বরি ম রং] রমণ করা, সংগম করা, রতিক্রিয়া করা, স্ত্রী-পুরুষের যৌনসংসর্গ ॥ খু- চোদা ছাড়া দুনিয়ার তুই আর কি বুঝিস্। ম- কৈ চোদা দিতে গেছস্। ব- তোক্ চোদার টাইম নাই। কু- চোদে পানেট করে দেবানে। রং- চোদার জন্য কিষাণ নাগামো। ঢা- রাইতে চোদা খাও দিনে বেগম সাব অইছ। বরি- চোদানির পো।

চোদাচোদি *বি.* [ম] রমণ, সঙ্গম, মৈথুন, স্ত্রী-পুরুষের যৌনসংসর্গ ॥ চোদাচোদি ছাড়া আর কি জানস্।

চোদানী *বি. বিণ.* [বরি] অসতি মেয়ে, দুশ্চরিত্র নারী, বেশ্যা ॥ চোদানীর পো।

চোদানী মাগি *বি. বিণ.* [রা পা দি] অসতি মেয়ে, দুশ্চরিত্রা নারী ॥ রা- চোদানী মাগি হামাক্ আইছে শিখাইতে। পা- শালী চোদানী মাগি ভাল হ। দি- খানকি মাগি কুষ্ঠেকার, দিন রাইত খালি খচ্চর ছোঁড়াগুলার সাতত্ থাকি এত চেট ঢুকাচি তাহোঁ শাউয়ার কুরকুরি মিঠেনা।

চোদানো ক্রি. [ঢা] সংগম করানো, রতিক্রিয়া, মৈথুন, স্ত্রী-পুরুষের যৌনসংসর্গ ॥ সাত জনে চোদানো ছেঁড়ি আবার বিয়ে হইছে।

চোদার জন্য কিষাণ নাগামু [রং] অতৃপ্ত নারীর উদ্দেশে গালি ॥ মাগী মোর চোদনে যদি তোর মন না ভরে তাহলে চোদার জন্য কিষাণ নাগামু।

চোদারু *বি. বিণ.* [রং] বহুগামী, যে নারী-পুরুষ অনেকের সাথে সঙ্গম করে ॥ বিশ্ব চোদারুটার সাতোত্ তোর এত কিসের পিড়িত।

চোদু *বিণ.* [খু] বোকা, নির্বোধ,

বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ তোর মতো চোদু দুটো নেই।

চোপা *বি.* [ম] ঝগড়া, তিরস্কার ॥ বৌডা অত চোপা জানে ?

চোপাকুর *বি. বিণ.* [ম] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ চোপাকুর বৌ ঘরের শান্তি ছাড়াইছে।

চোপাকুরনী *বিণ.* [ম] ঝগড়াটে নারী, কলহপরায়ণ নারী ॥ চোপাকুরনী বৌ ঘরকির্তন লাগায়।

চোর *বি. বিণ.* [ম] তস্কর, অপহরণকারী ॥ চোরের গরের চোর আমার ট্যাহা দে।

চোরপোরেশন *বি.* [কল] কলকাতা পৌরসভাকে উদ্দেশ করে [কর্পোরেশনের সার্বিক অনৈতিকতার প্রতি ঘৃণাজাত শব্দ] ॥ আজ প্রায় অবিশ্বাস্য এ-সব কথা, কারণ কর্পোরেশনে কুৎসার অন্ত নেই, 'চোরপোরেশন' তার ডাক নাম দাঁড়িয়ে গেছে বলা চলে- [ত.হ.তী.,হী.মু.]

চোরাইয়া *বি. বিণ.* [চট্ট] চোর, তস্কর, অপহরণকারী ॥ চোরাইয়া এতদিন হডে আছিলি?

চোরে চোরে মাস্তুতো ভাই [বাগ.] একই পথের পথিক ॥ এরা ত চোরে চোরে মাস্তুতো ভাই।

চোরের উপর বাটপারি [বাগ.] চোরকেও প্রবঞ্চিত করা ॥ চোরের উপর বাটপারি করস্, হালার গরের হালা।

চোরের মার বড় গলা [বাগ.] অসতের কথা বড় ॥ চোরের মার বড় গলাঐ তাহে।

চোস্ *বি. বিণ.* [সি] বদমাশ, লম্পট, পাজি, চরিত্রহীন ॥ চোসর্ বাইচ্চা চোসর্ চুদা।

চোস্‌কা *বি. বিণ.* [কুম] মিথ্যাবাদী, মিথ্যা কথা বলে যে ॥ হে হালা আস্‌তো একটা চোস্‌কা, হের কতায় কাম করোন যাইবো?

চোসামি *বিণ.* [সি] শঠতা, প্রতারণা, ধূর্ততা, চতুরতা ॥ শাউয়া মারাউনির পুআয় চোসামি খরের্।

চোষা *ক্রি.* [কল] চুষন করা ॥ মাইটা না চুষলে মাগি আরাম পায় না।

চোহ্‌বৃবত *বি.* [নো] সঙ্গম, সহবাস, রতিক্রিয়া, মৈথুন ॥ মোহব্বত হিকচ্ নয় চোহব্বত হুনদাস কোন্ বুঝে?

চৌখ চুঁদো *ক্রি.* [দি] ঘৃণা, ক্ষোভ অর্থে ॥ কানা হইচি বে দেখা পাইন্‌না মোর উপর আসি উজঝট খাচি, তোর চৌখক চুঁদো।

চ্যাংগর *বিণ.* [কুম] দুষ্ট, শয়তান, ঠগ ॥

পোলাডা বর চ্যাংগর।

চ্যাংগাঠ *বিণ.* [পা] একগুঁয়ে, একরোখা, গোঁয়ার, জেদী ॥ শালা চ্যাংগাঠ মারা লোক সব্ ।

চ্যাংড়া *বি. বিণ.* [কুম রং ম] দুশ্চরিত্র, দুষ্ট, জোয়ান ছেলে ॥ কুম- চ্যাংড়া বন্ধুর হাশি গলায় দিল ফাঁশি। রং- তোর চ্যাংড়ামির মারে চুদি। ম- চ্যাংড়া পুটকি ঝালে বরা।

চ্যাংড়ামি *বি.* [কুম খু] দুষ্টামি, চপল, ছ্যাবলা বালক ॥ কুম- এত চ্যাংড়ামি করিশ্ ক্যান। খু- ঠেঙিয়ে তোর চ্যাংড়ামি ছুটিয়ে দেব।

চ্যাগলান ক্রি. [রা] বকবক করা, বেশি কথা বলা ॥ এত চ্যাগলান ভালো না।

চ্যাট *বি.* [দি ম খু] পুরুষাঙ্গ, পুংলিঙ্গ, শিশ্ন ॥ ম- তুমি আমার চ্যাটের বাল অইছ। খু- তুই আমার চ্যাটের বালের সমান। দি- কালঠুর বেটাটার চ্যাট বাশিলার ডেঁটের [বাঁট] মতন নাম্ভা যেমন মোটাও তেমন, ওর মাগিও চাই ঐ রকম যাতে সেন্দায়। ঢা- হায়রে আমার চ্যাটের বাল, তুমি দিবা টেক্স।

চ্যাট ফাটা পয়দা *বি.* [কল] পুরুষাঙ্গ উদ্‌গত সন্তান ॥ চ্যাট ফাটা পয়দা বলে ভারি দেমাক হয়েছে মেয়েটার।

চ্যাটাং *অব্য.* [খু] কথার তেজ বা ঝাল ॥ ব্যাটার শুধু ফটাং ফটাং আর চ্যাটাংচ্যাটাং কথা।

চ্যাড *বি.* [বরি] পুরুষাঙ্গ, শিশ্ন, লিঙ্গ, যোনি ॥ চ্যাড লইয়া আইছো দশরায়।

চ্যাডের পো *বি. বিণ.* [বরি] পুরুষাঙ্গজাত পুত্র ॥ পাইন মারা যাইয়া চ্যাডের পো।

চ্যানদোলা *বিণ.* [রা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ ঐ হামার চ্যানদোলা করে দেখলো।

চ্যাবগা *বিণ.* [সি] চালাক, চতুর ॥ গোলামর চুদা চ্যাবগা ছুতমারাউনির পুআ।

চ্যারকি বানদি *বি.* [ঢা] দাসী, চাকরানী ॥ চ্যারকি বান্দির পুত অক্ষণ বাইর অইয়া যা।

চ্যালকামি *বি.* [রং] প্রতারণা, প্রবঞ্চনা, শঠতা, চতুরতা, ধূর্ততা ॥ তুই মোর সাতোত্ কথা কলে ঠিক মত কবু চ্যালকামি কথার ধার ধারো না।

ছ

ছইল কুত্তা *বি. বিণ.* [সি] বেহায়া, মান সম্মান নিয়ে যার চিন্তা কম, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ ছইল কুত্তা চুদাউরির্ পুআ।

ছঁচা *বি. বিণ.* [রং] বদমাশ, পাজি, দুর্বৃত্ত ॥ তুই ছঁচাটার কথা শুনিস না।

ছক্কাবাজি *বি.* চালাকি, বিশেষ ছক বা পরিকল্পনা করা ॥ আর কেন ছক্কাবাজি ঝাড়ছ- [জনা, গি.ঘো.]

ছড় নাই কুত্তা *বিণ.* [সি ম] বেহায়া, মান সম্মান নিয়ে যার চিন্তা কম, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ সি- ছড় নাই কুত্তার বড় বড় ডাখ। ম- ছড় নাই কুত্তার আগুন্যা পাঁদ।

ছত্তিশ্যা *বিণ.* [রা] মিথ্যাবাদী, মিথ্যা কথা বলে যে ॥ হামার কথা সোঝা, তোর মতন হামি ছত্তিশ্যা লই।

ছদ্রাণীর গরর্ বদ্রাণী *বি. বিণ.* [সি] অভিজাত নারীর বেশ্যা কন্যা ॥ খবিছর্ চুদা ছদ্রাণীর গরর্ বদ্রাণী।

ছদ্মতা *বি.* কপটতা, ছলের ভাব ॥ ছাম্বালে ছদ্মতা ছাড় ছয় নয় করি- [মানিক]।

ছননকপালি *বিণ.* [রা] ভাগ্যহীন, মন্দ ভাগ্যের লোক, দুর্ভাগা, লক্ষ্মীছাড়া, হতচ্ছাড়া ॥ ছননকপালি মেয়েটার কপালে বর নাই।

ছপ্পর্বাজ *বি. বিণ.* [কল] পকেটমারের সর্দার ॥ রবি বাবু ছপ্পর্বাজ।

ছব্কিবাজ *বি. বিণ.* [কল] যারা পথে ঘাটে মেয়েদের বিরক্ত করে ॥ কয়েকজন ছব্কিবাজ রাস্তার পাশে দাঁড়িয়ে হৈচৈ করছে।

ছলিয়া *বিণ.* কপটী, ছলনাকারী, প্রতারক ॥ ছলিয়া মধুর ভাষে ছাঁদিয়া বিষম পাশে ছাড়ি গেল প্রাণের ঈশ্বর- [দৌ.উ.]।

ছাঁ *বি.* [নো] যৌনাঙ্গ, স্ত্রী লিঙ্গ, যাঙ, সোনা, স্ত্রী-জননেন্দ্রিয় ॥ হতীনের ঝি, ধরি ছাঁ ভাঙ্গি দিমু।

ছাই কপাল *বিণ.* [রা] হতভাগ্য, মন্দভাগ্য, দুর্ভাগ্য ॥ এই ছাইকপালি মেয়ের বর্ নাই।

ছাই পাঁশ *বি.* [কল] আজে বাজে, আলতু ফালতু ॥ ছাই পাঁশ গিলে রাস্তায় মাধব চেঁচাচ্ছে।

ছাওআ *বি.* [কল] নিষ্ক্রিয় পায়ুকামী ॥

যারা ছাওআ তারা আমাদের সমাজে বড়ই ঘৃণিত।

ছাওয়া *বি.* [হা.] মাঙ, যোনি, সাওয়া ॥

ছাগল *বিণ.* [ম] ব্যক্তিত্বহীন, অস্থির, এক শ্রেণির পশু ॥ ছাগলের গরের্ ছাগল।

ছাগলচোদা *বি. বিণ.* [ম] ব্যক্তিত্বহীনের সন্তান ॥ ছাগলচোদার গরের্ ছাগলচোদা।

ছাগল-বদন *বিণ.* ছাগলের মত মুখ ॥ অচিরাতে হবে তোর ছাগল বদন- [কেতকা]।

ছাগলের বাচ্চা *বিণ.* [ম] ব্যক্তিত্বহীনের সন্তান ॥ ছাগলের বাচ্চা কোন্‌হানের।

ছাতি *বি.* [কল] স্তনযুগল ॥ মহিলার বুকের ছাতি দুটো উঁচু হয়ে আছে।

ছানৃকি *বি. বিণ.* [কল] পতিতা, বারবনিতা, বেশ্যা, বারনারী, বারস্ত্রী, খানকি, কুলটা, বারবধূ, গণিকা, কামিনী ॥ ছানৃকি কোথাকার, মাথার চুল কেটে ন্যাড়া করে দেব।

ছাপৃকি *বি. বিণ.* [কল] পতিতা, বারবনিতা, বেশ্যা, বারনারী, বারস্ত্রী, খানকি, কুলটা, বারবধূ, গণিকা, কামিনী ॥ সুমন্ত বললো, ওই ছাপকির ঘরে দুদিন গিয়ে ফুর্তি করে এসেছে।

ছাবৃকাবাজ *বি. বিণ.* [কল] সক্রিয় পায়ুকামী ॥ আমাদের সমাজে বেশ কিছু ছাবৃকাবাজ আছে।

ছাবাবাজ *ক্রি. বিণ.* [কল] সক্রিয় পায়ুকামী ॥ চরম অধম যারা ছাবাবাজ করে।

ছামা *বি.* [বরি] যোনি, স্ত্রীলিঙ্গ, মাঙ, স্ত্রী-জননেন্দ্রিয় ॥ তোর ছামায় ঝামা ঘইসা দিমু।

ছামান্নি *বি. বিণ.* [সি] চামার এর স্ত্রী লিঙ্গ [হীন অর্থে] ॥ ছামান্নির জন্মা।

ছামার *বি. বিণ.* [সি] যে মরা গরুর চামড়া ছাড়ায় [হীন অর্থে গালি] ॥ ছামারর চুদা ফুঙ্গির পুআ।

ছালা *বি.* [রা] শালা, স্ত্রীর ছোট ভাই [গালি অর্থে] ॥ ছালার বেটা ছালা চল্‌।

ছিঁচ্‌নি *বিণ.* [রা] নাছোড়বান্দা, একগুঁয়ে লোক, যে কিছুতেই ছাড়ে না, গোঁয়ার, একরোখা ॥ ছিঁচ্‌নি কুত্‌তাডা মার্ খেলে ত নড়বে না।

ছিছা *অব্য.* [দি] তুচ্ছার্থে ॥ চেংড়ি কোনা ইমুন বেইজ্জত হইল, বেবাক লোকে ছিছা করোছে।

ছি ছি *অব্য.* নিন্দা, কুৎসিত, জঘন্য বোঝাতে ॥ একটা বাপের বয়েসী বুড়োর সঙ্গে-ছি ছি ছি! [প্র.প্র.,

আ.দে.]; আরে ছি ছি! রাম রাম! ব'লো না হে ব'লো না- [আ., সু.রা.]।

ছিটুআ *বি. বিণ.* [কল] বেশ্যা, পতিতা, বারবনিতা, বারনারী, বারস্ত্রী, খানকি, কুলটা, বারবধূ, গণিকা ॥ ভদ্র পাড়ার কিছু মেয়ে ছিটুআ হয়ে যাচ্ছে।

ছিনার *বিণ.* [রা] দুষ্ট, কামুক নারী, ব্যভিচারিণী ॥ রা- ছিনার মাগিকে হাঁকা । কল- তোর মত ছিনার মাগি একটাও নাই। [ডাকাতি ছিনার চোর হাজার হাজার- ভারত]।

ছিনারী *বিণ.* স্বৈরিণী, ব্যভিচারিণী, কুলটা ॥ কল- ছিনারী মাগি এখানে আসতে লজ্জা করল না? [নটকী গোআলী ছিনারী পামরী- কৃ.কী.]।

ছিনাল *বিণ.* [ঢা দি পা ম] বেশ্যা, কুলটা, বারস্ত্রী, গণিকা, রূপজীবী, পতিতা, বারনারী, বারবধূ, কামিনী ॥ ঢা- ছিনাল বেডির মাইয়াগুলাও ছিনাল অইব। দি- ঐ ছিনাল ছুড়ি খানের হাজারটা নাং। পা- ছিনাল মাগি তোর ভুদা চুদি। ম- ছিনালের গরৈর্ ছিনাল।

ছিনাল মাগি *বিণ.* [পা] দুষ্ট প্রকৃতির নারী, অসতী নারী, দুশ্চরিত্রা নারী ॥ ছিনাল মাগি তোর ভুদা চুদি।

ছিনে জোঁক *বিণ.* নাছোড়বান্দা, যে কিছুতেই ছাড়ে না, একগুঁয়ে লোক ॥ আমাকে যে ছিনে জোঁকের মতন ধরেছে–এখন ছাড়ানো ভার- [অলীক., জ্যো.ঠা.]

ছিন্যাল মাগী *বি. বিণ.* [ম] খারাপ বা দুষ্ট প্রকৃতির নারী ॥ ছিন্যাল মাগী তরে লইয়া গর করতাম না।

ছিয়া *বিণ.* [রা] রগচটা, বদরাগী, রাগী মানুষ ॥ ইংক্যারা ছিয়া ছাওয়াল আর দেখিনি।

ছিল্‌লানি *বিণ.* [রং] পাগলি, উন্মাদিনী, বিকৃত মস্তিষ্কের নারী ॥ বেয়াই মোর ছিল্‌লানি ব্যাটিটাক্ এংনা দ্যাখি শুনি নেন।

ছিল্‌লি *বিণ.* [রা] পাগল, উন্মাদ, মানসিক রোগী ॥ তোর অত্যাচারে ছিল্‌লি হয়্যা যামু।

ছিলান *বি. বিণ.* [চট্ট] বেশ্যা, বারবনিতা, বারনারী, বারস্ত্রী, খানকি, কুলটা, পতিতা, বারবধূ, গণিকা, কামিনী ॥ ক্যান ছিলানর ন্যান হাসের ছঅ মুখত মাছি পরিব।

ছুঁচ্‌নি *বিণ.* [রা] নাছোড়বান্দা, যে কিছুতেই ছাড়ে না, একগুঁয়ে লোক, গোঁয়ার, একরোখা ॥ ঐ

ছুঁচ্নি মাগিডা হামার জীবনডা জ্বালা পুড়া ছাড়খাড় করা দিল।

ছুঁচ্যা *বিণ.* [রা] দুষ্ট, বদমাশ, দুশ্চরিত্র ॥ লুচ্চা বাপের ছুঁচ্যা ছাওয়াল।

ছুঁচো *বি. বিণ.* [ম] অত্যন্ত হীন বা নীচ স্বভাবের লোক, চিকা ॥ তর ছুঁচোর স্বভাব আর গেল না। [কিছু না, এ ছুঁচো আবার সেই চাঁদমুখো মাগীর কথা বলিতে আসিয়াছে- কৃ.উ., ব.চ.]?

ছুঁচোর হাড়ি *বিণ.* [কু] অতি দুষ্ট, খুব দুরন্ত ॥ তুমি তো ছেলেটা দেখছি ছুঁচোর হাড়ি।

ছুঁড়ি *বি.* তরুণী, যুবতী [ব্যঙ্গার্থে] মর্ ছুঁড়ি, খেলার ইশারায় বুঝতে পারিস নে- [এ.ব.স., ম.দ.] ?

ছুকুম বুদাই *বিণ.* [সি] বুদ্ধিহীন, বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ ছুকুম বুদাইর পোয়া খই যায়রে?

ছুচা *বিণ.* [রং] খারাপ প্রকৃতির মানুষ, বদমাশ, চরিত্রহীন ॥ ছুচা মানুষ ছাড়া কি ভাল মানুষ ঐ মাগির ঘরত্ ঘোকে।

ছুচামি *বি.* [রং] বদমায়েশি ॥ ছুচামি করিস ক্যা?

ছুছুন্দর *বি. বিণ.* [রা] শয়তান প্রকৃতির লোক ॥ ভোদানীর বেটা কঠিন ছুছুন্দর।

ছুটকো মেয়ে *বিণ.* [কল] দুশ্চরিত্র মেয়ে ॥ প্রতিদিন কয়েকটা ছুটকো মেয়ে গলির রাস্তায় ঘোরাফেরা করে।

ছুডলোক *বি. বিণ.* [ম] নীচ বংশের মানুষ ॥ তুই একটা আস্তা ছুডলোক ।

ছুদাওরি *বি. বিণ.* [সি] চুদা দেয় যে নারী, অসতী নারী, দুশ্চরিত্রা নারী ॥ ছুদাওরি মাগীর গরর্ ছুদাওরি মাগী।

ছুদুর বুদুর *বি.* [ম] অস্থিরতা, স্থিরতাহীন, চঞ্চলতা ॥ ছুদুর বুদুর করিস্ না কাম কর।

ছুন্নি *বি. বিণ.* [ম] চোর নারী, যে নারী অপরের জিনিস অপহরণ করে ॥ দুরু তুই জাত ছুন্নি।

ছুপা রুস্তম *বি.* অত্যন্ত দক্ষ, চালাক, করিৎকর্মা, যার ক্ষমতা প্রকাশ্যে বুঝা যায় না ॥ এমন ছুপা রুস্তম হয়ে টুলু কীভাবে দিন কাটিয়ে দিল- [ত.র.,হ.দ.]

ছুরিছামারি *বি.* [সি] ধূর্তামি, প্রতারণা, চতুরতা, শঠতা ॥ আর ছুরি ছামারি করি কদিন খাইবায়্।

ছুলতাহুর *বিণ.* [ম] ঝগড়াটে পুরুষ, কলহপরায়ণ পুরুষ ॥ তর মত অত বড় ছুলতাহুর কি আছে?

ছুলতাহুরনী *বিণ.* [ম] ঝগড়াটে মহিলা, কলহপরায়ণ নারী ॥ এই রকম ছুলতাহুরনী জামাইয়ের বাত কেমনে কাইব।

ছুলুলি *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ ছুলুলি খেয়ে গান ধরেছে এরা।

ছুলুলু *বিণ.* [রা দি] শঠ, ধূর্ত, প্রতারক, চতুর ॥ রা- অর মতন্ ছুল্‌লু আর নাই। দি- শম্ভুর ভাতিজাটা খুবেই ছুল্‌লু, ভরতের মাইজঝো বেটির সাথত্ ডুবি ডুবি জল খায়।

ছেউটি *বিণ.* যৌনআকর্ষণ সম্পন্ন, যৌনতাসূচক, ছেনালি ॥ এত ফরফর করবার কী ছিল, ছেউটি ছুঁড়ির মত- [প্রজা.,স.ব.]

ছেনাল *বিণ.* [খু] বেশ্যা, বারবনিতা, বারনারী, বারস্ত্রী, খানকি, কুলটা, বারবধূ, পতিতা, গণিকা, কামিনী ॥ গ্রামটা জ্বালিয়ে খেল ছেনাল।

ছেবেলি *বিণ.* [দি] মিথ্যুক, মিথ্যাবাদী, মিথ্যা কথা বলে যে ॥ আর কদ্দিন ছেবলামি করি বেড়াবু বে এতো যে মাইর খাচি তাঁহোঁ তোর আক্কেল হয় না, ভালো হবার চেষ্টা কর।

ছেমড়ি *বি.* [খু] যুবতী মেয়ে ॥ ছেমড়ি পেট কেমড়ি প্যাটে পলো ছাই/ছেমড়ি তরে সেক্‌সি করে খাই।

ছৈল *বিণ.* ছলনাকারী, শঠ, ধূর্ত, চতুর, প্রতারক ॥ রৈয়া যায় অল্প নিশি ঘরয়াল ছৈল বাসি- [হরি]।

ছোঁচা/ছোঁছা/ছোচা *বিণ.* [দি] পাজি, অতি লোভী, বেহায়া, নির্লজ্জ, বদমাশ ॥ আইজো এত্তিনা ঘুর ঘুর করেছে, ঐ ছোঁচাখান কুনো একখান্ ফন্দি আঁটিছে বুঝি। [ছি ছি ওরে ছোঁছা ভেড়া ছার তোর জীবনে- মানিক; মাহুদ্যা প্রবন্ধ কর‍্যা মর বেটা ছোচা- মানিক]।

ছোঁড়া *বি.* ছোকরা ছেলে, যুবক [ব্যঙ্গার্থে] ॥ রেয়ে ছোঁড়া কখন গিয়েছে, এখনও এল না- [নী.দ., দী.মি.] ; ওরে লক্ষ্মীছাড়া হতভাগা মেনিমুখো ছোঁড়া, পায়ে কি তোর জুতো নেই [প্র.প্র., আ.দে,]?

ছোচ্‌না *বিণ.* [রা] পাতিচোর ॥ ছোচ্‌না মাগির মত আচরণ করিস্ ক্যা।

ছোছা *বিণ.* [রং] শঠ, ধূর্ত, প্রতারক, চতুর, ছলনাকারী ॥ তুই একটা ছোছা মানুষ।

ছোট খোকা *বি.* [খু কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ খু- আমার সম্বল ঐ ছোট

খোকা। কল- কেটে দুই ভাগ করে দেব তোর ছোট খোকা ।

ছোটলোক *বি. বিণ.* হীন বা নীচ প্রকৃতির লোক ॥ তোর মত একটা ছোটলোক গুণ্ডা ভাল কিছু দেখবে কী করে রে- [প্রজা., স.ব.]; ছোটলোকের মেয়ে বিয়ে করে তুইও কি ছোটলোক হয়ে গেলি- [প্র.প্র., আ.দে] ?

ছোটলোকের বাচ্চা *বিণ.* জঘন্য, নীচ স্বভাবের লোক ॥ রাগ করেছ? - ভ্যাঙাইয়া, ছোট লোকের বাচ্চা [পু.না.ই., মা.ব]!

ছোট লোকের বেটি *বিণ.* হীন বা নীচ প্রকৃতির নারী ॥ ছোটলোকের বেটি, হাঘরের মেয়ে! বলতে জিভ আড়িয়ে গেল না- [প্র.প্র., আ.দে]।

ছোদানী *বি.* [নো] লজ্জাদান অর্থে ॥ ছোদানী হাজী লই হিরা করগই।

ছোবআছালামু *বি.* [চা.] কবরের মত মুখ ॥

ছোল *বি.* [ব] সন্তান [ব্যঙ্গার্থে] ॥ এডে কার ছোল ।

ছোল ফালানি মাগি *বি.* [ব] বাচ্চা নষ্ট করা মেয়ে, যে নারী গর্ভপাত করে ॥ তুই একটা ছোল ফালানি মাগি।

ছোস্না *বিণ.* [ব] লোভী, লোলুপ, পরদ্রব্য আত্মসাৎ করার প্রবৃত্তির মানুষ ॥ শালা, এক্কেবারে ছোস্না।

ছ্যাঁচ্ড়া *বিণ.* [রা খু] ইতর, নীচ, প্রতারক, অভদ্র আচরণকারী, ছোটলোক ॥ রা- যা ছ্যাঁচ্ড়া কুষ্ঠেকার, তোকে হামি টাকা ধার দিমনা। খু- তুমি তো ভারি ছ্যাঁচ্ড়া ছোটলোক। [যা ছ্যাঁচড়া হয়ে উঠচ দিন কে দিন- কা.মা., ন.ভ.]

ছ্যাঁচরামি *বি.* [ম] ইতরতা, নীচ আচরণকারী ॥ তর ছ্যাঁচরামি শবাব গেল না। [নাচ শেখা হয়ে গেলে এই ছ্যাঁচড়ামিটা ছেড়ে দেব- কা.পু., স.ম.]

ছ্যাঁচেড়া *বি. বিণ.* [দি] যে সহজে কিছু দিতে চায় না ॥ হাওলাতের ৩০০/- টাকা আইজ চাইর মাসত্ পইল তাহোঁ তোর দিবার নাম নাই। আইজ কাইল করি দিন পার করছি খালি। ছ্যাঁচেড়াগিরি ছাড় সামনে শুকুরবার টেকা না পাইলে বুঝা পাবু।

ছ্যাচ্চোর *বিণ.* [রং] অবাধ্য, অবশীভূত, কথা শোনে না এমন ॥ এই ছ্যাচ্চোরক্ দিয়া কিছু হবার নয়।

ছ্যাঁছর *বিণ.* [ম] লোভী, ইতর, নীচ ॥ তুই একটা ছ্যাঁছরের গরের ছ্যাছর।

ছ্যাদর *বিণ.* [রং] অশ্লীল বাক্য বলিতে পটু, লজ্জাহীন ॥ না বাপুই ঐ ছ্যাদর ম্যাম্বারের সাতোত্ মুঁই কথা কবার পাবান্ নয়।

ছ্যাবলা *বিণ.* [খু কল ম] নির্লজ্জ, বাচাল ॥ খু- জেল খেটেও তোর ছ্যাবলামো গেল না। কল- ছ্যাবলা শালা, তোকে কে বিশ্বাস করে? ম- দুরু ছ্যাবলা তর শরম নাই।

ছ্যাবলামি *বি.* [ম কল] বাচালতা, বেশি কথা বলা ॥ ম- তর ছ্যাবলামি ছাইড়া বালঅ। কল- ছ্যাবলামি না করে এখান থেকে মানে মানে কেটে পড়।

জ

জউরা *বিণ.* [চট্র] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন ॥ জউরা পোয়া নে তুই?

জংজাল/জঞ্জাল *বি.* বিপদ, আপদ, গণ্ডগোল, উৎপাত, ঝগড়া ॥ বুঝিয়া না বুঝ কথা এ বড় জঞ্জাল- [গোপী] ; মিছা পাতি দান করহ জংজাল- [কৃ.কী]; নিত্য আসি জঞ্জাল করহ মোর সনে- [মহা]

জক্ *বিণ.* [রা] যক্ষের মত কৃপণ, বখিল, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ ॥ তুই তো টাকার জক্ ।

জগা *বিণ.* [রং] উজবুক, আহাম্মক, নিরেট মূর্খ, নির্বোধ ॥ তুই একটা জগা মানুষ।

জগাই *বিণ.* [রং] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ জগাই কোন্‌ঠ্যাকার ?

জঙ্লা *বিণ.* [কল] নোংরা, খারাপ ॥ তোর মতো জঙ্লা ছোঁড়ার এখানে স্থান নেই, পালা বলছি।

জটাসিঙ *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ জটাসিঙ টানলে দুধ পান করতে হয়।

জদুবংশের দল *বি.* [কল] পকেটমারের দল ॥ যেখানেই যাই সেখানেই দেখি জদুবংশের দল উৎ পেতে আছে।

জন্‌জালি *বিণ.* [রং] ঝগড়াটে, গণ্ডগোল, কলহপরায়ণ ॥ জন্‌জালি কাজ ফুরায় না।

জন্‌পাইট *বি.* [রং] দিনমজুর, শ্রমিক, যে দিন আনে দিন খায় ॥ এ্যাই মঙ্গার দিনোত্ মুই কণ্ঠই জন্‌পাইট দেম্ বাবা।

জবাকুসুম *বি.* [খু কল] ঋতুস্রাব,

মাসিক ॥ খু- জবাকুসুম নারীকে ছুঁতে নেই। কল- রজকীনীর জবাকুসুম ফুটেছে।

জমিদার *বি. বিণ.* [ম] কাউকে তুচ্ছার্থে বলা ॥ জমিদারি কতা ছাড় বেডা, জমিদারের গরের জমিদার।

জম্বুক *বি.* শিয়ালের ন্যায় ধূর্ত ও নীচ ব্যক্তি ॥ সহজে হিংসুক জাতি যে জম্বুক- [কেতকা]

জরশেশ্ *বিণ.* [রং] আপদ, দুর্দশা ॥ এ্যা একটা জরশেশ্ ।

জরুকা গোলাম *বিণ.* [কল] স্ত্রৈণ পুরুষ, স্ত্রীর বশিভূত পুরুষ, স্ত্রীবাধ্য, স্ত্রীবৎ, ভার্যাধীন ॥ দীপাঙ্কর শ্লা, জরুকা গোলাম হয়ে গেছে।

জলখ্যাংরা খাওয়ানো *ক্রি. বি.* বেইজ্জত করা, অপমান করা, অপদস্ত করা ॥ তুমি যদি রাগ না কর তোমার বাড়ি একদিন আনি, এনে জলখ্যাংরা খাইয়ে বিদেয় করি- [ন.ত.,দী.মি.]

জলগাপ্পা *বি.* [কল] বাজে গল্প, নিরর্থক কথা, মিথ্যা গল্প ॥ রাখ তোর জলগাপ্পা, কানদুটো ঝালাপালা হয়ে গেছে।

জল্না *বি.* [কল] গনোরিয়া বা সিফিলিস রোগী ॥ মাগি পাড়া গেলে তো জল্না হবেই।

জলপাত্র *বি.* [কল] উপপত্নী, রক্ষিতা ॥ ঘরের বউকে সে ভালোবাসে না ভালোবাসে জলপাত্রকে।

জলপানি *বি. বিণ.* [কল] ভাবীকালের পতিতা, ভবিষ্যতে পতিতা হওয়ার লক্ষণ যে নারীর মধ্যে দেখা যায় ॥ মেয়েটার চালচলনই বলে দিচ্ছে সে জলপানি হবে।

জলবিছুটি *বি.* [কল] বিরক্তি, বিরক্তিকর ॥ আড্ডার ওপর সবাই দেখি জলবিছুটি হয়ে আছে- [এখনই, র.চৌ.]

জলবিয়োগ *ক্রি.* [খু] মাইনাস করা, প্রস্রাব করা ॥ দাঁড়া জলবিয়োগটা সেরে নেই।

জলমদ্যারা *বিণ.* [রং] পেটুক, অতি ভোজনকারী, যে মাত্রাতিরিক্ত খায় ॥ লোক্‌টা আসত্ জলমদ্যারা ।

জল্লাদ *বিণ.* [কল] বজ্জাত, নিষ্ঠুর, যারা ছেলেমেয়েদের বিকলাঙ্গ করে ভিক্ষার উদ্দেশ্যে ॥ এই জল্লাদরা টাকার লোভে কি করে বাচ্চাদের ধরে এনে এই কাজে লাগিয়েছে।

জহিলা *বিণ.* [রং] অথর্ব, অকর্মণ্য, জরাগ্রস্ত ॥ এত কম বয়সেই জহিলা হলু?

জহিলাপড়া *বিণ.* [দি] বেকার, অকর্মণ্য, অপদার্থ, শ্রমবিমুখ ॥ বেলা বারোটা পার হইগেলো তাঁহোঁ জহিলাপড়াটা মরার মতোন সুতি আছে বিছানাটাত্, কাম-ধান্দা তো নাই, খালি নিন্ আর নিন্ ।

জাইরবা *বি. বিণ.* [নো] জারজ, অবৈধ সন্তান, পিতৃপরিচয়হীন সন্তান, বেজন্মা ॥ জাইরবার হুত জাইরবা তোর মারে চুদি।

জাইল্ল্যা *বি. বিণ.* [ম চট্ট] জেলে, ধীবর, মৎস্য শিকারী [হীন অর্থে গালি] ॥ ম- জাইল্ল্যা তর মারে চুদি। চট্ট- জাইল্ল্যার পোয়া হত্তো, এ্যান গাইল হত্তো জানস?

জাইল্ল্যানি *বি. বিণ.* [ম চট্ট] জেলেনি, মৎস্য শিকারির স্ত্রীলিঙ্গ ॥ চট্ট- এই জাইল্ল্যানি মুখ সঁঅলি হথা হঅ। ম- জাইল্ল্যানির ফুত্ তর মারে গাইরমারি।

জাউ জাউ *বি.* [রং] বকুনি, গালি, কলরব ॥ তোর এত জাউ জাউ শুনিবা না মনায়।

জাউরা *বিণ.* [কুম] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন সন্তান, অবৈধ সন্তান ॥ তুই ত একডা জাউরা পুত্ ।

জাউরে *বিণ.* [ব] জারজ, পিতৃপরিচয়হীন সন্তান, অবৈধ সন্তান ॥ তুই একটা জাউরে ছোল, তোর বাপ মায়ের ঠিক নাই।

জাউরের ছোল *বিণ.* [ব] পিতৃপরিচয়হীন ব্যক্তির সন্তান ॥ তুই একটা জাউরে ছোল, তোর বাপ মায়ের ঠিক নাই।

জাউরের বাচ্চা *বিণ.* [ব] পিতৃপরিচয়হীন ব্যক্তির সন্তান ॥ তুই একটা জাউরের বাচ্চা তোর বাপ মায়ের ঠিক নাই।

জাও *বি.* [কল] পকেটমার, যে ব্যক্তি অপরের পকেটের টাকা অপহরণ করে ॥ যারা একবার জাও হয়েছে তারা এই পেশা থেকে ফিরে আসতে পারে না।

জাঁক *বি.* [রা] গালিগালাজ, অকথ্য ভাষা ॥ তুই জানিয়া কিশের জাঁক পড়িশ?

জাঙ্গিয়া *বিণ.* তোষামোদকারী, ঘনিষ্ঠ সহযোগী ॥ ও শালা সতীশের জাঙ্গিয়া- [কা.পু.,স.ম.]

জাটঠা *বি.* [কল] চোরাইমালের ক্রেতা ॥ যতীন বাবু এখন জাটঠা'র কাজ করে ।

জান কয়লা হওয়া *ক্রি. বি.* প্রাণ ওষ্ঠাগত হওয়া, প্রাণ যায় যায় অবস্থা ॥ তেমন তেমন পেত্নী

হলে ত' কথাই নেই, জান কয়লা করে ছাড়বে- [রোমন্থন.,ত.রা.]

জানোয়ার *বি. বিণ.* মনুষত্বহীন লোক, যে লোক পশুর মতো আচরণ করে ॥ তুমি না দিনকে দিন একটা জানোয়ার হয়ে যাচ্ছ- [টি.ত., উ.দ.]

জাবর কাটা *ক্রি. বি.* [কল] একই কথা বারবার বলা, চিবিয়ে চিবিয়ে কথা বলা ॥ শ্লা, গরুর মত রোজ রোজ জাবর কাটছে।

জামাই খাউরি *বিণ.* [ম] যে নারীর জামাই মরে যায়, বিধবা নারী ॥ এই জামাই খাউরি মাইয়ারে দুর কর।

জারউয়া *বি. বিণ.* [বরি] জারজ, পিতৃপরিচয়হীন সন্তান, অবৈধ সন্তান, হারামজাদা, বেজন্মা ॥ তুই জারউয়া, তোর বাপ জারউয়া ।

জারজ *বি. বিণ.* [ম] পিতৃপরিচয়হীন সন্তান, অবৈধ সন্তান, হারামজাদা, বেজন্মা ॥ তুই একটা জারজ কুত্তার বাইচ্চা।

জারনী *বি. বিণ.* [নো] জারজ মেয়ে, পিতৃপরিচয়হীন নারী ॥ কীরে জারনী তোর হ্যাডের গা জারনী বানাইসত্ নি?

জার্‌বাদি *বিণ.* [কল] জারজ সন্তান, বিশ্বাসঘাতক ॥ মল্লিকার এই ছেলেটি জার্‌বাদি।

জারিজুরি *বি.* [ঢা] ডাটপাট, বাহাদুরি, কৌশল, আস্ফালন ॥ সব জারিজুরি ভেঙ্গে দেব। [তখন যে ভারি ছিল জারিজুরি-- বা.প্র.,র.ঠা.]

জারুয়া *বিণ.* [দি] জারজ, উপপতির ঔরসজাত, পিতৃপরিচয়হীন সন্তান, অবৈধ সন্তান, বেজন্মা, হারামজাদা ॥ নমিতার ছাওয়ালা তামান জারুয়া, ভাতারটাতো অক্ষম বিছানায় পড়া। [নিশ্চএ জানিলুঁ শিশু জারুয়া তোহ্মার- সৈ.সু.]

জারুয়া শালা *বিণ.* [দি] জারজের শালা ॥ ঐ শালা তো আরও জারুয়া, ভাতার মরা শিয়ানা মাগিগুলার গোড়ত্ ওর উঠা বসা।

জারুয়ার হাফিজ *বিণ.* [রা] জারজের সর্দার ॥ উতো একটা জারুয়ার হাফিজ অর সঁতে লাগিস না।

জারুয়ানী *বি. বিণ.* [দি নো] জারজ নারী, খারাপ মেয়ে, চরিত্র্যহীন নারী ॥ ঐ জারুয়ানীটাক কেহোঁয় বেহা করেনা, বাপেরও কুনো ঠিক নাই। খালি খচ্চর ছোঁড়াগুলার সাথত্ ওর উঠা বসা।

জালি *বি.* [খু] কচি মেয়ে, যুবতি মেয়ে ॥ জালি মাল দেখলেই তোর

মাথা ঘুরে যায়, না?

জালিম *বি. বিণ.* অত্যাচারী, নিষ্ঠুর, উৎপীড়ক, জুলুমকারী ॥ কাহে কো ডালিয়া যাহ জালিমের হাতে- [শা.গ.]; জালিমে জুলম কৈলে করিব সবর- [আলা]।

জালু *বি.* [ম] জেলে, মৎস্যজীবী, ধীবর, মৎস্য শিকারি [হীন অর্থে গালি] ॥ জালুর বাইচ্চা ইহান্‌তে গেলে, আইলে দইরা ফুটকি মার্‌বাম।

জালুয়া *বি.* [দি] জেলে, ধীবর, মৎস্য শিকারী [হীন অর্থে গালি] ॥ তুঁই ভরতের বেটা না, মোর পাকে কেনে আসিছি জালুয়া কুষ্ঠেকার।

জাহিল *বি. বিণ.* মূর্খ, বর্বর, অশিক্ষিত, নির্বোধ ॥ জাহিলের নিকটে না যাও কদাচিত [আলা]।

জিগর্ *বি.* [কল] মদ, নেশা জাতীয় পানীয় ॥ জিগর্ খেয়ে রাস্তায় মাতলামি করছে।

জিগর্‌বাজ *বি.* [কল] মদ খায় অথচ মাতাল হয় না ॥ এই লোকটা জিগর্‌বাজ কিন্তু হৈ চৈ করে না।

জিনা *বি.* [ম] ব্যভিচার, লাম্পট্য, অবৈধ সঙ্গম ॥ জিনা করতে করতে তুই শেষ অইবে।

জিনের দোষ *বি.* [কল] চরিত্রের দোষ ॥ অল্প বয়সে সুবাসি নাড় হয়েছে বলে জিনের দোষে দুষ্ট।

জিলেটের ব্লেড *বি.* অত্যন্ত ধারালো, বিপজ্জনক বস্তু, কটূভাষী ॥ উর্মি... খুব শার্প। -শার্প তো নিশ্চয়, জিলেটের ব্লেড, দুধারে কাটে- [এখনই, র. চৌ.]

জিল্ট করা *ক্রি. বি.* প্রত্যাখ্যান করা, প্রতারণা করা ॥ তাই ওকে জিল্ট করেছে বলছিস- [এখনই, র.চৌ.]

জুমলি *বি. বিণ.* [কল] চোর, তস্কর, যে অপরের জিনিস অপহরণ করে ॥ বেটা তুই একটা জুমলি।

জুয়া *ক্রি.* [গা.] চুদি, রতিক্রিয়া অবস্থা ॥

জুলংগি *বিণ.* [রং] বোকা, জোলা ॥ ঐ বেটা ছোরাটা এক্‌কেবারে জুলংগি।

জুলম/জুলুম *বি.* [ম] পীড়ন, অত্যাচার, জবরদস্তি ॥ তর এই জুলুম আল্লা সহ্য করত না। [জালিমে জুলম কৈলে করিব সবর- আলা]

জুলুহি *বি. বিণ.* [রং] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ তুই একঠা জুলুহি দ্যাখোমৃজে।

জুলি[১] *বিণ.* [রং ম] বোকা, অচতুর, বেআক্কেল, কৌশলহীন নারী ॥ রং- তুই একটা জুলি দ্যাখোমৃজে। ম-

আরে জুলি এই কাম্‌ডা অহনও করতে ফারলে না।

জুলি২ *বি.* [ম] অণ্ডকোষ, বিছা ॥ এই শালা জুলিডা বাইর হইরা রাকছস্ ক্যা।

জেনাকুর/জ্বীনাকারী *বি. বিণ.* [ম] ব্যভিচারী, অবৈধ যৌনকর্মকারী ॥ ম- এই চুতমারানির ফুত্ এ্যাক্‌টা আস্তা জেনাকুর। [পরচর্চা জেবা করে জ্বীনাকারী হএ- সু.জ]

জোচ্চোর *বিণ.* [খু কল] ধোঁকাবাজ, প্রতারক, ঠক, ধাপ্পাবাজ, ধড়িবাজ, ধান্দাবাজ ॥ খু- বেটা শুধু নচ্ছর না জোচ্চোরও। কল- শালা জোচ্চোর, লিবার সময় মনে ছিল না।

জোড়া *বি.* [কল] ছেলে চোর ॥ জোড়ারা এই কাজটি করে মোটা টাকা পায়।

জোলা *বিণ.* [য] তাঁতী, যে কাপড় বুনে [বোকা অর্থে বুঝায়] ॥ জোলা সমুন্দীর কোনো কাণ্ডজ্ঞান নেই।

জোলোংগি *বিণ.* [রং] বোকা, জোলা ॥ ঐ বেটে ছাওয়াটা এক্‌কেবারে জোলোংগি।

জোয়াচ্চর *বিণ.* [দি] কৃষি সামগ্রী চোর, প্রতারক, ঠক ॥ মুন্সির ছাওয়াল আর ঐ পাড়ার সেলিম খুবেই জোয়াচ্চর হছে। [কুবের রাগে আগুন হইয়া বলিল, হালা জুয়াচ্চোর !- প.ন.মা., মা.ব.]

জোয়ান মাগি *বি.* [ম] কম বয়সী নারী, কচি বেশ্যা ॥ এই জোয়ান মাগিডার কুনু শরম্‌নি আছে!

জ্যাঠামি *বি.* [কল] ফাজলামো, অকালপক্কতা ॥ ব্যাটা জ্যাঠামি করার আর জায়গা পায়নি।

জ্যারিচোদা *বিণ.* [পা] জারজের সন্তান, খারাপ লোক ॥ জ্যারিচোদা তোর স্যাটায় দেব।

জ্যারির হাফেজ *বিণ.* [পা] জারজের সর্দার, নষ্ট মানুষ ॥ শালা জ্যারির হাফেজ।

ঝ

ঝঙ্কা *ক্রি.* গালি দেওয়া, তিরস্কার করা ॥ আর কভোঁ না ঝঙ্কায়িবী মোরে- [কৃ.কী.]।

ঝাইয়েল *বি. বিণ.* [খু] গাঁজাখোর, নেশাগ্রস্ত মানুষ, নেশাখোর, যে গাঁজা খায় ॥ ও ঝাইয়েলকে পাওয়া যাবে গাঁজার আখড়ায়।

ঝাঁও *বি.* [কল] কুকুর [কাউকে হীন

অর্থে বলা] ॥ এই ঝাঁওটা সব সময় আমার সঙ্গ দেয়।

ঝাঁজ *বি.* [খু] তেজ, রাগ, মেজাজ, উগ্রমেজাজ ॥ মাগীর ঝাঁজ আছে বটে।

ঝাঁট *বি.* গোপন অঙ্গের চুল, যৌনাঙ্গের কেশ, বাল ॥ আমার কোথাকার কে ঝাঁটের লোম, তার কাছে গিয়ে কিনা বলতে হবে- [হা.,ন.ভ.]।

ঝাঁটা *বি.* [খু ম] ঝাড়ু, ঝাট দেয়ার জিনিস ॥ খু- ঝাঁটাইয়ে টেংরি ভেঙে দেবো। ম- তর মুকে মারুম ঝাটা।

ঝাঁটাইয়ে টেংরি ভেঙে দেবো [খু] শায়েস্তা করা, প্রহার করা ॥ এবার দোর ঠেলতে আসিস্, ঝাঁটাইয়ে টেংরি ভেঙে দেবো।

ঝাকাত্ ঝাকাত্ *বি.* [রং] অকথ্য গালিগালাজ ॥ এ্যাত ঝাকাত্ ঝাকাত্ মান্শের শাতে পারা না জায়।

ঝাকালি *বিণ.* [রং] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ বৌ ঝাকালি হলি বড় মুশ্কিল।

ঝাট্কা ক্রি. [কল] চড়মারা, ধাক্কা মারা ॥ এই শুয়োরের বাচ্চা আমাকে একটা ঝাট্কা মারলে।

ঝাপ *বি.* [কল] নিতম্ব, পাছা ॥ শালী কেমন ঝাপ দুলিয়ে গেল রাস্তা দিয়ে।

ঝি *বি.* [ম] কন্যা, মেয়ে [গালি অর্থে] ॥ ঝি এর ঘরের ঝি তর্ মাঙঅ বেড়াইন্তে পাড়াইতো।

ঝিচো *বিণ.* [কল] চাকরানীর পিছু নেয় যে লোক ॥ শ্লা, বৌ বাদ দিয়ে ঝিচো হয়েছে।

ঝিট *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ দল বেঁধে ঝিট টানে আর হরি হরি বলে চেচায়।

ঝিল্লি *বিণ.* [খু কল] সুন্দরী মেয়ে, যৌন আকর্ষণসম্পন্ন মেয়ে ॥ মহিলা কলেজের মোড়ে গেলে প্রতিদিন চোখে পড়ে কতরকমের ঝিল্লি।

ঝুগরি *বিণ.* [কু] যে বেশি ঝগড়া করে, কলহপরায়ণ লোক, ঝগড়াটে ॥ তোগের মত ঝুগরি মাগীর পাল আমি জীবনে দেখিনি।

ঝুনু *বিণ.* [খু] পাকা, অকালপক্ব ॥ ও একটা ঝুনু মাল।

ঝোলা¹ *বিণ.* [বরি] পেট খারাপ, কলেরা ॥ তোরে ঝোলায় নেউক।

ঝোলা² *বিণ.* [ম] বোকা, কৌশলহীন মানুষ, নির্বোধ ॥ তর মত ঝোলা

দে এই কাম অইব?

ঝোলার পো *বি.* [বরি] বোকার সন্তান ॥ ওই ঝোলার পো এদিকে আয়।

ট

টউসাগালি *বি.* [দি] মোটা গালসম্পন্ন নারী ॥ ঐ টউসাগালিটা বেজায় বেশরম, গালার ঘ্যাগটা নিয়া কেমন করি ঘুরি বেড়াছে বুকানিটা পিন্ধি।

টওয়াবায্যা *বিণ.* [নো] বেহায়া, অশ্লীল, নির্লজ্জ ॥ টওয়াবায্যা না হইলে কেন্নে একজন দুলার লগে খাইতো বইয়ে।

টনটন করা *ক্রি. বিণ.* [কল] প্রেমের অনুভূতি জাগা ॥ উমার জন্যে আমার মনটা টনটন করছে।

টনিক দেওয়া *ক্রি. বি.* [কল] উপযুক্ত শিক্ষা দেওয়া, প্রহার করা ॥ ফের যদি আমার কাজে যদু বাধা দেয়, একদিন টনিক দিয়ে মজা দেখাব।

টলমল *বিণ.* [কল] রোগা, ব্যাধিগ্রস্ত, কৃশ, দুর্বল ॥ এই টলমলে লোক দিয়ে কাজ হবে না।

টস্‌কে যাওয়া *ক্রি.* [খু] মারা যাওয়া ॥ শেষ পর্যন্ত বউটা টসকে গেল?

টাইমের বাবু *বি.* [কল] নির্দিষ্ট দিনে পতিতালয়ে গমনকারী ॥ এখন আর লোক বসাবো না টাইমের বাবু আসবে।

টাইমের ভাতি *বি.* [কল] যে নারী বা প্রেমিকা অন্যের সাথে অনৈতিক সম্পর্ক করে ॥ বাড়ির গেরস্থ্ রাত আটটায় বাড়ি থেকে বেরিয়ে গেলে ওর বউয়ের ঘরে ঢোকে টাইমের ভাতি।

টাইলা *বিণ.* [সি] পেটুক, অতি ভোজনকারী, যে মাত্রাতিরিক্ত খায় ॥ টাইলা গাইড় মারাউনির পুআ।

টাউট *বি. বিণ.* [সি পা] দালাল, অন্যায়ভাবে পক্ষ সমর্থনকারী বা সাহায্যকারী ॥ সি- হালার গরর্ হালা টাউট ছুতমারাউনির পুআ। পা- শালা খুব টাউট হয়া গিছে ও।

টাউডার *বি. বিণ.* [ফ] ঠগ, প্রতারক, ধাপ্পাবাজ, ধোঁকাবাজ, ধড়িবাজ ॥ এবার টাউডারি ছার।

টাউডাল *বিণ.* [কুম] ধূর্ত, প্রবঞ্চক, ঠগ, প্রতারক, ধাপ্পাবাজ, ধোঁকাবাজ ॥ হেইতে যবর্ টাউডাল।

টাক্কু *বি.* [কল] মেয়ের সন্ধানে যে

লোক ঘোরাঘুরি করে ॥ নন্দীর কাজ হলো টাক্‌কু মেরে বেড়ানো।

টাক্‌মারা ক্রি. [কুম] ঘুষি মারা, মুষ্টাঘাত ॥ টাক্ মার‍্যা নাক্ বাংগ্যা দিয়াম্ ।

টাগ্‌রা *বি. বিণ.* [রা] খোঁড়া, নুলো ॥ টাগ্‌রাকে কৈ পাঠালে।

টান খাওয়া *বিণ.* [কল] চরিত্রহীন ॥ ধনী হলে কি হবে-লোকটা টান খাওয়া।

টান্ টান্ *বিণ.* [সি] কর্কশ, রুক্ষভাষী ॥ বেটাটায় বড় টান্ টান্ মাত্ মাতে।

টানুডি ক্রি. [কল] মারধর, তছনছ করা ॥ আজকেই ওর বাড়িতে গিয়ে টানুডি মেরে শিক্ষা দিয়ে দেব।

টানা ক্রি. [কল] চুমু খাওয়া ॥ মেয়েটাকে জোর করে ধরে একটা টানা দিলুম।

টাপলা করা *ক্রি. বি.* [কল] মাতলামি করা ॥ রাস্তায় পা দিয়েই টাপলা করা ওর অভ্যাস।

টাবৃবাল *বি.* [নো] প্রতারক, প্রবঞ্চক, ঠগ, ধাপ্পাবাজ, ধোঁকাবাজ, ধড়িবাজ ॥ টাবৃবালের হাল্‌লাত্ হরিস্ না।

টাল্টিবাল্টি *বি.* [সি ম] ধান্দাবাজি, ধোঁকাবাজি, ধাপ্পাবাজি, প্রতারণা ॥ ম- টাল্টিবাল্টি কইরা কয়দিন ছল্‌বে হালা। সি- ছুত্‌মারাউনির পুআয় টাল্টিবাল্টি খরের।

টাল্টু করা ক্রি. [খু] প্রেম করা ॥ আর কত টাল্টু করবি ভাই।

টিআ *বি.* [চট্ট] নিতম্ব, পাছা ॥ খানকির ডইল্‌লা পোঁদর টিআ ক্যা নাচর।

টিক্ ক্রি. [কল] কিল বা ঘুষি, চড় মারা ॥ এমন করে টিক্ দেব সারাজীবন ভুলতে পারবে না।

টিক দেওয়া *ক্রি. বি.* [কল] প্রহার করা, ধমক দেওয়া ॥ সুকান্তের আজ আমি টিক দিয়ে ছেড়ে দেব।

টিকটিকি *বি.* [ম] চর, গোয়েন্দা, পুলিশ ॥ সাবধান, পিছে টিকটিকি লাগা আছে। [আজকাল যেরকম গোয়েন্দা টিকটিকির আমদানি হয়েছে- ঝা.,সু.রা.]।

টিকরমবাজ *বি.* মস্তান, রেলাবাজ ॥ তুমি বহুত টিকরমবাজ আছো দোস্ত- [জাল,শী.মু.]

টিঙবাজ *বি.* [কল] পকেটমার, যে অপরের পকেটের জিনিস অপহরণ করে ॥ চেহারা দেখলে বুঝা যাবে না- ওরা টিঙবাজ।

টিঙবাজি *বি.* [কল] পকেটমারি, অপরের পকেটের টাকা অপহরণ

করা ॥ টিঙবাজি করে মুকুন্দ দালান বানিয়েছে।

টিটকারী *বি.* [ম] ভর্ৎসনা, বিদ্রুপ, নিন্দা, ধিক্কার, অবজ্ঞা ॥ অত টিটকারী মারাইস্ না কুত্তার বাইচ্ছা। [দেবগণ লইআ ভৃগু দেহি টিটিকারী- গৌ.ম.]।

টিন্‌বাজ *বি.* [কল] পকেটমার, টিঙবাজ ॥ টিন্‌বাজ মুকুন্দ দালান বানিয়েছে।

টিনমিস্‌ত্রি *বি.* [কল] পকেটমার, যে অপরের পকেটের জিনিস অপহরণ করে ॥ অনেক টিনমিস্‌ত্রি গলায় টাই বেঁধে হাঁটে।

টিনু *বি.* [কল] পকেটমারদের সর্দার ॥ ধরা পড়লে টিনুরা গিয়ে ছাড়িয়ে আনবে।

টিপ্‌কিবাজ *বি.* [কল] মেয়ে চোর ॥ নন্দ গোসাইয়ের বাড়িতে একজন টিপ্‌কিবাজ ধরা পড়েছে।

টিপ্‌নি *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ বাজারের কানুর গলিতে গোপনে টিপ্‌নি বেচে থাকে কেউ কেউ।

টিব্‌রা *বি.* [নো] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ ॥ অড়া ব্যাক কামে টিব্‌রামি করিচ্ না।

টিমক্ *বি.* [রা] অহংকার, গর্ব ॥ ঘরে নাই কিছু আবার টিমক্ দেখ।

টিশ্‌কল *বিণ.* [ম] ফাজিল, দুষ্ট ॥ টিশ্‌কল পোলাডা আগে আগে কতা কয়।

টুইন্‌কা মাদ্‌বর *বি. বিণ.* [ম] ইঁচড়ে পাকা মাতব্বর ॥ এই টুইন্‌কা মাদ্‌বর দে বিছার ফাইতে না।

টুংগা *বি. বিণ.* [রা] বিকলাঙ্গ, টুণ্ডা, অঙ্গহীন ॥ টুংগা হচু, তাই জাওয়া পারবু না।

টুকন *বি.* [কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ তোর টুকনটা বেশ লম্বা ও মোটা।

টুণ্ডা *বি. বিণ.* [ম] বিকলাঙ্গ পুরুষ, প্রতিবন্ধী ॥ এই টুণ্ডার বাত্ আর কাইতাম না।

টুণ্ডি *বি. বিণ.* [সি ম] বিকলাঙ্গ স্ত্রী লোক ॥ সি- টুণ্ডা আর টুণ্ডির জমছে খেলা। ম- ইড্‌ডা একটা টুণ্ডি কুনো কামের না।

টুনকি *বি.* [কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ যখন তোর টুনকি ঢোকে, তখন মাগিটা কেমন করে?

টুন্‌টুনি *বি.* [কল] পুরুষাঙ্গ, অণ্ডকোষ ॥ টুনটুনি ঢুকোতে না ঢুকোতেই বীর্য ঝরে যায়, মাগিটা রাগ করে।

টুন্‌নি *বি.* [কল] কচি মেয়ে, যুবতি মেয়ে, যৌবনবতী মেয়ে ॥ টুন্‌নির

বাবার নাম কি বলতে পারো?

টুপি *বি.* [খু] কন্ডম, জন্ম নিরোধক ॥ টুপি পরে কাজে নামিস্।

টুসকি *বি.* [খু] উঁকি মারা বা ঢু মারা ॥ টুসকি মারা কি ভালো কাজ?

টেই টেই *বি.* [ফ] বকাবকি, গালাগালি, তিরস্কার ॥ টেই টেই করিস্ না হুদা হুদি।

টেইশ্যা মেইশ্যা *বি. বিণ.* [চট্ট] নগণ্য, ক্ষুদ্র ॥ হিতে টেইশ্যা মেইশ্যা মানুষ।

টেংরি *বি.* [খু কল] পা ॥ খু- তোর টেংরি ভেঙে হাতে ঝুলিয়ে দেবো শালা । কল- মেরে তোর টেংরি ভেঙে দেবো শালা।

টেংরি ঠাপানো *ক্রি.* [খু] তড়পানো, লাফানো, আস্ফালন করা ॥ দাঁড়া তোর টেংরি ঠাপানো বার করছি।

টেংরি ভাঙা *ক্রি.* [খু] পা ভেঙে দেওয়া ॥ টেংরি ভাঙা ছাড়াতো আর উপায় দেখি না।

টেটন/টেন্টন *বিণ.* ধূর্ত, শঠ, চতুর, ধৃষ্ট, প্রতারক ॥ তোহ্মা হেন পৃথিবীত নাহিঁক টেটন- [কৃ.কী.]; সুনই নটক টেন্টন কাহ্ন-[কৃ.কী.]।

টেটনী *বিণ.* ধূর্তা, চতুরা, ধৃষ্টা ॥ তাহাতে টেটনী রাধা কি করিবি বুধী- [কৃ.কী.] ; বানিয়া টেটনী হৈয়া না করিল ডর- [জগ]।

টেনা *বি.* [কল] পতিতালয়ের চাকর, বেশ্যালয়ের কাজের লোক ॥ সমুদ্ধি চাকরি না পেয়ে টেনার কাজ ধরছে।

টেনিআ *বি.* [কল] পতিতালয়ের চাকর, যে কেবল মাত্র রাত্রে কাজ করে ॥ শালা দিনের বেলায় ঘুমায় রাতের বেলা টেনিআর কাজ করে।

টেপাচোদা *বি.* [রা] পেট উঁচু বালক ॥ শালা টেপাচোদা কত খাইতে পারে রে।

টেপি *বি.* [পা রা] পেট ফুলা মেয়ে ॥ রা- টেপি ছুড়িটা এখানে কেনে আইস্ছে। পা- টেপির ঘরের টেপি এত কতা কইস্ ক্যা।

টেপুইর‍্রা *বিণ.* [বরি] খাটো, বামন, বেঁটে ॥ ছ্যারা বরই টেপুইর‍্রা।

টেপুয়া *বিণ.* [রং দি] পেটমোটা মানুষ ॥ রং- যে একটা পাত্তর আগাড়ী সরু পাচারিটা মোটা মাঝখান তার টেপুয়া, সে ফির বোলে দশ হাজার টাকা ডিমান্ড চায়। দি- ঐ মোহনের মতোন ওর তিনোটা বেটাই টেপুয়া, বেটিলার যে কি দশা, ডেলির মতোন পেটগুলা খালি আগাপাখে দৌড়ায়।

টেরি *বিণ.* [রা] টেরা চোখের মেয়ে ॥ ছুরিটা টেরি কিন্তু কত যে গরম দেখায়।

টেরামি *বি.* [ফ] ধোঁকাবাজি, ধাপ্পাবাজি, প্রতারণা, শঠতা, প্রবঞ্চনা ॥ টৈরামি কৈরা আর কয়দিন চলবা।

টোংগর *বিণ.* [বরি] দুষ্ট, বদমাশ, নষ্ট, চরিত্রহীন ॥ লোক্‌টা বর টোংগর।

টোন্‌ছা *বি.* [কল] গান, অশ্লীল গালাগালি ॥ রেললাইনের ঝুপড়িতে ঢুকলে টোন্‌ছার আওয়াজে কান দুটো ঝালাপালা করে।

টোন্‌না *বি.* [কল] কচি ছেলে, যুবক ॥ এই টোন্‌নাটা কার গো? চিনতে পারলাম না।

টোনাটোনি *বি.* প্রেমিকপ্রেমিকা ॥ কোথায় টোনাটুনিরা ঘুরতে বেরবে, না, সব ঠান্ডা- [পা.হা.,স্ম.চ.]

ট্যাংগর *বিণ.* [য] চালাক, পাকাবুদ্ধি ॥ বাহ্ ! অল্প দিনের মধ্যেই দেখছি ছেলেটা ট্যাংগর হয়ে উঠেছে।

ট্যাংরা খপালি *বিণ.* [সি] ইঁচড়ে পাকা, অকালপক্ক, অকালে যে পেকেছে ॥ ট্যাংরা খপালি পুরি।

ট্যাংরামি *বি.* [সি] দুষ্টামি ॥ ট্যাংরামি খরিছ না।

ট্যাঁশা *বিণ.* [দি] হিংসুটে, পরশ্রীকাতর, ঈর্ষাবিদ্বেষপরায়ণ ॥ ঐ পাড়ার চান্দুটা এমন ট্যাঁশা কুনো গরের মাইন্‌শক্ দেখিবা পারে না।

ট্যাক্‌কোর *বিণ.* [খু] বদমেজাজী, বদরাগী, জেদী ॥ আমাদের মধ্যে মেজো ভাইটাই বেশি ট্যাক্‌কোর।

ট্যাটন *বিণ.* [পা ফ য খু] সেয়ানা, চালাক, চতুর ॥ পা- খুব ট্যাটন হয়া গিছে ও। ফ- এই বয়সেই এত ট্যাটন। য- এত ট্যাটন হওয়া ভাল নয়, কোথায় ফাঁদে পড়বি টের পাবিনে। খু- ও একটা ট্যাটন মাল।

ট্যাটনা *বিণ.* [কুম ম] চালাক [বয়স অনেক কিন্তু দেখতে কম মনে হওয়া ছেলে-মেয়ে] ॥ কুম- উট্‌টানি স্যারা কি ট্যাটনা। ম- বয়স অনেক ট্যাটনা লাইগ্যা রইছে।

ট্যাডন্ *বিণ.* [বরি] ঠগ, প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ, ধাপ্পাবাজ, ধড়িবাজ, ধূর্ত ॥ তোর মতো ট্যাডন্ খুব কম আছে।

ট্যানট্যানে *বিণ.* [রং] কথায় কথায়

বেঁকে যাওয়া মানুষ ॥ এ্যাত মোত কয়া মুঁই জিয়াপত দিয়া আনু ঐ ট্যানট্যানে মানুষটা আসলো না।

ট্যান্ডল *বিণ.* [নো] ধূর্ত, ফন্দিবাজ ॥ এরে অড়া যিয়ানে হিয়ানে ট্যান্ডলি করিচ্ছা ।

ট্যান্ডেল *বি.* [খু] তলপিবাহক, মুটিয়া, মোটবাহী ভৃত্য ॥ ও আমার ট্যান্ডেল ।

ট্যাপা *বিণ.* [রা] পেট উঁচু বালক ॥ ট্যাপা ছাইল্যাটা কে রে?

ট্যাপামারানির পুত *বি.* [ম] সহজেই যৌনকর্ম করা যায় এমন পুরুষ মানুষ ॥ ট্যাপামারানির পুত আমার টেহাডা দেলাও, নাইলে তুমারে ট্যাপ মার্‌বাম।

ঠ

ঠক *বিণ.* ধূর্ত, প্রবঞ্চক, প্রতারক, খল, দুষ্ট, ছলী ॥ ধরা পড়ে গেল যে আপনি ঠক- [হা., ন.ভ]

ঠকা *বি.* ছল, ছলনা ॥ বলে বীর ছাড় ঠকা তুই ভাঁড়ু দত্ত- [ক.চ.]।

ঠগ/ঠগা *বিণ.* [ম নো] প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ, ধড়িবাজ ॥ ম- এই রহম ঠগের ফিছে ফইরা জীবন শেশ্ অইল। নো- ঠগা গোল্ লগে কীয়ের সম্বন্ধ? [ঠগ ঢামন ঢেঙ্গ ডাকাইত সঙ্গতি- দৌ.কা.; খুড়ী খুড়ী করি ঠগা করিল গোহারী- ক.চ.]।

ঠটে *বিণ.* [খু] ধূর্ত, ঠগ, প্রতারক, প্রবঞ্চক ॥ ওই ঠটের সাথে মিশবি না।

ঠন্‌ঠনে *বিণ.* [খু] চালাক, ধূর্ত ॥ ওর বুদ্ধি একেবারে ঠন্‌ঠনে।

ঠবর্ ঠবর্ *বি.* [সি] ফাজলামি, বাচালতা ॥ বেডা ঠবর্ ঠবর্ করিস না।

ঠল্‌ল্যা *বিণ.* [রা] মিথ্যাবাদী, মিথ্যুক, যে মিথ্যা কথা বলে ॥ শালা ঠল্‌ল্যার বাচ্চা ঠল্‌ল্যা।

ঠসা *বিণ.* [পা] কানে কম শোনা লোক ॥ ঠসার ছাওয়াল চুপ কর শালা।

ঠাইসা ঠাইসা *ক্রি.* [ঢা] জোরদার, ঠেলে ঠেলে ॥ ঠাইস্যা ঠাইস্যা ঢুকাও, টাইট কইরা দাও ডার্লিং।

ঠাঁট *বি.* [কল] তর্জন গর্জন ॥ এখানে ঠাঁট দেখায়ে লাভ নেই।

ঠাকুরদা *বি.* [কল] ছেলে ধরা দলের সর্দার ॥ রামহরি বাবু ঠাকুরদার

পদ নিয়েছে।

ঠাটানো *ক্রি.* [খু] পুরুষাঙ্গ উত্তেজিত করা ॥ দেখবি কেমন করে ঠাটানো যায়?

ঠাটা পড়া *বিণ.* [নো] অভিশপ্ত, অভিশাপগ্রস্ত ॥ ব্যাযাইনা তোর উপরে আল্লাহর ঠাটা হড়ুক।

ঠাটাপেড়্ডা *বিণ.* [সি] ভারী দুষ্ট, বদমাশ ॥ ঠাটাপেড়্ডা পুয়া আমার ইয্যত্ খুয়াইসে।

ঠান্ডা পানি *বি.* [কল] যে মেয়ে উত্তেজিত হয় না ॥ ও মাগির কাছে গিয়ে দরকার নেই একেবারে ঠান্ডা পানি।

ঠান্ডি *বি. বিণ.* [কল] যে মেয়ে যৌন চেতনা সম্পর্কে উদাসীন ॥ এমন একটা মেয়েকে বিয়ে করলাম– যে ঠান্ডি।

ঠাপ দেওয়া ক্রি. [বরি] ধর্ষণ করা, বেইজ্জতি করা, সঙ্গম করা, রতিক্রিয়া করা ॥ কিরে বউরে ঠাপ দিতে পারলি?

ঠাপাইন্যা *বিণ.* [পা রা খু] রমণ পাগল, যৌনক্রিয়ার জন্য পাগল, যৌনউন্মাদ ॥ পা- খুব ঠাপাইন্যা হয়া গিছে ও। রা- তোর মত ঠাপাইন্যার সঁতে হামি আর নাই। খু- দ্যাখ ঠাপাইন্যা বুড়োটা যাচ্ছে।

ঠাপানি ক্রি. [খু বরি] রমণ করা, সঙ্গম করা, রতিক্রিয়া করা, যৌনক্রিয়া করা, মৈথুন করা ॥ খু- যা ঠাপানি দিলাম না রে! বরি- রাম ঠাপানি ঠাপাইছে।

ঠাপানো *ক্রি.* [খু] যৌন ক্রিয়া, রতিক্রিয়া, সঙ্গম ॥ ঠাপানোইতে তোর স্বভাব।

ঠাবান ক্রি. [কুম] রতিক্রিয়া, যৌন ক্রিয়া, স্ত্রীসংসর্গ ॥ ঠাবান অব্যাস বাদ্ দে।

ঠামন *বি. বিণ.* প্রতারক, প্রবঞ্চক, ঠগ, ধোঁকাবাজ ॥ রাজা বলে তুমি বেটা নিশ্চএ ঠামন- [মা.চ.]।

ঠিক্রা *বি.* [কল] চোরের কর্মচারী ॥ ঠিক্রাদের বিশ্বাস করা উচিত নয়– ক্ষতি করতে পারে।

ঠিকা *বি.* [কল] পকেটমারের সাথি, মদের দোকান ॥ বেশ কিছুদিন ধরে লোকটা ঠিকাগিরি করছে।

ঠুঁটো জগন্নাথ *বি.* [বাগ.] নিষ্কর্মা লোক, অকর্মণ্য, অপদার্থ ॥ সকাল থেকে ঠুঁটো জগন্নাথের মতো বসে থাকলে চলবে? কাজে যেতে হবে না।

ঠুকুদার *বি.* [কল] রক্ষিতার অভিভাবক ॥ বেশ্যাবৃত্তি করে যে

টাকা পায় তা চলে যায় ঠুকুদার কাছে।

ঠুঙকা *বি.* [কল] যে লোক দৈবাৎ বেশ্যালয়ে যায় ॥ ঘরের বউ ঠান্ডি– অগত্যা ঠুঙকা যেতে হয়।

ঠুট্যা *বিণ.* [সি] চোগলখোর, একজনের কথা যে অন্যজনের কাছে লাগায় ॥ ঠুট্যা লোকের কাসে কোনু কথা কৈঅ না।

ঠুণ্ডা হিছা *বি.* [কুম] ক্ষয় হওয়া ঝাড়ু ॥ ঠুণ্ডা হিছা দিয়া মারুম।

ঠুম্‌কি *বি.* [কল] পতিতা, বেশ্যা, খানকি, বারবনিতা, বারস্ত্রী, বারনারী, কুলটা, কামিনী ॥ বউয়ের চেয়ে ঠুম্‌কিরা বেশি আদর করে।

ঠুর্‌রি *বি.* [কল] চরস, নেশা জাতীয় দ্রব্য ॥ পাড়ার ছেলেরা কেউ কেউ ঠুর্‌রি খাচ্ছে।

ঠেঁটী *বি. বিণ.* [কল] নির্লজ্জ, বেহায়া, বজ্জাত ॥ গস্তানী বজ্জাত তুই যেমন পুতের কিরা দিস তোর মুখে ঝাটা মারিয়া মুখ ভাঙ্গিয়া দিব লো খানকি ঠেঁটী- [কা.মা., ন.ভ.]

ঠেক ঠেক *বি.* [গা.] বাল, যৌনাঙ্গের পশম ॥

ঠেকু *বি.* [কল] পকেটমারের সর্দার ॥ আয়ের একটা অংশ ঠেকু নিয়ে থাকে।

ঠেটা *বিণ.* নির্লজ্জ, বেহায়া, ধৃষ্ট, অবাধ্য, উদ্ধত, একগুঁয়ে, তষ্টিয়া, কঠিন, নিষ্ঠ ॥ ছি ছি মন তুই বড় ঠেটা- [রা সে.]; বলে বেটা ঠেটা ঠোঁটকাটা বর্বর নিগূঢ়- [মানিক]।

ঠেঙ্গালি *বিণ.* কুচক্রী, কুচেষ্টাবতী ॥ অতি বড় ঠেঙ্গালি রহিলী মূল পথে - [কৃ.কী.]।

ঠেম্‌শি *বি.* [সি] একগুঁয়ে, জেদী, গোঁয়ার, একরোখা ॥ গাড়ুয়া চুদা ঠেম্‌শির গরর ঠেম্‌শি।

ঠোকর *বি. বিণ.* [কল] চোর, তস্কর, যে অপরের জিনিস অপহরণ করে ॥ ঠোকর বলে গালি দিও না। ভালো হবে না।

ঠোঙা পরানো *ক্রি.* [কল] লাঠি দ্বারা প্রহার করা ॥ এমন করে ঠোঙা পরাবো যে হাঁটতেও পারবি না।

ঠোনা *বি.* [কল] চুমা, রতিক্রিয়া ॥ বেশ্যা মাগিদের কাছে গিয়ে কত রকম ঠোনা করি– আপত্তি করে না।

ঠোসা *বি.* [কল] ঘুষি, মুষ্টাঘাত ॥ একটা ঠোসা মেরে চোখটা বের করে দেবো।

ঠ্যাটা *বিণ.* [নো কল] শঠ, বদমাশ, বজ্জাত, নির্লজ্জ, বেহায়া ॥ নো-

ঠ্যাটার হুত ঠ্যাটা অ-ন যাইবিনি ইয়ান্‌তুন? না হাউয়া ভাঙ্গি দিমু? কল- ছোঁড়াগুলো বড়ো ঠ্যাটা, পথ আগলে দাঁড়িয়ে থাকে।

ঠ্যাঠা *বি. বিণ.* [রা] কৃপণ, কঞ্জুস, নির্লজ্জ, বেহায়া, বজ্জাত ॥ লোক্‌টা ঠ্যাঠার হাড্ডি । [মাগীগুলো বড় ঠ্যাঠা, কান মোড়ে দেয়, কিল মারে, নাক কামড়ায়, কোলে বসে- বি.পা.বু., দী.মি.]

ঠ্যাট *বিণ.* [কুম] বাঁঝা, বন্ধ্যা, যে নারীর সন্তান হয় না ॥ ঠ্যাট মাগি লই সংসার আর ছলতো না।

ঠ্যাটলামি *বি.* [রা] ধূর্তামি, চালাকি, চতুরতা ॥ ঠ্যাটলামি করা বড় দোশ্।

ঠ্যাড়্ *বিণ.* [ঢা] বন্ধ্যা, মৃতবৎসা ॥ এই ঠ্যাড়্ মাগি লইয়া সংসার করমু কেমনে?

ঠ্যাডামি *বি.* [ঢা ম] লজ্জাহীনতা, বেহায়াপনা ॥ ম- ঠ্যাডামি ছাইরা বালা অ। ঢা- ঠ্যাডামির জন্য তারে কেউ পছন্দ করে না।

ঠ্যামশ্ *বি.* [সি] জেদী, একগুঁয়ে, গোঁয়ার, একরোখা ॥ তাইন্ বড় ঠ্যামশ্।

ড

ডবকা *বিণ.* [খু] যৌবনপ্রাপ্ত নারী, যুবতী মেয়ে ॥ রহিম সর্দারের ডবকা মেয়ে ছাড়া চলে না।

ডবকা মারা *ক্রি. বি.* [কল] পরীক্ষায় অকৃতকার্য হওয়া, ফেল করা ॥ লেখা পড়ায় ভালো নয়, এবারও ডবকা মেরেছে।

ডবকা মাল *বিণ.* [খু] উঠতি বয়সের মেয়ে ॥ মেয়েটা দেখতে দেখতে ডবকা মাল হয়ে গেল।

ডব্‌ডবানো *ক্রি.* [কুম] ফাজলামি করা, বাচালতা ॥ ডব্‌ডবানো ছার্।

ডবল গেম *বি.* [কল] একজোড়া প্রেমিকপ্রেমিকার একত্র অবস্থান ॥ পার্কে দেখলাম জড়াজড়ি হয়ে ডবল গেম বসে আছে।

ডবল ডেকার *বি. বিণ.* [খু কল] মোটা নারী, গর্ভবতী নারী ॥ খু- দ্যাখ ডবল ডেকার যাচ্ছে। কল- দেখেছিস মাগিটা এখন ডবল ডেকার হয়ে উঠেছে, বিয়োনোর সময় হয়েছে।

ডাইন *বি.* [ম] রক্তচোষা [পুংলিঙ্গ] ॥ এই ডাইনডা কইত্তে আইছে ইহানে।

ডাইনী *বি.* [ম] ডাকিনী, কুহকিনী, অলক্ষণা নারী, রক্তচোষা, ভূতিনী [স্ত্রীলিংগ] ॥ আরে ডাইনী লো আমার জামাইরে তুই ক্যামনে যাদু করলে। [আমি মলেই কোন্ পোড়ারমুখী ডাইনীকে ঘরে আনবে- রা.কা.নি., র.ঠা.]

ডাং *বি. বিণ.* [কল] বোকা, নির্বোধ ব্যক্তি, যার মাথায় গোবর আছে ॥ কিচ্ছু বোঝে না শালা, একেবারে ডাং।

ডাংগুয়া চেটা *বিণ.* [দি] বউখেকো পুরুষ ॥ ডাংগুয়াচেটাটা কয়টা বিহা কইল, একটা বউও বাঁচি নাই, যেমনি নাম্ভা তেমনি শাবলের মতন মোটা চেট, ছুঁড়িগুলান সহ্য করিবার পারে না।

ডাংগুয়া মরদ *বিণ.* [দি] শ্বশুরের টাকায় চলে যে পুরুষ ॥ ঐ কালঠুর ডাংগুয়া মরদ বেটাটা ঘরজিয়া না থাকিলেও শ্বশুরোক ভাঙ্গিয়া খায়।

ডাংরালিকাগি *বি.* [সাঁও.] গরুর মত আচরণ ॥

ডাঁটেল *বিণ.* [খু] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ এমন ডাঁটেল মহিলা দেখা যায় না।

ডাকসাঁইটে *বিণ.* অত্যন্ত দজ্জাল, করিৎকর্মা ॥ সুধাবৌদি সেদিকে খুব ডাকসাঁইটে- [খণ্ডিতা, স.ব.]

ডাকাইত *বি. বিণ.* [ম] দস্যু, ডাকাত, যে জোরপূর্বক অপরের জিনিস অপহরণ করে ॥ এই রকম ডাকাইতের কতা ত আর শুনছি না।

ডাক্কু *বিণ.* [ঢা] দস্যু, ডাকাত, যে জোরপূর্বক অপরের জিনিস অপহরণ করে ॥ লোক্টা বর ডাক্কু।

ডাণ্ডগুলি খ্যালা *ক্রি.* [কল] অসদুদ্দেশে কোনো মেয়েকে অনুসরণ ॥ ডাণ্ডগুলি খেলার নেশায় যুবকটা ঘুরঘুর করছে।

ডাঁটা *বি.* [কল] রোগা, হাড়সার মেয়ে ॥ জন্ম থেকেই ডাঁটা, স্বাস্থ্যবান হলো না।

ডাঁসা মাল *বিণ.* [খু] যুবতি, পেকে উঠছে এমন মেয়ে ॥ মেয়েটা ডাঁসা আমের মতো ডাঁসা মাল হয়ে গেল।

ডাটা বনুতায়া *বিণ.* [সাঁও.] ফোকলা ॥

ডাটি *বিণ.* [কল] শক্ত মেয়ে ॥ ডাটি মেয়ে না হলে চোদায় সুখ নেই।

ডাটো মাল *বিণ.* [খু] যৌবনবতী মেয়ে ॥ আমার চাই ডাটো মাল।

ডাণ্ডা *বি.* [কল] পুরুষাঙ্গ, লিঙ্গ, শিশ্ন ॥ গুদে ডাণ্ডা ঢুকিয়ে মাজা দোলাচ্ছে শ্লা।

ডাণ্ডাগুলি *বি.* [খু] পুরুষাঙ্গ, লিঙ্গ, শিশ্ন ॥ কার ডাণ্ডাগুলির জোর বেশি দেখা যাবে।

ডাণ্ডিপটাস *বিণ.* [ম] কুফা, বিনষ্টকারী, মন্দভাগ্য ॥ এই ডাণ্ডিপটাস মাইয়া ত দেহি নাই।

ডাব[১] *বিণ.* [কল] বোকা, বেআক্কেল, বুদ্ধিহীন, নির্বোধ, বেওকুফ ॥ বিয়ে করলাম কিন্তু বউটা ডাব।

ডাব[২] *বি.* [কু] স্তন, দুধ, বুনি [ফল বিশেষ] ॥ শালীর ডাবের সাইজ দেখ, ফুটে বেরুচ্ছে।

ডাব্না *বিণ.* [খু] মোটা নারী, বেঢপ নারী ॥ ঐ ডাব্না মেয়ে আমি বিয়ে করব না।

ডাব্বা দেওয়া *ক্রি. বি.* [কল] মিথ্যে কথা বলা ॥ আমার কাছে ডাব্বা দিয়ে কয়েক হাজার টাকা নিয়েছে।

ডাহিন *বিণ.* [রা] ডাইন, রক্তচোষা ॥ ডাহিন নেতাকে দিয়া দ্যাশের কুনু লাব হব্যে না।

ডিংগার *বিণ.* [বরি] পেটুক, অতি ভোজনকারী, যে মাত্রাতিরিক্ত খায় ॥ সেরাডা বর ডিংগার।

ডিটা *বিণ.* [সি] অলস, কুঁড়ে, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি ॥ মাইয়াডা বর ডিটা।

ডিব্বা *বিণ.* [কল] মোটা চেহারার ব্যক্তি ॥ থপথপ করে ডিব্বাটী রাস্তায় হেঁটে যাচ্ছে।

ডুইন্‌ডা *বিণ.* [ম] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ এই ডুইন্‌ডা যেহানে যায় ইহানঅই কাইজ্জ্যা।

ডুংগা[১] *বি.* [কল] পাছা, মলদ্বার, পুটকি ॥ দেখেছিস ডুংগাটা কেমন থলথলে।

ডুংগা[২] *বিণ.* [ম] ভবঘুরে, চরিত্রহীন ॥ সেরাডা ডুংগা ঐয়া গেছে।

ডুকলো *বিণ.* [কু] নোংরা, অপরিছন্ন ॥ কি ডুকলামু কাজ তোর।

ডুম *বি.* [চট্ট] জেলে [হীন অর্থে] ॥ ডুমর পোআ ডুম।

ডুমর ঝি *বিণ.* [চট্ট] জেলের মেয়ে [হীন অর্থে] ॥ ডুমর ঝি নে তুই ? মুখ ক্যান এত খারাপ?

ডুমর পোয়া *বিণ.* [চট্ট] জেলের ছেলে [হীন অর্থে] ॥ ডুমর পোয়া ডুম, মুখ ঠিক গর।

ডুম্যা গওর *বি. বিণ.* [চট্ট] গালিবাজ, ইতর লোক ॥ ইথে ওগ্‌গুয়া ডুম্যা

গওর।

ডেউখ্রা *বিণ.* [কুম] অকর্মণ্য, পরমুখাপেক্ষী ॥ ডেউখ্রা বেডার কাসে মাইয়া বিয়া দিব কে?

ডেকেদেদেড় হড়কানাই *বিণ.* [সাঁও.] পুটকি মারার যম, চরম ক্ষতিকারক পুরুষ ॥

ডেন্ডুরা পাকা *বিণ.* [দি] সমালোচনায় পাকা ॥ এই বাড়ির ডেন্ডুরা পাকা মাগিটার মতোন তার ভাতারটাও ডেন্ডুরা পাকা, মাইন্সের কানাঘুষা নিন্দা-গীবত করি বেড়ায়।

ডেম্নি *বিণ.* [কু] দ্বিচারিণী, পরপুরুষের সাথে থাকে যে নারী ॥ ডেমনি মাগির রস কত?

ডেমনিচুদি *বিণ.* [পা] পরকিয়া প্রেমিকা, পরপুরুষের সাথে যে নারী গোপনে প্রেম করে ॥ ডেমনিচুদি গুয়ামারা দেওগা।

ডেহী *বি. বিণ.* [ম] বক্না, মেয়ে ॥ এই ডেহীর জামাই নাই দুন্ন্যাইত।

ডেহ্রা *বি. বিণ.* [কুম] বখাটে যুবক, ভবঘুরে ॥ ডেহ্রার লান গুইরা বেরাস্ ক্যা?

ডোগুরা নাকি *বি. বিণ.* [দি] মোটা নাকসম্পন্ন নারী ॥ ঐ ডোগুরা নাকির ভাতারটা বেলে বাস চাপায় মারা গেইল।

ডোলাগাড়া *বিণ.* [পা] অলস, কুঁড়ে, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি ॥ ডোলাগাড়া লোক, কোনো কামের না।

ড্যাংড্যাংগি *বি.* [সি] বাজে কাজ ॥ ড্যাংড্যাংগি খালপড়া কুত্তি।

ড্যাক্কুরা *বিণ.* [বরি] অকর্মণ্য, অসার, অকর্মা, অলস, নিষ্কর্মা ॥ ড্যাক্কুরা লোক্ মাইন্শের উপকার করতে পারে না।

ড্যাকরা *বি. বিণ.* [খু কল] শঠ, খল, পাজি, অসভ্য, প্রগল্ভ, ধূর্ত ॥ খু- ঐ ড্যাকরা ছাড়া এমন কাজ করবে কে? কল- এই ড্যাকরা কোথাকার? [বড় সাহেব ড্যাকরা আমারে প্যাকমার করেছে- নী.দ., দী.মি.; এমন করে ড্যাকরা আমার মাতা খাচ্চে- ন.ত.,দী.মি.]

ড্যাখা বেটা *বি. বিণ.* [সি] উচ্ছৃংখল যুবক ॥ ড্যাখা বেটায় খালি গুইরা বেড়ায়।

ড্যান্ডুরা *বি.* [সি] তাড়া খেয়ে চলে যাওয়ার পর যে পুনরায় ফিরে আসে ॥ ড্যান্ডুরা ফুরইন বাড়ি খাওরা।

ড্যাড়মা *বিণ.* [রা] বুদ্ধিকম পুরুষ, বোকা, বেআক্কেল, বেওকুফ,

নির্বোধ ॥ আর কাহুকে পাইস্‌নি, ড্যাড়মাকে দিয়াছিস্ এই কাম !

ড্যাব্‌রা *বিণ.* [কল] কুৎসিত, কুরূপ, কদাকার, বিশ্রী, জঘন্য ॥ এমন ড্যাব্‌রা পুরুষ কখনো দেখিনি।

ড্যাব্‌লা *বি. বিণ.* [পা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ ড্যাব্‌লাচোদা লোক কতা কও ক্যা?

ড্যাভ্‌না *বিণ.* [খু] বদমাশ, চরিত্রহীন ॥ ড্যাভনার কাজ দ্যাখ।

ড্যায়রা *বিণ.* [খু] শয়তান, দুষ্ট, পাপিষ্ঠ, পাপাত্মা ॥ ড্যায়রাটা তোর ঘরে এসেছিলো?

ঢ

ঢং *বি.* [ব] লোক দেখানো ভঙ্গি, ন্যাকামি, রঙ্গ, ছল, ধরন, ভাব, খল ॥ তোর ঢং আর ভাল্লাগে না। [গেলি ক্যানে তবে ঢং করে- গণ., তা.ব.]?

ঢংশি *বিণ.* [খু] মোটা, স্থূল, মাংসল ॥ ঢংশি মাগি দৌড়াবে কি করে?

ঢঙ্গি *বিণ.* [কল] ন্যাকামি করা মেয়ে, গায়ে পড়া স্বভাবের মেয়ে ॥ ঢঙ্গি কোথাকার, যা পালা এখান থেকে।

ঢপ *বি.* [কল] প্রতারণা, ধোঁকাবাজি, ধাপ্পাবাজি, ধান্দাবাজি, ধূর্ততা ॥ তোর আর ঢপ মারতে হবে না ভালো করেই চিনি।

ঢপ দেওয়া *ক্রি.* [খু] প্রতারণা করা, প্রবঞ্চনা করা, ধোঁকাবাজি করা, ধাপ্পাবাজি করা ॥ আমাকে ঢপ দেওয়ার চেষ্টা করো না।

ঢপ মারা *ক্রি. বি.* [খু] ভাব নেওয়া ॥ অত ঢপ মারার দরকার কি?

ঢলাঢলি *বি.* মাখামাখি, কেলেংকারি রকমের মাখামাখি ॥ ও মেয়েছেলেটা নিগ্রোসাহেবের সংগে খুব ঢলাঢলি করে- [কাল.,স.ম.]

ঢাঙোগারি *বি.* [দি] উচ্চ স্বরে যে মহিলা কথা বলে ॥ ঐ মাগিটা কথা কহে ঢাঙোগারি করে, লোকে ভাবে ঝগড়া করে, মেজাজটাও খারাপ মাগিটার।

ঢাপ/ঢাপন *বি.* [কল] যৌনসংগম, যৌনক্রিয়া, মৈথুন, রতিক্রিয়া ॥ এক একটা ঢাপন মারলাম মাগিটা আরামে বুঁদ হয়ে গেল।

ঢাপানো *ক্রি.* [কল] যৌনসংগম করা ॥ এমন করে ঢাপানো হলো তবুও

ওর সুখ মেটেনি।

ঢাপো *বিণ.* [খু] অকর্মণ্য, অসার, অকর্মা, অলস, অপদার্থ ॥ তোর ছেলেটা এমন ঢাপো হয়েছে কেন রে?

ঢামন *বি. বিণ.* প্রবঞ্চক, লম্পট, কামুক ॥ ঠগ ঢামন ঢেঙ্গ ডাকাইত সঙ্গতি/মস্তক ঘোরায় যেন হই আনমতি- [দৌ.কা.]।

ঢালাপাঁচা *বি.* [খু] বেহায়াপনা, নির্লজ্জ আচরণ ॥ ওতো দিনরাত ঢালাপাঁচা করে বেড়ায়।

ঢিট *বিণ.* শঠ, চতুর, ধূর্ত, লজ্জাহীন ॥ ঢিট আঁখি দুঃখবতী ঢাকিলুঁ নয়ানে জ্যোতি ঢলিলেক ও রূপযৌবন- [দৌ.উ]; কোথা নাহি দেখি আমি হেন যোগী ঢিট- [পদ্মা]।

ঢিপানো *ক্রি.* [কল] প্রহার করা, মার দেয়া, আঘাত করা ॥ এমন করে ঢিপানো হলো যে, হাসপাতালে নিয়ে গিয়েছে।

ঢিপি *বি.* [খু] স্তন, দুধ, বুনি ॥ ঢিপি দেখলেই মাথা গরম হয়ে যায়, না?

ঢিলা ফঅলূলার *বি. বিণ.* [চট্ট] বোকাচণ্ডি, নিরেট মূর্খ ॥ এতো হথা ক্যানে হয়, ঢিলা ফঅলূলার।

ঢিপেশোকা *বিণ.* দুষ্ট, দুর্জন, খারাপ লোক ॥ দুর্দ্দিনের কালে ফেলাইল জলে/ঢিপেশোকা মোর খুড়া- [ঘন]।

ঢুড্ডা-ঢুড্ডি *বি.* [কল] প্রেমিক-প্রেমিকা ॥ দুপুর বেলা রিক্সায় উঠে ঢুড্ডা-ঢুড্ডি সিনেমা দেখতে চলল।

ঢুড়্রা *বিণ.* [রা] মন্দ, দুষ্ট, গুণ্ডা ॥ লোকটা ঢুড়্রা গোছের।

ঢুড্ডা *বিণ.* [দি] মাগিবাজ, চরিত্রহীন, লম্পট, দুশ্চরিত্র ॥ ঢুড্ডা বেটা পাড়ার ছুঁড়িগুলার পাছা ঘেষি বেড়ায় ফুসলাই আস্তানাতি নিয়া যায়া চেট ঠান্ডা করে।

ঢুনশূটা *বি. বিণ.* [রা] দুষ্টলোক, নষ্ট মানুষ ॥ ঢুনশূটারে শবায় ডরায়।

ঢুপা *বিণ.* [পা] মোটা পুরুষ, স্থূল পুরুষ ॥ এই শালা ঢুপা।

ঢুপি *বিণ.* [পা] মোটা মেয়ে, স্থূল মেয়ে ॥ ওরে ঢুপি এই দিক আয়।

ঢুমড়ি মাগী *বিণ.* [কু] মোটা নারী ॥ ঢুমড়ি মাগী গতর খাটা না একটু।

ঢুসকা *বি. বিণ.* [কল] অকর্মণ্য, আহ্লাদে গদ গদ ভাবযুক্ত ছেলে ॥ ঢুসকা কেমন করে কাছে ঘেঁসছে দেখ।

ঢুসকাছোঁড়া *বি.* [কল] অকর্মণ্য ছেলে, আহ্লাদে গদগদ ভাব থাকা ছেলে ॥ ঢুসকাছোঁড়া আমার

কোনো কাজে লাগে না।

ঢুসকিছুঁড়ি *বি.* [কল] অকর্মণ্য মেয়ে, অকর্মা মেয়ে, অলস মেয়ে ॥ ঢুসকিছুঁড়ি নিজের পোঁদের টেনাটাকেও মেলতে পারে না।

ঢুস্কু *বি. বিণ.* [কল] অকর্মণ্য, আহ্লাদে গদগদ ভাব ॥ লোকটা ঢুস্কু হলে কি হবে, আসলে সে সবকিছু বোঝে।

ঢেউ নাচানি *ক্রি. বি.* [কল] চলতে গেলে যে মেয়ের স্তন নাচে ॥ ঢেউ নাচানি দিয়ে মেয়েটা চলে গেল।

ঢেঁটি *বি. বিণ.* [কল] বেআদব মেয়ে, অশিষ্ট মেয়ে, অভদ্র মেয়ে ॥ বেটাছেলের পাশে বসে ঢেঁটি মজা মারছে।

ঢেঁপো *বি. বিণ.* [কল] মিথ্যুক, মিথ্যাবাদী ॥ ঢেঁপোর কথা কে বিশ্বাস করে।

ঢেটা/ঢ্যাটা *বিণ.* [কল] দুষ্ট, শঠ, প্রতারক, খল, বেইমান, নির্লজ্জ, বদস্বভাব যার, অশিষ্ট, অবাধ্য, অবশীভূত ॥ তুই শালা এক নম্বরের ঢ্যাটা। [সে বলে লো বটে বটে আমি বড় ঢেটা- ভারত]।

ঢেপ্শি *বিণ.* [য] অকর্মণ্য, অকর্মা, অসার, অলস ॥ পাড়ার এই মেয়েটি ঢেপ্শি, ওর বিয়ে হবে না।

ঢেবুনা *বিণ.* [রা] পরকিয়া প্রেমিক, যে পুরুষ পরনারীর সাথে গোপনে প্রেম করে ॥ শালা ঢেবুনা এখানে কেনে আইসাছে।

ঢেবুনি *বিণ.* [খু রা] পরকিয়া প্রেমিকা, যে নারী পরপুরুষের সাথে গোপনে প্রেম করে ॥ রা- হামার কাছে আসছ কেনে যাও তোমার ঢেবুনির কাছে। খু- সবাই জানে ও একটা ঢেবুনি।

ঢেমন ভাতারী *বি. বিণ.* পরপুরুষের অনুরাগী, ভ্রষ্টা, চরিত্রহীনা ॥ আর বোলে মোকে বাপু ঢেমন ভাতারী- [জগ]।

ঢেমনিচোদি *বি.* [পা] পরকিয়া প্রেমিকা, যে নারী পরপুরুষের সাথে গোপনে প্রেম করে ॥ ঢেমনিচোদি গুয়ামারা দেও গা ।

ঢেমনী/ঢ্যামনি *বি. বিণ.* [খু দি] পরকিয়া প্রেমিকা, উপপত্নী, উপস্ত্রী, ভোগ্যা, রক্ষিতা স্ত্রী, ভ্রষ্টা, চরিত্রহীনা ॥ খু- ঢেমনীটা আমার দুচোখের শত্রু। দি- ঐ ঢেমনীটার নাঙের হিসাব নাই, সাউয়াখান বাহি বাহি ঢিলা করি ফেলাইল, তাঁহোঁ ওর দাড় মিটে না। কল- ভাসুরের জন্য ঢ্যামনির শোক

উপচে পড়ছে। [চুপ চুপ বলিয়া ডোমে ধরিল ডোমনী/বীর বলে ছেড়ে দেরে হেদে রে ঢেমনী- [ঘন]।

ঢেসা *বি.* প্রবঞ্চনা, ধোঁকা, শঠতা ॥ করিয়া চাতুরী ঢেসা দিয়া গারি/লুটিবে কপট রাজা- [ঘন]।

ঢোক্‌শা *বিণ.* [ব] অপদার্থ, অসার, অকর্মা ॥ ওডে একটা ঢোক্‌শা অর মধ্যে কিছু নাই।

ঢোপাডাংগি *বিণ.* [রং] অলক্ষ্মী, মন্দ ভাগ্যের নারী ॥ ঢোপাডাংগি মায়্যাটা জেটা নাড়বু শেটাই নশ্‌টো করবু।

ঢ্যাপনা *বিণ.* [খু] লম্পট, চরিত্রহীন ॥ তোর ঢ্যাপনাগিরি ছুটিয়ে দেব।

ঢ্যামন *বি. বিণ.* [কল] লম্পট, চরিত্রহীন, ভ্রষ্ট, জারজ, বেজন্মা, অনভিজাত ॥ ও বুড়ো ঢ্যামন, একবার ধরলে আর ছাড়তে চায় না।

ঢ্যামনা *বি. বিণ.* [খু দি] মেয়ে ঘেঁষা, লম্পট, চরিত্রহীন ॥ খু- দ্যাখ ঢ্যামনাটা আসছে। দি- ঠাভায় হয়না ঢ্যামনাটার চেটের তেজ দিন রাইত যে চুদেছে তাঁহোঁ। [এই গু খেগোর ব্যাটা, অ্যাই ঢ্যামনা, সবাইকে নিচ্ছিস আমাকে নিবি না কেন- কা.পু., স.ম.]?

ঢ্যামনাগিরি করা *ক্রি. বি.* বদমায়েশি করা, খারাপ কাজ করা ॥ সে গম্ভীর গলায় বলল, ঢ্যামনাগিরি করা- [কা.পু., স.ম.]

ঢ্যামনাচুদি *বি. বিণ.* [কল] পরপুরুষের সঙ্গে যে দৈহিক সম্পর্কে লিপ্ত থাকে, চরিত্রহীনা ॥ ঢ্যামনাচুদির শরীর যেন দিন দিন ফুলে ফেঁপে উঠছে।

ঢ্যামনাচোদা *বি. বিণ.* [কল] পরস্ত্রীর সঙ্গে যে যৌনমিলন করে, চরিত্রহীন ॥ ঢ্যামনাচোদা আমার ঘরে ক্যানে, যা উয়ার ঘরে যা।

ঢ্যামনাছুঁড়ি *বি. বিণ.* [কল] চরিত্রহীনা, কামুক স্বভাবের মেয়ে ॥ একবার না দেখলে ঢ্যামনাছুঁড়ির যেন ঘুম আসে না।

ঢ্যামনাছোঁড়া *বি. বিণ.* [কল] চরিত্রহীন, কামুক ছেলে, লম্পট ॥ এ পাড়াতেই যতসব ঢ্যামনা ছোঁড়াদের আড্ডা।

ঢ্যামনামি *বি.* লাম্পট্য ভাব, উপপতি ভাব ॥ ওসব ঢ্যামনামি আমাদের বংশের ধাতে নেই- [কা.মা., ন.ভ.]

ঢ্যারাই *বিণ.* [রং] বোকা, নির্বোধ,

বেআক্কেল, বুদ্ধিহীন, বেওকুফ ॥ ধুর ঢ্যারাই চ্যাংরা।

ঢ্যালফোহড় *বিণ.* [রা] কম বুদ্ধির মানুষ, বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ হট ড্যালফোহড় তোকে দিয়্যা কিছু হব্যে না।

ত

তঅবাবে [চা.] তোর বাপে ॥

তং খট চ এন ক্রি [ম্রো] তুমি লাট সাহেব নাকি?

তক্‌খিত *বিণ.* [রা] বদমেজাজী, বদরাগী ॥ একটুতেই সে তক্‌খিত হয়ে ওঠে।

তড়পানো *ক্রি.* ধমকানো, ভয় দেখানো, শাসানো ॥ মেজদা বাড়ি এসে আমাকে খুব তড়পেছিল- [প্রজা.,স.ব.]

তনূচক্‌ *বি.* [য] ফেসাদ, কলহ, ঝঞ্ঝাট, বিবাদ ॥ বাড়িতে ঢুকতে না ঢুকতেই তনূচক্‌, এতক্ষণ বাইরে ছিলাম ভালো।

তব্‌দা *বিণ.* [ম] বোকা, বেআক্কেল, নির্বোধ, বেওকুফ, অলস ॥ উড ইহান্‌তে তব্‌দাডা দুন্‌নেয়ার চুত্‌ নাই তর।

তম্বি *বি.* ধমকসহ জিজ্ঞাসাবাদ, ভর্ৎসনা, তিরস্কার ॥ গোর তম্বি হৈব তার জানও নিশ্চয়- [সৈ.নূ.]।

তর জুয়াড়ির মারে চুদি [চট্ট] জুয়াখোরকে গালি ॥ তেরিবেরি ন গরিস তর জুয়াড়ির মারে চুদি।

তর্‌তরা *বিণ.* [সি] চালাক, চতুর, কুটবুদ্ধিসম্পন্ন, ধূর্ত ॥ হেটো মারাউনির ভাই তর্‌তরার চুদা।

তর হাঙ্গার কাটনি কাডাম [ম] বিয়ে যাতে না হয় সেজন্য বর অথবা কনে পক্ষকে আজে বাজে কথা বলা ॥ তুই আমার সম কাটনি কাটছিলি, তর হাঙ্গার সমও কাটনি কাডাম।

তর্জ্জা *ক্রি.* তিরস্কার করা, গালি দেওয়া ॥ সর্পের সমান গর্জ্জে /গোঁফে তোলা দিয়া তর্জ্জে বড় ক্ষেত্রী ব্যাধের নন্দন- [ক.চ.]।

তলউদ্‌লা *বিণ.* [ম] যৌন জ্বালাসম্পন্ন নারী, যৌন উত্তেজিত মেয়ে ॥ তলউদ্‌লা মাগি তর মাঙঅ দিয়াম।

তলা *বি.* [ম] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ তলাডা ফাতারে দেম।

তল্‌কাসা *বি.* [য] মেয়েদের

ঋতুকালীন ব্যবহৃত বস্ত্রখণ্ড ॥ যেখানে সেখানেই মেয়েটা তল্‌কাসা ফেলে রাখে।

তল্‌শাপোড় *বি.* [ব] ছল, প্রবঞ্চনা, ধোঁকাবাজি, ধাপ্পাবাজি, প্রতারণা ॥ এত তল্‌শাপোড় কর কায়্ ?

তস্কর *বি. বিণ.* প্রবঞ্চক, ঠগ, চোর, অপহারক ॥ এক তিল রাখ নত তস্কর আপদ- [মানিক]।

তাইজিক ছি [চ.] কুৎসিত বা বিকৃতভাবে মুত্যু ॥

তাইরা *বিণ.* [ম] বাঁঝা, বন্ধ্যা নারী, যে নারীর সন্তান হয় না ॥ তাইরা মাগি তর মাঙ ফাত়াইরা দেম্ ।

তাইস্‌ক্যা *বি.* [রা] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ যা এখান থাইক্যা, হামার সামনে তাইস্‌ক্যার কথা কহিস্ না।

তাঁতী *বি.* [খু] জোলা, যে কাপড় বুনে [হীন অর্থে] ॥ ঝাঁটা নিও হাতে আর তাঁতী নিও সাথে।

তাকাবুবরি *বি.* [কুম] বাহাদুরি, পৌরুষ ॥ হিয়ানে বেশি তাকাবুবরি কৈর না।

তাচের চাতা *বিণ.* [খু] বেহায়া পুরুষ, নির্লজ্জ পুরুষ ॥ এক ধরনের তাচের চাতা পুরুষ আছে তুই সেই দলে।

তাড়কা রাক্ষসী *বিণ.* [কল] মোটা কুৎসিত আকারের মহিলা, মোটা কুরূপা নারী ॥ শালী তাড়কা রাক্ষসী তোর মুখ দেখলে অযাত্রা।

তাড়িয়া *বি.* [দি] নিতম্ব, পাছা ॥ ঐ ছুঁড়ি খানের তাড়িয়াটা নাদুস নুদুস, দেকলেই সেন্দাইবা মনায়।

তাতাইল্যা *বিণ.* [ঢা] বদমেজাজী, বদরাগী ॥ অর তো মাতা চব্বিশ ঘণ্টা তাতাইল্যা।

তানপুরা *বি.* পশ্চাদ্দেশ, মলদ্বার, পাছা ॥ ডোরার পেছন দিকটা যেন ওল্টানো তানপুরা- [আ. দে.,প্র.রা.]

তা প্রেইং চো *বি.* [খুমি] শ্মশানের বাচ্চা ॥

তাবুড়ি *বি.* [কল] থাপ্পড়, চপেটাঘাত, চড়, চাপড় ॥ তাবুড়ি মেরে শোয়ায়ে ফেলব।

তাবাইল্যা *বিণ.* [চট্ট] যৌন প্রবৃত্তির তাড়নায় উদ্দাম ॥ তাবাইল্যা পোয়ারে বিয়া গরাই দ।

তাবুংকুচ *বি.* [কল] যৌনমিলন, রতিক্রিয়া, সঙ্গম ॥ যে লোক তাবুংকুচের স্বাদ পায়নি তার জীবন বৃথা।

তাঁবু খাটানো *ক্রি. বি.* [কল] পুরুষাঙ্গের উত্থিত অবস্থা, যৌন উত্তেজিত অবস্থায় পুরুষাঙ্গ ॥ শ্লা,

মাগিপাড়ায় তাঁবু খাটায়ে যাচ্ছে।

তাম্‌চা *বি.* [পা] চপেটাঘাত, থাপড়, চড়, চাপড় ॥ তোক্‌ তাম্‌চা মারবোনে শালা ।

তামাসা *বি.* [কল] রতিক্রিয়া, সঙ্গম, যৌনক্রিয়া, যৌনসংসর্গ ॥ আমার এখন ওই মেয়েটার সাথে তামাসা করতে মন চাই।

তালগোল পাকানো *ক্রি. বি.* [কল] জট পাকানো, গণ্ডগোল করা ॥ তালগোল পাকিয়ে বিয়েটা ভেঙে দিল।

তাল্‌তা তল্‌তা *বি.* [কল] স্তন, দুধ, বুনি ॥ ওই মেয়েটার তাল্‌তা তল্‌তা বেশ গুটি গুটি বেঁধে উঠেছে।

তাল্‌বাজ *বিণ.* [কল] পকেটমার, যে লোক অপরের পকেটের টাকা অপহরণ করে ॥ আমি শালা এই তাল্‌বাজকে ভালো করে চিনি।

তালাচাবি বন্‌ধো *বি.* [কল] মেয়েদের ঋতুকাল, মাসিকের সময় ॥ আমার বউয়ের বেশ কয়েক মাস তালাচাবি বন্‌ধো।

তিক্‌ *বি.* [ব] লজ্জা, শরম ॥ তোর একদম তিক্‌ নাই।

তিত্‌রা *বিণ.* [ম] কুঁড়ে, অলস, মেয়েলি স্বভাব, ঘরকুনো পুরুষ ॥ তিত্‌রাচোদা সারাদিন বউয়ের সাথে ঝগড়া করে।

তিতে বেহায়া *বিণ.* [পা] নির্লজ্জ, বেহায়া, লাজ-শরমহীন ॥ এত তিতে বেহায়া আমি জীবনেও দেহিনি।

তিনদিনের অসুক *বি.* [কল] ঋতুকাল, মেয়েদের মাসিকের সময় [পতিতার ভাষায়] ॥ ওই বেশ্যার তিনদিনের অসুকে ধরেছে।

তিন নম্বর পা *বি.* [খু] পুরুষাঙ্গ, লিঙ্গ, শিশ্ন ॥ কিরে তিন নম্বর পার খবর কি দোস্ত।

তিন মাইত্যা *বি. বিণ.* [ম] বৃদ্ধ লোক, বুড়া লোক ॥ কয়দিন বাদে গর্তে যাইব, তিন মাইত্যা এই কামডা ক্যামনে করল।

তিমাদ *বি. বিণ.* [হা.] মাগি, বেশ্যা, হট্টবিলাসিনী, কুলটা, গণিকা ॥ তিমাদ গরের তিমাদ।

তিরথো *বি.* [কল] বেশ্যাপল্লী, পতিতালয়, গণিকাপাড়া, নিষিদ্ধপল্লী, বেশ্যালয় ॥ তুই তো তিরথোতেই পড়ে থাকিস্।

তিল *বি.* [কল] স্তনবৃন্ত, স্তনযুগল ॥ মেয়েটার তিল দুটি গোল হয়ে উঠেছে।

তুইত্তাওরা *বিণ.* [সি] তোতলা, 'যে

লোক অস্পষ্টভাবে কথা বলে ॥ তুইত্তাওরার পয়দার শাওয়্যা বায়দি মাত্ বারন্না।

তুকাবৃবরি *বি.* [ম] মাতাব্বরি, মোড়লি ॥ তর এই আলগা তুকাবৃবরি করন লাগব না।

তুফান জাওআ *ক্রি. বিণ.* [কল] বেশ্যালয়ে গমন করা ॥ তুই তো তুফান জাওআ পুরুষ।

তুম্‌বা *বিণ.* [কুম] বেঁটে এবং মোটা ॥ তুর মত তুম্‌বা মানুশ দিয়া অইব না।

তুরনবাজ *বি. বিণ.* [কল] যারা দোকানের মাল চুরি করে ॥ এত খদ্দেরের মধ্যে কে যে তুরনবাজ, বুঝব কি করে।

তুলোধুনো করা *ক্রি. বি.* [কল] প্রচণ্ড প্রহার, তিরস্কার করা ॥ এমন করে তুলোধুনো করে দিয়েছি, হাঁটতে পারছেনা।

তেজাত *বিণ.* [পা] বংশ পরিচয়হীন, নীচ ॥ তেজাতের বাচ্চা তেজাত।

তেড়া *বিণ.* [পা] কারও কথা মানতে চায় না এমন লোক, গোঁয়ার, একগুঁয়ে, একরোখা ॥ তেড়া কোনেকার কোনো কতা শুনে না।

তেদর *বিণ.* [ম] ঘাড়তেড়া নারী, স্বেচ্ছাচারী নারী ॥ আরি তেদরের গরের তেদর কাম বালা না লাগলে যাইক্‌গ্যা।

তেন্দর *বিণ.* [ম] ঘাড়তেড়া পুরুষ, স্বেচ্ছাচারী পুরুষ ॥ তর তেন্দ্রামি ছাড়, বালা অ।

তেন্দরনী *বিণ.* [ম] ঘারতেড়া নারী ॥ এই তেন্দরনীরে বাইত্‌তে বাইর হর।

তেলচোরা *বি. বিণ.* [ম] এক ধরনের পোকা [কাউকে তুচ্ছার্থে গালি] ॥ এই তেলচোরার লাগান জামাই লইয়াই অত বরাই।

তেলাপোকা *বি. বিণ.* [ম] এক ধরনের পোকা [তুচ্ছার্থে কাউকে গালি] ॥ তেলাপোকাও একটা ফক্কি রহিমও একটা বেডা।

তেহিসরা *বিণ.* [ম] ঘাড়তেড়া, উচ্ছৃঙ্খল পুরুষ ॥ এই তেহিস্‌রা গোলাম্‌রে কামঅ লইস্ না।

তেহিসরা মাগি *বি. বিণ.* [ম] ঘাড়তেড়া নারী, উচ্ছৃঙ্খল নারী ॥ তেহিসরা মাগি সব কাইজ্জ্যার মুল।

তোড়বাজ *বি.* [কল] জুয়াড়ি, যে জুয়া খেলে ॥ রাতে তোড়বাজরা জাগে দিনে ঘুমায়।

তোতাচৌগা *বিণ.* [চট্ট] অকৃতজ্ঞ, যে উপকারীর উপকার স্বীকার করে

না, কৃতঘ্ন ॥ ইতে বর তোতাচৌগা মানুষ।

তোমার গুষ্টি চুদি [খু] ক্রোধমত্ত গালি ॥ শুধু তুমি? তোমার গুষ্টি চুদি।

তোর কপালে গু মাখানো মুড়ো ঝাঁটা [খু] বেআদব ॥ দুর হ, তোর কপালে গু মাখানো মুড়ো ঝাঁটা ।

তোর ফলনা করবানে [কু] অপরকে সংগম করা, মৈথুন করা ॥ তোর কিন্তু ফলনা করবানে কলাম।

তোর বুনিক্‌ চুদি [পা] বোনকে সঙ্গম করা ॥ এই শালা তোর বুনিক্‌ চুদি এই দিক আয়।

তোর মরণ হয়না শুয়ার [খু] অসহ্য, অতিষ্ঠ হয়ে অভিশাপ দেয়া ॥ সবার মরণ হয় তোর মরণ হয়না শুয়ার।

তোর মায়রে বাপ [ঢা] মায়ের সাথে সঙ্গম ॥ তোর মায়রে বাপ টাহা দেও না কা?

তোলনবাজ *বি. বিণ.* [কল] দোকান থেকে যারা চুরি করে, পুরনো কাপড় বিক্রি করে যারা লোক ঠকায় ॥ শালা তুই একটা তোলনবাজ, তোর হাত পা ভেঙ্গে দেব।

ত্যাওরানো ক্রি. [কল] মাতলামি করা, অপ্রকৃতস্থ থাকা ॥ মেরে তোর ত্যাওরানো ছাড়াবো।

ত্যাজ *বি.* [ম] রাগ, গোসা ॥ মাগির ত্যাজ কত?

ত্যানাচিপা *বিণ.* [রা] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ ॥ তোর মত ত্যানাচিপা দুনিয়াত্‌ নাই।

ত্যানা্‌দোর *বিণ.* [খু ফ] নাছোড়বান্দা, অতিচালাক ॥ ফ- ছেলেটা ভারি ত্যান্‌দোর, পঞ্চাশ টাকা খসালোই। খু- ত্যান্‌দোরের জ্বালায় যে মরণ হলো।

ত্যানাছেঁড়া *বিণ.* [রা] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ শে খুব ত্যানাছেঁড়া লোক।

ত্যানাফাররা ক্রি. *বি.* [সি] বকবক করা, অনর্থক কথা বলা ॥ তোমার ত্যানাফাররা আমার বালা লাগের না।

ত্যান্দর *বিণ.* [খু] ঘাড়তেড়া, উচ্ছৃঙ্খল নারী ॥ আচ্ছা ত্যান্দর তো ছেলেটা।

ত্যাযাতা *বিণ.* [পা] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন, হারামজাদা ॥ ত্যাযাতা লোক কারও কতা লেয় না।

ত্যার্‌পরট্‌ *বিণ.* [সি] ধূর্ত, চালাক,

চতুর, কুটবুদ্ধিসম্পন্ন ॥ পুয়াটা বড় ত্যারপরট্।

ত্যারসাইল্যা *বিণ.* [ফ] বেহায়া, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ ছেমড়া যবর্ ত্যারসাইল্যা।

ত্যার্সামি *বি. বিণ.* [কুম] একগুঁয়ে, গোঁয়ার, একরোখা ॥ ত্যার্সামি শবাবুডা ছাড় সোযা কতা ক।

ত্যালপিস্‌লে *বিণ.* [পা] অবাধ্য, ঠ্যাটা ॥ ত্যালপিস্‌লে লোক খুব চালাক।

ত্যালানি *বি.* [রা] ফোড়ন, অন্যের কথার মধ্যে টিপ্পনী ॥ তুই কি ত্যালানি দিবা আলু?

ত্যালানি ভেঙে দেব *ক্রি. বি.* [খু] শায়েস্তা করা ॥ তোর তেলানি ভেঙে দেব হারামজাদা।

ত্যাশ্‌কা *বি.* [রা] সঙ্গম, রতিক্রিয়া, যৌনক্রিয়া, মৈথুন ॥ বারো ভাতারি মাগি যার তার সাথে ত্যাশ্‌কা চোদাস্ ক্যা।

থ

থইয়ো *বি.* [সাঁও.] লাথি, পা দ্বারা আঘাত ॥

থইয়ো যযমী *বি. বিণ.* [সাঁও.] লাথিখোর ॥

থক্‌কি থাক্‌কি *বি.* [কল] চড়, থাপ্পড়, চপেটাঘাত, চাপড় ॥ কয়েকটা থক্‌কি থাক্‌কি দিলাম, ভেগে গেল।

থর-নামা *বি. বিণ.* [কল] মোটা মেয়ে, স্থূল নারী ॥ মেয়েটা যেমন থর তেমনি বদ্।

থর্‌রা *বি.* [কল] মদ, নেশা জাতীয় পানীয় ॥ ঘরে ঢুকে ও কয়েক পেগ থর্‌রা টানবে বাবু, তারপর শোবে।

থলগোস্‌ড়্যা *বিণ.* [নো] মোটাসোটা ॥ পোলাডা থলগোস্‌ড়্যা।

থাড়ি *বি. বিণ.* [কু] বদমাশ, চরিত্রহীন ॥ থাড়ি মাগি তুমাক্ চোদবনে কলাম।

থাপ্‌লা চাইতি কঁদে অংথৈই [ত্রি.] ছাই এর মত ভস্ম হও।

থাপুর *বি.* [রা] চপেটাঘাত, থাপ্পড়, চড় ॥ থাপুর মারা শুতামুনি বাইনচোদ।

থাপুশ্ থুপুশ্ [খু য] দুম দুম বা থুপ থুপ ॥ খু- থাপুশ্ থুপুশ্ করি হাটিশ্ ক্যান্ ? য- মেয়েটা থাপুশ্ থুপুশ করে হেঁটে গেলো- অলুক্ষণে !

থারফা *বি.* [কুম] চড়, থাপড়, চপেটাঘাত ॥ থারফাইয়া চাপাডা

বাইংগ্যালামু।

থার্টি টু অল আউট [খু] বত্রিশ দাঁত বের করা ॥ মরে এখন থার্টি টু অল আউট।

থাহা *বি.* [কল] নারীর উরু ॥ ওর থাহা দেখে ইচ্ছে চাগিয়ে ওঠে।

থাহাবাজারি *বিণ.* [রা] ইঁচড়ে পাকা, জ্যাঠামো ॥ ছোড়াডার থাহাবাজারি স্বভাবটা আর গ্যালো না।

থুত্না ভেঙে দেব [খু] শাসানো ॥ আর বাড়িস্‌নে থুত্না ভেঙে দেবো কিন্তু।

থুবৃশি *বিণ.* [রং] আলসে, কর্মবিমুখ মানুষ, নিরুদ্যম মানুষ ॥ তুই বড় থুবৃশি।

থেক *বিণ.* [গা.] পাজি ॥

থে বেড়া *অব্য.* [চট্ট] এই বেটা, এই পুরুষ [তুচ্ছ তাচ্ছিল্য করে ডাকা] ॥ থে বেড়া, এত হাবিলতি ন মারাইস্‌।

থে বেড়ি *অব্য.* [চট্ট] এই বেটি [তুচ্ছ তাচ্ছিল্য করে ডাকা] ॥ থে বেড়ি তুই এত হাবিলতি ন মারাইস্‌।

থৈখমঃ নাংনিয়া [ত্রি.] সমূলে বিনষ্ট ॥

থোড় দেওয়া *ক্রি.* [কু] কলা গাছের ভিতরের সারাংশ [শাস্তি দেয়া অর্থে] ॥ খানকি মাগী তোর গুদে থোড় ঢুকাবো।

থ্যাঁতল *বিণ.* [রাঁ] অবাধ্য, উচ্ছৃঙ্খল ॥ ছেলেটা বড় থ্যাঁতল।

থ্যাঁতলা *বিণ.* [রা] পাজি, অবাধ্য ॥ ছোঁড়াটা খুব থ্যাঁতলা।

থ্যাঁদর *বিণ.* [সি] বেহায়া, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ পুআটা বড় থ্যাঁদর।

দ

দই জমানো *ক্রি. বি.* [কল] গর্ভধারণ ॥ মাগিটার এখনো দই জমানোর টাইম হয়নি।

দগর্ *বি.* [খু] পেটুক, যে মাত্রাতিরিক্ত খায়, অতি ভোজনকারী ॥ শাদি খাবি তো এই দগর্‌কে নিয়ে যা।

দগ্রাহা *বিণ.* [ত্রি.] একগুঁয়ে, একরোখা ॥

দন *বি.* [ম] পুরুষাঙ্গ, পুংলিঙ্গ, শিশ্ন ॥ আমার দন্‌ডা করবে।

দফা *বি.* [কল] স্ত্রী লোকের ঋতুকাল, নারীর মাসিকের সময় ॥ দফা দেখা দিয়েছে ছোঁয়া যাবে না।

দবলা *বি.* [ম] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ তর দবলার বিত্‌রে হান্দাইয়াম

চুত্‌মারানি।

দম্ *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ দম্ টেনে ধোঁয়া ছাড়লো সোনাতন ঘোষ।

দমকল *ক্রি.* [খু] প্রস্রাব করা ॥ দমকল ছেড়ে দিয়েছো বাবা।

দমক্কা *বিণ.* [ম] শব্দযুক্ত পাঁদ ॥ হালা ওদা দমক্কা পাঁদে।

দমকার *বিণ.* [কুম] পাজি, দুষ্ট, বদমাশ, নচ্ছার ॥ দমকার পুলারে মাইরা ফেলামু।

দম্‌কু *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ কল্কেই দম্‌কু দিয়ে মহাশয় সুখ টান দিচ্ছে।

দম্‌পি *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ দম্‌পি টানতে টানতে ওর চোখ দুটো লালচে হয়ে গেছে।

দরজাল *বি. বিণ.* [ম রা] ঝগড়াটে, দুষ্ট ॥ ম- দরজালের গরের দরজাল। রা- ওই মাগি খুব দরজাল।

দরিয়া *বি.* [রং] পেট, উদর ॥ এত খাইশ্ ত্যাও দরিয়া ভরে না।

দল্‌লা *বি.* [কল] কোটনা, দালাল ॥ তুই যে বেশ্যার দল্‌লা, আমি চিনি।

দলিজ *বি.* [কল] বেশ্যাপাড়া, পতিতালয়, গণিকাপাড়া, নিষিদ্ধপল্লী ॥ দলিজে গিয়ে গিয়ে ছেলেটা নষ্ট হলো।

দাইয়্যুস *বি. বিণ.* [সি] ব্যভিচারী স্ত্রীর স্বামী, অসতী নারীর স্বামী ॥ হারামজাদির বাইচ্ছা দাইয়্যুস হালার হালা।

দাওয়াইল্যা *বি. বিণ.* [ম] ধান কাটে যে লোক [এখানে অসভ্য অর্থে বলা হয়েছে] ॥ দাওয়াইল্যারা দেশ্‌শের কায়।

দাঁওবাজ *বিণ.* [কল] বেশ্যাসক্ত, চরিত্রহীন, লম্পট ॥ দাঁওবাজ লোকটার হাতে যে টাকা ছিল তা ফুর্তি করে উড়িয়ে দিয়েছে।

দাঁতলা *বিণ.* [কু] দাঁত উঁচু মানুষ ॥ দাঁতলা কোথাকার।

দাঁতাল *বিণ.* [পা] বড় দাঁতের পুরুষ ॥ দাঁতাল কোনেকর এই দিকে আয়।

দাঁতুলা *বিণ.* [রা] বড় দাঁতের পুরুষ ॥ দাঁতুলা মিন্‌স্যা ফের তাকায় হামার দিকে।

দাঁতুলী *বিণ.* [রা পা] বড় দাঁতের মেয়ে ॥ রা- দাঁতুলী মাগির আবার দেমাগ দেখ না। পা- দাঁতুলী কোনেকর এত ভগর ভগর করিস্ ক্যা।

দাক্‌বায্ *বিণ.* [পা] ঠগ, প্রবঞ্চক,

প্রতারক, শঠ ॥ শালা কুদ্দুসতো দাক্‌বায় লোক রে।

দাগা *বি.* প্রবঞ্চনা, প্রতারণা, বিশ্বাসঘাতকতা ॥ দাগা দিয়া ইমামেরে করিবে যে খুন-[শা.গ.]; সয়তান দিল দাগা ভূতেরে পূজায়-[ভারত]।

দাগাদার *বিণ.* প্রবঞ্চক, প্রতারক, শঠ, বিশ্বাসঘাতক ॥ বিশেষে বামন জাতি বড় দাগাদার- [ভারত]।

দাগাদারি *বি.* প্রতারণা, শঠতা, ধোঁকাবাজি, ধান্দাবাজি ॥ এবার এরাই কচ্ছে দাগাদারি- [রা.সে.]।

দাগাবাজ *বি. বিণ.* [ম] ঠক, প্রতারক, প্রবঞ্চক, আঘাতকারী, বিশ্বাসঘাতক ॥ ম- ইমুন দাগাবাজের গর করা যায়? কল- দাগাবাজ ছেলেকে কখনো টাকা ধার দেয়? [দূর কর দুর্মতি দুরাত্মা দাগাবাজ- মানিক; দাগাবাজ বাঘা সব বসে বসে শুনে/চাক পারা চক্ষু করি চায় বিষপানে- শিব]।

দাজ্জাল *বিণ.* [পা] ঝগড়াটে পুরুষ, কলহপরায়ণ পুরুষ ॥ বাপরে, ও দাজ্জাল বেটা।

দাজ্জালনী *বিণ.* [পা] ঝগড়াটে নারী, কলহপরায়ণ নারী ॥ বাপরে কী দাজ্জাল মহিলা।

দানদাকুর *বিণ.* [সি] ঠগ, শঠ, প্রতারক, ধোঁকাবাজ ॥ দান্‌দাকুর লোকেরা বালা না।

দান্‌দা মান্‌দা *বি.* [সি] শঠতা, প্রবঞ্চনা, প্রতারণা, ধূর্ততা ॥ দান্‌দা মান্‌দা খলার খান্দা [প্র.]।

দানব *বি. বিণ.* [পা] পেটুক [অতি ভোজনকারী অর্থে] ॥ বাপরে দানব, সব খাওয়ার একলাই খাইলো।

দানাবাজ *বি.* [কল] জুয়াড়ি, জুয়া খেলে যে ॥ মেলায় দানাবাজ ফিতে ফেতে মালপানি টানছে।

দান্দাল *বি.* [কুম ঢা ম] প্রতারক, ধাপ্পাবাজ ॥ কুম- তোর মতন দান্দাল দেই নাই। ঢা- আমার লগে দান্দালি করলে খবর আছে। ম- দান্দালের গরের দান্দাল ট্যাহা কবে দিবে ক।

দাপাইড়্যা *বিণ.* [ফ] একগুঁয়ে, গোঁয়ার, একরোখা, জেদী ॥ ছেরাডা বড়ে দাপাইড়্যা।

দামড়া *বিণ.* [খু পা] অতি মূর্খ পুরুষ ॥ খু- আমার দামড়ার ভরসা করো না। পা- শালা দামড়া কোনো কামের না।

দামড়ি *বিণ.* [খু] অতি মূর্খ নারী ॥ দামড়ির কবে যে হুস হবে আল্লাই

জানে।

দামা *বি.* [ম] বলদ, গরু [স্বাস্থ্যবান অর্থে] ॥ দামার মত ছেরা কামের না।

দামুয়া *বি. বিণ.* [সি] বন্ধ্যা, বাঁঝা, যে নারীর সন্তান হয় না ॥ দামুয়ার বাইচ্ছা ফুঙ্গার গরর্ ফুঙ্গা।

দামো *বিণ.* [খু] বন্ধ্যা, বাঁঝা, যে নারীর সন্তান হয় না ॥ বাচ্চা হবে কি দামো মহিলা না?

দারদের *বি. বিণ.* [ম] হাভাতে, অন্নসংস্থানহীন, লোভী ॥ লোকটা দারদেরের মতন কায়।

দারুণী *বিণ.* হৃদয়হীনা, কঠিনা, বিবেকহীনা ॥ দারুণী বুঢ়ী তোর বাপেত নাহি লাজ- [কৃ.কী.]।

দালূলু *বি. বিণ.* [কল] কোটনী, যে নারী একজনের কথা অন্যজনের কাছে বলে বিরোধ লাগায় ॥ এই দালূলু মাগি সংসারে বিরোধ বাঁধিয়ে দিয়েছে।

দালাইলামা *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ জয় বাবা দালাইলামা বাবার জয়।

দাস *বি.* [ম] ক্রীত গোলাম, কেনা গোলাম ॥ তুই তো কলিমুদ্দির দাস।

দাসী *বি.* [ম] ক্রীত বান্দি, কেনা গৃহপরিচারিকা ॥ অ লা দাসী আমার জামাই তরে আঙ্গা করবো।

দিকক খাঁল [খুমি] কেন মরলি না?

দিগ্‌গজ *বিণ.* [কল] মহামূর্খ, পণ্ডিত [ব্যঙ্গার্থে] ॥ বেটা যেন খুব দিগ্‌গজ হয়ে গেছে।

দিরা *বিণ.* [কুম] বন্ধ্যা, বাঁঝা, যে নারীর সন্তান হয় না ॥ দিরা মাইয়া লোকের আক্কল নাই।

দিলালি *বি.* প্রেম করা, ঘনিষ্ঠভাবে মেলামেশা করা ॥ কোয়ার্টারে গিয়ে যে মাঝে মাঝে দিলালি করে আসি, তা ওদের খুব ভাল লাগে- [প্রজা., স.ব.]

দিল্লিকা লাড্ডু *বি.* অলিক বস্তু, যা দেখতে সুন্দর কিন্তু আসলে তত সুন্দর নয় ॥ কিন্তু দিল্লীর লাড্ডু- শুনতে পাই যো খায়া উয়োভি পস্তায়া-আর যো নেই খায়া উয়োভি পস্তায়া- [সাজাহান, দ্বি.,রা.]

দিল্লেগি *বি.* ন্যাকামি, ইয়ার্কি ॥ দিল্লেগি কোরো না দোস্ত- [জাল.,শী.মু]

দুইন্‌দা *বি.* [ম] বাটপার, প্রতারক, প্রবঞ্চক, শঠ, ঠগ ॥ দুইন্‌দার পাল্লায় ফর্‌ছ বুঝবা ফরে।

দুকান কাটা *বিণ.* নির্লজ্জ, বেহায়া, লাজ-শরমহীন ॥ আমার না হয়

ঢাক ঢাক গুড় গুড় নেই, দুকান কাটা- [প্রজা.,স.ব.]

দুচারিণী *বিণ.* দ্বিচারিণী, ভ্রষ্টা, কুলটা, চরিত্রহীন নারী ॥ দুচারিণী যার মা তার হেন গতী- [কৃ.কী.]।

দুঠ *বিণ.* দুষ্ট, খারাপ, অসৎ ॥ কোহ্নো রাজে না দেখিল হেন দুঠ ভারী- [কৃ.কী.]।

দুতুম্ *বিণ.* [পা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ দুতুমের বাচ্চা কিচ্ছু বোঝে না।

দুদু *বি.* [খু] স্তন, দুধ, বুনি ॥ কাজ নাই তো কি করবা আমার দুদু চোষো।

দুন্‌দা *বিণ.* [খু] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ দুন্‌দা মহিলাদের নিয়েই যত বিপদ।

দুন্‌দুখিলা *বিণ.* [সি] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ ষণ্ডা ছুতমারাউনির পুআ দুন্‌দুখিলা।

দুন্‌দুলি *বিণ.* [রং] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ এটা দুন্‌দুলি বেটি ছাওয়া।

দুনন্‌দর *বিণ.* [ঢা] ধুরন্ধর, ধূর্ত, প্রতারক, প্রবঞ্চক ॥ ব্যাটা বড় দুনন্‌দর।

দুন্দুর মুন্দুর *বি.* [সি] ধান্দাবাজি, প্রতারণা, ধোঁকাবাজি ॥ দুন্দুর মুন্দুর খইরা খতঅ দিন ছলবায়।

দুপাবারারি *বিণ.* [সি] বেহিসাবি ॥ বৌড়া এ্যাখবারে দুপাবারারি।

দুম *বি.* [কল] ধাপ্পা, প্রতারণা, ধোঁকাবাজি ॥ শালা একটা দুম মেরে টাকা নিয়ে পালিয়েছে।

দুম্‌চি *বি.* [নো] গুহ্যদ্বার, মলদ্বার ॥ দুম্‌চির ভিতর গু-রাই আড়চ সোজা আঁহটতি হারচ না নি?

দুরকপাল্যা *বিণ.* [পা] হতভাগা, দুর্ভাগা, মন্দ ভাগ্যের লোক ॥ দুরকপাল্যা মানুষ আমি তাই কিছুই পায়নি।

দুরজন *বিণ.* দুষ্ট লোক, খারাপ লোক, নিষ্ঠুর ॥ দুরজন মান সুজন তাহে হীন- [পদরত্না]; গুরু দুরজন যত বঁধূর বিদ্বেষ করে- [চণ্ডী]।

দুরজনি *বিণ.* দুষ্টা রমণী, খল নারী ॥ এ সখি দুরজনি এহেন কাই পুনি ন কর কাজ চতুর- [দৌ.উ.]।

দুর বইট গই *বি.* [কল] নারীর ঋতুকাল, নারীদের মাসিকের সময় [গুজরাটের পতিতার ভাষায়] ॥ ও মাগিরে এখন ছোওয়া যাবে না, দুর বইট গই হয়েছে।

দুরমুশে *বিণ.* [পা] হতভাগ্য, কামচোর ॥ দুরমুশে লোক কিছুই কপালে জুটলো না।

দুর্নীত *বিণ.* অশিষ্ট, দুরাচার, উচ্ছৃঙ্খল ॥ ব্যাধ দুর্নীত রাড় চতুর্দিগে পশুর হাড়- [মা.চ.]।

দুশমন *বি. বিণ.* [ম] শত্রু, দুর্বৃত্ত ॥ ইমুন দুশমন ত আর দেহি নাই। [দুশমনরা আমারে যাইতে দিল না তাগো কাছে- আদাব, স.ব.]।

দুশমনড়া *বি.* [ম] শত্রু, বিপক্ষ, বৈরী ॥ এই দুশমনড়া কইত্তে আইল।

দুষ্টবর *বি.* দুষ্টজন, খারাপ লোক ॥ নাহি চিন্তা লাজ ধর্ম্ম দুষ্টবর অপকর্ম্ম/অবিচারে নাশে কুলাচার- [সতী]।

দুষ্টা *বি.* চরিত্রহীনা, ভ্রষ্টা, অসতী নারী ॥ দুষ্টা করিঞা গঙ্গা দিতে চাএ মোরে- [মা.চ.]।

দুসাংগি *ক্রি. বিণ.* [ঢা] বেহায়াপনা, নির্লজ্জ আচরণ ॥ বাপের গোলায় খাও আর দুসাংগি দি বেড়াও?

দুহত্তা *বিণ.* [চট্ট] চোগলখোর, যে লোক একজনের কথা অন্যজনের কাছে বলে ঝগড়া লাগায় ॥ দুহত্তা মাইনূশে ফসাদ বাযায়।

দেইল্লা *বি.* [ম] যে লোক পাওনা পরিশোধ করে না ॥ ইমুন দেইল্লার ফাল্লাত ফরছি আর কইতে নাই।

দেনেওলা *বি.* [কল] বেশ্যার খদ্দের ॥ দেনেওলা নিয়ে মাগিদের মধ্যে বচসা হচ্ছে।

দেপৃরি *বিণ.* [সি] অলস নারী, শ্রমবিমুখ নারী ॥ ফুড়িটা বড় দেপৃরি।

দের ব্যাটারী *বিণ.* [ঢা] টেরা চোখের লোক ॥ দের ব্যাটারী নতুন সানগ্লাস কিনছে।

দোআইশা *বিণ.* [ঢা.] বিশ্রী গন্ধ, খারাপ ॥ তোর গাওত দোআইশা গোন্দ।

দোকান *বি.* [কল] গুহ্যদেশ, মলদ্বার ॥ মাগিটার দোকানে ঘা হয়েছে। তাই খুড়িয়ে খুড়িয়ে হাঁটছে।

দোকানিআ *বি.* [কল] বেশ্যাপাড়া, নট্যালয়, গণিকাগৃহ ॥ পাড়ায় ফষ্টিনষ্টি না করে গঞ্জের দোকানিআতে গিয়ে ব্যবসা করছে।

দোগলা *বিণ.* [কল] চরিত্রহীন, খারাপ মানুষ ॥ দোগলা মানুষের পাল্লায় পড়ে মেয়েটার সর্বনাশ হলো।

দোগ্‌লাবাজ *বিণ.* [কল] বিশ্বাসঘাতক, বিশ্বাসভঙ্গকারী ॥ শালা দোগ্‌লাবাজ তোর মাথায় বাজ পড়বে।

দোচার *বিণ.* ব্যভিচারী পুরুষ, লম্পট ॥ দোচার পুরুষে আক্ষা নহে রতি কলা- [মু.ক.]।

দো-তল্‌লি *বি.* [কল] বারাঙ্গনা, চরিত্রহীন নারী, গণিকা, বেশ্যা ॥ দিনের বেলা ঘরের বউ রাতে দো-তল্‌লি।

দোন্‌ঠো *বিণ.* [খু] দস্যু প্রকৃতির ॥ দোন্‌ঠো হবে না, কার ছেলে দেখতে হবে তো।

দোনামোনা *বি.* ইতস্তত, দ্বিধান্বিতভাব ॥ এই যে আপনি হ্যাঁ বললেন, এতে আমার সব দোনামোনা কেটে গেল- [পূ.প.১,সু.গ.]

দোম্‌বল্‌ *বিণ.* [কুম] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ লোক্‌টা আসলে দোম্‌বল্‌।

দোম্‌বায *বিণ.* [কুম ম] ধূর্ত, শঠ, ফাঁকিবাজ ॥ ম- তর মত দোম্‌বায আছে? কুম- লোকটা বড় দোম্‌বায।

দোয়ার *বি.* [কুম] যোনি, স্ত্রীলিঙ্গ, স্ত্রী যৌনাঙ্গ ॥ তুর দোয়ার বাংগবাম।

দোরলি *বি.* [নো] গালাগালি, ঝগড়াঝাটি, পরস্পরের প্রতি ক্রোধ প্রকাশ ॥ তর দোরলি বালা লাগে না।

দোলনবিবি *বি. বিণ.* [খু] যার বুক ও পাছা দোলে ॥ দ্যাখো হাতির মতো আমাদের দোলনবিবি যাচ্ছে।

দ্যান্‌দা *বি. বিণ.* [কুম ম] বধির, কালা ॥ কুম- দ্যান্‌দা নিয়া কি আফত্‌। ম- দ্যান্‌দা ফ্যান্‌দা দিয়া কাম অইব ?

দ্যানদামি *বি.* [ঢা] শুনিয়া বুঝিয়াও না বোঝার ভান করা ॥ দ্যানদামি কৈরলেও কামডা কৈরতে ঐবো।

দ্যাশাল্‌লি *বিণ.* [ম] ছেনাল, চরিত্রহীন নারী ॥ এই দ্যাশাল্‌লিরে বেয়া করছস্‌।

ধ

ধচু *বিণ.* [খু] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ আসোতো আমার ধচু।

ধড়িবাজ *বিণ.* [কল] ধূর্ত, শয়তান, মতলববাজ, চতুর, শঠ, পাশা-ক্রীড়ক, অতিচতুর, খল ॥ শেষ পর্যন্ত তাহলে ওই ধড়িবাজ ছেলেটাকেই মনে ধরল লো! [ধড়িবাজ তো বটেই, কিন্তু মতলবটা... -বিবর., স.ব.] ।

ধন *বি.* [খু] পুরুষাঙ্গ, পুংলিঙ্গ, শিশ্ন ॥ তোর ধন মান সব যাবে বল্লাম।

[গভরমেন্ট ধন দাঁড়াচ্চে কি না দেকচে- কা.মা., ন.ভ.]

ধনে দেওয়া *ক্রি. বি.* [কল] প্রচণ্ড প্রহার করা ॥ একবার আচ্ছা করে ধনে দেওয়ার পর, এখন ভালো হয়েছে।

ধ্বজভঙ্গ *বিণ.* [ম] অকেজো, অসমর্থ, অসার, যৌন অক্ষম ॥ এই ধ্বজভঙ্গ জামাই লইয়া সারাজীবন ক্যামনে যাইবো।

ধ্বজো *বি.* যৌন অক্ষম পুরুষ, যার পুরুষাঙ্গ উত্থিত হয় না ॥ কী করবে, ধ্বজো তো। দেখছিস্ জন-গণ-মন গাইলেও দাঁড়াবে না- [অটো, ন.ভ.]

ধরুয়া *বিণ.* [কল] বোকা, যে পুলিশ ঘুষ নেয় না ॥ ধরুয়া বলেই অবস্থার উন্নতি হয়নি।

ধর্ম্মধ্বজী *বিণ.* ধর্মভানকারী, ছলনাকারী, ছলধার্মিক, ভণ্ডধার্মিক ॥ সেই ধর্ম্মধ্বজী যার ইথে নাহি রতি- [চৈ.ভা.]।

ধর্মের ষাঁড় *বিণ.* [কল খু] যথেচ্ছাচারী, অকর্মণ্য, অপদার্থ ॥ কল- এই দেখ ধর্মের ষাঁড় যাচ্ছে। খু- ওর দুটো ছেলেই ধর্মের ষাঁড়।

ধসি মাগী *বিণ.* [কু] কানে কম শোনা মেয়ে ॥ ধসি মাগী, শুনতে পাস্নি॥

ধাইড় *বিণ.* [য রা] চালাক, কূটবুদ্ধিসম্পন্ন ॥ রা- ঐ ধাইড় মাগির সঁতে লাগতে যাইস্না পারিন্যাখো। য- বেশি ধাইড় হওয়া খারাপ।

ধাউড় *বিণ.* প্রবঞ্চক, শঠ, প্রতারক ॥ কুটিলা কুমতি বিষের মূরতি সেহ সে ধাউড় বড়- [পদকল্প]।

ধাংগর *বি.* [খু] খারাপ চরিত্রের স্বাস্থ্যবান যুবক/যুবতি ॥ ঐ ধাংগরের সাথে মিশবিনা বল্লাম।

ধাক্‌ড়ি *বিণ.* [রং] নষ্টচরিত্রা, চরিত্রহীন নারী ॥ ধাক্‌রি মাগি মুঁই কামোত গ্যাইলে ত নাঙ্গের ঘরক ধরি ছবি দ্যাখবার যাইস্।

ধাগিরী *বিণ.* [দি] নষ্ট মহিলা, চরিত্রহীন নারী ॥ ঐ যে ধাগিরী মাগিটা মরদগুলার গোড়ত ঘুর ঘুর করছে এতো যে চেট ঢুকাচ্ছে তাঁহোঁ হাউস মিটে না ?

ধাগিরীর বাচ্চা *বি.* [দি] নষ্টনারীর সন্তান, চরিত্রহীন নারীর সন্তান ॥ ধাগিরীর বাচ্চা কুষ্ঠেকার, কি কহেচি ছোঁড়াগুলাক ফিসফাস করি, আগুন লাগাবা আইছে এইঠে।

ধাগিরীর বেটি *বি.* [দি] নষ্টনারীর মেয়ে, চরিত্রহীন নারীর মেয়ে ॥ ধাগিরীর বেটি ধাগিরী আকথা

মরদগুলা মাও বেটি দুইজনকাকে করে, তাঁহো কিছু মনে করে না চোঁদারি মাগি কুষ্ঠেকার।

ধাড়ি *বিণ.* [খু] প্রাপ্ত বয়স্ক ॥ ধাড়ি হয়েছিস্ এবার একটু কাপড়টা ঠিক করে পর।

ধাড়ি মাগী *বিণ.* [কু] বয়স্ক মেয়ে মানুষ ॥ ধাড়ি মাগীর জ্বালায় জ্বলে গেলাম।

ধাতানি *বি.* [ম] বকুনি, তিরস্কার, গালি ॥ ম- ইমুন ধাতানি কাইয়া আরও আইয়েরে গোলাম কেউ ? [বলবে কি করে, আড়ালে পেলেই তো তা হলে ননি ধনী ধাতানি দেবে- এখনই, র. চৌ.]

ধাতু মরা ছোল *বি.* [ব] অপরিপক্ক ॥ ধাতু মরা ছোলের আবার গায়ে বল থাকে?

ধাপ্‌রি *বি. বিণ.* [রা] অপরিচ্ছন্ন মেয়ে, নোংরা মেয়ে ॥ এমন ধাপ্‌রিকে কে আদর করে।

ধাপার *বি.* [রা] নিতম্ব, পাছা ॥ তোর ধাপারে মারব লাথি।

ধাপুয়া মাংগী *বিণ.* [দি] গাল মুখ বড় বিশ্রি বেশ্যা নারী ॥ ঐ ধাপুয়া মাংগিটা নিজে নিজে ফিসফাস করি কি বকেছেরে-পাগলির মতোন।

ধাপ্পা *বি.* [ম] মিথ্যা, প্রতারণা, ধোঁকা ॥ ম- তর ধাপ্পাত্ ফইরা জীবন শেষ করলাম । [ধাপ্পা দিয়ে দিইচি যে চারশো টাকা নিয়ে আয়- প্রফুল্ল, গি. ঘো.]

ধাপ্পাবাজ *বিণ.* [ম কল] ঠগ, প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ ॥ মা- তর ধাপ্পাবাজি ছাড় না অইলে মাইর কাইয়া মরবে। কল- ওই ধাপ্পাবাজ ছেলেটাকে এত বড় একটা কাজের দায়িত্ব দেওয়াটা কি ঠিক হয়েছে ?

ধামনাভাতারি *বি.* লম্পট বা চরিত্রহীনের স্ত্রী ॥ এত দুঃখ মোরে দিল ধামনাভাতারি- [রায়]।

ধিঙ্গি[১] *বিণ.* [খু] প্রাপ্ত বয়স্ক ও লম্বা লোক ॥ শুধু ধিঙ্গি হলেই বড় হওয়া যায় না।

ধিঙ্গি[২] *বিণ.* বেহায়া, নির্লজ্জ, অসংযত ॥ বাপের সোহাগে সোহাগে যে একেবারে ধিঙ্গি পদ পেয়ে বসে আছিস- [প্র.প্র., আ.দে.]

ধুইয়ে কাপড় পরানো *ক্রি. বি.* [কল] অত্যন্ত তীব্রভাবে গালাগালি দেওয়া, ভর্ৎসনা করা। এমন করে ধুইয়ে কাপড় পরানো হয়েছে যে, এখন সিধে পথে চলছে।

ধুত্তোর *অব্য.* বিরক্তি প্রকাশের শব্দ ॥

ধুত্তোর, অত সন্দেহ ভাল লাগে না- [এখনই, র. চৌ.]

ধুড় *বিণ.* [কল] বাজে, ফালতু, অকমর্ণ্য ॥ ধুড়শালা, এখান থেকে বেরিয়ে যা।

ধুনকি *বিণ.* [রা] মোটা, স্থূল ॥ ধুনকি মেয়ে দেখে হাশো কেন্ ।

ধুনদো *বিণ.* [য] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ এই লোকটা খুব ধুনদো । যেখানে যায় সেখানেই ফেসাদ।

ধুনলাগা *বি.* [কল] নেশা, মোহ, বিহ্বলতা ॥ অতুলের সহায় সম্পত্তি ছিল-ধুনলাগার কারণে এখন ফতুর।

ধুন্ধুমার *বি.* প্রচণ্ড মারপিট বা উত্তেজনা ॥ মধ্যরাত্রে সে এক ধুন্ধুমার কাণ্ড- [কারা., আ.হ.]

ধুব্‌ড়ি *বি. বিণ.* [কল] মোটা মেয়ে, স্থূল শরীরের মেয়ে ॥ ধুব্‌ড়িটা থপথপ করে হাঁটে।

ধুম্‌ড়ি *বিণ.* [খু] নির্বোধ মেয়ে, কমবুদ্ধির মেয়ে ॥ ধুম্‌ড়িটার কোন দিনই কাণ্ডজ্ঞান হবে না।

ধুম্‌শা *বিণ.* [ব] মোটা, স্থূল ॥ ধুম্‌শা বেটিক্ বিয়ে করা যাবি নে।

ধুম্‌শি *বিণ.* [রং] মোটা গড়নের মানুষ ॥ ধুম্‌শি মাগি।

ধুমা *বিণ.* [দি] মোটা, অকেজো ॥ রমেশের বেটাখান এংনা ধুমা হছে যে এক এক করি তিনটা বিহা কইল একখানও টিকিল নাই।

ধুরন্দর *বিণ* [ম] অতি চালাক, প্রতারক ॥ অত বর ধুরন্দর লোক কি অয়!

ধুর্‌বায়্ *বিণ.* [খু] শয়তান, ধূর্ত, শঠ, খল, পাশাক্রীড়ক ॥ সবচেয়ে ধুর্‌বায়্ ঐ শরৎ উকিল।

ধুসো *ক্রি.* [কল] ঘুষি মারা ॥ এই পাড়ায় মাস্তানি করবিনে-ধুসো মেরে তক্তা বানিয়ে দেব।

ধেনু *বি.* [খু] মদ, নেশা জাতীয় পানীয় ॥ ধেনু খেলেই বেনু বাজবে।

ধোআ *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ ফনিন্দ্র আজকাল ধোআর কারবার করছে।

ধোঁকাবাজ *বিণ.* [কল] ঠগবাজ, প্রতারক, প্রবঞ্চক ॥ ওই ধোঁকাবাজের জন্যে আমার এই দুর্দশা।

ধোত্‌রা *বিণ.* [বরি] শ্রীহীন, বিশ্রী ॥ কিরে এই কয় দিনেই ধোত্‌রা মারইয়া গেচো?

ধোন *বি.* [ঢা বরি খু] পুরুষাঙ্গ, পুংলিঙ্গ, শিশ্ন ॥ ঢা- তোর

ধোনের কসম, আমি মিছা কই না। বরি- দেখমু হানে তোর ধোনে জোর কত? খু- তুমি আমার ধোন জানো।

ধোন খেঁচা *ক্রি.* [কু] হস্তমৈথুন করা, হাত দ্বারা মৈথুন করা ॥ ধোন-ধোন করিস্নি, ধোন খেঁচে আয় গা।

ধোন্দোল্ *বিণ.* [খু] অপদার্থ, অসার, অকর্মণ্য, অযোগ্য ॥ আমাদের ধোন্দোল্কে নিলে পস্তাবে।

ধোন-ধোন করা *ক্রি.* [কু] বিরক্তিকর কথাবার্তা বলা ॥ ধোন-ধোন করিস্নি চুপ করে থাক তো।

ধোনের পো *বি.* [বরি] পুরুষাঙ্গ জাত পুত্র ॥ আমার বাল ছিড়বা ধোনের পো।

ধোনের মাথা *বি.* [ঢা] পুরুষাঙ্গের শীর্ষদেশ ॥ ধোনের মাথায় চুম্মা খাওয়া মাইয়া লইয়া আয়।

ধোম *বিণ.* [কল] মোটা লোক, স্থূল মানুষ ॥ লোকটা যেমন ধোম- তেমনি একজন যম।

ধোলাই *বি.* [খু] প্রহার, মার, আঘাত ॥ ধরা পড়ে এমন ধোলাই দিলো যে বাপের নাম ভুলে গেলাম।

ধ্যাড়েঙ্গা *বিণ.* [ম] অস্বাভাবিক লম্বা ॥ ম- এই ধ্যাড়েঙ্গা কইত্তে আইল। [লম্বা ধ্যাড়েঙ্গা চেহারার লোক হাতে এক ছড়া কলা নিয়ে দাঁড়িয়ে আছে-পৃ.প.১,সু.গ.]

ধ্যাতা *বিণ.* [রং] বেহায়া, নির্লজ্জ, লজ্জাহীন ॥ তুমি ত বড় ধ্যাতা।

ন

নঅচ্ *বিণ.* [নো] দুর্ভাগা, অলক্ষী, মন্দ ভাগ্যের মানুষ ॥ তোর নঅচ্তিয়ার মারে চুদি, আঁরে নঅচ্তি লাগাতি আইচত্।

নইট্যা *বিণ.* [ম] পতিতা, চরিত্রহীন নারী ॥ নইট্যা মাগী তর তলাডা বাঙবাম।

নইস্যা *বিণ.* [বরি] অক্ষম, অকেজো, অসার ॥ ও নইস্যা আমার কি হরবে।

নংগোর্ *বিণ.* [রং] দুষ্ট, খারাপ, নষ্ট ॥ এ্যায় নংগোর্ ছাওয়া।

নক্সাবাজ *বি. বিণ.* [কল] ধূর্ত ও বদলোক ॥ নক্সাবাজের পাল্লায় পড়ে ছেলেটা খারাপ হয়ে গেল।

নচ্ছার *বিণ.* দুষ্ট, পাজি, শয়তান, পাপিষ্ঠ ॥ ও নচ্ছার বেটিকেও কেউ বাড়ী আস্তে দেয়- [কৃ.উ., ব.চ.]

নচ্ছারী *বি.* দুষ্ট মেয়ে, পাজি মেয়ে ॥ আর হারামজাদী, নচ্ছারী, বানের আগে কুটো- [গণ., তা.ব.]

নটক *বিণ.* দুষ্ট, চরিত্রহীন ॥ পাপে মন দিআঁ নটক কাহ্নাঞি- [কৃ.কী.]।

নট্‌কেরা *বিণ.* [খু] ভবঘুরে, বিনা কাজে সর্বত্র ঘুরিয়া বেড়ায় এমন ॥ দেশে নট্‌কেরার অভাব আছে?

নট্‌খৈট্যা *বিণ.* [ঢা] গণ্ডগোল সৃষ্টিকারী ॥ হারাজীবন অরা নট্‌খৈট্যা খান্দান।

নটি *বিণ.* [ম] বেশ্যা, পতিতা, বারবনিতা, নর্তকী, অভিনেত্রী, বারস্ত্রী ॥ নটি মাগির পুলা তুই।

নটি-মাগী *বি. বিণ.* [কু] খারাপ, দুষ্ট মেয়ে, চরিত্রহীন নারী ॥ নটি মাগী কুথাকার।

নটির ছাওয়াল *বি.* [কু] বেশ্যার বাচ্চা, চরিত্রহীন নারীর সন্তান ॥ নটির ছাওয়াল তুমার মাক্ চুদব।

নঠশীল *বিণ.* দুষ্ট প্রকৃতির ॥ নঠশীল মারে কীল খিল লাগে দাঁতে- [ভারত]।

নডা *বিণ.* [বরি] দুষ্ট, খাট ॥ হালায় বড় নডা।

নডি *বি.* [ঢা ম] নর্তকী, বেশ্যা, বারস্ত্রী, নটী, অভিনেত্রী ॥ ঢা- নডির লাহান চলিস্ না। ম- নডির ফুত তর মারে চুদি।

নডি মারানি *বিণ.* [ম] অবৈধ যৌনাচার করে এমন নারী, গণিকা, বেশ্যা, চরিত্রহীন নারী ॥ এই নডি মারানি ছেরির লাইগ্যা এলাকাডাই বাদ অইয়া গেল।

নতি *বি.* [হা. য] নটি, বেশ্যা [নটীর জাত] ॥ হা.- নতির কথায় বিশ্‌শাশ কি? য- এই নতি মাগিটার জ্বালায় এখানে বাস করা যাবে না।

নড়েভোলা *বিণ.* বোকা, হাবাগোবা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ আপনার এই মেয়েছেলেটা তো বড় নড়েভোলা- [টি.ত.,উ.দ.]

নদি *বি.* [গা.] নটী, চরিত্রহীন নারী ॥

নদি ইয়া *বিণ.* [গা.] নটীর জাত ॥

নদ্দিস *বি.* [ম] পায়খানা, মল, বিষ্ঠা ॥ এ একটা নদ্দিস কাওরা, আরাম আলালের বাছ বিচার নাই।

নদ্দিস খাউড়া *বিণ.* [সি] পায়খানা খায় যে পুরুষ, অবৈধ উপার্জনকারী ॥ নদ্দিস খাউরা ছুত্‌মারাউনির পুআ।

নদ্দিস খাউড়ি *বিণ.* [সি] যে নারী পায়খানা খায় ॥ নদ্দিস খাউরির গরর্‌ নদ্দিস খাউরি।

ননসেন্স *বিণ.* [ইং.শব্দ] অর্থহীন কথা বলে যে, বাজে ॥ তোর মত ননসেন্স আর একটাও নাই।

ননা *বি.* [কল] নিষ্ক্রিয় সমকামী ॥ করবে কি, শালা এখন ননা।

নবগুগা *বি.* [ম] নপুংসক, যৌন অক্ষম পুরুষ ॥ নবগুগার আবার বিয়া কি?

নবাব পুত্তুর *বি. বিণ.* [কল] অত্যন্ত অলস, কুঁড়ে, শ্রমবিমুখ, কর্মবিমুখ ॥ ওহে নবাব পুত্তুর একটু আধটু কাজ কর, নইলে গতরে যে জং ধরে যাবে।

নমিতার মাসী *বি. বিণ.* [খু] যৌন আকর্ষণকারী নারী ॥ যা নমিতার মাসীর কাছে যা।

নযুফযু *বিণ.* [ম] অকেজো, মূল্যহীন, তুচ্ছ ॥ আমি কি নযুফযু, চোহ বাসে না, হালা বজ্জাত।

নরাধম *বি.* অত্যন্ত হীন স্বভাবের মানুষ ॥ বটে রে পাষণ্ড নরাধম দুরাচার [বু.সা.ঘা.রোঁ., ম.দ.]?

নষ্ট *বিণ.* খারাপ, চরিত্রহীন ॥ তুইরে নষ্ট মহা দুষ্ট- [ভো.ম.]।

নসর *বি.* [কল] চাতুরী ॥ নসরগিরি করে কয়েক বিঘা জমির মালিক হয়েছে চারুচন্দ্র।

নসরবাজ *বি.* [কল] জুয়াচোর ॥ নসরবাজ সারা দিন ধান্দায় ঘুরছে।

নসোর *বি. বিণ.* [কুম] খারাপ, বজ্জাত ॥ এমুন্ নসরের্ পাল্লায় পড়লাম্।

নাইড়া *বি.* [রা] পাছা, গুহ্যদ্বার ॥ তর নাইড়া যদি না ফাটাইছি তহন কস্।

নাইড়হা *বি.* [ফ] নিতম্ব, পাছা, গুহ্যদ্বার ॥ নাইড়হা সরাইয়া বয়।

নাইড়্যা *বি.* [রা] মলদ্বার, পাছা, গুহ্যদ্বার ॥ তোর নাইড়্যাতে বাঁশ ঢুকাবোরে শালা।

নাইতা *বি.* [চট্ট] নাপিত, শীল, চুল কাটে যে [হীন অর্থে] ॥ নাইতার পোয়া নাইতা, এত কিছুর পরও তোর একই স্বভাব।

নাইপূতা *বি.* [ম] নাপিত, নরসুন্দর [হীন অর্থে] ॥ তুই নাইপূতার গরের্ নাইপতা।

নাউয়া *বি.* [রং] নাপিত, নরসুন্দর [হীন অর্থে] ॥ এ্যায় একটা নাউয়া, ইয়াক্ দিয়া কাম হবার নয়।

নাউয়াচাটা *বিণ.* [রং] লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ তুই বড় নাউয়াচাটা, খাওয়া দেখলে নড়বার চাশ্ না।

নাউয়ার ব্যাটা *বি.* [রং] নাপিতের ছেলে [হীন অর্থে] ॥ নাউয়ার

ব্যাটাক্ ঘাড় ধরি বাইর করি দাও।

নাওট্টা *বি.* [চট্ট] নটী, নাটুয়া ॥ নাওট্টা পোয়ার ন্যান কা গরর।

নাং/নাঙ্গ *বি.* [খু ফ ম রা বরি] উপপতি, অবৈধ পুরুষ প্রণয়ী ॥ ফ- ভাত খাও ভাতারের গীত গাও নাংয়ের। বরি- হে কি তোর নাং? রা- এত রাইতে তুই কোন নাংয়ের বাড়ি গেছিলি মাগি? খু- তোর কটা নাং রে বু? ম- কোন্ নাংয়ের বাইত্ গেছিলে? [তোমার রমণী কত নাং করে ঘরে- কৃষ্ণ ; কথা যদি কাট তো কি কাজ বুড়া নাঙ্গে- শিব]।

নাং করা *ক্রি.* [ব] পর পুরুষের সাথে মেলামেশা করা, পরকিয়া করা ॥ নাং করা মাগির আবার বড় বড় কথা।

নাং কুড়ানি *বি. বিণ.* [রা পা] যে নারী বহু পুরুষ খোঁজে ॥ রা- নাংকুড়ানি মাগি খালি বাড়ি বাড়ি যায়্যা বেড়ায়। পা- এই নাং কুড়ানি কতা কম ক।

নাং ক্ষণাং খুলি *বি.* [খুমি] জ্বিন-প্রেতের ছেলে ॥

নাংখো আঙা জুয়া [গা.] তোর মায়েরে চুদি ॥

নাংগা আনোগা হু [চ.] তোর মার মাথা ॥

নাংগা ছি *বি.* [চ.] তোর মাথা ॥

নাংগা নো হেক্ [চ.] তোর... মার ॥

নাংটাচুদি *বিণ.* [কল] চরিত্রহীনা, বিবস্ত্র হয়ে যৌনমিলন করা নারী ॥ শায়া, প্যান্টি, ব্রা পরে নাংটাচুদি সময় নষ্ট করতে নারাজ।

নাংটাচোদা *বিণ.* [কল] চরিত্রহীন ব্যক্তি, নগ্ন হয়ে যৌনমিলন করা পুরুষ ॥ নাংটাচোদার পোশাকের দরকার কি, একটা জাঙ্গিয়া হলেই হল।

নাংটাছোঁড়া *বিণ.* [কল] কামুক, লম্পট, চরিত্রহীন ছেলে ॥ নাংটাছোঁড়া একবার দেখতে পেলেই হল, ঘুসঘুস করে কাছে আসবে।

নাংটা ছুঁড়ি *বিণ.* [কল] চরিত্রহীনা, কুলটা, দুশ্চরিত্রা নারী ॥ নাংটাছুঁড়ির যেন তর সইছে না, এখনই চাই।

নাংটি *বি.* [কল] উপপতির সঙ্গে কু-সম্পর্কে লিপ্ত থাকা নারী ॥ নাংটি দেখতে পাস্‌নি লো কে ঘরে ঢুকল, তোর ভাতার না অন্য কেউ।

ন্যাংটো *বিণ.* উলঙ্গ, বিবস্ত্র, নগ্ন ॥ ও সাহেব মুই তোমার মা, মোরে ন্যাংটো করো না- [নী.দ., দী.মি.]

নাং দিক্লি বা [খুমি] তুই মর ॥

নাং ধরনী *বিণ.* [রং] উপপতির সন্ধানকারী নারী ॥ এ্যায় নাং ধরনী এটি মইবার আচ্চিস ক্যা?

নাং ধুগড়ি *বিণ.* [রং] নষ্ট চরিত্রা, অসতী নারী ॥ মাও হইল নাং ধুগরি তার বেটির ফুটানি দোখো।

নাং মারাইস্নে *বিণ.* [খু] চরিত্রহীনা, অসতী, দুশ্চরিত্রা ॥ নাং মারাইসনে সতী হ।

নাংমারানির ছাওয়াল *বিণ.* [পা] অসতীর ছেলে ॥ নাংমারানির ছাওয়াল চুপ কর।

নাংমারানির মিয়ে *বিণ.* [পা] অসতীর মেয়ে ॥ নাংমারানির মিয়ে কতা কম ক।

নাং সুয়াতি *বি.* [দি] একেক পুরুষের কাছে একেক ভাব ধরা নারী ॥ মুঁই জানোনা তুই রাইতত্ রাইতত্ নাং সুয়াতিগিরি করি বেরাইস্।

নাঙ *বি.* [কু] প্রেমিক, নাগর, উপপতি ॥ খানকি মাগী তোর তো নাঙ্গের হিসাব নেই।

নাঙ গাহি মাগীর বেটি *বিণ.* [দি] যে নারী পরকীয়া করে তার মেয়ে ॥ নাঙ গাহি মাগির বেটিও একখান নাঙ গাহি।

নাঙ চুন্নি মাগি *বিণ.* [দি] যে নারী অন্য নারীর স্বামীকে নিজের করে নেয় ॥ ঐ নাঙ চুন্নি মাগিটার সাথে তোর এতো পিড়িত কেনে রে, ঐ চোঁদারিটার সাথে আর কুনোদিন যেন তোক্ না দেখোঁ।

না ত এক [বম] তোমার পাছায় গু ॥

নাক উঁচু *বি.* অহংকারী, উন্নাসিক ॥ দীনেশচন্দ্র সম্বন্ধে আমার নাক-উঁচু ভাব তাঁর কাছেও গোপন করিনি- [বা.বৃ.,স.সে.]

নাক্ চক্ ছাইং [মা.] তোর লোম গুচ্ছ ॥

নাক চোঁদো *ক্রি.* [দি] ঘৃণা ও ক্ষোভ অর্থে ॥ পালা মাংগী, কাজিয়া করিবা আইছে এইঠে, তোর নাখক চুঁদো।

নাক্ ফাহ্ [মা.] তোর বাপ ।

নাক্মা জুয়া *বি.* [গা.] চুত্মারানি, চরিত্রহীন নারী ॥

নাক্মা জুয়া বিফা *বি.* [গা.] চুত মারানির পুত ॥

নাক্মা নিসি [গা.] তোমার মায়ের ছাওয়া [যোনি] ॥

নাক্মা পিছা *বি.* [গা.] চুত্মারানির ভাই ॥

নাক্ মুইং [মা.] তোর মা ॥

নাকাদ্দা *বিণ.* [খু] নিষ্কর্মা, বেকার, অলস ॥ ব্যবসা করা নাকাদ্দার কম্ম না।

নাখারিসৃতা *বিণ.* [ম] নোংরা, . খারাপ ॥ তুই এই রহম নাখারিসৃতা কাম কেমনে করলে ?

নাখোন্দ *বিণ.* [পা] অকেজো, অকর্মণ্য ॥ এত নাখোন্দ হলি কি হয়।

নাগর *বি.* [বরি] প্রেমিক, অনুরাগী, প্রণয়ী ॥ নাগর মরে শীতে আর ভাতে।

নাগরামি [ম] নাগরপনা, নাগরের ভাব, প্রেমচাতুরী ॥ অত নাগরামি করিস না বেডা।

নাগ্‌রালি *বি.* [ম] বখাটেপনা, নাগরপনা, নাগরের ভাব, প্রেমচাতুরী ॥ তর্ নাগ্‌রালি ফিডাইয়া বাইর্ হরবাম ॥ [একি নাগরালি কর রাখালের সঙ্গে ফির কাল আখর নাহি তোমার পেটে-পদরত্না]।

নাগরী বেশ *বি.* ছদ্মবেশ, কপট বেশ ॥ আঙ্খাত না পাত রাধা নাগরীবেশ-[কৃ.কী.]।

নাগারচি *বি.* [ম] বাদ্যকর [হীন অর্থে, সম্প্রদায় বিশেষ] ॥ তুই নাগারচি-ছোড়ুলোক ।

নাট্‌কিলা *বি. বিণ.* [ম] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ নাট্‌কিলার বাচ্চা তর দন কে কাইব।

নাটা *বি. বিণ.* [কল] বেঁটে মেয়ে ॥ এত নাটা মেয়ে আমার কখনো চোখে পড়েনি।

নাটা চোখি *বিণ.* [দি] বড়ই-এর বিচির মত চোখ যে নারীর ॥ ঐ যে নাটা চোখিটা আইসেছে, নিশ্চয় কিছু ফিকির ফন্দি আঁটিছে।

নাটো *বি. বিণ.* [য] বদমাশ, লম্পট, চরিত্রহীন ॥ বাইনচোত্, নাটোগিরি করে কদ্দিন চলবে?

নাডিগুডি *বি.* [ঢা] শয়তানি, কুপরামর্শ ॥ হগল্ নাডিগুডি ঐসে হের্ বৌয়ের।

নাড্ডা *বি. বিণ.* [রং] বদমাশ, গুণ্ডা, লম্পট, চরিত্রহীন ॥ নাড্ডাটা সারা আইত্‌ত নাড্ডামি করি বেড়াইস্ আর দুপুর বেলা নিন্‌দা থাকি উঠিস্।

নাড় *বি.* [খু] বিধবা, যে নারীর স্বামী মারা গেছে ॥ বিয়ে হতে না হতেই মেয়েটা নাড় হয়ে এলো।

নাড়া *বি. বিণ.* [খু] উচ্ছৃঙ্খল পুরুষ ॥ এটা ঐ নাড়ার কাজ।

নাড়ি *বি.* [কু] বিধবা, যে নারীর স্বামী মারা গেছে ॥ নাড়ি হলি বড়ো দুক্‌খু।

নাদাং *বিণ.* [য] অপদার্থ, অসার, অযোগ্য, অকর্মণ্য ॥ সব কিছু এই নাদাং ছেলেটা বরবাদ করে দিয়েছে।

নাদান[১] *বিণ.* [য] বোকা, নির্বোধ, অবুঝ, অজ্ঞান ॥ দুর নাদান, তোর মাথায় কি কোন বুদ্ধি নেই?

নাদান[২] *বিণ.* [ম] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ ইমুন নাদান ত আর দেক্ছি না।

নাদান্ বক্শ *বিণ.* [ম] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ তুমি একটা নাদান্ বক্শ।

নাদান্ শাই *বিণ.* [ম] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ তোর মত নাদান শাই এর পুটকিও মারি না আমি।

নানক্ *বি. বিণ.* [কল] ভবঘুরের সর্দার ॥ জমি জিরেত হারিয়ে জগবন্ধু নানক্ হয়েছে।

নানূখাতাই *বি.* [কল] বারবনিতা, বেশ্যা, বারবধূ, বারনারী, পতিতা, বারস্ত্রী ॥ পাড়ায় নুচ্ছমি না করে নানূখাতাই গিয়ে নাম লিখিয়েছে সবিতা।

নাপ্তালি *বি.* [খু বরি] চালাকি, চাতুরী, ধূর্তামি, ফন্দি ॥ বরি- তোরে নাপ্তালি হরতে মানা হরছি না? খু- আমার সাথে নাপ্তালি মারাইও না।

নাপ্তি *বি.* [খু] নাপিত, নরসুন্দর [হীন অর্থে] ॥ নাপ্তিই তো একমাত্র কান ধরতে পারে।

নাপিত *বিণ.* [ঢা] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ লোকটা বর নাপিত্।

নাবড় *বিণ.* দুষ্ট, খল, শঠ ॥ ঠক ঠেঁটা নাবড় ছেবড় লোকে রটে- [ঘন]।

নাবুড়ি *বি.* শঠতা, কুচিন্তা ॥ বিচারিল চিত্তে যুক্তি করিয়া নাবুড়ি আবশ্যক রঞ্জাকে করিব আঁটকুড়ি- [ঘন]।

নাবুয্ *বিণ.* [চট্ট] অবুঝ, নির্বোধ ॥ নাবুয্ বালক অইয়স দে নে, কিছু ন বুঝর দে?

নামাক্কুল্ *বিণ.* [পা] বোকা, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ ও একটা নামাক্কুল্ মার্কা লোক।

না মেল সিয়া [বম] তোমার চেহারা বিশ্রী ॥

নারকেল কোরা *ক্রি. বি.* [কল] গর্ভপাত করা।

নারদ *বি. বিণ.* একের কথা অন্যকে বলে ঝগড়া লাগায় যে ॥ [কলহ প্রবর্তকরূপে প্রসিদ্ধ থাকায়

মুসলিম কবি কল্পনায় ইব্লিসের সঙ্গে তুলনীয়]। ইব্লিস নারদ পাপী হরির সহিত ভাল মন্দ কার্য্য যে শিখাএ প্রতিনিত- [সৈ.সু.] ।

নারদমনি *বি. বিণ.* [পা] অপকর্মের মূল, অতি কুটবুদ্ধিসম্পন্ন মানুষ ॥ ওই শালাই সব কামের নারদমনি।

নারুভাঙা *বিণ.* [সি] মেরুদণ্ডহীন, দুর্বল, সামর্থ্যহীন ॥ হাঙ্গা বউরির পুআ নারুভাঙার গরর নারুভাঙা।

নারেবড় *বিণ.* ধৃষ্ট, অশিষ্ট ॥ নারেবড় কাহ্নাঞাঁ পাঠাইআঁ দিল মোরে- [কৃ.কী.] ।

নালায়েক *বিণ.* [ম] অক্ষম, অপদার্থ, অযোগ্য ॥ ম- শালা তুই একটা নালায়েক কামলা! [যতসব ডরপুক না-লায়েক ইংরেজ মাস্টন আর রডা কোম্পানী উজাড় করে বন্দুক পিস্তল কেনার ধুম লাগিয়েছে- সে.স.,সু.গ. ; তুই শালা বড় না লায়েক আছে- নী.দ., দী.মি.]

নাল্যাকাডা *বিণ.* [ম] হাবাগোবা, বোকা, বুদ্ধিহীন, নির্বোধ, বেআক্কেল ॥ নাল্যাকাডা পুলারে দে পড়ালেহা আশা করন যা না।

নাসং গুমুক খো ডাকেঙ্গা [গা.] তোমার চৌদ্দ গোষ্ঠীকে চুদি।

নাসাক্রি *বিণ.* [সাঁও.] অকৃতজ্ঞ, নাশকারি ॥

নাস্তানাবুদ *বিণ.* ব্যতিব্যস্ত, হয়রানি ॥ রোজ দুধ-দুইবার সময় দুধের কেঁড়ে উল্টে দিয়ে মাকে নাস্তানাবুদ করে তবে ছাড়তিস- [বু.আ.,অ.ঠা.]

নিকাবিলা *বি. বিণ.* [পা] বেকার, কর্মহীন ॥ তুই একটা নিকাবিলা লোক।

নিকাশ্‌ট *বিণ.* [য] নিষ্ঠুর, হৃদয়হীন ॥ শালা একটা নিকাশ্‌ট কোন দয়ামায়া নেই।

নিকীরি *বি. বিণ.* [কু] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ শালা নিকীরির বাচ্চা নিকীরি।

নিকুচি করা *ক্রি. বি.* শেষ করে দেওয়া ॥ তোমার আশীর্বাদে ওদের খ্রীষ্ট আর খৃষ্টানির নিকুচি করে ছাড়ব- [কেরী.,প্র.না.বি,]

নিগৃগুনে *বি. বিণ.* [খু] অকর্মণ্য, অযোগ্য, অসার, অপদার্থ ॥ তুই একটা আস্ত নিগৃগুনে লোক।

নিট্‌কান ক্রি. [পা ম] নির্লজ্জভাবে হাসা ॥ ম- তর নিট্‌কানি বাইর হরবাম। পা- এত নিট্‌কান হাসা ঠিক না।

নিট্‌কি *বি.* [ম] অট্টহাসি ॥ অত

নিট্‌কি তর কইত্তে আইয়ে।

নিদাইরা *বিণ.* [কুম ম] দাড়িহীন, শ্মশ্রুহীন ॥ কুম- নিদাইরা মানুশ্ বর নিষ্ঠুর। ম- নিদাইরাত্তে বে বইতাম্ না।

নিভাগ্‌গ্যা *বি. বিণ.* [কু] ভাগ্যহীন, মন্দ ভাগ্যের লোক, দুর্ভাগা, হতচ্ছাড়া ॥ এমন নিভাগ্‌গ্যা যে পিন্‌দনের এক্‌টা কাপর্ কিনতে পারে না।

নিমক্‌হারাম *বিণ.* [চট্ট] অকৃতজ্ঞ, কৃতঘ্ন, যে উপকারীর উপকার স্বীকার করে না ॥ চট্ট- আগে তো মানতি এহ্‌ন গরর দুশমনি হালায় নিমক্‌হারাম।

নিমক্‌হারামি *বি.* অকৃতজ্ঞতা, কৃতঘ্ন, উপকারির উপকার স্বীকার না করা ॥ আমি দেওয়ানি আমিনি দুই করিতে পারি তবেই এ সব নিমক্‌হারামি রহিত হয়- [নী.দ., দী.মি.]

নিম্‌কি *বিণ.* [খু] সুন্দরী মেয়ে ॥ ও আমার নিমকি বউ।

নিমকির দোষ *বিণ.* [খু] চরিত্রহীন নারী, অসতী মেয়ে, দুশ্চরিত্রা নারী ॥ কে না জানে হাজেরার নিমকির দোষ?

নিমছা *বি. বিণ.* [ম] কুমতলব আঁটা লোক ॥ এ একটা নিমছা লোক সুযোগ ফাইলে ছাড়বো না।

নিমায়া *বিণ.* [সি] নিষ্ঠুর, নির্দয়, মায়াহীন ॥ তার মত নিমায়া লোক আর দ্বিতীয়টি নেই। [নিমায়া নিঠুর হইয়া গেল প্রাণনাথ- মু.ক.প.]।

নিমুখোরা *বিণ.* [ম] নির্দয়, নিমকহারাম ॥ আরে নিমুখোরা আমার অত সাহায্য বুইল্যা গেলি?

নিমুরইদ্যা *বি. বিণ.* [সি] মুরোদ নেই, যৌন শক্তি নেই যার ॥ নিমুরইদ্যার গরত বউ তাখতো নায়।

নিমুরাইদ্যা *বি. বিণ.* [ম] অক্ষম পুরুষ, যৌন অক্ষম পুরুষ, নপুংসক ॥ ইমুন নিমুরাইদ্যারে কেডা বেয়্যা করবো।

নিমুরাইদ্‌নী *বি. বিণ.* [ম] অক্ষম নারী, যৌন অক্ষম নারী ॥ আরি নিমুরাইদ্‌নী ঝিয়েরে বেয়্যা এম্‌নে দিতে ফারবে।

নিমুরুদে *বিণ.* [খু] অক্ষম, অযোগ্য, অসার, অপদার্থ ॥ ও একটা নিমুরুদে পুরুষ।

নিয়্‌মান *ক্রি. বিণ.* [খু] বোকার মতো হাসা ॥ ওর হাসিটাই নিয়্‌মানের মতো।

নিরবইংশা *বিণ.* [ঢা] যার কোন বংশ

বা সন্তান নেই ॥ দুরু নিরবইংশার গরের্ নিরবইংশা।

নির্লজ্জ *বিণ.* লজ্জা নেই এমন, লজ্জাহীন ॥ [নির্লজ্জ! প্রতিজ্ঞা তিনি ভাঙ্গেন সহজে [বী.কা., ম.দ.] ! ; সেই- সেই শেমলেস উওমেনাইজার-নির্লজ্জ লম্পট- [টি.ত., উ.দ.] ।

নির্ব্বংশের পুরি *বি.* [খু] আঁটকুড়ে পরিবার, যে বংশে সন্তান জন্মে না ॥ তোর যেন নির্ব্বংশের পুরি হয়।

নিলক্খি *বি.* [বরি] অলক্ষী, মন্দ ভাগ্যের নারী ॥ কি নিলক্খি বৌরে বাবা!

নিলোচ্ *বিণ.* [রং] নির্লজ্জ, শরমহীন, বেহায়া ॥ লোকটা এক্কেবারে নিলোচ্।

নিশ্তর‍্যা *বিণ.* [ম] নির্দয়, হৃদয়হীন, যার দয়া মায়া নেই, মমতাহীন ॥ নিশ্তর‍্যা মানুশ্ দেক্বার ইচ্ছা অয় না।

নিশ্তি *বি. বিণ.* [চট্ট] অলক্ষ্মী, মন্দ ভাগ্যের মানুষ ॥ নিশ্তি গওর, যিয়ান ধরে ইয়ান ধ্বংস হয়।

নিশ্পতি *বি.* [ম] শ্যালক, স্ত্রীর ছোট ভাই ॥ এই নিশ্পতি তর বইনেরে চুদি।

নিশাদান *বি.* নিশিকালে রতিদান, রাতে সঙ্গম করা ॥ হেন বুঝি রামা মোরে দিল নিশাদান- [ক.চ.]।

নিশুমা *বিণ.* [পা] অপদার্থ, অসার, অযোগ্য, অকর্মণ্য ॥ শালা নিশুমা কোনো কাম করে না।

নিষ্কর্মা *বি. বিণ.* [ম] অলস ব্যক্তি, কর্ম করে না যে ॥ এই নিষ্কর্মা তুই ত বউঐ রাকতে ফারতে না।

নিহা *বি.* [ম] দ্বিতীয় বিয়ে, নারী-পুরুষের পর পর বিয়ে [দ্বিতীয়বার বিয়ে করাকে নিহা বলা হয়] ॥ তর ব্যবসাতো নিহা বওয়া লো বান্দি।

নুক্দার *বি.* [কল] সুডোল নিতম্ব, আকর্ষণীয় পাছা ॥ নমিতার আকর্ষণীয় নুক্দার দেখে মাথাটা গরম হয়ে উঠলো।

নুইস্যা *ক্রি.* [ম] খাওয়া, প্রতিশোধ নেওয়া ॥ নুইস্যা লাও এরে।

নুঙ্কু *বি.* [কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ দীপঙ্করের নুঙ্কু অশ্বলিঙ্গের মত।

নুচ্চ *বি. বিণ.* [কু] লম্পট, বদমাশ, চরিত্রহীন ॥ ও শুধু খারাপ না একটা নুচ্চ ।

নুচ্চিয়া *বি. বিণ.* [কল] হ্যাংলা, বেহায়া ॥ ব্যাটার স্বভাবটা বড়ো নুচ্চিয়া।

নুছড়্যামি *বিণ.* [রং] অপরিচ্ছন্ন, অপরিষ্কার ॥ ছেলেটার নুছড়্যামি

চাল্‌ এখনও গেলো না।

নুছ্‌রা *বি. বিণ.* [রং] নীচ, ছোটলোক ॥ নুছ্‌রা কোন্‌ঠ্যাকার।

নুত্‌পা *বি.* [ব] বীর্য, শুক্র ॥ ভালো লোকের নুত্‌পায় পয়দা হলে এমন মতিগতি হবে কেন।

নুদিবানি *বিণ.* [চা.] চঞ্চলা, ঢংগি ॥

নুনী *বি.* [ম] স্তন, বুনি, দুধ ॥ অহন নুনী চোষো সালা।

নুনু *বি.* [খু] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ বেশি বাড়াবাড়ি করলে তোর নুনু কেটে দেব।

নুর্‌মি *বিণ.* [ম] অকর্মণ্য, অসার, অযোগ্য, অকর্মণ্য ॥ এই নুরমি বেডায় বৌ ফালতো ফারতো না।

নেউংলা *বিণ.* [রং] খোঁড়া, ল্যাংড়া, খঞ্জ ॥ হেটা নেউংলা মানুশ্‌ ।

নেওড়া *বি.* [কু কল] যৌনাঙ্গ, পুরুষাঙ্গ ॥ কু- তুই আমার নেওড়া জান। কল- পরিতোষের নেওড়া ওঠে না-বউটা অন্য নাং ধরেছে।

নেংড়া *বিণ.* [ম] খোঁড়া, খঞ্জ ॥ আরে নেংড়া তোর মত ইতর আছে রে।

নেংড়ি *বিণ.* [রা পা] খোঁড়া মেয়ে ॥ রা- ঐ নেংড়ি কুণ্ঠে গেছিলি। পা- নেংড়ি মাগি এই দিক আয়।

নেডি *বি.* [নো] বেহায়াপনা, নির্লজ্জ আচরণ ॥ নেডি কুত্তার গেঁডি শক্ত বেশি। কতা ন কই থামি থাক্‌।

নেমকহারাম/নিমক্‌হারাম *বিণ.* [ম] অকৃতজ্ঞ, যে উপকারীর উপকার স্বীকার করে না ॥ ম- তুই ইমুন নিমকহারামীপনা কেমনে করস্‌? [নেমকহারাম,... তুই আমাদের একা ফেলে সেই হাড়হাবাতির পাদোদক খেতে যাবি- প্র.প্র., আ.দে.; আমি নিমক্‌হারাম নই শঙ্করী- ভ.আ., রা.সে.] ?

নেহনি *বি.* [কল] পতিতা, বেশ্যা, বারবানিতা, বারস্ত্রী, বারনারী, কুলটা, খানকি ॥ আমি এই নেহনিকে ডলেমলে ভারি আনন্দ পাই।

নৈশ্‌কা *বিণ.* [রং] অকেজো, অসার, অপদার্থ, অক্ষম ॥ তুই একটা নৈশ্‌কা মানুশ্‌ ।

নোচ্‌চা *বি. বিণ.* [রং] অবৈধ প্রেমিক, বদমাশ, চরিত্রহীন, লম্পট ॥ নোচ্‌চাদের কঠিন শাজা হওয়া উচিত ।

নোতুন-চ্যাঙলা *বি.* [কল] নতুন মস্তান ॥ এই পথে এখন নোতুন-চ্যাঙলা আড্ডা দিতে শুরু করেছে।

নোতুন্‌ পাখি *বি.* [কল] নতুন বেশ্যা ॥ আরে এ যে নোতুন্‌ পাখি, কবে এলো এ পাড়ায়?

নোতুন সেআনা *বি.* [কল] শিক্ষানবিস চোর ॥ সুবল আজকাল এ পাড়ার মধ্যে নোতুন সেআনা হয়েছে।

নোটি *বি.* [রং] বেশ্যা, বারবনিতা, পতিতা, গণিকা, বারনারী, বারস্ত্রী, বারবধূ, কুলটা, কামিনী ॥ তুই এক্না নোটি।

নোটি মাগি *বি.* [রং] বেশ্যা, পতিতা, চরিত্রহীন, বারবনিতা, কুলটা, বারস্ত্রী, বারনারী ॥ নোটি মাগি কোন্ঠে গেলু।

নোটির বেটা *বি.* [রং] বেশ্যার ছেলে, চরিত্রহীন নারীর সন্তান ॥ ওই নোটির বেটাক্ ধরি আনো।

নোটির বেটি *বি.* [রং] বেশ্যার মেয়ে, চরিত্রহীন নারীর কন্যা ॥ ওই নোটির বেটিক্ ধরি আনো।

ন্যাংটিয়া *বি.* [রং] নির্ধন, গরিব ॥ এই ন্যাংটিয়াক্ ঘাড় ধরি বাইর করি দাও।

ন্যাংলা *বিণ.* [রং] খোঁড়া, খঞ্জ ॥ শালাক্ কোনো কামোত্ কইলে মনে হয় হাত পাও ন্যাংলা হয়্যা যায়।

ন্যাকড়াবাজি *ক্রি. বিণ.* [খু কল] ধুনফুন করা, প্রবঞ্চনা করা ॥ খু- আমার সাথে ন্যাকড়াবাজি করিস্নে শুয়ার। কল- আর কত কাল ন্যাকড়াবাজি করে চলবি?

ন্যাক্যাদি *বিণ.* [কু] বোকা, নির্বোধ, বেআক্কেল, বুদ্ধিহীন, বেওকুফ ॥ এখানে ন্যাক্যাদি ঠাপায় না।

ন্যাকা *বিণ.* [কুম কল] বোকা, জেনেও না জানার ভান করা ॥ কুম- এমন ন্যাকা সেলে দিয়ে একায হবে না। কল- ন্যাকা যেন কিছুই জানে না, ফুলশয্যার রাতে কি হয়।

ন্যাকাচোদা *বি.* [খু] নির্বোধ, বোকা, বেআক্কেল, বুদ্ধিহীন, বেওকুফ ॥ ন্যাকাচোদা না হলে এমন কাজ করে?

ন্যাকামি *বি.* ন্যাকার ভাব, বোকার ভান ॥ ন্যাকামির একটা লিমিট আছে- [কা.মা., ন.ভ.]

ন্যাছছুইরা *বিণ.* [রং] ছন্নছাড়া, লক্ষ্মীছাড়া, উচ্ছন্ন ॥ ন্যাছছুইরা মানুশক্ কেউ পুছে না।

ন্যাজাপাটি *বিণ.* [দি] লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ ঐ বুধুর বেটাটা কঠিন ন্যাজাপাটি কুষ্ঠেও খাওয়া দেখিলে আর থাকিবা পারে না।

ন্যাদানো ক্রি. [পা] লাথি মারা, পা দ্বারা আঘাত করা ॥ শালাক্ ন্যাদানি দিয়ে পেট ফাটা ফেলাবোনে।

ন্যার্‌রা *বি. বিণ.* [রং] বাচাল, ফাজিল ॥ ন্যার্‌রাটা এক্ ধারছি এ গুপ্ত কথাটা মানুশক্ কলু।

ন্যাল্‌চিয়া *বিণ.* [রং] লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ ন্যাল্‌চিয়া মানুষটাক্ কায় ডাকাইচে?

ন্যাশ্‌বোত্ *বি.* [পা] শ্যালক, স্ত্রীর ছোট ভাই ॥ এই ন্যাশ্‌বোত্ এই দিক আয়।

ন্যাহা *বিণ.* [য খু] বোকা, অকর্মণ্য ॥ খু- তুইও ন্যাহা আমিও ন্যাহা। য- এমন ন্যাহা ছেলের পাল্লায় পড়ে সংসারের দুরবস্থা।

প

পঅল *বিণ.* [চট্ট] পাগল, মাথা খারাপ, উন্মাদ, মানসিক রোগী, বিকৃত মস্তিষ্কের মানুষ ॥ পঅল ফল্লার, হথাবার্তা ঠিক নাই।

পঅলর *বি.* [চট্ট] পাগলের, উন্মাদের ॥ পঅলর পোয়া পঅলাই ন গরিস্।

পঅলা *বিণ.* [চট্ট] পাগলা, উন্মাদ, বিকৃত মস্তিষ্কের মানুষ ॥ পঅলা পোয়ারে লৈ বিপদে আছি।

পঅলাই *বি.* [চট্ট] পাগলামি ॥ এক্কু মাইরে পঅলাই ঠিক গরি দিয়ুম।

পউনি *বি.* [কল] গণিকা, পতিতা, বেশ্যা, বারবনিতা ॥ মার শালা, ওই পউনিকে ধরে মার।

পএদাগির *বি.* [কল] পকেটমারদের সর্দার ॥ পএদাগির কাছে গেলে টাকা উদ্ধার হতে পারে।

পএলা বিলা *বি.* [কল] যে লোক অন্যকে প্রতারিত করে ॥ আমি পএলা বিলার খপ্পরে পড়েছি।

পংগা *বিণ.* [ম] জারজ, পিতৃপরিচয়হীন, বেজন্মা, হারামজাদা ॥ পংগা শালা কোন্‌হানের।

পংডা *বি. বিণ.* [সি কুম] শয়তান, খারাপ, নষ্ট ॥ সি- এমুন পংডা খাম বাফের জনমে দেখছি না। কুম- পুংডামি করিস্ না।

পক্‌কি *বি.* [ম ফ] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ ম- আমার পক্‌কিরে বল। ফ- ক্যাঁতার তলে [কাঁথার] পক্‌কি নাচাও।

প-ক-চ *বি.* [খি.] জারজ ছেলে, পিতৃপরিচয়হীন ছেলে, হারামজাদা ॥

পকড়ুম করা *ক্রি. বি.* [কল] যৌনসংগম করা, রতিক্রিয়া করা,

যৌনক্রিয়া করা, মৈথুন ॥ এই কয়েক মিনিট আগে সুবলাকে পকড়ুম করে এলাম।

পকাত পকাত *বি.* [ঢা] বাচালতা, বেশি কথা বলা ॥ হালায় পকাত পকাত করে, কোন কামের না।

পক্যাল *বি.* [রং] সহবাস, সঙ্গম, রতিক্রিয়া ॥ শালিক্ ধরি পক্যাল করমু।

পগা *বি.* [সি] উজবুক, আহাম্মক, মূর্খ, বোকা ॥ পগার মুখঅ বগা ভর‍্যা দে।

পচ্চিমে *বি.* [খু] সর্বনাশ কামনা ॥ পোড়া কপালি তোর পচ্চিমেয় ধরে না।

পচরাগিয়াই *বি.* [সাঁও.] ভীতু লোক, ভীরু ॥

পঞ্চমুখ *বিণ.* বাচাল, বাকপটু ॥ কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ- [ভারত]।

পটকা *বি.* [খু] যৌন কাজে অসমর্থ নারী ॥ আমার বউটা একদম পটকা মেরে গেছে।

পট্‌টিবাজ *বিণ.* [রা] ফাঁকিবাজ, প্রবঞ্চক ॥ ছেলেটি বড় পট্‌টিবাজ।

পটপটি *বি.* মলদ্বার দিয়ে বায়ু নির্গমনের শব্দ ॥ হাগা নেই পটপটি সার- [প্র.]

পট্‌পটে *বিণ.* [খু] বাকপটু, বাচাল ॥ থামতো একটু পট্‌পটে ।

পটের বিবি *বি.* [কল] অলস, নিষ্কর্মা মহিলা, সাজগোজ করে বসে থাকা মহিলা ॥ শালী, ঘরের দরোজায় পটের বিবি সেজে বসে আছে।

পণ্ডিত *বি.* [ম] সবকিছুতেই যে বেশি বুঝে [ব্যঙ্গার্থে] ॥ অত পণ্ডিতি বালা না।

পত্‌থর্‌বাজ *বি.* [কল] দামি পাথর চোর ॥ রাজন পত্‌থর্‌বাজ হয়ে অর্থ কামিয়েছে।

পদ্‌দান *বি.* [রং] প্রধান, সর্দার [তুচ্ছার্থে] ॥ এ্যাই পদ্‌দানের ব্যাটি পদ্‌দান, তোর বাপ কতুগুলা ট্যাকা দিয়া বিয়া দিছে যে তুই ১০টা সমে নিন্‌দা থাকি উঠিস্।

পদ্‌দানের ছইল *বি.* [রং] সর্দারের ছেলে [তুচ্ছার্থে] ॥ বাপ খায় কামলা দিয়ে তার ব্যাটাক্ দ্যাক্‌লে মনে হয় পদ্‌দানের ছইল।

পদাপদি *বি.* [কুম] গালাগালি, তিরস্কার ॥ পদাপদি ছার্ ।

পন্‌চাস *বি.* [কল] তাসের জুয়ারি ॥ এবার জিতে যাবি-মার শালা পন্‌চাস।

পমাং বা এন [ম্রো] তুমি রাজা নাকি?

পয়দান্ *বি.* [কুম] গালি, তিরস্কার ॥

পয়দান্ দিস্ না, বালা ঐবো না কিন্তু ।

পয়মাল *বি.* [পা] শূকর [অসভ্য অর্থে] ॥ পয়মালের জাত্ আমার ঘাড়ে আসি পড়েছে।

পয়োভার *বি.* পয়োধর, স্তন, দুধ, বুনি ॥ কমল কলিকাসম তার পয়োভারে- [কৃ.কী.]।

পরকীয়া *বি.* বিবাহিত নারী-পুরুষের অবৈধ যৌনসম্পর্ক, নায়িকা বিশেষ, 'যে সকল স্ত্রীলোক ইহলোক ও পরলোক সম্বন্ধীয় ধর্মের অপেক্ষা না করিয়া আসক্তিবশতঃ পরপুরুষের প্রতি আত্মসমর্পণ করে এবং যাহাদিগকে বিবাহ-বিধি অনুসারে স্বীকার করা হয় না, তাহারাই পরকীয়া'- [বৈষ্ণব অভিধান]। অপ্রকাশে যার মতি পর পতি সনে/পরকীয়া তাহারে বলয়ে কবিগণে- [ভারত]; স্বকীয়ার সংগে নহে অতি প্রেমরস/পরকীয়া সংগে যোগ্য প্রেমের মানস- [আ.রা.] ।

পরদারী *বিণ.* অন্যের স্ত্রীতে সংসর্গকারী ॥ পরকর্ম্ম পরদারী যে হরে পরের নারী- [সৈ.হা.] ।

পরপতি *বি.* উপপতি, উপনায়ক ॥ পরপতি সনে বেঁধেছে পরাণে ইহাই দেবতা কয়- [চণ্ডি]।

পল্‌টিবাজ *বি.* [কল] বিশ্বাসঘাতক, বিশ্বাস ভঙ্গকারী ॥ পল্‌টিবাজ এখনো বড় বড় কথা বলছিস্।

পলিয্‌বায্ *বিণ.* [খু] কৌশলবাজ, কূটবুদ্ধিসম্পন্ন ॥ সেকান্দার দারুণ পলিয্‌বায্ নেতা।

পশ্ *বি.* [চট্ট] আস্কারা, আশ্রয় ॥ বেশি পশ্ ন দিস্, মাথাত উডি মুতি দিব।

পশ্‌কি *বি.* [চট্ট] আস্কারা, আশ্রয় ॥ বাদররে পশ্‌কি দিলে কাঁদত্ চড়ে।

পাইকার *বি.* [ম] দালাল, প্রবঞ্চক ॥ আমার সাথে অত বর পাইকারি করলে ।

পাইচালি *বি.* [কুম] নোংরা ও বাজে কথাবার্তা ॥ কি হগল পাইচালি শুরু কৈরসে।

পাইজ্যা *বিণ.* [ম] পাজি, বদমাশ, চরিত্রহীন ॥ পাইজ্যা পাজুরা মানুষ আমার চোহের দুস্‌মন।

পাইপ মারা *ক্রি.* [কু] সঙ্গম করা, রতিক্রিয়া করা, মৈথুন ॥ শালা এতক্ষণ পাইপ মারতি শুরু করিছে।

পাইয়্যামি *বি.* [ঢা] পাজিপনা, হীনকাজ ॥ এত পাইয়্যামি করস্ ক্যান ?

পাইরাম *বি.* [ম] ফুটানি, নিজের সম্পর্কে উচ্চ ধারণা প্রকাশ ॥ তোমার পাইরাম দেইহা আর বাচিনা ।

পাইসা *বি. বিণ.* [ঢা] পেটুক, অতিভোজী, যে লোক মাত্রাতিরিক্ত খায় ॥ খালি পাইসার লাহান খাওয়ন্ হিক্‌স।

পাউংলা *বিণ.* [রং] খোঁড়া, ল্যাংড়া, খঞ্জ ॥ রতন মানুশ্‌টা পাউংলা ।

পাউন্যা *বি.* [সি] যারা পান বিক্রি করে [হীন অর্থে] ॥ পাউন্যার জাত গোলাম গর্দিশা।

পাঁচ কান হওয়া *ক্রি. বি.* লোক জানাজানি হওয়া ॥ এরকম একটা ব্যাপারও পাঁচ কান হতে দেরি হয় না- [পূ.প.১,সু.গ.]।

পাঁচু *বি.* তাচ্ছিল্লের ডাক বিশেষ ॥ যাও পাঁচু, গিয়ে মুতে এসো- [হা.,ন.ভ.]

পাঁঠা/রাম পাঁঠা *বিণ.* বোকা, মূর্খ, অতি নির্বোধ ব্যক্তি ॥ তেমন তুই। পাঁঠার সভার সভাপণ্ডিত ! রামপাঁঠা [কা.মা., ন.ভ]!

পাঁদুরি *বিণ.* [খু] যে বেশি পাদে, পায়ুপথে বায়ু নির্গমন করে যে নারী ॥ ঐ যে এসে গেলেন পাঁদুরি বুড়ো।

পাঁযি/পাজী *বিণ.* [নো] দুষ্ট, নীচ, বদমাশ ॥ পাঁযি কতা কম ক, বালা হইযা। [পাজী, আজ তোমার পিঠে আমি আস্ত কাঠের চেলা ভাঙব তবে ছাড়ব- পুঁই., বি.ভূ.ব.]

পাক্‌কিবাজ *বি.* [কল] গহনা ছিনতাইকারী ॥ এই পথটি খারাপ, পাক্‌কিবাজ ওত্ পেতে আছে।

পাক্ চা *বি.* [ম্রো] শুয়োরের বাচ্চা, শূকরের বাচ্চা ॥

পাক্‌টি *বিণ.* [কল] গণিকা, বেশ্যা, কুলটা, চরিত্রহীন, বারবনিতা, বারস্ত্রী, বারনারী, কামিনী, নগরশোভিনী, খানকি ॥ অধীরের মেয়ে শেষ পর্যন্ত পাক্‌টি হয়ে গেল।

পাক্‌নামি *বি.* [ঢা] পাকামি, জ্যাঠামি ॥ পাক্‌নামি রাইখ্যা কামে যাও।

পাক্‌নামিডাই *বিণ.* [ঢা] বাচাল, কথায় পটু ॥ এই সেরাডা একটা পাক্‌নামিডাই।

পাকামি *বি.* বাচালতা, প্রগল্‌ভতা ॥ তোমাকে পাকামি করতে হবে না, বসো তো- [কা.পু., স.ম.]।

পাখনা *বিণ.* [ঢা] চালাক, চতুর, কুটবুদ্ধিসম্পন্ন ॥ সেরাডা যবর্ পাখনা।

পাখোয়ায়্ *বিণ.* [ঢা] ধুরন্দর, তৈরি,

পাকা, ঘাঘু ॥ হে বর পাখোয়াষ্‌ লোক। [ক্যাবলা কী পাখোয়াজ ছেলে! কিছুতেই ঘাবড়ায় না- চা.মৃ.,না.গ.]

পাগল *বিণ.* [ম] উন্মাদ, মাথাখারাপ, কামোন্মাদ ॥ পাগলের আত্অ কন্তি দিছঅ। [চান্দোর বেটা লক্ষীন্দর বড়ই পাগল/নারী পথে নাগ পাইলে ধরিয়া করে বল- ত.বি.]।

পাগলচোদা *বিণ.* [কল] খ্যাপাটে ভাব, কামুক ব্যক্তি ॥ মাগিটার জন্য পাগলাচোদার রাতে ঘুম হয় না।

পাগলাপানি *বি.* [কল ম] মদ, নেশা জাতীয় পানীয় ॥ কল- একদিকে মারছে গুলতানি আর একদিকে খাচ্ছে পাগলাপানি। ম- চুৎমারানির ফুত তর পাগলাপানি গিলাইয়াম বুজবে।

পাগ্‌লিবাজি *বি.* [কল] বেশ্যালয়ে গমন, গণিকা-গৃহে গমন ॥ রাত হলেই হারুর মন ছোছো করে, চলে যায় পাগ্‌লিবাজিতে।

পা চাটা *ক্রি. বি.* তোষামোদ করা, বশংবদ হয়ে থাকা ॥ ভদ্দলোকের পা চেটে প'ড়ে থাক, তারা তোমাদের ভাতে মারে, জাতে মারে- [হাঁ.বাঁ.উ.,তা.ব.]

পাচুলি *বি.* [কুম] পাকামি, বাচালতা ॥ পোলা পরার্ বেলায়্ বোবা আর পাচুলির্ বেলায়্ ওস্‌তাদ।

পাছ্‌লা *বি.* [রা] গালি, তিরস্কার ॥ হামাক্ পাছ্‌লা দ্যাও কেন্?

পাছা *বি.* [ম] মলদ্বার, গুহ্যদ্বার, পুটকি ॥ তর পাছায় বাঁশ ঢুকাইয়াম শালা।

পাছা ডলা দেওয়া *ক্রি. বিণ.* [খু] ধর্ণা দেওয়া ॥ কাজ হবে না তো চেয়ারম্যানের বাড়ি এতদিন পাছা ডলা দেওয়া কেন?

পাছামারবো *ক্রি. বি.* [ম] পাছায় রমণ করবো, ক্ষতি করা অর্থে ॥ শালা বেশি কতা কইবে দইরা অহন পাছামারবো।

পাছামারা *ক্রি. বি.* [দি] পশ্চাদ্দেশ দিয়ে রমণ, পায়ুপথে মৈথুন ॥ কালঠুর বেটাটা বেলে ছোট ছোট ছোঁড়ালাক ভুলকাইয়া পাটাবাড়ি ভুট্টাবাড়ি নিয়া যায়া পাছামারে।

পাজি *বিণ.* [ম] দুষ্ট, নীচাশয় ॥ ম- তর মত পাজি ছেরা দেহি নাই। [এই যে নৌকার দাঁড়ি মাঝি মল্লা ছ'জন বড়ই পাজি- ক.চ.]।

পাটিসাপ্‌টা *বি. বিণ.* [কল] কৃপণ ব্যক্তি, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ ভোম্বল দাসকে চিনি-সে স্বভাবে

পাটিসাপটা।

পাড়া *বি.* [ম বরি] পাঁঠা, সুঠাম দেহের লোক [অসভ্য অর্থে] ॥ বরি- পাড়ার নাহান করস্ ক্যা? ম- ইমুন পাড়ার মত বেডা কামের বালা নাই।

পাড়াপাড়ি *বি.* [ম] দ্বন্দ্ব, সংঘাত ॥ তর এই পাড়াপাড়ি রাইক্ক্যা বালা অ। [যে পতি লয়ে রবে তুমি পাইবে কবে ঘুচিল শেজি পাড়াপাড়ি- ভারত]।

পাতকী *বি.* পাপী, পাপকারী ॥ অধম পাতকী মুঞি অধম অন্ধল- [ই.বি.]।

পাত্‌কুড় *বি. বিণ.* [রা] কৃতঘ্ন, নিমকহারাম ॥ তুমি জার খাও তারে খতি কর পাত্‌কুড় কোথাকার।

পাত্‌তাবাজ *বি.* [কল] তাসের জুয়ারি ॥ ওই বটতলায় পাত্‌তাবাজরা আসর বসিয়েছে।

পাতলা পায়খানা *ক্রি. বি.* [ঢা] ভয় পাওয়া ॥ রুস্তমী করো, আবার কুদ্দুসের কথা হুনলে পাতলা পায়খানা শুরু হইয়া যায়।

পাত্‌শেল *বি.* [খু] শৃগাল [ধূর্ত অর্থে] ॥ ওর চেহারাটাই পাত্‌শেলমার্কা।

পাতাইল্‌লামি *বি.* [বরি] একগুঁয়েপনা ॥ পাতাইল্‌লামি করিস্ না।

পাতাখোর *বি.* [কল] গাঁজাখোর, ড্রাগের নেশা করে যে ॥ শালা পাতাখোর, বড় বড় কথা বলছে।

পাতোলাবাজ *বি.* [কল] জালিয়াত, নকল করার বৃত্তি বা অভ্যাস ॥ ওই পাতোলাবাজটা আমার সর্বনাশ করে দিয়েছে।

পাঁদ *বি.* [ম খু বরি] পায়ু পথে বায়ু নির্গমন ॥ বরি- খায় কম পাঁদে বেশি। খু- পাঁদ মারলে ওজু করতে হয়। ম- পাঁদে পাদন্তি উনে বাইগন্তি।

পানাহি যযমি *বিণ.* [সাঁও.] জুতাখোর, হীন, নীচ ॥

পান্ডা *বি.* [ম] অলস, মোটা বুদ্ধির মানুষ, এক শ্রেণির পশু ॥ কালি কাইতো ফারে পান্ডাডা, কুনু কাম্ করে না।

পাপবন্ত *বি.* পাপমতি, পাপাত্মা ॥ মুঞি পাপবন্ত অতি পাপ নাহি অন্ত- [হাজী. মু.]।

পাপমতি *বি.* পাপী, দুর্মতি ॥ সন্ধি করি পাঠাও কলীন্দ্র পাপমতি- [সত্য]।

পাপিআ *বিণ.* পাপী, পাপিষ্ঠ, পাপাত্মা ॥ তোহ্মে অতি পাপিআ কাহাঞিঁ- [কৃ.কী.]।

পাপিষ্ঠ *বিণ.* অতিশয় পাপী, মহাপাপী ॥ বাস্তবিক- সেই পাপিষ্ঠ খুন হয় নাই [রজনী, ব.চ.]।

পাপিষ্ঠা *বিণ.* অতিশয় পাপী, মহাপাপী ॥ পাপিষ্ঠা কোথাকার! বিয়ে করবিনে কেন [রজনী., ব.চ.]?

পাম্প করা ক্রি. [খু] যৌন সংগম করা, রমণ করা, মৈথুন করা ॥ ওকে পাম্প করা আমার কম্ম না।

পায়া কভ লে [খুমি] এতো খারাপ হলি ॥

পারিখ্ *বি.* [কল] যে নারী পরপুরুষের সাথে স্বামীর মত থাকে ॥ এই পারিখ্‌টার স্বামী আছে অথচ অরিন্দমের সংগেই তার দারুণ সম্পর্ক।

পারলে ধন ছিঁড়ে নিস্ [খু] আস্ফালন, দম্ভ প্রকাশ, আত্মশ্লাঘা ॥ যা যা পারলে ধন ছিঁড়ে নিস্।

পাল্‌কি দেআ ক্রি. [কল] সুড়সুড়ি দেওয়া ॥ ছেলেটার অভ্যাস হচ্ছে অন্যকে পাল্‌কি দেআ।

পাষণ্ড *বি. বিণ.* নিষ্ঠুর, পাপিষ্ঠ ॥ বেটা কি পাষণ্ড গা [এ.ব.স., ম.দ]?

পাষাণ *বিণ.* নিষ্ঠুর, নির্মম, মমতাহীন ॥ না মরে পাষাণ বাপ দিলা হেন বরে- [ভারত]।

পাষাণী *বি. বিণ.* নিষ্ঠুর, হৃদয়হীনা, মায়াদয়াহীন ॥ ওরে, মা আমার রাক্ষসী পাষাণী বটে [বি., র.ঠা.]!

পিআক্‌কর্‌ভাতি *বি.* [কল] মদ্যপ মহিলা, নেশাগ্রস্ত নারী ॥ রানী বালার মন ভালো নেই । সেও পিআক্‌কর্‌ভাতি হয়ে উঠেছে। দুবোতল না গিল্‌লে ঘুম হয় না।

পিয়াজি করা *ক্রি.* [কু] মাস্তানি, নিজের ক্ষমতার অধিক কথাবার্তা বলা ॥ এই শোন্ শোন্ বেশি পিয়াজি করিসনি, চোদন দেব।

পিচারা *বি.* [রা] নিতম্ব, পাছা ॥ পরের পিচারা দেখার আগে নিজের পিচারা শাম্‌লাও।

পিচাশ *বি.* [ঢা] নোংরা লোক, বদমাশ, কৃপণ, অনুদার, নীচ ॥ এমন পিচাশেরতা কে খাইব?

পিচেল *বি.* [খু] ফন্দিবাজ, ধান্দাবাজ, ধোঁকাবাজ ॥ ওর বাবাটা এক নম্বরের পিচেল।

পিচেশ *বি. বিণ.* [খু] অপরিষ্কার, নোংরা, ময়লা ॥ রফুটা এমন পিচেশ যে ধারেই যাওয়া যায় না।

পিচ্যাট *বি. বিণ.* [পা] নোংরা, অপরিচ্ছন্ন ॥ শালা পিচ্যাট দাঁত মাজে না।

পিচ্ছল *বি.* [কল] পাছা, নিতম্ব ॥ মনে হচ্ছে, ওর পিচ্ছলে একটা লাথি মারি।

পিছ্‌লা *বিণ.* [রং] পাজি, শয়তান ॥ অমন পিছ্‌লা লোক্ আর্ মুই না দেখো।

পিট ভাইরা *বিণ.* [কু] বউয়ের সাথে অবৈধ সম্পর্ককারী ॥ ও তুই তো তার পিট ভাইরা, তার পানে (দিকে) তোর টান পক্ষ্য নেওয়া তো হবেই।

পিণ্ডি চটকানো *ক্রি. বি.* ভীষণভাবে পিছনে লাগা, সর্বনাশ করা ॥ আমি তোমার করিছি কি, তোমার বুকে ভাত রেঁদেচি, না তোমার পিণ্ডি চট্‌কিচি, যে যার তার কাছে আমার নিন্দে কর-[জা.বা.,দী.মি.]

পিন করা *ক্রি.* [খু] ব্যঙ্গ করা ॥ সব সময় পিন করা ভালো লাগে না।

পিন্‌চট্ *বি. বিণ.* [কল] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ শালা, ও কাউকে সাহায্য করে না- এক নম্বর পিন্‌চট্।

পিন্‌লেওলা *বি.* [কল] দোকান থেকে যারা মাল চুরি করে ॥ এই পিন্‌লেওলা থেকে সাবধান, কখন যে ঘা দেবে বুঝা যাবে না।

পিন্‌হা *বি.* [কল] কয়েদি, বন্দী, জেলে আটক ব্যক্তি ॥ ডাকাতি কেচে পিন্‌হা হয়ে থাকবি তুই।

পিনিক্ *বি.* [কল] মাস্তানি, চালবাজি, ধাপ্পাবাজি ॥ আর পিনিক্ মারাতে হবে না ধরা পড়ে যাবি।

পিরিত চোদাও *ক্রি. বি.* [খু] গায়ে পড়ে খাতির করা ॥ তুমি পিরিত চোদাও কেন আমি বুঝি না?

পিরিতের খ্যাতায় আগুন [খু] শুকনো খাতির ॥ তোমার ঐ লোক দেখানো পিরিতের খ্যাতায় আগুন।

প্রি মাক এন [ম্রো] বাঘ যেন তোমায় খায় ॥

পিল্‌কুরি *বি.* [কল] গণিকা, বেশ্যা, কুলটা, বারস্ত্রী, বারনারী, বারবধূ, পতিতা, চরিত্রহীন নারী ॥ পিল্‌কুরির মোহে পড়ে হারাধন সব হারিয়েছে।

পিল্‌লা *বি.* [ম] হিংসুক, বজ্জাত, পরশ্রীকাতর, ঈর্ষা-বিদ্বেষপরায়ণ ॥ পিল্‌লাডা, ফরের উন্নতি দেক্‌লেই বাল্লাগে না।

পিলুইয়া *বিণ.* [ম কুম] হিংসুক, পরশ্রীকাতর, ঈর্ষাবিদ্বেষপরায়ণ ॥ ম- তর পিলুইয়াফানাম ছাড়। কুম- বৌ বর পিলুইয়া।

পিস্‌কুরি *বি.* [কল] গণিকা, বেশ্যা, পতিতা, কুলটা, কামিনী, বারনারী, বারবধূ, বারস্ত্রী, বারবনিতা ॥ জগদিশের মেয়ে শেষ পর্যন্ত পিস্‌কুরি হয়ে গেল।

পুইট্‌কান্‌ *ক্রি.* [কুম] গালিগালাজ করা, তিরস্কার করা ॥ হেতে রাইয়াল গো, দেরি ঐলে হাইবানি পুইট্‌কান বল্‌বো।

পুইট্‌টা *বিণ.* [ম কুম] বেঁটে, পেটমোটা ॥ ম- ইমুন পুইট্‌টা ছেলের ইমুন কাম ! কুম- পুইট্‌টা হিংগে গাই দিলে টের পাইবা।

পুইট্‌ট্যা *বিণ.* [ম] বেঁটে, বামন ॥ এই পুইট্‌ট্যা সেরা বাফের কি উন্নতি করবো।

পুংগির পুত্‌ *বি.* [ম] চরিত্রহীনার সন্তান, কুলটা নারীর সন্তান ॥ পুংগির পুত্‌ তর্‌ মারে চুদি।

পুংগির পুতাইন্‌ *বি.* [ম] চরিত্রহীন নারীর সন্তানেরা ॥ পুংগির পুতাইন্‌রে দর্‌তে ফার্‌লে আজগা ছারতাম্‌ না।

পুংটা *বিণ.* [ম] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন, হারামজাদা ॥ পুংটার বাচ্চা পুংটা তরে বুঝাইয়াম।

পুংডা *বিণ.* [ম] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন, হারামজাদা ॥ তর পুংডা ছেরারে সামলা, না অইলে শেষ করবাম।

পুংডার পুত্‌ *বি.* [ম] জারজের ছেলে, পিতৃপরিচয়হীন ব্যক্তির সন্তান ॥ আরে পুংডার পুত তর মারে গাইন মারবাম।

পুংতামি *বি.* [গা.] পুংডামি, দুষ্টামি ॥

পুঙ্গির পো *বি. বিণ.* [ঢা] পায়ুপথ হতে উৎপন্ন পুত্র ॥ পুঙ্গির পো আবারো ধরা খাইছে, বলদ কোহান্‌কার।

পুঙির পোয়া *বি.* [সি] পুঙির ছেলে, কুলটা নারীর সন্তান, চরিত্রহীন নারীর সন্তান ॥ পুঙির গরর পুঙি, কুত্তির পুড়ি।

পুক্কু *বি.* [ম] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ আমার পুক্কুরে বল্‌ শালা।

পুট্‌কি *বি.* [খু বরি রং দি] মলদ্বার, গুহ্যদ্বার ॥ বরি- পুটকির মধ্যে কুবুদ্ধি । রং- তোর পুট্‌কি দিয়া চ্যাট ব্যাটে দেইম। খু- তোর পুট্‌কি দিয়ে বাঁশ ঢুকিয়ে দেব শালা। দি- থির পায়না নিরমানি পুটকির জ্বালায়।

পুটকিমারা *ক্রি. বি.* [ম ফ খু বরি দি] চরম ক্ষতি, মলদ্বারে রমণ ॥ রং- তোর পুটকি মারিম রে। খু-

চোদার চেয়ে ওর পুটকিমারা পছন্দ। দি- কালঠুর বেটাটা বেলে ছোট ছোট ছোঁড়ালাক ভুলকাইয়া পাটাবাড়ি ভুট্টাবাড়ি নিয়া যায়া পুট্‌কি মারে। ম- কি পুটকিমারা কাইলাম। বরি- একলা একলা কিসের পুট্‌কি মারস্।

পুট্‌কিমারানি *ক্রি. বি.* [ঢা] প্রবঞ্চিত হওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া ॥ হেইতার কাসে গিয়া পুট্‌কিমারানি খুব যুইত লাগে তর।

পুটকিমারার যম *ক্রি. বি.* [ম] চরম ক্ষতিকারক ॥ শালা রমিজ একটা পুট্‌কিমারার যম।

পুটকি সিনাইল্যামি *বি.* [ঢা] প্রবঞ্চনা, ধোঁকা ॥ বেশি পুটকি সিনাইল্যামি করিস্ না।

পুট্‌কি হারামযাদা *বি.* [খু] শয়তান, পাপাত্মা, পাপিষ্ঠ, দুষ্ট মানুষ ॥ পুটকি হারামযাদা বলতে যা বোঝায় ও তাই।

পুট্‌টা *বি.* [রা] নিতম্ব, পাছা ॥ পুট্‌টা চুলক্যাশ্ নাতো।

পুট্‌লি *বি.* [কল] স্তন, দুধ, বুনি ॥ বুকের ব্লাউজটা ফেটে বেরোচ্ছে জবার দুইটি পুট্‌লি।

পুডিং *বি.* [কল] স্তন, দুধ, বুনি ॥ রমলার পুডিং দুটো চিমটেপনা হয়ে গেছে।

পুতাইন *বি.* [ম] পুত্রগণ [অশ্লীল অর্থে], আমার পুত্র ॥ পুতাইনের গরের পুতাইন্‌রে, তরার মারে চুদি।

পুদানি *বি.* [ম] রমণকারী মহিলা, কুলটা নারী, চরিত্রহীন নারী ॥ পুদানি তর মাগুঅ চুদি।

পুন্‌কুরি *বি.* [কল] গণিকা, পতিতা, বেশ্যা, বারনারী, বারস্ত্রী, বারবধূ, বারবনিতা, কুলটা, কামিনী ॥ গলির মধ্যে ঢুকতেই এক পুন্‌কুরির পাল্লায় পড়ে গেলাম।

পুন্‌তি *বি.* [রা] নেশাখোর, নেশাগ্রস্ত মানুষ ॥ শ্যাল্যা পুনতির পো, গুদমারানির বেটা।

পুরিআ *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ দোকান থেকে একটা পুরিআ নিয়ে সন্তোষদা হাওয়া হয়ে গেল।

পুরুষডাকিনী *বি.* কামাতুরা রমণী, ব্যভিচারিণী ॥ শুনিয়া না শুনে কাণে পুরুষডাকিনী- [ঘন]।

পুরুষপাগলী *বি.* অতি কামুকী, যৌন আবেদনময়ী নারী ॥ পুরুষপাগলী তবু মতি দিস পাপে- [ঘন]।

পুরুষবধী *বি.* পুরুষঘাতিনী, ব্যভিচারিনী ॥ আপনার দোষে

হৈবেঁ পুরুষবধী- [কৃ.কী.]।

পুরুষবেভার *বি.* স্ত্রী সহবাস, স্ত্রীসংসর্গ, সঙ্গম, মৈথুন ॥ সভে মোর সহ করে পুরুষবেভার সবে অপমান তুমি করিলে আমার- [মহ্য]।

পুরে দে গ্যাজাবো *ক্রি. বি.* [খু] টাইট দেওয়া, শায়েস্তা করা ॥ পোদে শাল পুরে দে গ্যাজাবো।

পুশসি করা *ক্রি. বি.* [কল] যৌনসংগম করা, রতিক্রিয়া করা, মৈথুন করা ॥ আমার ইচ্ছে করছে সুরবালার ঘরে গিয়ে পুশসি করে আসি।

পেআরেলাল্ *বি.* [কল] যে পুরুষ স্ত্রীর উপার্জনে চলে, স্ত্রীর রোজগারের উপর নির্ভরশীল পুরুষ ॥ বউটা কামাচ্ছে ভালো তাই পেআরেলাল্ হয়ে দিন কাটছে ওর।

পেঁচামুখী *বিণ.* [দি] পেঁচার মত মুখ যে নারীর, অসুন্দর নারী, বেঢপ নারী ॥ ঐ পেঁচামুখীটাক্ চিনি থোও রে শালি কঠিন ধাগিরি পাঁও খেচি ঝগড়া লাগাই বেড়ায়।

পেঁচি মাতাল *বি.* [কল] নতুন মাতাল ॥ পেঁচি মাতাল, তাই এখনো ভালো করে অভ্যাসটা রপ্ত করতে পারিনি।

পেকে জাওয়া *ক্রি. বিণ.* [কল] মাতাল, নেশাগ্রস্ত, নেশায় আসক্ত ব্যক্তি ॥ অল্প বয়সে পেকে জাওয়া ভালো নয়।

পেচিটেংগর *বিণ.* [ফ] অতি চালাক, কূটবুদ্ধিসম্পন্ন ॥ পেচিটেংগর মাইন্ষির গলায় দড়ি।

পেচ্ছাব *বি.* [ফ] প্রস্রাব, মূত্র ॥ তোর টাকায় পেচ্ছাব করি।

পেটখসানি *বিণ.* [কল] গর্ভপাত করা, অবৈধ সন্তান নষ্ট করা ॥ পেটখসানি ছুঁড়ির ভাতারও জুটবে না, সবাই জেনে গেছে।

পেট চোঁদা *বিণ.* [দি] ঘৃণা, ক্ষোভ অর্থে ॥ রাইত্ হইলেই পেটচোঁদা মাগিটা ঘুর ঘুর করে।

পেটটুয়া শালা *বিণ.* [দি] পেটুক জাতীয়, অতি ভোজনকারী ॥ শালা পেটুক কুষ্ঠেকার, একখান্ কাঁঠল গোটায় খাইল তাঁহোঁ বেলে পেট ভরিল নাই।

পেটফুলানি *বিণ.* [কল] গর্ভবতী, সন্তান সম্ভবা নারী ॥ পেটফুলানি টাঁটি তোর সংগে কথা বলচি, না উয়ার সংগে বলচি?

পেট ফ্যালানি *বিণ.* [কু ব খু] নষ্ট নারী, গর্ভপাত করা, অবৈধ সন্তান নষ্ট করা ॥ কু- পেট ফ্যালানি

মাগী। ব- পেট ফ্যালানি মাগীর ছোল। খু- ওই পেট ফ্যালানিরে বিয়ে করবে কে? [আরে পেটফেলানি খানকি। আমি কারে লইয়া থাকি- কথো., উই.কে.]

পেট বাজাওরি *বিণ.* [ম] অবৈধ গর্ভধারণকারী নারী, অবৈধ মেলামেশায় গর্ভধারণকারী নারী ॥ পেট বাজাওরির গরের পেট বাজাওরি।

পেট হওয়া *ক্রি. বিণ.* [খু] গর্ভবতী হওয়া ॥ পেট হওয়া নারীর কাছে কোনো রিস্ক নাই।

পেট মুডা লেঙ্গুর গাবিন *বিণ.* [ম] মূর্খ মাতব্বর ॥ এই পেট মুডা লেঙ্গুরের সালিস্ দেক্ছি।

পেটি *বি.* [কল] মেয়েদের পেট, বিশেষত শাড়ির ফাঁক দিয়ে যে অংশটি দেখা যায় ॥ দেখেছিস মাগিটার পেটি কেমন ঝিলিক মারছে।

পেটুকদাস *বি.* লোভী, লুলোপ, লোভযুক্ত ॥ টেনিদা চেঁচিয়ে বললে, ভালো কইরা! হতচ্ছাড়া - পেটুকদাস- [চা.মু.,না.গ.]

পেটোয়া *বিণ.* অত্যন্ত অনুগত, বশংবদ ॥ আগের সংবিধান বাতিল করে...তিনি তাঁর পেটোয়া লোকদের দিয়ে নতুন সংবিধান কমিশন বসালেন- [পৃ.প.১.সু.গ.]

পেতনী *বি.* [ম] ভূত, প্রেত, দেখতে বিশ্রি ॥ ইমুন পেতনীর মত বউ কইত্তে আনলা।

পেতোল-চোক্ *বি.* [কল] মাতালের চোখ ॥ মদ গিলতে গিলতে ওর পেতোল-চোক্ হয়ে গেছে।

পেদৃরি *বিণ.* [রা] যে বেশি কথা বলে ॥ বুড়াটা এক্‌নম্বরের পেদৃরি।

পেন্ড্রা *বি.* [সাঁও.] টেরি, টেরা চোখ ॥

পেরুইত্‌তা *বিণ.* [চট্ট] অপরিষ্কার, নোংরা ॥ পেরুইত্‌তা গওর, গা নধুঅদ্দে হ দিন অর?

পেয়াজিমারা *বি.* [খু কল] মাস্তানি করা ॥ কল- বেশি লাফালাফি করবিনে পেয়াজিমারা শেষ করে দেব। খু- কালু আসুক তোমার পেয়াজিমারা ভাঙবে।

পেল *বি.* [ম] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ তুমি আমার পেল করবা।

পোং *বি.* [ম] মলদ্বার, গুহ্যদ্বার ॥ তর পোংগে মারি।

পোংগা *বি.* [ব] মলদ্বার [ক্ষতি করা অর্থে] ॥ তোর কামের পোংগা মারে দেছে।

পোংটা *বিণ.* [কুম] দুষ্ট, বদমাশ, চরিত্রহীন, লম্পট ॥ তুই একটা

পোংটা পোলা।

পোংড়া *বিণ.* [কুম ম] দুষ্ট, খারাপ, জারজ, বেজন্মা ॥ কুম- তুই একটা পোংড়া। ম- পোংড়ার গরের্ পোংড়া গোলাম, তর মারে গেয়্যা কর্।

পোঁদ *বি.* [খু] মলদ্বার, গুহ্যদ্বার, পশ্চাদ্দেশ ॥ হাতে হারিকেন পোঁদে বাঁশ। [এমন দিয়েচি যে বাঞ্চোৎদের পোঁদে যমের ভয় ধরে মাথা গু গলি হয়ে গেচে- কা.মা., ন.ভ.]

পোঁদ ঘষা *ক্রি. বি.* [খু] খাতির করা ॥ ও হলো বোম্বাই হাজী পোঁদ ঘষা বৃথা।

পোঁদপাকা *বি. বিণ.* [খু কল] ইঁচড়ে পাকা, বড় কথা বলে যে, অকালপক্ব ॥ খু- কি পোঁদপাকা ছেলেরে বাবা। কল- দিনকে দিন যে পোঁদপাকা হয়ে ওঠেছে।

পোঁদপাকামি *বিণ.* [কল] বাচালতা, যে বেশি কথা বলে ॥ পোঁদপাকামি করার আর জায়গা পাস্‌নি।

পোঁদমারা *ক্রি. বি.* [খু] পাছায় রমণ, ক্ষতিগ্রস্ত ॥ পোঁদমারাই ওর স্বভাব।

পোঁদমারানি *ক্রি. বিণ* [খু] যে নারী পাছা দিয়ে রমণ করে ॥ তুই যে পোঁদমারানি জানতাম না।

পোঁদা পোয়া *বি.* [চট্ট] সমকামী ছেলে ॥ দুর পোঁদা পোয়া, রঙবাজি চুদর দে নে?

পোঁদে কাঠি *ক্রি. বি.* [খু] উত্ত্যক্ত করা ॥ পোঁদে কাঠি না দিলে তোমার সুখ হয় না।

পোঁদের গোড়ায় *বি.* [খু] হাতের কাছে ॥ দেখতে পাছো না কলমটা পোঁদের গোড়ায়।

পোঙা *বি.* [কু] পশ্চাদ্দেশ, পাছা, গুহ্যদ্বার, মলদ্বার ॥ ওর তো হাতে হারিকেন পোঙায় বাঁশ।

পোঙামারা *ক্রি. বি.* [কু] পশ্চাদ্দেশে রমণ, সর্বনাশ হওয়া ॥ আমার তো পোঙামারা হয়ে গেছে।

পোড়াকপালি *বিণ.* ভাগ্যহীনা, হতভাগিনী, দুর্ভাগা নারী ॥ পোড়াকপালি কি বলতে কি বলে তা কিছু বোঝে না,- ক মাস হলো [নী.দ., দী.মি.]?

পোড়ারমুখী *বিণ.* যার মুখ পুড়ে গেছে, লজ্জাজনক কাজ করেছে যে ॥ রোহিণী পোড়ারমুখীর কাছে এখনই একবার যাইতে পারবি [কৃ.উ. ব.চ.]?

পোড়ারমুখো *বিণ.* মুখ পুড়েছে যার, দুষ্ট, নোংরা স্বভাবের ॥ 'আ মলো!

কাদের এমন পোড়ারমুখো ছেলে' [লো.ব., ব.চ.]!

পোন্ *বি.* [চট্ট] গুহ্যদ্বার, পাছা, মলদ্বার ॥ এত হথা কিল্লা হর, আঁই হার পোন মাজ্জি নে?

পোন্দ *বি.* [কুম] গুহ্যদ্বার, পাছা ॥ বাইরাইয়া পোন্দের চামড়া উঠাইয়া লামু।

পোন্দানো ক্রি. [বরি] পাছামারা, ক্ষতি করা ॥ কিরে চেয়ারম্যান তোরে কেমন পোন্দাইচে।

পোলানি *বি. বিণ* [খু] যে নারী পরকীয়ায় স্বামীর গৃহ থেকে পালিয়ে যায় ॥ আমার কথা একবারও ভাবল না পোলানি!

প্যাঁতানী *বি.* [রা] গালি, তিরস্কার ॥ তার ঐ প্যাঁতানি শুনেও আবার আলু।

প্যাক করা *ক্রি. বি.* [কল] প্রচণ্ড প্রহার করা, উপযুক্ত ব্যবস্থা নেওয়া ॥ বেশি ফাজলামি মারবিনে, প্যাক করে ছেড়ে দেব।

প্যাচ্পেইচ্যা *বিণ.* [চট্ট] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ প্যাচ্পেইচ্যা মাইন্ষেরে কেও দেইত ন পারে।

প্যাচর *বিণ.* [বরি] ধূর্ত, কূটবুদ্ধিসম্পন্ন লোক, চালাক ॥ লোকটা তো দারুণ প্যাচর।

প্যাচাল *বি.* [ম খু ফ পা] গণ্ডগোল, বাজে কথা ॥ ম- প্যাচাল পারলে তাফ্রাইয়াম। ফ- আজুর‍্যা প্যাচাল ছাড়। খু- প্যাচাল পারাটা ওর অভ্যাস। পা- এত প্যাচাল ভালো লাগে না।

প্যাচেলাম *বি.* [চট্ট] ঝামেলা, ফেসাদ, ঝঞ্ঝাট ॥ এত প্যাচেলাম ন গরিস, এক্কা দূরে যা।

প্যাটকো *বিণ.* [খু কু] লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ কু- তোগের বংশই হল প্যাটকো বংশ। খু- বিনা নিমন্ত্রণে প্যাটকোটা ঠিক বিয়ে বাড়ি ঢুকে পড়বে।

প্যাট্নাদুরে *বিণ.* [খু] পেটুক, অতি ভোজনকারী, যে মাত্রাতিরিক্ত খায় ॥ দে, প্যাট্নাদুরে যা চায় তাই দে।

প্যাটপাকুয়া *বিণ.* [রং] চটপটে, বুদ্ধিমান ॥ মানুশটা বড় প্যাটপাকুয়া।

প্যাট্লা *বিণ.* [রং] পেটমোটা ॥ প্যাট্লা মানুশ কোনু কামের্ না।

প্যান্টিশোঁকা *বিণ.* [কল] নারী লোলুপ, লম্পট, বদমাশ, চরিত্রহীন ॥ দেখলেই বুঝা যায় লোকটা প্যান্টিশোঁকা।

প্যাত্তানি *বিণ.* [দি] পেত্নী, নোংরা ॥

ঐ প্যাত্তানি মাগিটা হামার ঘরত্ জানি না আইসে।

প্যাত্তুনি *বি. বিণ.* [ব] পেত্নী, নোংরা ॥ প্যাত্তুনি মেয়েটা কন্ঠি গেলরে?

প্যাথমার *ক্রি. বি.* [ম] চুপ থাক, ধমক ॥ মাগি প্যাথমার কইতাছি।

প্যাদানো ক্রি. [খু কল] মারা, প্রহার করা, আঘাত করা ॥ কল- এমন প্যাদানো দিল শালা তবুও কাঁদলো না। খু- রজবকে প্যাদানো ছাড়া উপায় নাই।

প্যান্ডিনি *বি.* [রা] পেত্নী, নোংরা, কুৎসিত ॥ প্যান্ডিনি ক্যালানি মাগির গুদের ফ্যাকম কি?

প্যাবা *বিণ.* [পা] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ রহমতের বাপ প্যাবাচোদা লোক।

প্যামা *বিণ.* [সি] অলস, শ্রমবিমুখ, নিরুদ্যম ॥ তুই ত প্যামা গাই।

প্যার্তুনি *বি.* [ঢা] পেত্নী, কুৎসিত, কুরূপা ॥ এই প্যার্তুনিরে লৈয়া গর করা মুশকিল।

প্যাস্লামি *বি.* [ঢা] টালবাহানা, কথা দিয়ে কথা না রাখা, সময় ক্ষেপন করা ॥ প্যাস্লামি কৈরা ট্যাহা দেয় না।

প্রস *বি.* [ইং. prostitute] বেশ্যা, অসৎ চরিত্রের নারী, পতিতা, গণিকা, বারস্ত্রী, বারবনিতা ॥ দ্যাখ সেজো, বাড়িতে প্রস ঢোকাচ্ছিস- [অ.ন.,স্ব.চ.]

ফ

ফঅডি *বি.* [চট্ট] মলদ্বার, পাছা, গুহ্যদ্বার ॥ বাঁশ ঘলাই দি ফঅডি ফাড়ি দিয়ুম।

ফঅলি *বি.* [চট্ট] পাগলি, উন্মাদিনী, বিকৃত মস্তিষ্কের নারী ॥ দুর ফঅলি, যার তার হথাত মন ন দিস্।

ফইরা *বি.* [চট্ট] ভিক্ষুক, সাহায্যপ্রার্থী ॥ ফইরা হত্তো, হাইবেল্লাই ভাতও নাই।

ফউরো *বি.* [ব] পালক, উচ্ছিষ্ট, অতিরিক্ত ॥ তুই তো একটা ফউরো তোর মালিকোক্ কস।

ফউরো জালানো *ক্রি. বি.* [ব] বাড়াবাড়ি ॥ তোর বড় ফউরো জালাছে।

ফক্কড় *বিণ.* ফাজিল, ছ্যাবলা ॥ এখন অবিকল, ভেঙ্কটের মতো

ফক্‌কড় হয়ে যাচ্ছিস- [এ.পা.,বা.ব.]

ফক্‌কিকার *বি.* ফাঁকিবাজি, প্রতারণা, ধোঁকাবাজি ॥ সব রং- তামাশা ফক্‌কিকার-[প্র.প্র.,আ.দে.]

ফকচামি *বি.* [য] ফাজলামি, বাচালতা ॥ যেখানেই যায় সেখানেই সে ফকচামি করে।

ফকট্‌ *বিণ.* [পা] বদমাশ, চরিত্রহীন, লম্পট ॥ এত ফকট্‌ কেরে?

ফকর্‌ *বি.* [সি] গর্ব, অহংকার, ঈর্ষা ॥ ফকর দেখ্যা বাছি না।

ফক্‌রা *বি.* [সি] কৃপণ [তুচ্ছার্থে] ॥ ফক্‌রার খাইছলত বদলাইতো নায়।

ফক্‌রামি *বি.* [রং চট্ট ব] চালাকি, ফাসেকি ॥ রং- ফক্‌রামি করিস ক্যা? চট্ট- এত ফক্‌রামি ক্যা গরস? ব- ফক্‌রামি ছাড়, কাজটা করে দে।

ফকিন্নি *বি.* [ম] ভিখারিনী [তুচ্ছার্থে] ॥ ফকিন্নি মাগির ঝি তরে গাইর মারবাম।

ফকিন্নির ব্যাটা *বি.* [রা] ভিখারিনীর ছেলে [তুচ্ছার্থে] ॥ ফকিন্নির ব্যাটার জালাতে আর থাকা যাইন্যা।

ফকির *বি.* [ম দি] ভিক্ষুক [হীন অর্থে] ॥ ম- আরি ফকিরের বাচ্চা তর এত বড় সাহস কেমনে অইল। দি- ঐ ফকিরটাক্‌ একমুঠ ভিক্‌ দিয়া আয়তো বেটা।

ফকুন্নি *বি.* [ব] ভিখারিনী, ভিক্ষুক মেয়ে ॥ ফকুন্নির ছোল, দেখে শুনে কতা কবি ।

ফকুন্নির বাচ্চা *বি.* [ব] ভিখারিনীর সন্তান ॥ ফকুন্নির বাচ্চা বড় বড় কথা।

ফচকে ছুঁড়ী *বিণ.* ফাজিল, বাচাল ॥ আমি ফচকে ছুঁড়ী, ফুলের কুঁড়ি/মড়িপোড়ানীর ঝি, [জা.বা., দী.মি.]

ফজরের চুদা নে তুই *বি.* [চট্ট] অসামঞ্জস্যপূর্ণ ॥ ফজরের চুদা ফঅল্লা এত তেরিবেরি ক্যা গরস?

ফজলি আম *বি.* [খু] স্তন, মাই, দুধ, বুনি ॥ মাইতো না যেন ফজলি আম।

ফট্‌কা *বি. বিণ.* [রা] মিথ্যাবাদী, যে মিথ্যা কথা বলে, মিথ্যুক ॥ তুই কখন থাইক্যা এমন ফট্‌কা হয়্যাছিস ?

ফট্‌টা *বিণ.* [কল] তুব্‌ড়ানো চেহারা ॥ দেখেছিস, নতুন বউয়ের সঙ্গে কয়েকদিন শুতে না শুতেই ও কেমন ফট্‌টা হয়ে গেছে।

ফট ফটানি *অব্য.* [কু] বেশি কথা

বলা, বাচালতা ॥ কানের কাছে ফট ফটানি চুদাসনে।

ফটিচার *বিণ.* বদমাশ, নির্বোধ ॥ কী রে ফটিচার। আমাকে দেখিসনি কোনোদিন- [প্রজা.,স.ব.]।

ফড়ফড়ানি *ক্রি.* [ম] বাচাল, বকা, বাবদূক ॥ তর অত ফড়ফড়ানি বাল্‌লাগ্‌দাসেনা।

ফড়ুয়া *বি.* [রং] ফাঁকিবাজ, ফন্দিবাজ, ধোঁকাবাজ ॥ ফড়ুয়াটার পিছোত্ ট্যাকা পাইসা খরচ্ করি কি করবেন, সে কি ইস্‌কুলে যায়।

ফতি *বি.* [কল] যোনি, স্ত্রী যৌনাঙ্গ, স্ত্রী-জননেন্দ্রিয় ॥ শালী ফতি বের করে দিলো, আমিও বাড়া ঢুকিয়ে দিলুম।

ফতে লুচ্চা *বিণ.* [ঢা] চূড়ান্ত দুশ্চরিত্র, অতি দুশ্চরিত্রের মানুষ ॥ হাজী সাবের পোলা হালার মাগীবাজ, ফতে লুচ্চা কোহান্‌কার।

ফন্না *বি.* [পা] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ তোক ফন্না করি।

ফন্না করি *ক্রি. বি.* [রা পা] যোনি চুদি, সঙ্গম করা ॥ রা- ধুর তোর ফন্না করি হামি যাব না। পা- তোক ফন্না করি।

ফলানা *বি.* অমুক, তুচ্ছতাবাচক নির্দেশক ॥ ফলানা কায়েতের বাড়ী মুই কাজ করিতে গিয়াছিনু- [কথো., ইউ.কে.]

ফষ্টি নষ্টি *বি.* [খু] অবৈধ সম্পর্ক ॥ জানি মরিয়মের সঙ্গে তোমার ফষ্টি নষ্টি আছে।

ফস্‌কে *বিণ.* [খু] ফাজিল, বাচাল, প্রগল্‌ভ, বখাটে ॥ কান মলে দেব ফস্‌কে কোথাকার।

ফসকে ষাড়ের চলবুলানি *ক্রি. বিণ.* [খু] ফালতু, বাজে ॥ ফসকে ষাঁড়ের চলবুলানি সহ্য হয় না।

ফাইকেড় *বি. বিণ.* [য] চতুর, চালাক, কুটবুদ্ধিসম্পন্ন লোক ॥ শালা ফাইকেড়ের কথা শুনে আমার সর্বনাশ হয়ে গেল।

ফাইফুই *বিণ.* [ম] বাজে, তুচ্ছ, অসার, অনর্থক ॥ ফাইফুই ছাইরা কামের কতা ক।

ফাউ *বিণ.* [কল] ব্যাজ, অতিরিক্ততা, উদ্বৃত্ত, উপরি, বিনা নিমন্ত্রণে খেতে যায় যে লোক ॥ আমার বাড়িতে ফাউ লোক আসবে না।

ফাউন্টেন পেন *বি.* [খু] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ এই দ্যাখ শালা আমার ফাউন্টেন পেন।

ফাউল *বি.* [ঢা ম] ঔদ্ধত্বপূর্ণ আচরণ, চালাকি, প্রতারণা ॥ ঢা- ফাউল কাম করলা, তোমার জবাব দেয়ন

লাগবো। ম- ফাউলগিরির আর জাগা পাছ না।

ফাউশা *বিণ.* [ফ] অকেজো, হিসাবের বাইরে ॥ ফাউশা মানুষ কোথাকার।

ফাংগুয়া *বি.* [দি] গুণ্ডা, দুর্বৃত্ত, বদমাশ ॥ ঐ মাগিচুদা ফাংগুয়া, আইত্ হইলেই বস্তিটা গাহুটি বেড়ায়।

ফাং লাং হা *বিণ.* [ত্রি.] হুঁশহীন, হতবুদ্ধি ॥

ফাঁকল *বিণ.* [রা] ফাঁকিবাজ, ধোঁকাবাজ, ধাপ্পাবাজ, ধড়িবাজ ॥ ফাঁকলের কথায় বিশ্‌শাশ্ নাই।

ফাঁটোলা *বিণ.* [কল] চালবাজ, ফন্দিবাজ, ফাঁকিবাজ ॥ এইবার যদি এই ফাঁটোলা শালা আসে, তবে ওর মুখের জিওগ্রাফি পাল্টে দেব।

ফাঁসা *ক্রি.* জটিল পরিস্থিতিতে আটকে পড়া, প্রেমে পড়া ॥ ওরা অন্যদিকে থেকে ফেঁসেছে- [আ. দে.,প্র.রা.]

ফাকিং চোদা *ক্রি. বি.* [ঢা] যৌনকর্মে তাড়িত পুরুষ [ইতর অর্থে] ॥ তুই একটা ফাকিং চোদা, ছেরী ভাগলো ক্যান?

ফাক্কড় *বিণ.* [সি] ফাঁকিবাজ, ফন্দিবাজ, ধোঁকাবাজ ॥ তির্‌বুবনে এমন ফাক্কড় আর ফাইতায় না।

ফাগলি *বি.* [কল] মদ, নেশা জাতীয় পানীয় ॥ ফাগলি গিলে তুই শেষ হবি।

ফাজলামি *বি.* [ম] বাচালতা, বেশি কথা বলে এমন ॥ অত ফাজলামি চুদাইস্ না। [সব ব্যাপারে তোমার ফাজলামি- কা.পু., স.ম.]।

ফাজিল *বি. বিণ.* [কল ম নো বরি] বেআদব, দুষ্ট প্রকৃতির, বাচাল, বখাটে ॥ কল- তুই শালা এক্ নম্বরের ফাজিল। নো- অড়া ব্যাক কামে ফাজিলি করিচ্ছা। ম- তুই একটা ফাজিল বেডা। বরি- ফাইজলামির আর জাগা পাওনা। [ফাজিল, কেন, যাও কোথাও বসে বসে গেলো গে- বিবর, স.ব]

ফাট্‌বাজ *বিণ.* [কল] চালবাজ, ধূর্ত, অসৎ ॥ যা শালা ফাট্‌বাজ, কথা বললে ঘাড় মুটকে দেব।

ফাট্‌রা *বিণ.* [কুম] দুষ্ট, অসৎ, চরিত্রহীন ॥ তুমি বর ফাট্‌রা মানুশ ।

ফাটাকল *বিণ.* [কল] বিশ্বাসঘাতক, বিশ্বাসভঙ্গকারী ॥ যেখানে যাই- সেখানেই ফাটাকল।

ফাটানো *ক্রি.* [কল] যৌনসংগম করা ॥ এই ইয়ার্কি মারবিনে, গুদ ফাটাবার কাজ করে ছাড়ব।

ফাটাবাঙ্গি *বি.* [ঢা] রতি বিধ্বস্ত জননাঙ্গ ॥ মাইয়া দেখতে সুন্দর কিন্তুক ফাটাবাঙ্গি কইলাম।

ফাটে ফ্যালাবো *ক্রি.* [রং] ফাটিয়ে ফেলবো, প্রহার, শাস্তি ॥ তোক ফাটে ফেলাইম।

ফাড়্ডুশ *বি.* [সি] ভবঘুরে, বিনা কাজে সর্বত্র ঘুরিয়া বেড়ায় এমন ॥ ফাড়্ডুশর খাম খাজ নাই।

ফাডাবাঁশ *বি.* [বরি] বিপদ, ঝঞ্ঝাট, দুরবস্থা, আপদ্ ॥ হোল পড়ছে ফাডাবাঁশে।

ফাত্‌রা *বিণ.* [সি রং ঢা] ফাঁকিবাজ, ধোঁকাবাজ ॥ সি- তোর এত ফাত্‌রামি খার বালা লাগব যে তরে মাইন্‌সে বালা ফাইত। রং- তুই একটা ফাত্‌রা চ্যাংড়া । ঢা- বাপে ফাত্‌রা পোলায় ক্যামুন অইবো।

ফাত্‌রামি *বি.* [চট্ট] দুষ্টামি, ফাঁকিবাজি ॥ চট্ট- বেশি ফাত্‌রামি ন গরিস মুখত পাট্টা দে। ম- অত ফাত্‌রামি বালা না।

ফাতাংগি *বি.* [রা] বাচাল, যে বেশি কথা বলে ॥ মাগি যা তা ফাতাংগি লয়।

ফাতারা *বিণ.* [রা] ঠকবাজ, ঠগ ॥ চোধ্‌রির ব্যাটা মস্‌তো বড় ফাতারা।

ফাদ্‌ফোরা *বিণ.* [সি] অকালপক্ক, ইঁচড়ে পাকা ॥ ফুরুমুরু বেটা ফাদ্‌ফোরা মাত্‌ মাতে।

ফান্না *বি.* [রা] যোনি, মাঙ, দবলা, স্ত্রী-জননেন্দ্রিয় ॥ খুব ফান্নার বাল আইজ কুনু কামই হল্যোনা।

ফান্না তাইশ্‌ক্যা *বিণ.* [রা] তুচ্ছার্থে ॥ তুই হামার ফান্না তাইশ্‌ক্যা কহিস না তো।

ফালতু *বিণ.* [পা কুম] অকেজো, অসার, অযোগ্য, অপদার্থ, তুচ্ছ ॥ পা- শালা ফালতু লোক। কুম- ফালতু কতা কইয়া লাব্ কি ?

ফাসাদি *বিণ.* [চট্ট] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ ইথে বর ফাসাদি লোক।

ফাহুন্‌দা *বিণ.* [রং] বোকা, নির্বোধ, কম বুদ্ধির মানুষ ॥ এ্যামন ফাহুন্‌দা মাইন্‌সোক ধরি সংসার করম বিলাই পাত্‌ থাকি মাছ নিয়া যায় তাও কবার্ পায় না।

ফাহেশা *বিণ.* [য] অশ্লীল, কুরুচিপূর্ণ, লালসাপূর্ণ ॥ ওর সংগে কথা বললেই ফাহেশা কথা বলে, মেজাজ ঠান্ডা থাকে না।

ফিকির *বি.* মতলববাজ, ফন্দিবাজ, স্বার্থপর ॥ উ শালা ত পাকা রঙের ফিকিরে ছিল- [টানা., স.ব.]

ফিচেল *বিণ.* পাজি, দুষ্টবুদ্ধিবিশিষ্ট, ধূর্ত, শঠ, খল, চতুর, সেয়ানা, ফিচাল ॥ মুখে একটা ফিচেল হাসি- [জাল, শী.মু.]।

ফিত্‌নাবায্ *বিণ.* [সি] গোলমেলে লোক, কলহপরায়ণ, ঝগড়াটে ॥ সলিম বড় ফিত্‌নাবায্ লোক।

ফির্‌তা *বিণ.* [রং] অকর্মা, অলস, কুঁড়ে, শ্রমবিমুখ ॥ ফিরতার ভাত মুই না খাস সংসার ছাড়ি খালি মাজারে মাজারে ঘুরি ব্যাড়ায়।

ফিরা গাই *বি.* [সি] যৌন তাড়নায় ক্ষিপ্ত, যৌন উন্মাদ নারী ॥ লাইট্টা বেটা ফিরা গাইর ফিছ্ লইছে।

ফুংগা *বি.* [সি] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন ॥ ফুংগা পোয়া রিনি গেছে।

ফুংগা বাজাওরি *বিণ.* [ম] অবৈধ গর্ভধারিণী, অবৈধ গর্ভধারণকারী নারী ॥ আরি ফুংগা বাজাওরি তুই সব মান ইজ্জত শেষ করলে?

ফুংগামারানি *বিণ.* [ম] অবৈধ গর্ভধারণকারিণী ॥ ফুংগামারানি সমাজের কলংক।

ফুংগা লাগাওরি *বিণ.* [ম] অবৈধ গর্ভধারণকারিণী ॥ ফুংগা লাগাওরি সব ছেরাইন নষ্ট কইরালবো।

ফুংডা *বিণ.* [ম সি] দুষ্ট, বদমাশ, চরিত্রহীন, লম্পট ॥ ম- ফুংডাডা কোন্‌হানের। সি- এমুন ফুংডা খাম বাফের জনমে দেখ্‌ছি না।

ফুংডী *বিণ.* [ম] দুষ্ট, বদমাশ মহিলা, চরিত্রহীন নারী ॥ ফুংডীর গরের ফুংডী।

ফুকাইদাদি *বিণ.* [সি] অনিষ্টকারী, ক্ষতিকর ॥ এন্‌রে চিনোনা এইন্ মাম্‌লতের ফুকাইদাদি।

ফুঙ্গা *বি.* [সি ম] জারজ, পিতৃপরিচয়হীন, বেজন্মা, হারামজাদা ॥ সি- গুংগায় ফুঙ্গা বাজায়। ম- ফুঙ্গা বাজাউরি মাগি।

ফুঙ্গি *বিণ.* [সি] জারজ মেয়ে, পিতৃপরিচয়হীন মেয়ে, বেজন্মা নারী ॥ ফুঙ্গি পুরির খামাই খাইত খইয়া ভাড়া দিলাইছে।

ফুচু *বি.* [খু] যৌনতা, স্ত্রী-পুরুষের সঙ্গম সম্বন্ধীয় ॥ এসো আমরা ফুচু করি।

ফুট্‌কি *বি.* [ম] পাছা, মলদ্বার, গুহ্যদ্বার ॥ তরে ফুট্‌কি মারবাম।

ফুটানিগিরি *বি.* [ম] অহংকার, অহমিকা, গর্ব, আত্মাভিমান, ঈর্ষা ॥ তর ফুটানিগিরি ত বেডা, জাগা বুইজ্যা কতা কইস্।

ফুটানিমারা *ক্রি.* [ফ য] বাড়াইয়া বলা, বাবুগিরি ॥ ফ- হাজার টাকা

আয় করে লাখ টাকার ফুটানি মারে। য- চাল চুলো নেই, ব্যাটা ফুটানি মেরে বেড়াচ্ছে।

ফুটো *বি.* [খু] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ ফুটো পেলেই চালাও খেঁদি পেঁচি দেখো না।

ফুডা *বি.* [বরি] গর্ত, ফুটো ॥ ফুডা ফাডা সারাইয়া লও।

ফুড়ে *বি.* [ব] দালাল, অন্যায়ভাবে পক্ষ সমর্থনকারী বা সাহায্যকারী ॥ দেশটা ফুড়ে দিয়ে ভরে গেছে।

ফুডা নইস্যা *বিণ.* [বরি] অক্ষম, অকেজো, অসার, অপদার্থ ॥ ও আমার কি হরবে ও তো ফুডা নইস্যা।

ফুডার পো *বি.* [বরি] গর্তের পুত্র, যোনি থেকে উদ্গত পুত্র ॥ ফুডার পোয় গেছে কই?

ফুত্ *বি.* [ম] পুত্র, ছেলে [নিজ সন্তান পরিচয়ে গালি] ॥ ও ফুত্ তর মারে চুদি।

ফুত্খাওয়া *বি. বিণ.* [সি] পুত্রকে হারানো ॥ হাইফুত খাউরি মাগি অন্নে ভিখ মাগ্যা খায়।

ফুদইর *বিণ.* [ম] অকর্মণ্য, অযোগ্য, অসার, অকেজো, অপদার্থ ॥ ফুদইরা লোকের জীবনে সুক অয় না।

ফুদর *বিণ.* [ম] অকর্মণ্য, অযোগ্য, অসার, অকেজো, অপদার্থ ॥ ফুদর লোকের যাগা নাই।

ফুন্ *বি.* [সি] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ ফুন্ বায় দিয়্যা বাঁশ হারাই দিমু মানুষ ছিন্ছছ্ না।

ফুনছিলান *বি.* [সি] পায়ুপথে যে নারী সঙ্গম করে ॥ ফুনছিলানর গরর্ ফুনছিলান।

ফুন্দা ফুন্দি *বি.* [সি] ঝগড়া, কলহ, বিবাদ, ফেসাদ ॥ অই দেখ বাফে ফুতে ফুন্দা ফুন্দি লাগাই দিছে।

ফুনদেমুকে *বিণ. ক্রি.* [সি] দুই মুখে, ইঁচড়ে পাকা ॥ উতুকুনি পুয়া ফুনদেমুকে মাতে।

ফুনমারা *ক্রি. বি.* [সি] পায়ুপথে রমণ, ক্ষতিগ্রস্ত ॥ ফুনমারাউনির পুআ।

ফুয়াফাংরা *বি. বিণ.* [সি] বোকা ছেলে, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ ফুয়াফাংরার খতা দরিস্ না।

ফুরচুঙি *বি.* [সি] চুলকানু, উৎসাহিত করা, খারাপ বুদ্ধি দেওয়া ॥ ফুরছুঙি দেওয়ার মারে গাইড় মারি।

ফুরসত্ পাগল *বিণ.* [সি] অলস, কুঁড়ে, শ্রমবিমুখ, নিরুদ্যম ॥ ফুরসত্ পাগলা আবুলে তোমারে

খাম কইরা দেলাইব তুমি বাবলায় কী লাখান।

ফুল বাবু *বি.* [কল] অকর্মণ্য ব্যক্তি, অলস ব্যক্তি ॥ ফুল বাবু সেজে বাবু এখন হাওয়া খেতে বেরোলো।

ফুলিবন্‌দি *বিণ.* [পা] বন্ধ্যা, বাঁঝা, যে নারীর সন্তান হয় না ॥ ফুলিবন্‌দি মহিলা গ্যাদা হওয়ানির যুক্তা নাই।

ফুশ্‌কি হানা *বি.* [রং] পরশ্রী-কাতরতা, কুমতলব, খোঁচা মেরে কথা বলা ॥ ওর স্বভাবটায় কথায় কথায় ফুশ্‌কিহানা।

ফুঁসে ওঠা *ক্রি. বি.* [কল] রেগে ওঠা, উত্তেজিত হয়ে ওঠা ॥ অনন্যা ফুঁসে উঠল, 'ইস'-[কাল.,স.ম.]

ফেউ *বি.* [ম ফ] দালাল, শত্রু ॥ ম-তর মত ফেউ কি করবে? ফ-সাবধানে চলো পিছনে ফেউ লাগছে।

ফেউয়ালি *বি.* [সি] গোপন তথ্য যে ফাঁস করে দেয় বা দিতে তৎপর থাকে ॥ তোমার ফিছে ফেউয়ালি লাগছে ধুন খইরা দেখ।

ফেও *বি.* [কল] কুকুর [খারাপ মানুষ অর্থে] ॥ ওর পেছনে ফেও লাগিয়ে দেওয়া হয়েছে।

ফেঁচি *বিণ.* [রা] একগুঁয়ে, একরোখা, গোঁয়ার, জেদী ॥ ছেলেটা বড্ড ফেঁচি।

ফেক্‌লু *বি. বিণ.* [কল] আজে বাজে লোক, বোকা, ব্যর্থ ॥ এই ফেক্‌লু, বাজে কথা বললে মেরে হাড় ভেঙে দেব। [তোমার ভিআইপি রিসেপশন হচ্ছে আর আমি ফেকলুর মতো দাঁড়িয়ে থাকব-কাল.,স.ম.]

ফেচ্‌কি *বিণ.* [দি] বেআদব, ফাজিল ॥ হুঁস করি থাকিস সবায় ঐ ফেচ্‌কি ছোঁড়াটা জারুয়া কাথা কহে খুব।

ফেট্ লাগাওরি *বিণ.* [সি] অবৈধ সন্তান গর্ভধারণকারী নারী ॥ ছুত্‌মারাউনির পুড়িয়ে কুত্তা দিয়া ফেট্ লাগাইছে।

ফেদ্‌রি *বিণ.* [চট্ট] নোংরা, অপরিষ্কার ॥ ফেদ্‌রি জিনিসল্লাই মরদ্দে গওর, তুই ক্যান মানুষ!

ফেদা *বি.* [কু] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ ফেদা মারানির মাগি তোর ফেদা মারবনে।

ফেদাচাটি *বিণ.* [দি] যোনির ময়লা চাটা ॥ ঐ মাংচাটা বুড়াটা এইঠে ঝগড়া করিবা আইছে চেটতো খাড়া হয়না এই বয়সেও শাউয়া চাটে।

ফেপ সাং নচেও *ক্রি.* [ম্রো] থাপ্পড়

মারবো ॥

ফের *বি.* [কল] ধর্ষণ, বলৎকার, পীড়ন ॥ মাগিটাকে ঝাপটে ধরলুম-ফের করলুম জোর করে মাটিতে শোয়ায়ে।

ফেরত *বি.* [সি] পেত্নী, নোংরা ॥ এমুন ফেরত দুনিয়াত্ নাই।

ফেরতি *বি.* [সি] পেত্নী, নোংরা মেয়ে ॥ এ ফেরতিরে বিয়া কৈরব কেডা?

ফেরতের পুরি *বি.* [সি] পেত্নীর মেয়ে, নোংরা লোকের মেয়ে ॥ ফেরতনী চুদাওরীর পুরি।

ফেরতের পোয়া *বি.* [সি] পেত্নীর ছেলে, নোংরা লোকের সন্তান ॥ ফেরতর চুদা।

ফেরি *বি.* [কল] গণিকা, বেশ্যা, বারবনিতা, কুলটা, বারস্ত্রী, বারবধূ, বারনারী, পতিতা ॥ রাত হলে মাগিটা ফেরি হয়ে যাচ্ছে।

ফেরিআলি *বি.* [কল] গণিকা, বেশ্যা, বারবনিতা, কুলটা, বারস্ত্রী, বারবধূ, বারনারী, পতিতা ॥ রাস্তাঘাটে সস্তায় ফেরিআলি পাওয়া যায়।

ফেরেববাজ *বিণ.* [কল] জোচ্চর, প্রবঞ্চক, প্রতারক, ঠগ ॥ দীন নাথের কাজ হলো ফেরেববাজি করে খাওয়া।

ফেরেব্বাজি *বি.* জোচ্চুরি, প্রতারণা, প্রবঞ্চনা ॥ ফেরেব্বাজী আমি একদম পছন্দ করি না- [কাল.,স.ম.]

ফৈচ্‌কা *বিণ.* [পা] বাচাল, যে বেশি কথা বলে ॥ এত ফৈচ্‌কা হলি কি হয়।

ফৈজ্‌কা *বি. বিণ.* [রং] ধাপ্পাবাজ, ধোঁকাবাজ, প্রতারক ॥ ছাওয়াটা বড় ফৈজ্‌কা।

ফৈর্‌হা/হইরা *বি.* [নো] ফকির, ভিক্ষুক ॥ কীরে অড়া আর কদিন হইরামি করবি?

ফোঁশকাটা *বিণ.* [রা] বুদ্ধিহীন, বোকা, নির্বোধ ॥ তুই এক্ নম্বরের্ ফোঁশকাটা।

ফোকলা *বিণ.* [পা] দাঁত নেই এমন লোক ॥ ফোকলা বুড়ি কোনেকর।

ফোগলা *বিণ.* [রা] দাঁত নেই এমন লোক ॥ ফোগলা কুষ্ঠেকার আবার আইস্‌ছে গোশ খাইতে।

ফোচ্‌কামি *বি.* [কুম] ফাজলামি, বাচালতা ॥ ফোচ্‌কামি করিস্ না।

ফোট *ক্রি.* [খু] কেটে পড়া, চলে যাওয়া ॥ এখান থেকে ফোট শালা।

ফোর ফরটি ভোল্ট *বি.* [খু] গরম মেয়ে, যৌন আবেদনময়ী নারী ॥

খবরদার রোজীর ধারে যাস্‌নে ফোর ফরটি ভোল্ট।

ফোড়াংগিরি *বি.* [চট্ট] ফুটানি, গর্ব, গৌরব ॥ বেশি ফোড়াংগিরি ন মারিস্।

ফৌড়্যা *বি.* [ব] দালাল, অন্যায়ভাবে পক্ষ সমর্থনকারী বা সাহায্যকারী ॥ তার মতন ফৌড়্যা আর নাই।

ফৌত্যা *বি. বিণ.* [নো] মিথ্যাবাদী, যে মিথ্যা কথা বলে ॥ ফৌত্যার্ কতায় কাম খরিস্ না।

ফ্যাকড়া *বি.* বাধা, আপত্তি, সমস্যা ॥ হাজার ফ্যাকড়া বের করেও যা বোঝা বা বলা আমার দ্বারা হবে না- [প্রজা.,স,ব.]

ফ্যাজত্ *বি.* [রা] গালি, তিরস্কার ॥ এ্যাত ফ্যাজত্ খালে, তবুও শখ পুরলোনা বাহে।

ফ্যাদড়াগুদা *বি. বিণ.* [কল] ফ্যাদায় ভর্তি থাকা যোনি, অপদার্থ, নোংরা ॥ ফ্যাদড়াগুদায় ধোন ঢোকাবো না।

ফ্যাদড়া প্যাচাল *বি.* আলতু ফালতু কথাবার্তা, অকারণ গণ্ডগোল ॥ অনেকক্ষণ আমার ফ্যাদা প্যাচাল শুনলেন- [জাল, শী.মু.]

ফ্যাদলু *বিণ.* [রং] বাচাল, যে বেশি কথা বলে ॥ তুই খুব ফ্যাদলু হছিস্।

ফ্যাদা[১] *বি.* [রা খু] বিরক্তিকর, অশ্লীল গালি ॥ রা- ফ্যাদার কথা কহিস্যাতো । খু- ফ্যাদাটা যে জ্বালিয়ে দিলো।

ফ্যাদা[২] *বি.* [কল] লিঙ্গের মধ্যে জমে থাকা ক্লেদ বা শিশ্নরস, যোনির মধ্যে জমে থাকা ক্লেদ বা যোনিরস ॥ ব্যাটার মুখটা এখনি ফ্যাদার মধ্যে গুঁজে দেব।

ফ্যাদাচোদা *বি.* [খু] অবজ্ঞাজনিত গালি ॥ ফ্যাদাচোদাটারে লাগাতো দু'ঘা ।

ফ্যাদামারানি *বি.* [খু] বিরক্তিকর ॥ ফ্যাদামারানিটারে দেখতে পারিনে।

ফ্যাদামুয়া *বিণ.* [কল] লিঙ্গের ডগায় বা যোনিমুখে ক্লেদ জমে থাকা অবস্থার মত মুখ যার ॥ ফ্যাদামুয়া দেখতে পাসনি আমি কী করছি।

ফ্যাধা *বি. বিণ.* [রং] অপদার্থ, অকর্মঠ, অকেজো, অসার ॥ মুই ফ্যাধারক্ নিয়া কাজ করবার পাবার নম।

ফ্যান চাটা *ক্রি. বি.* তোষামোদ, চাটুবৃত্তি, মোসাহেবি ॥ একবার আমার টাকা হউক, তখন দেখিব যে তুমি বাছাধান আমার বাড়িতে

ফ্যান চাটিতে যাও কিনা- [ডমরু., ত্রৈ.মু.]

ফ্যানামাত্রা *বিণ.* [সি] বাচাল, যে বেশি কথা বলে ॥ ফ্যানামাত্রা লোকের বুদ্দি কম।

ফ্যায়াল্ *বি. বিণ.* [নো] শিয়াল [ধূর্ত অর্থে] ॥ ফ্যায়ালে কাঠাল খায় বোবার মুখে আত্ বুলায়।

ফ্যারত *বি. বিণ.* [সি] পেত্নী, নোংরা ॥ এমন ফ্যারত দুন্যাইৎ নাই।

ফ্যার্তামি *বি.* [সি] নোংরামি ॥ অত ফ্যার্তামি আর বালা লাগে না।

ফ্যারোব্বায্ *বিণ.* [খু] কপট, চাতুরী, প্রতারণা, শঠতা, ছল ॥ মুন্শির মতো ফ্যারোব্বায়্কে আমি চিনি না?

ফ্যারোবি *বি.* [কুম] জুয়াচুরি, ছলনা ॥ এতটুকুন্ ছেলে শেও ফ্যারোবি শিখ্সে।

ফ্যাল *বি.* [সি] শিশ্ন, পুংজননেন্দ্রিয়, অণ্ডকোষ ॥ তরে ফিরবার কিতা দিতামরে, নে আমার ফ্যাল ছুছ্স্যা খা।

ফ্যাশো *বি.* [পা] গালি, অশ্লীল ভাষা, তিরস্কার ॥ কাম শিকো নাই ফ্যাশো শিক্স।

ব

বঅন *বিণ.* [চট্ট] বেঁটে, বামন ॥ অড়া বঅন, চান ধইত্য চর দে নে?

বঅরা *বিণ.* [নো] বধির, কালা ॥ কীরে বঅরা তোর মায় ডাকে য্যো হনুচ্ না?

বইতালি *ক্রি. বি.* [চট্ট] বাজে কাজ, পণ্ডশ্রম ॥ এত বইতালি গরার সময় ক্যানে পস।

বইরনী *বি.* [ম] কানে কম শুনা মেয়ে ॥ ঐ বইরনী অত্কান দইরা ডাকতাছি ওনছ্ না।

বইর‍্যা *বি.* [রা ম] কানে কম শোনা পুরুষ ॥ রা- কানে কি ধন ভর‍্যা বসা আছিস, বইর‍্যাম্ ছাড়। ম- এই বইর‍্যাডার কান্অ ফইরা তাকলেও ওনে না।

বইরহো *বি.* [সাঁও.] কানে কম শোনা লোক ॥

বউ কাঁটকি *বিণ.* পুত্রবধূকে যন্ত্রণাদায়িনী, শাশুড়ি ॥ শাশুড়ি মাগী বড় বৌ কাঁটকি- [আলাল.,টে.ঠা.]

বউখনামারানি *বিণ.* [বরি] গামলা ধরনের বিশেষ পাত্র ব্যবহারকারিণী ॥ হেই বউখনামারানি এহনও যায় নাই?

বউখোর *বি. বিণ.* [খু] যার বউ মারা যায় ॥ বউখোর ভাগ্য নিয়েই ওর জীবন গেল।

বউ চাটা *বিণ.* স্ত্রৈণ, স্ত্রীর বশীভূত পুরুষ, ভার্যাধীন ॥ পাড়ার লোকেরা জ্যোতিপ্রকাশকে বলত বউ চাটা- [ম.রা.জী.,র.ব.]

বউভাড়ুয়া *বি. বিণ.* [দি] বউয়ের কথামত চলে যে পুরুষ ॥ তুই ত একখান বউভাড়ুয়া তর মান তুই কুণ্ঠে সেন্দাইছি।

বউয়া *বি. বিণ.* [বরি] বলদ, বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ কিরে বউয়া কই যাও?

বউয়ার পো *বি.* [বরি] বোকার সন্তান ॥ বউয়ার পোয় কয় কি?

বএলা *বি.* [কল] স্তন, বক্ষোজ, কুচ, উরোভব, বুনি, মাই ॥ তোর বএলা দেখে হাত বুলাতে ইচ্ছে করছে।

বওআল করা *ক্রি.* [কল] মার করা, প্রহার করা ॥ মেয়ে মানুষের পেছনে ঘুরতে দেখলে ওকে ধরে বওআল করে দিবি।

বওনা *বি. বিণ.* [দি] বেঁটে, বামন ॥ বওনা শালারা বজ্জাতের হাঁড়ি।

বওয়ালি ভাতি *বি. বিণ.* [কল] ঝগড়াটে মেয়ে, কলহপরায়ণ নারী ॥ গাল ফুলিয়ে বওয়ালি ভাতি এসে রাগ দেখায়ে গেল।

বক্‌কর *বিণ.* [চট্ট] শঠ, ধূর্ত, প্রতারক, প্রবঞ্চক ॥ বক্‌কর্ গওরত্তুন ফারাগ্ থাকিস্।

বক্‌কিল্ *বিণ.* [ম সি] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ ম- এই রহম বক্‌কিল্ ত জীবনে ফাইছিনা। সি- বখকিলর ধন কুনু খাজর না।

বক্‌খিলা *বি. বিণ.* [সি] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ 'খা খা বকখিলারে খা'।

বকধার্মিক *বিণ.* [বাগ.] কপট, ভণ্ড ॥ এ্যা একটা বকধার্মিক।

বক্‌নি *বি.* [খু] গালি, অশ্লীল বাক্য ॥ বক্‌নি না শুনলে তোমার ভাত হজম হয় না, নাহ?

বকবক *ক্রি. বিণ.* [ম] বেশি কথা বলা ॥ বেশি বক বক করিস্‌না নাহর্‌লাম।

বকরমবাজ *বি.* [কল] বেশি বকবক করে যে, মাস্তান জাতীয় লোক ॥ ওই গলির মধ্যে যাবিনে

বকরমবাজ রয়েছে।

বক্‌রা *বি.* [কল] মৃত্যুদণ্ডের আসামি ॥ বক্‌রাটা এখন সেলের মধ্যে আছে।

বক্‌রি *বি. বিণ.* [রং] ছাগল, ব্যক্তিত্বহীন ॥ তুই একটি বক্‌রি।

বকরিচোদ *বি.* অশ্লীল গালাগাল বিশেষ ॥ চোপ ! বকরিচোদ্ ! [ফ্যাতাড়ু.,ন.ভ.]

বকরিচোদা *বি.* [রং] ছাগলের বাচ্চা [হীন অর্থে] ॥ বকরিচোদাটা মোর নামে ওগলা কি কয়রে?

বকা[১] *বিণ.* [কল] বোবা, নীরব ॥ লোকটা মার খেয়ে বকা হয়ে দাঁড়িয়ে রইল।

বকা[২] *বি.* [ম] গালি, অশ্লীল বাক্য, কটু বাক্য ॥ আর একবার বকলে হাত পা ভাঙ্গ্যাল্‌বাম।

বকাবকি *বি.* [ম] গালিগালাজ, তিরস্কার ॥ বকাবকি করবেন না কইতাছি।

বক্কিল *বিণ.* [ম] কৃপণ, কিপটে, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ এই বক্কিলের দন ফিফ্‌রা কাইব।

বখরা *বি.* ভাগ, অংশ ॥ যা চুরি হ'ত, ওর সংগে আধাআধি বখরা- [ক.বা.,গি. ঘো.]

বখাইট্টা *বিণ.* [কুম] ভবঘুরে, বখাটে ॥ এমুন বখাইট্টা সেলে পুলে দিয়া শংশার চলবে না।

বখাটে *বিণ.* দুষ্ট, দুর্বিনীত বা গোল্লায় যাওয়া ॥ নকশালপন্থী ছেলেদের সংগে বখাটে গুণ্ডাদের তুলনা করছিস- [কা.পু., স.ম]?

বখেড়া/বখেরা *বি.* ঝামেলা, ঝগড়াঝাটি ॥ তবে লোকে আমাদের কাজে বখেরা করলে আমি শালাদের পেটে চাক্কু চালাবো- [আ. দে., প্র.রা.গ্র]

বগলদাবা করা *ক্রি. বি.* বগলে চেপে ধরা, সম্পূর্ণভাবে দখল করা, আত্মসাৎ করা ॥ এই সময় বিনোদিনীকে বগলদাবা করে গুমুর্খ সেখানে এসে উপস্থিত হল- [প্র.আ.,সু.গ.]

বগা *বি.* [ম] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ তুই আমার বগা করবে।

বগার পোয়া *বি.* [সি] পুরুষাঙ্গ থেকে উদ্‌গত পুত্র ॥ বগার পোয়া বেশি মাতিস্ না।

বগোয়্ *বিণ.* [পা ফ] ধোঁকাবাজ, ফাঁকিবাজ ॥ তুই একটা বগোয়্‌মার্কা লোক।

বচন *বি.* [ম] গালি, তিরস্কার, অশ্লীল বাক্য ॥ ইমুন বচন কাইয়াও

কারইয়া রইলে তুই।

বচোস্ *বি. বিণ.* [কল] ঝগড়াটে লোক, কলহপরায়ণ লোক ॥ ও একজন বচোস্, কথা বললেই বিপদ।

বজ্জাত১ *বিণ.* [ম] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ এই বজ্জাতের জাগা কৈ অইব।

বজ্জাত২ *বিণ.* দুষ্ট, বদমাশ, পাজি ॥ আঁতুড় হইতে মালা বলিল, বুড়ো কী বজ্জাত [প.ন.মা., ম.ব]?

বটকা *বিণ.* [ম] অত্যন্ত মোটা মানুষ ॥ বটকার গরের বটকা।

বট্কিরা *বি. বিণ.* [কুম ম] বামন, খাটো, বেঁটে ॥ কুম- ঐ বট্কিরা আর বরো অইত না। ম- যা বট্কিরা তরে দে এই কাম অইব না।

বট্কু *বিণ.* [ম] মোটা মানুষ ॥ বট্কুডা লড়তা হারেনা ছরতা হারেনা, কিন্তু খায় কম না।

বটটম *বি.* [কল] স্তন, দুধ, বুনি ॥ তোর বটটম টিপে দেবো মাগি।

বট্বট্ *বি.* [ঢা] বেশি কথা ॥ সারাদিন অত বট্বট্ করেন ক্যান।

বট্লা *বিণ.* [সি] মোটা, স্থূল ॥ বট্লা মাগি ফেট লইয়া লড়তঅ ফারেন্না।

বটৈ *বি.* [সি] পুরুষের লিঙ্গ, শিশ্ন ॥ বটৈর গরর্ বটৈ হারামজাদা।

বডর্ বডর্ *বি.* [কুম] আজে বাজে আলাপ ॥ বডর্ বডর্ ছাড়।

বডা নষ্ট *বি. বিণ.* [ম] মাথা খারাপ, পাগল, মানসিক রোগী, বিকৃত মস্তিষ্কের মানুষ ॥ এই বডা নষ্ট জ্বালাইয়া কাইল আমারে।

বডার গাইল্ *বি.* [ম] মোটা ব্যক্তি, স্থূল মানুষ ॥ এই বডার গাইল্রে দেয়্যা কাম করাইতে ফারবে ?

বতাল *বিণ.* [পা] চরিত্রহীন ॥ বতাল লোক, ও খুব খারাপ।

বদ *বিণ.* [ম] খারাপ লোক, দুষ্টলোক, পাজি, অসৎ ॥ ম- ইমুন বদ মানুষ আর দেহি নাই। কল- বদ ছেলের পাল্লায় পড়ে আমার সব গেল। [এ্যাই ছেলেগুলো তো ভারী বদ্-গণ., তা.ব]!

বদংগা *বিণ.* [সি] অসুন্দর, বিকৃত গড়ন ॥ এই বদংগার দেখবার ছুরত নাই।

বদ্দি *বিণ.* [পা] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ এত বদ্দি হলি কি হয়?

বদ্দু *বিণ.* [ফ] বোকা, নির্বোধ,

বেআক্কেল ॥ যাহ্ বদ্‌দু ইশারা বুঝে না।

বদ্‌বক্‌ *বি.* [ম] খারাপ লোক ॥ এই বদ্‌বক্‌টা যা না কেরে ইহান্‌তে অহনও।

বদমাশ *বিণ.* [ম] চরিত্রহীন, নষ্ট মানুষ, লম্পট ॥ বদমাশের বাইচ্চা ফত্‌ ছাইরা কার্‌অ কইতাছি।

বদমাগী *বিণ.* [ম] খারাপ স্ত্রী লোক ॥ এই বদমাগীরে কইত্তে আন্‌লা।

বদা *বিণ.* [খু য] নির্বোধ, বোকা, বেআক্কেল ॥ খু- এ নিশ্চয় ঐ বদার কাজ। য- আমার স্বামীটি একেবারে বদা।

বদামারাওনি [সি] বেশ্যা, বারবনিতা, কুলটা, বারস্ত্রী, বারনারী, বারবধূ, পতিতা, গণিকা, কামিনী ॥ বদামারাওনি লাংগের লগে গুমাই রইছে।

বদার ফুয়া *বি.* [সি] যোনিজাত পুত্র ॥ বদার ফুয়া যে বদা দিয়া বাইরৈছস্‌, ওই বদা দিয়্যা টেলামারি বইরা দিমু।

বদের আণ্ডিল *বি.* [কল] অত্যন্ত পাজি, খারাপ স্বভাবের মানুষ ॥ আচার ব্যবহারে রহিম একটা বদের আণ্ডিল।

বদের বাষট্টি *বি.* অত্যন্ত বদ, অত্যন্ত খারাপ ব্যক্তি ॥ আর আছে ওই বজ্জাত ময়না। বদের বাষট্টি- [স্বপ্ন., কি.রা.]

বদের হাড্ডি *বি.* [ম] অত্যন্ত খারাপ মানুষ ॥ তুই একটা বদের হাড্ডি।

বন্‌কি *বি.* [কল] হিজড়া, ক্লীব, নপুংসক ॥ তর পেছনে বন্‌কি লাগাবো শালা।

বয়রা *বিণ.* [বরি] বধির, কানে কম শুনা লোক ॥ ও হালায় এমন বয়রার বয়রা চিল্লাইয়া কইলেও হোনে না।

বয়রাচোদা *বিণ.* [ঢা] কানে কম শোনা লোক ॥ বয়রাচোদা অইছো।

বরক *বি.* জার, লম্পট ॥ বরকে জীবন কয়ল পরাধীন নাহি উপকার এক ঠামা- [বিদ্যা]।

বরগিরি *বি.* [কুম] স্ত্রীর বড় ভাই [গালি অর্থে ব্যবহৃত] ॥ বরগিরির পুত্‌ বরগিরি।

বর্‌বর্‌ *বিণ.* [পা] বোকা, নির্বোধ, বেআক্কেল, মূর্খ, বুদ্ধিহীন, বেওকুফ ॥ শালা বর্‌বর্‌, শালা হাঁদারাম।

বরাক *বিণ.* নীচ, জঘন্য, হীন ॥ কোন বা বরাক এই দেবকীকুমার- [মহা]।

বরাখুরে *বিণ.* বরার [শুয়োর] মত

স্বভাব যার ॥ মর ছোঁড়া উনপাঁজুরে বরাখুরে- [টি.ত., উ.দ.]

বরাট *বি.* অকিঞ্চিৎকর বা অধম ব্যক্তি ॥ কোন বা বরাট আমি হই অল্পমতি- [মহা]।

বরাহ্ *বি.* শূকর ॥ বরাহের আকার হইব পাপীগণ- [সৈ.সু.]।

বরাহনন্দন *বি.* [খু] শুয়োরের বাচ্চা, শূকরের বাচ্চা ॥ গোঁ দেকলেই বোঝা যায় শালা বরাহনন্দন।

ব্রোঃ আপ্যাউঃ *বি.* [ত্রি.] অসৎ মানুষ ॥

বলংগা *বিণ.* [ম] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ পুলাডা বলংগার লাগান্।

বলটু *বি.* [পা] গালি, তিরস্কার, অশ্লীল বাক্য ॥ বেটাকে দে একটা বলটু মাইরা ।

বলডুয়া পুরুষ *বিণ.* [কুম] কাপুরুষ, ভীরু, অপদার্থ ॥ এই ব্যাডায় একটা বলডুয়া পুরুষ।

বলদ *বিণ.* [ম খু] স্থূলবুদ্ধির মানুষ, বোকা, বেওকুফ, বুদ্ধিহীন ॥ ম- আরে বলদ তর কি এই কাম। খু- আমার বলদটার কাজ হলো খাওয়া আর ঘুমানো।

বলদা *বিণ.* [পা বরি ম] স্থূল বুদ্ধির মানুষ, বোকা, নির্বোধ, বেওকুফ ॥ পা- বলদার বাচ্চা কিচ্ছু বোঝে না। বরি- রহিম এক্ছের বলদা, কিছুই বুঝে না। ম- এই বলদা চোদা দে কাম অইব না।

বলাগার *বি.* [ম] বলৎকার, ধর্ষক, ধর্ষণকারী ॥ তর বলাগারির মারে চুদি।

বলীগিরি *বি.* [চট্ট] মাস্তানি ॥ বেশি বলীগিরি ন দেহাইস্, হাতঠ্যাঙ মুচরি দিয়ুম।

বশা বলদ *বিণ.* [ফ] কুঁড়ে, আলসে ॥ বশা বলদের মত ঘরে বইসা জাবর কাটিস্ না।

বসির *বিণ.* [নো] বধির ॥ বসিরের কাছে মাইয়া বিয়াদি কি মাডার হমুনি?

বহা *ক্রি. বি.* [ম] গালি দেওয়া, তিরস্কার করা ॥ বহাচুদাইয়ো না চুপ কর।

বহাবহি *বি.* [ঢা ফ ম] গালাগালি, অশ্লীল বাক্য, তিরস্কার ॥ ঢা- দ্যাহেন আপনে মুরুব্বী মানুষ অতো বহাবহি মানায় না। ম- অতো বহাবহি করলে তরে আজগা ফিডাইয়াম। ফ- অযথা বহাবহি করিস্ না।

বহির‍্যা *বিণ.* [রা] বধির ॥ ঐ বহির‍্যা কুণ্ঠেকার, এতবার কুহছি হটতে পারিস্ন্যা।

বহিল্ *বিণ.* [কুম] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ লোক্টা বর বহিল্ ।

বৃহোঃ ক্তহা *বিণ.* [ত্রি.] বড় পেট ॥

বাঅড় *বিণ.* [রা] বাঙাল, অজ্ঞ ॥ কোথাকার বাঅড় হে তুমি।

বাঅনি *বিণ.* [কুম] বেঁটে, খাটো, বামন ॥ ওর লাহান বাঅনিরে কে বিয়া করবো।

বাইটা *বি.* [ব] গুণ্ডা, দুর্বৃত্ত, বদমাশ ॥ সেরাটা ডাংগর বাইটা।

বাইট্টা *বিণ.* [সি ম] বামন, খাটো, বেঁটে ॥ সি- বাইট্টা মাইন্শর আইক্কা আইক্কায় বুদ্ধি। ম- এই বাইট্টাডা বর নাডাই।

বাইট্যা *বিণ.* [কুম] বামন, খাটো, ঠেটে ॥ বাইট্যা মানুষ নাডা।

বাইট্টে *বি. বিণ.* [ব] খাটো, ঠেটে ॥ শালা বাইট্টের চালচলন দেখ।

বাইদ্যা *বিণ.* [ফ] মিথ্যাবাদী, যে মিথ্যা কথা বলে ॥ বাইদ্যা লোক্রে কেউ বিশ্বাস করে না।

বাইদ্যার বাইদ্যা *বিণ.* [ঢা] অত্যধিক ঝগড়াটে, অতি কলহপরায়ণ ॥ তুই বর বাইদ্যার বাইদ্যা।

বাইনচুইত *বিণ.* [পা] বোনের সাথে সঙ্গমকারী ॥ শালা বাইনচুইত বেশি কতা কয়।

বাইনচুত *বিণ.* [চট্ট সি কুম] বোনের সাথে সঙ্গমকারী ॥ চট্ট- বাইনচুত মাইন্ষ্যর দোস ন তুয়াই নিজর ইক্কা চা। কুম- তুই বর বাইনচুত। সি- বাইনচুত গেছে কুয়াই ।

বাইনচোত *বিণ.* [খু রং] বোনের সাথে সঙ্গমকারী ॥ খু- বাইনচোত না হলে একাজ করে? রং- বাইনচোত তোক্ ফাটে ফেলাইম।

বাইনচোদ *বিণ.* [দি] বোনের সাথে সঙ্গমকারী ॥ তোর মতন বাইনচোদ পৃথিবীতত্ কেনে জন্মাইল শালা।

বাইনৃযা *বিণ.* [সি ম] বন্ধ্যা, বাঁঝা, যে নারীর সন্তান হয় না ॥ সি- হে বাইনৃযা মাগিরে লইয়া গর খরে? ম- এই বাইনৃযা তইয়া আরেকটা বেয়া কর।

বাইনযালি *বি.* [ম] দাসীগিরি, গৃহপরিচারিকার কাজ ॥ বাইনযালি করতে আইয়া অত কতা কিয়ের।

বাইন্যা *বিণ.* [ম] স্বর্ণকার, চালাক [ধূর্ত অর্থে] ॥ অত বাইন্যা ফানাম ছাইরা সিদা অইয়া ছল।

বাইযাশৃতা *বিণ.* [রা] বাউণ্ডেলে, ছন্নছাড়া, অকর্মণ্য, ভবঘুরে ॥ বাইযাশৃতা পোলা কোনে ঘুরে বেড়াস।

বাইরাইন্যা *বিণ.* [বরি] ভবঘুরে, ছন্নছাড়া, অকর্মণ্য ॥ পোলাডা একেবারে বাইরাইন্যা।

বাইল *বি.* [ম] কৌশল, কূটকৌশল, ষড়যন্ত্র ॥ অত বাইল চুদাইস্না কি কইবে ক।

বাইলান *বি.* [য] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ শালী, এমনভাবে বসে আছে যে বাইলান দেখা যাচ্ছে।

বাইসালি *বি.* [নো] বাচালতা, ঠাট্টা, মশ্করা ॥ বাইসালি হোন্দাইবার জাগা বুজি আর টোআই হাচ্ নই।

বাইহ্যা *বিণ.* [রা] বদমাশ, বজ্জাত ॥ এখ্যান থাইক্যা তুই যাতো হামার সঁতে বাইহ্যামু করিস্ না।

বাউইন্যা *বিণ.* [ম] বেঁটে, বামন, খাটো ॥ বাউইন্যারে টানলে লাম্বা অইবো?

বাউইয়্যা *বিণ.* [কুম] ভবঘুরে, ছন্নছাড়া, অকর্মণ্য, বিনা কাজে সর্বত্র ঘুরিয়া বেড়ায় এমন ॥ বাউইয়্যার গায়ে কাম্ গসে না।

বাউটা *বিণ.* [সি] খারাপ, ভবঘুরে, ছন্নছাড়া, বিনা কাজে সর্বত্র ঘুরিয়া বেড়ায় এমন ॥ ই বাউটায় এখবারে খতা হুনে না।

বাউট্যা *বিণ.* [কুম] শয়তান, প্রবঞ্চক ॥ তোর বাউট্যাগিরি ছুডাই দিম্ ।

বাউট্টা *বিণ.* [ঢা] ইঁচড়ে পাকা, অকালপক্ব ॥ এই বাউট্টার জন্ন মান্ থাক্‌ব না।

বাউড্ডা *বিণ.* [বরি] বেঁটে, খাটো, বামন ॥ বাউড্ডাগুলানই বেশি শয়তান।

বাউণ্ডেলে/বাউণ্ডুলে *বিণ.* [ম] ভবঘুরে, ছন্নছাড়া, অকর্মণ্য ॥ এই বাউণ্ডেলে ফুত্ লইয়া বিফদঅ আছি। [আমার মতো বাউণ্ডুলের সব থেকে বড় সঞ্চয় ফলের বীজ জমানো- দ.ক., সু.সি.]

বাউরী *বি.* পাগলি, উন্মাদিনী ॥ সোনার নাতিনী এমন যে কেনি হইলা বাউরী পারা- [চণ্ডি]।

বাউশ্শামি *বি.* [ম] বদমায়েশি, বদমাশের ভাব বা আচরণ ॥ বাউশ্শামিগিরি ছাইরা বালা অ শালা।

বাওদিয়া *বি. বিণ.* [রং] অকর্মা মানুষ ॥ বাওদিয়াটাক্ দিয়া কিছু হবার নয়।

বাণ্টু *বিণ.* [রং] বেঁটে, খাটো, বামন ॥ বাণ্টুর বেটিটা কন্ঠই গ্যালোরে?

বাংলা *বি.* [খু] দেশি মদ, নেশা জাতীয় পানীয় ॥ বাংলা খেয়ে শালার লিভারটাই পঁচে গেছে।

বাঁকর *বি.* [রা] শাস্তি, গালি দেওয়া ॥

কাজ না করে শুধু বাঁকর খা ।

বাঁড়রা *বিণ.* [নো] বেঁটে, ক্ষুদ্র ॥ বাঁড়রারে লই আঁর য্যাআল হইছে। না হারে লইতো না হারে ছইতো।

বাঁড়া *বি.* [কু খু পা রা দি] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ পা- বাঁড়ার লোক, কতা শুনে না। কু- বাঁড়ার বাল হয়েছো তুমি। রা- তোর বাঁড়ার উপর বারি দিবোরে শালা। খু- বাদ দে তো বাঁড়ার কতা। দি- লোহিয়ার বেটার বাঁড়াটা বেলে বেজায় নাম্ভা আর বাঁশিলার ডেটের মতোন মোটা।

বাঁড়ার বাল *বি.* [কু] অতি সামান্য জিনিস জ্ঞান করা ॥ তুমি আমার বাঁড়ার বাল।

বাঁড়ার শালা *বি.* [কু দি] অতি তুচ্ছ কেউ ॥ কু- ওরে আমার বাঁড়ার শালা কোন্‌কার। দি- তোক্ না কহিচু বে ইয়ারকি করিবুনাই, মোর সাথে বাঁড়ার শালা কুণ্ঠেকার কাথা কানত্ যায়না বেটা মাউগের ভাই।

বাঁদর *বি. বিণ.* [খু] বানর, দুরন্ত, চঞ্চল, দুষ্টু ॥ বড় বাঁদর হয়েছে তো ছেলেটা। [বাড়ির লোকে বলে, লজ্জা করে না বাঁদর - ছে., র.ঠা] ?

বাঁধা গাই *বি.* [কল] রক্ষিতা, উপপত্নি ॥ বদ্যিনাথ বাবুর একজন বাঁধা গাই আছে।

বাঁধা ছুটো *বি.* [কল] যে নারী একাধিক পুরুষকে দেহদান করে ॥ ঐ বাঁধা ছুটো মাগির পঞ্চাশ টাকা রেট।

বাঁধাবাবু *বি.* [কল] বেশ্যার বাঁধা খদ্দের ॥ তোর বাঁধা বাবুরে নিয়েই থাকবি আমারে নিয়ে শুবি না মাগি?

বাআঁল *বিণ.* [চট্ট] বাঙাল, মূর্খ ॥ বাআঁল তুই কিছু ন জানস।

বাক্‌কল্ *বিণ.* [ব] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ তুমি খুব বাক্‌কল্।

বাক্‌কু *বিণ.* [নো] ফন্দিবাজ, ফন্দি আঁটে বা ফন্দি আঁটার ব্যাপারে দক্ষ ॥ বাক্‌কুবাজের লগে হড়ি আঁই ব্যাক্ খোঁয়াইছি।

বাক্‌নি *বিণ.* [খু] যে নারী স্বামীর বাড়ি থেকে পালিয়ে যায় ॥ ওই বাক্‌নি মাগির ধারে যাবি না।

বাক্‌লা *বি.* [কল] স্তন, দুধ, বুনি ॥ বাক্‌লা চুষে চুষে মাগিটাকে ছিবড়ে করে ফেলেছে।

বাকলা গাছ *বি.* [কল] নারীর উরু ॥ ওই মেয়ে বাকলা গাছ দেখিয়েই বেলা পার করবে।

বাকুম্ বুকুম্ *অব্য.* [ঢা] বাচালতা,

বেশি কথা বলা ॥ এত বাকুম্ বুকুম্ না করলে অয় না।

বাগ্‌রামি *বি.* [ঢা] বাড়াবাড়ি ॥ এ্যাত বাগ্‌রামি করস্ ক্যান্?

বাঙাল-ধুর *বিণ.* [কল] গ্রাম্য লোক ॥ বাঙাল-ধুর শহরে এসে মাস্তানি ফলাচ্ছে।

বাঙাল্ পার্‌টি *বি.* [কল] বাংলাদেশের মধ্যে অন্যায়কারী অপরাধীর দল ॥ বাঙাল্ পার্‌টি লুটপাট করার জন্যে সুযোগ খুঁজছে।

বাঙ্গিফাডা *বি.* [ম] স্ত্রী যৌনাঙ্গ অর্থে, নিকৃষ্ট অর্থে ॥ আগেই কইছিলাম ইজ্জত লইয়া বাঁচতে চাইলে বাঙ্গিফাডার লগে যাইও না।

বাচাল *বি. বিণ.* [ম] যে বেশি কথা বলে ॥ এই বাচালডারে ইহান্‌তে দৌড়া।

বাচ্চা *বি.* [রা] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ তোর বাচ্চা ফাটামু বাইনচোদের বাচ্চা।

বাছা *বি.* [ম] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ আমার বাছার কতা কওনি।

বাছাল *বি.* [রং] বাকচাতুরী, বেশি কথা বলা ॥ বেশি বাছাল করলি মাইর খাবু।

বাজঝা *বি.* [কল] কুরুপা স্ত্রী লোক ॥ মাগি পাড়ায় ঢুকতেই একজন বাজঝা এসে হাত টেনে ধরলো।

বাজডা *বি.* [ম] অত্যাচারী, দুর্বৃত্ত ॥ ইডড্যা কি বাজডা?

বাজাইরে মাগি *বি. বিণ.* [খু] যে মেয়ে বাজারে থাকে, বারবনিতা, বেশ্যা, বারস্ত্রী, বারনারী, বারবধূ, কুলটা, কামিনী, পতিতা ॥ তুই বাজাইরে মাগিও ছাড়িস্‌নে।

বাজাইর‍্যা মাইয়া *বি.* [ম] বেশ্যা মেয়ে, বারবনিতা, কুলটা, গণিকা, পতিতা, বারনারী, বারস্ত্রী, বারবধূ ॥ তর মত বাজাইর‍্যা মাইয়ারে আমি চুদি না।

বাটআরি *বি.* দস্যুবৃত্তি, প্রতারণা ॥ পরনারী পথে পায়্যা কর বাটআরি-[কৃ.ম.]।

বাটখারা *বি. বিণ.* [কু] বেঁটে লোক, খাটো লোক ॥ শালা বাটখারা, তোর বুদ্ধির গেরো (গিরা) ছুটাবো।

বাট্‌টুয়া *বিণ.* [বরি] বেঁটে, খাটো বামন ॥ বাট্‌টুয়া বেটা বর ঠেটা।

বাটপার *বিণ.* [ম দি] প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ, ধান্দাবাজ, ধড়িবাজ ॥ ম-তুই অত বর বাটপার অইছস্ কেমনে। দি-তোর মতন বাটপারেক্ মুই আর না বিশ্বাস যাও।

বাটাম দেওয়া ক্রি. [খু] প্রহার করা,

মার দেওয়া ॥ চেয়ারম্যানের তো বরাবর বাটাম দেওয়া অভ্যাস।

বাটাম পার্টি *বি.* [খু] সস্তা মেয়ে, কমদামি পতিতা ॥ জানিস্ না সালেহা বাটাম পার্টির সদস্য।

বাটোআড়/বাটোয়ার *বিণ.* বাটপাড়, পথদস্যু ॥ এঁবে বাটে বাটোআড় হৈলা কাহ্নাঞি- [কৃ.কী.]।

বাডাইলা *বিণ.* [ম] বেঁটে, খাটো, বামন ॥ এই বাডাইলা সব নষ্টর গুরি।

বাডুনি *বি. বিণ.* [কুম] বাটনা বাটে যে, কাজের মেয়ে ॥ বাডুনির গরের্ বাডুনি।

বাডুনির পুত্ *বি.* [কুম] বাডুনির ছেলে, গালি বিশেষ ॥ বাডুনির পুত্ তুর মারে চুদি ।

বাড়ুল্ *বিণ.* [ম] বেঁটে, খাটো, বামন ॥ এই বাডুলের এই কাম!

বাডৈল *বিণ.* [বরি] বেঁটে, খাটো, বামন ॥ বাডৈলডা এত লাফায় ক্যা?

বাতাবি *বি.* [কল] সুবৃহৎ স্তন, বড় আকারের দুধ ॥ আহা, মেয়েটার বুকে দুটো বাতাবি ঝুলে আছে।

বাতাবি লেবু *বি.* [খু] স্তন, বুনি, দুধ ॥ বাতাবি লেবু বুকে করে মেয়েটা দৌড়ায় কি করে।

বাতার *বি.* [ম] উপপতি, অবৈধ প্রণয়ী, জার, নাগর ॥ আমি তর মার বাতার।

বাতার শোকি *বিণ.* [ঢা] যে নারী অনেক পুরুষ খোঁজে ॥ বাতার শোকির কতা হোন্ ।

বাতাল মারা *ক্রি. বি* [পা রা] চরম ক্ষতি করা ॥ রা- হামার সঁতে বাড়াবাড়ি করিসন্যা, নাইলে বাতাল মাইর‍্যা দিব। পা- বাতালমারা কাম কর ক্যা।

বাতাল লাং মারাউতামা *বিণ.* [সাঁও.] চরম ক্ষতিকর ॥

বাতুইরা *বিণ.* [ফ] অকর্মণ্য, অতি ভোজী ॥ তোর মত বাতুইরা মানুষ দেহি নাই।

বাতুল্নি *বি.* [ঢা] পাগলি, উন্মাদিনী ॥ এই বাতুল্নিডারে হিগাইতে পারলাম না।

বাদ্মাইয়া *বিণ.* [সি] অকর্মা, অপদার্থ ॥ এই বাদ্মাইয়ারে কুন্তা অইত নায়।

বাদাইপ্যা *বিণ.* [নো] ভবঘুরে, বিনা কাজে সর্বত্র ঘুরিয়া বেড়ায় এমন ॥ আহারে বাদাইপ্যা খাইবিয়ো ক্যাল আঁড়ি আঁড়ি । আয় উন্নতি চোখে দেইখতাম ন।

বাদাইমা *বিণ.* [খু ম ফ য] অকর্মা,

বেহিসাবি ॥ খু- আমার বাদাইমা বউ নিয়ে আর পারিনে। য- এই বাদাইমা শুধু খাবে এবং শুয়ে থাকবে। ফ- এই বাদাইমার দ্বারা কিছু হবে না। ম- ভাতের কামও করে না বাদাইমার গরের্ বাদাইমা।

বাদাইম্যা/বাদাম্যা *বিণ.* [সি কুম] ভবঘুরে, ইচ্ছাকৃত বেকার ॥ সি- বাদাইম্যার মতো না ঘুইরা গিয়া গর লও। কুম- বাদাইম্যার কাছে মাইয়া বিয়া দিব কে?

বাদাম পার্টি *বি.* [কল] সস্তা মেয়ে, কমদামি পতিতা ॥ আরে যাহ, বাদাম পার্টির সংগে মহব্বত করিনে।

বাদি *বিণ.* [কল] বিশ্বাসঘাতক, বিশ্বাসভঙ্গকারী ॥ সুরেশের সঙ্গে এই বাদির মহব্বত ছিল । বউটাকে ভাগিয়ে নিয়ে গেছে।

বান্চাইত *বিণ.* [ঢা] দুষ্ট, চালাক, কূটবুদ্ধিসম্পন্ন ॥ তুই বর বান্চাইত।

বানচোত্ *বিণ.* [রা] বদমাশ, চরিত্রহীন, দুর্বৃত্ত ॥ শ্যালা বানচোত্ এর বানচোত্ ।

বান্ডামি *বি.* [ম] দুষ্টামি, অসদাচরণ, দুরন্তপনা ॥ বান্ডামি ছাড়, না অইলে আত ফাও বাইঙ্গ্যা তইয়াম।

বান্দা খাউরি *বিণ.* [সি] সঙ্গমের জন্য শরীর বন্ধক দেয় যে নারী ॥ লাঙের টাইন বান্দা খাউরি মাগি তুই খইলাম মাতিছ না।

বান্দি *বি.* [কুম] ঝি, চাকরানি, গৃহপরিচারিকা, দাসী ॥ ওখানে যাইম কি বান্দি খাট্তে?

বান্দর *বিণ.* [ম] বানর [দুষ্টু অর্থে] ॥ এই বান্দর তর বাড়ি কইরে?

বান্দি *বি.* [ম] ঝি, চাকরানি, গৃহপরিচারিকা ॥ তর মত তেহিসরা বান্দি আছে?

বান্দির পুত্ *বি.* [ম] গৃহপরিচারিকার ছেলে ॥ বান্দির পুত্ তরে বানাইয়াম।

বান্দির পুড়ি *বি.* [সি] দাসী কন্যা, চাকরানির মেয়ে ॥ গোলামর চুদা বান্দি বেটির পুড়ি।

বান্দির ফুয়া *বি.* [সি] দাসীপুত্র, চাকরানির ছেলে ॥ গোলামর চুদা বান্দির ফুয়া।

বান্দুইর্গ্যা *বিণ.* [চট্ট] বানরের ন্যায়, দুষ্টু ॥ বান্দুইর্গ্যা বাঁদরাই ন গরিস।

বাপজেউট্ট্যা *বিণ.* [ম] বেআদব, অভদ্র, ইঁচড়ে পাকা, বড়দের মত

কথা বলা ॥ এই বাপজেউট্টা কতা কম ক।

বাপ বাই খাউরি *বিণ.* [সি] যে নারীর বাপ ভাই মারা গেছে ॥ মাইলে নেউরি বাপ বাই খাউরি।

বাপভাতারি *বি.* [পা রা কল] বেশ্যা, বাপকে যে নারী ভাতার করে, কুচরিত্রা ॥ রা- বাপভাতারি মাগি গহা চুলকিয়া বেড়াইছে। পা- শালী বাপভাতারি কতা কম ক। কল- বাপভাতারি যাবার জন্য তো লাফিয়েছিলি।

বাপসোহাগী *বি.* বাপের আদুরে মেয়ে [তুচ্ছার্থে] ॥ আর ওই বাপ-সোহাগী বেটিই বা কত বড় হারামজাদী- [প্র.প্র., আ.দে.]!

বাপুড়া *বিণ.* হতভাগা, বেচারা ॥ নাড়ি বিআরম্ভে সেব বাপুড়া- [চ.গী.]।

বায়ারা *বি. বিণ.* [নো] অবাধ্য, অবশীভূত, কথা শোনে না এমন ॥ বায়ারে দি কোন কাজ হয় না আঁর, এককারে নাৎতোর বিয়ত।

বার *বি.* [ম] যৌনাঙ্গের পশম, বাল ॥ [ময়মনসিংহের মুচিদের ভাষায়]।

বারখাকি *বিণ.* [দি] বহু উপপতির আশ্রিতা ॥ মোক্ আর ভুলান লাগিবে নাই, বারখাকি চুদা কুষ্ঠেকার।

বারচোদা *বি. বিণ.* [কু] বাজে লোক, বদলোক ॥ শালির ছাওয়াল খুব বারচোদা।

বারফে *বিণ.* [পা] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ বারফে চোদা কতা কম ক।

বারবধূ *বি.* বারাঙ্গনা, গণিকা, বেশ্যা, বারস্ত্রী, বারবিলাসিনী ॥ লম্পট পুরুষ আশে বারবধূজন বৈসে একভিতে তার অধিষ্ঠান- [ক.চ.]।

বারভাতারি *বি.* [পা রা কল] বেশ্যা, বহুগামী নারী, স্বামী থাকা সত্ত্বেও যে নারী একাধিক পুরুষের সঙ্গে দৈহিক সম্পর্ক গড়ে ॥ পা- শালী বারভাতারি চুপ কর। রা- বারভাতারি মাগি গহা চুলকিয়া বেড়াইছে। কল- রোগনা স্বামীকে একা ঘরে ফেলে ছুঁড়ি বারভাতারি করতে বেরিয়েছে।

বারাঠে *বিণ.* [খু] অকেজো, আলসে, কুঁড়ে, শ্রমবিমুখ, নিরুদ্যম ॥ বারাঠে মানুষের ভাত কোথাও হয় না।

বারানি *বি.* [ম] ঢেকি দিয়ে ধান ভানে যে [হীন অর্থে] ॥ বারানির গরের্ বারানি।

বারোচোদা *বি. বিণ.* [খু রা] বহুগামী

॥ খু- এ রকম বারচোদা আর দেখিনি। রা- এ্যাই বারচোদা চোদানির পো।

বারোপেনে *বি. বিণ.* [খু] নচ্ছার, উড়নচণ্ডি ॥ দুর হয়ে যা আমার বাড়ি থেকে বারোপেনে।

বাল *বি.* [কু ম ঢা দি বরি চট্ট] যৌনাঙ্গের পশম, কেশ, যৌনাঙ্গের চুল ॥ কু- তুই আমার বালের যোগ্যও না। ঢা- বাল ফেলায়া বোজা বান্‌বা। ম- বাল ফালাইয়া আড়ি বানবা । চট্ট- বেশি ক্ষমতা ন দেহাইস, তুই আর বাল আঁরিবি। দি- আইজ বানু নাউয়ারঠে বাল কামা কাইচিটা আনিয়া বালগুলা কামাই নিস্ আরাম করি চুদা যায়না এংনাও। বরি- পারে না বাল ফালাইতে উইড্ডা রইছে বেইন্না রাইতে।

বালকপাইল্যা *বি. বিণ.* [পা রা] হতভাগা, দুর্ভাগা, মন্দ ভাগ্যের লোক ॥ পা- বালকপাইল্যা রইছ, কিচ্ছু নাই। রা- বালকপাইল্যার লাইগ্যা সব কিছু শ্যাস হয়্যা গেল।

বাল্কপালি *বিণ.* [পা] হতভাগী, মন্দ ভাগ্যের নারী ॥ বাল্কপালি সখিনা কিচ্ছু নাই।

বালকামা *বি. বিণ.* [পা রা রং] অহেতুক কাজ সম্পাদনকারী ॥ পা- বাল কামানি কাম বাদ দে। রা- এখানে বইস্যা কি বাল কামাছিস ভুঁইখ্যান নিরাইস তাওতো হয়। রং- বাল কামাটাক্ দিয়া কিছু হবার নয়।

বালখাক্কা *বিণ.* [রা] হতভাগা, দুর্ভাগা, মন্দ ভাগ্যের লোক ॥ তোর মত বালখাক্কা পোলা দিয়া কিছু হবে না।

বালগেগেদি *বি.* [সাঁও.] বালকামা ॥

বালচাটক্রি *বি.* [সাঁও.] হতভাগা, দুর্ভাগা, মন্দ ভাগ্যের লোক ॥

বালচাট্টা *বি. বিণ.* [পা] হতভাগা, দুর্ভাগা, মন্দ ভাগ্যের লোক ॥ বালচাট্টা লোক বেশি কতা কও কে হে।

বালচাল *বি.* [কু] যাচ্ছে তাই, অপ্রয়োজনীয়, অপ্রিয় ॥ এসব বালচাল কুথা থেকে এলোরে, একেবারে অতিষ্ঠ করে তুললো।

বালচোল *বি. বিণ.* [খু] থো ফো করে বোঝানো, তুচ্ছার্থে ॥ বালচোল দিয়ে বোঝালে আমি বুঝবো?

বালছিঁড়বে *ক্রি.* [ম] কাউকে হেয় করে বলা ॥ তুই আমার বাল ছিঁড়বে।

বালছিঁড়া *ক্রি. বি* [ম কু] অহেতুক কাজ, অনর্থক কাজ ॥ ম- কামের কাম না আজাইরা বাল ছিঁড়তাছ। কু- তোর মত ছাওয়াল আমার বাল ছিঁড়তি পারে।

বালছিঁড়ানি *ক্রি. বিণ* [ম] অনর্থক কাজ, অহেতুক কাজ ॥ ইমুন বালছিঁড়ানির কাম ছাড়।

বাল ছিঁড়ে নিস্ *ক্রি.* [খু] পাত্তা না দেওয়া ॥ যা যা আমার বাল ছিঁড়ে নিস্।

বালছেঁড়া *ক্রি. বিণ.* [ব খু] কিছুই করতে না পারা অর্থে ॥ ব- হাসি করলাম, পারলে বাল ছিঁড়িস। খু- বালছেঁড়া কাজ ছাড়া আর কি যোগ্যতা আছে তার।

বালডা *বিণ.* [কুম ম] তুচ্ছার্থে কাউকে কিছু বলা ॥ ম- এই বালডা এইহানতে সর্। কুম- এই বালডা আবার আইল কৈ থাইক্যা।

বাল না ওঠা *বি.* [কু] যৌনাঙ্গের কেশ না ওঠা, কাণ্ডজ্ঞান না হওয়া ॥ তোর যদি বাল উঠতো এখানে আসতি না, বুঝলি।

বালফুরা *বিণ.* [ম] অকালপক্বা, ইঁচড়ে পাকা, অভদ্র, বড়দের মত কথা বলা ॥ ইমুন বালফুরা ছেরা ত আর দেকছি না।

বাড়িআলি *বি.* [কল] কোটনী, পতিতার আশ্রয়দাতা নারী ॥ আজকে এই বাড়িআলিকেই চুদিব।

বাড়ুয়া *বি.* [নো] উপপতি, অবৈধ প্রণয়ী ॥ হোদ্দোলা থাইক্তে বাড়ুয়া লইতে তোর শরম করে না।

বায়বাডায়া *বি.* [সাঁও.] যার কোন কিছু করার দক্ষতা নেই।

বায়ুন্যা *বি. বিণ.* [ম] বামন, বেঁটে, খাটো ॥ এই বায়ুন্যা অগল শয়তানির মূল।

বায়োনচোত *বি.* [ম] বোনের সাথে সঙ্গমকারী ॥ বায়োনচোত তর হাড্ডি বাঙবাম।

বালপাকা *বিণ.* [পা] ইঁচড়ে পাকা, অকালপক্ব, অকালে পেকেছে এমন ॥ এত বালপাকা লোক এই ভুল করলো কিভাবে?

বালপুরা *বি. বিণ.* [ম] অকালপক্ব, ইঁচড়ে পাকা ॥ এই বালপুরার বালপুরা কতা বালা হইরা ক।

বাল ফেলানি *ক্রি. বি.* [খু] তুচ্ছার্থে বলা, ফালতু ॥ বাল ফেলানিডারে খেলতে নিবি না।

বালিস *বি.* [কল] মেয়েদের পাছা, নিতম্ব ॥ মাগির বালিস যেন তুলার

মত নরম।

বালের ফুরফুরি *ক্রি. বি.* [দি] সামান্য কিছু ॥ বালের ফুরফরি কি তোর এখনো কমেনি, আর কতক্ষণ চুদিবু মোর মাংখান।

বালের বাল ভাতুয়া বাল *বি. বিণ.* [রং] অবাঞ্ছিত ক্ষুদ্র লোম বিশেষ [তুচ্ছার্থে] ॥ মাগীর বেটি তোর বাপক্ কইস মোর বালের বাল ভাতুয়া বালগুল্যা একটা একটা করে য্যান তুলে।

বালের বেটা *বিণ.* [দি] কাউকে তুচ্ছার্থে বলা ॥ বালের বেটা কুণ্ঠেকার তোর ঘরত্ কি মা বইন নাই, নাকি চেটখান বেশি নাম্ভা হইচে, ছেচি দিম বেশি বার বারলে।

বালেশ্বর বাল *বি. বিণ.* [খু] তুচ্ছার্থে ॥ বালেশ্বর বাল এলেন আমার।

বাস্টার্ড চোদা *বি. বিণ.* [ঢা] যার তার সঙ্গে যৌনকর্ম ॥ তোমার মতো বাস্টার্ড চোদার বিয়া করন লাগে।

বাহানচত *বি. বিণ.* [রং] বদমাশ, দুষ্ট, বোনের সাথে সঙ্গমকারী ॥ বাহানচতটা বাড়িত আছে?

বাহিনচোত্ *বি. বিণ.* [রা] বোনের সঙ্গে সঙ্গমকারী ॥ চুপ কর বাহিনচোত কুণ্ঠেকার।

বাহুঞহারি *বি.* [সাঁও.] শালা [বউয়ের বড় ভাই] ॥

বাহুত্তরে *বিণ.* [খু] খিটখিটে, বদমেজাজী ॥ বাহুত্তরে বুড়ো বলেই তো অমন খিট্খিটে।

বাহুত্রামি *বি.* [রা] ফাঁকিবাজি, ধোঁকাবাজি ॥ ছিলানীর ব্যাটা বাহুত্রামি ঝাড়ছিস্ ক্যানে।

ব্লাইন্ড *বিণ.* অন্ধ, কানা, কাণ্ডজ্ঞানহীন, অক্ষম ॥ তুমিও ওটা ব্লাইন্ড, তোমার চক্ষু নাই- [নী.দ., দী.মি.]

বিউ পাং চো *বি.* [খুমি] ভূতের ছেলে।

বিগড়া *বিণ.* [সি] দুষ্ট, খারাপ [মন নষ্ট করা অর্থে] ॥ আমারে বিগড়াইছ না খইলাম দুই ট্যাং দইরা ট্যান দিয়্যা ফারি লাইমু।

বিগার *বি.* [ম] যৌন উত্তেজনা, যৌন কামনা, যৌন তাড়না ॥ তর মাঙের বিগার বাইর হরবাম চুতমারানি, দইরালই।

বিগারে মরে কুড়াইল্যার মার ছাগল [ম] অযোগ্যর বাহাদুরি ॥ কুড়াইল্লার মার ছাগল লইয়া হাত্তির লগে বিগার দেহাইবার গেলে হাত্তির লাথি খাইয়া মরবি।

বিচা *বি.* [কুম] অণ্ডকোষ, হোল, বিছা ॥

বিচা থাকে দনের নিচে।

বিচি *বি.* [ম] অণ্ডকোষ, হোল, বিছা ॥ এই বেশরমা বিচি ডাক্যা কাম কর।

বিচিপাকা *বিণ.* [রা পা] ইঁচড়ে পাকা, অকালপক্ব, অকালে পেকেছে এমন ॥ রা- ঐ ছোঁড়া একটা বিচিপাকা, রোজ সিনেমা দেখতে চায়। পা- বিচিপাকা লোক সব পারে।

বিচ্ছু *বি. বিণ.* পাজি, বদমাশ, চরিত্রহীন, লম্পট ॥ তারক বলে একটা বিচ্ছু ছেলে ঘণ্টা পড়ার আগে ধরা পড়ল- [সদর.,সু.চ.]

বিছা *বি.* [ম] অণ্ডকোষ, হোল ॥ তর বিছাডা ছেস্‌বাম ।

বিজরমা/বিজন্মা *বিণ.* [ব ম] জারজ, বেজন্মা, বিজাত, পিতৃপরিচয়হীন, হারামজাদা ॥ ব- বিজরমাক্ কখন থাকে কচ্ছি কথা শুনে না। ম- বিজরমার গরের বিজরমা আইলে মারবাম। [সেন বলে তবে কি বিজন্মা গৌড়পতি- ঘন]।

বিট দেআ *ক্রি.* [কল] মার দেওয়া, প্রহার করা ॥ হারামজাদাকে আচ্ছা করে বিট দেআ হোক।

বিট্‌নি *বি.* [কল] স্তনবৃন্ত, দুধযুগল ॥ আঙুল দিয়ে বিটনি দুটি নাড়তে নাড়তে মাগিটা পুলকে আহা উহু করে উঠলো।

বিটল *বি. বিণ.* প্রতারক, ভণ্ড, দুষ্ট ॥ দস্যু বিটল বড় নাহি পুনঃভয়- [কেতকা]।

বিট্‌লা *বি. বিণ.* [ম] দুষ্ট, দোষযুক্ত, মন্দ, অসৎ ॥ ঐ বিট্‌লা বিটলামি ছাইড়া বালা অ।

বিট্‌লামি *বি.* [সি ঢা] শয়তানি, বদমায়েশি ॥ সি-আমার লগে বিট্‌লামি, মানুষ ছিনুছ না। ঢা- থামেন অতো বিট্‌লামি ভাল্লাগেনা।

বিট্‌লে *বিণ.* শঠ, প্রবঞ্চক, ধূর্ত ॥ মর্ বিট্‌লে কি করিতেছ- [দু.ন., ব.চ.]?

বিড্‌ডল্‌লামি *বি.* [চট্ট] দুষ্টামি, অসদাচরণ ॥ বেশি বিড্‌ডল্‌লামি ন গরিস্ ভালা অই যা।

বিডাল *বিণ.* [চট্ট কুম ম] অসভ্য, চালাক ॥ চট্ট- বঅর উঁঅর বিডাল ইথার হনঅ বিশ্বাস নাই। ম- তুই বর বিডালরে। কুম- এ্যাত বিডালপানা কৈরো না।

বিডাল্ল্যা *বিণ.* [ম] দুষ্ট, খারাপ ॥ এই বিডাল্ল্যা তুই ইহানঅ কি করস।

বিড়ম্ব *বি.* প্রতারণা, বঞ্চনা ॥ যে জন সেবক মোর সে জন বিপক্ষ তোর যুগে যুগে বিড়ম্ব আমারে- [ক.চ.]।

বিড়াল তপস্বী *বি.* ভণ্ডলোক, সাধুর

ছদ্মবেশে শয়তান ॥ 'আহা মরে যাই গ'-'কুম্ভীরের চোখে জল'-বিড়াল তপস্বী বটে [দে.গ., বি.ভ.]!

বিতর্গুয়া *বিণ.* [সি] কপট, ছলনাকারী ॥ মাইয়াডা বরৈ বিতর্গুয়া ।

বিতর বিয়ানি *বিণ.* [সি] বাইরে ভাল ভিতরে কুটিল, কপট, শঠ ॥ মানুশ্টা বিতর বিয়ানি।

বিত্লামি *বি.* [কুম] দুষ্টামি, ফাযলামি ॥ আর বিত্লামি করবার যায়গা পাস্ না?

বিতিকিচ্ছিরি *বিণ.* অত্যন্ত খারাপ, বিশ্রী ॥ কী যে বিতিকিচ্ছিরি ঝামেলা- [চা.মু.,না.গ.]

বিদির বরণ *বিণ.* [ফ] হতভাগা, লক্ষীছাড়া, মন্দ ভাগ্যের লোক, দুর্ভাগা ॥ তুই কোথাকার বিদিরবরণ।

বিধূয়ো গিদরো *বিণ.* [সাঁও.] জারজ, অবৈধ সন্তান ॥

বিনা টৌটিকা *বি.* [কল] হিজড়া, ক্লীব, নপুংসক ॥ তোর পেছনে বিনা টৌটিকা লেলিয়ে দেব শালা।

বিন্দু *বি.* বীর্য, শুক্র ॥ জাবত আছেএ বিন্দু শরীর ভিতর-[জাহেদ]।

বিমূঢ় *বিণ.* অল্পবুদ্ধি, মূর্খ ॥ শুন গো বিমূঢ় মতি যদি ছাড় নিজপতি কেমনে দেখাবে লোকে মুখ-[ক.চ.]।

বিয্যত্ *বিণ.* [নো] পাজি, দুষ্ট ॥ বিয্যত্ মাইউলা মান্নানি খানকী।

বিয্লামি *বি.* [সি ম] দুষ্টামি, অসদাচরণ ॥ সি- খার হঙ্গে বিয্লামি খরছ বুঝঝ্যা ফাইতাছ না খইলাম। ম- তর অত বিয্লামি বাল্লাগেনা।

বিযাবিলাই *বি. বিণ.* [ঢা] বোকা, বাহিরে ভদ্র ভিতরে কুটিল ॥ দেহা যায় বিযাবিলাই ভিতরে ভিতরে ধাউরামি।

বিল্ খোব্রা *বিণ.* [কল] কুৎসিত, কুটবুদ্ধিসম্পন্ন লোক ॥ বাইরে ভদ্র, ভেতরে বিল খোব্রা।

বিল্লি *বি.* [কল] বেশ্যা, পতিতা, গণিকা, কামিনী, বারস্ত্রী, বারনারী, বারবনিতা, বারবধূ ॥ বিল্লি মাগিদের কত ঢং।

বিল্লিক্ *বিণ.* [ঢা] মিথ্যাবাদী, যে মিথ্যা কথা বলে ॥ ওই বিল্লিক্ তোর মারে চুদি।

বিল্লোরি বাচ্চা *বি.* [কল] জারজ সন্তান, পিতৃপরিচয়হীন সন্তান ॥ তুই একটা বিল্লোরি বাচ্চা শালা।

বিলা আওয়াজ *বি.* [কল] অশ্লীল

গালিগালাজ ॥ এই ভদ্র পাড়ায় যে বিলা আওয়াজ হয় আগে জানতাম না।

বিলাই *বি.* [ম] বাহিরে নরম ভিতরে কুটিল ॥ সব কামের কবর এই বিলাই এ জানে।

বিলাইল্যা *বিণ.* [নো] রাগী, কামুক ॥ বিলাইল্যার মাইউলার ঠাঁই কোনোআনে নাই।

বিলাখানা *বি.* [কল] বেশ্যাবাড়ি, পতিতালয়, গণিকালয়, নিষিদ্ধপল্লি ॥ বিলাখানায় গিয়ে ওরা ২জন মদ খেয়ে বুর হয়ে এলো।

বিলাবাজ *বি.* [কল] মাতাল, মদ্যপ, নেশাগ্রস্ত ॥ বিলাবাজরা রাস্তায় হৈচৈ করে।

বিলামাল *বি.* [কল] চোলাই মদ ॥ বিলামালে ঝাঁজ বেশি।

বিলালা *বিণ.* [ম] লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ ইডা বর বিলালা।

বিলেই চুদি *বি.* [দি] গোপনে প্রেম করা, পরকীয়া করে যে নারী ॥ তুই কহচি মুই কিছু জানোনা মুই সব জানো তুই তো একখান বিলেই চুদি।

বিশটামুয়া *বিণ.* [রং] কর্কশ ভাষী ॥ বিশটামুয়ার কথায় অস কস নাই।

বিষধাগিরী *বিণ.* [দি] বিষসম্পন্ন নষ্ট নারী ॥ ওই বেটি হইল বিষধাগিরী যাই মিশিবে তাই মরিল্।

বিষনি *বিণ.* [রা] বদমেজাজী মেয়ে ॥ উ এমন বিষনি কিছু কহিতে গেলি ফঁস কইর‍্যা উঠে।

বিষনি মাগী *বি.* [রা] বদমেজাজী মাগি ॥ বিষনি মাগীর সঁতে কথা কহিতি হাঁকে ভয় লাগে।

বিষবাঙ্গিরী *বিণ.* [দি] বারো ঘাট ঘোরা বিষাক্ত নারী ॥ তুই ত এক নম্বরের বিষবাঙ্গিরী।

বিসৃকরা *বিণ.* [ম] বেতমিজ ॥ তর লাহান বিসৃকরা মানু আর দেহি নাই।

বিসৃনি *বি.* [কল] চোর, মস্তান ॥ যতসব বিসৃনি এই পাড়ায় এসে জোট বেঁধেছে।

বিসখোবরা *বিণ.* [কল] কুৎসিত মেয়ে ॥ এই বিসখোবরা মেয়ে মানুষ নিয়ে হারাধন সংসার পেতেছে।

বিসাখাদানা *বি.* [কল] অণ্ডকোষ, হোল, বিছা ॥ তোর বিসাখাদানা টিপে চেপ্টা করে দেব শালা।

বিসুনি *বি.* [কল] চোর, তস্কর, অপরের জিনিস অপহরণকারী ॥ রাতে হৈ চৈ শুনে পালিয়ে গেল বিসুনি শালা।

বীজ *বি.* শুক্র, বীর্য ॥ রজ বীজে

জনম তার নাহিক বাপ মাও- [শূন্য]।

বীর্য *বি.* [খু] ধাতু, শুক্র ॥ তোর ঐ বীর্য দিয়ে ছেলে হবে না।

বীর্য মাথায় ওঠা *ক্রি.* [খু] প্রচণ্ড ক্রোধ হওয়া ॥ আমার বীর্য মাথায় উঠলে কিন্তু রক্ষা নাই।

বুইড়াবান্দর *বি. বিণ.* [ম] বড় শয়তান ॥ সব নষ্টের মূল এই বুইড়াবান্দর।

বুইদ্দা হিয়াল *বিণ.* [ঢা] ধূর্ত, চালাক, কূটবুদ্ধিসম্পন্ন মানুষ ॥ হেয় ঐল বুইদ্দা হিয়াল।

বুইয্যা *বি.* [চট্ট] বুড়ো, বৃদ্ধ ॥ দুর বুইয্যা বেশি ঘ্যান ঘ্যান গরে।

বুঁচি *বি. বিণ.* [পা রা] নাক খাটো মহিলা ॥ পা- বুঁচি কোনেকর কতা কম ক। রা- মাগি বুঁচি না হলে আরও কত যে গৈরব দেখাতো।

বুকচাপ্টি *বি.* [কল] শুকনো স্তন ॥ ধ্যাৎ, ওই মাগির শরীরে কোন রস নেই, বুকচাপ্টি।

বুগ্দা *বিণ.* [ম] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ এই বুগ্দারে লইয়া ব্যবসা অইব ?

বুচি *বি.* [ম] যোনি, মেয়েদের যৌনাঙ্গ ॥ বুচির গরের বুচি তর লাংডা লইয়া তুই তাক্।

বুচি মারা *ক্রি.* [ম] যৌন কর্ম করা, সঙ্গম করা ॥ বুচিমারা ছিনেমা, বাল নাই, তাল নাই, নায়ক একটা হিজড়া।

বুছকারী *বি.* [ম] দুর্গন্ধযুক্ত পাঁদ ॥ ইহানে কারাইয়া বুছকারী ছার্তাছস্, বাইট্টা।

বুজরুক *বিণ.* ধাপ্পাবাজ, ধড়িবাজ, ভণ্ড ॥ ধরা পড়ে গেল যে আপনি ঠক। বুজরুক- [হা., ন.ভ.]।

বুট্কি *বি.* [খু] স্তন, দুধ, বুনি ॥ বড্ড বুট্কি দেখতে ইচ্ছা করে না।

বুট্টি *বি.* [কল] স্তন, দুধ, বুনি ॥ তোর বুট্টি গালের মধ্যে পুরে চুষবো।

বুড়চাচোদ *বি.* গালি, অশ্লীল বাক্য, তিরস্কার, কটুকথা ॥ চোপরাও বুড়চাচোদ- [মসো.,ন.ভ.]

বুত্তুয়া *বিণ.* [সি] পাগলি, উন্মাদিনী, বিকৃত মস্তিষ্কের নারী ॥ ফরিরে দেইখ্যা বিয়্যার লাগি বুত্তুয়া অইয়্যা গেছে।

বুত্যা খে বুত্যা *বিণ.* [ত্রি.] নির্বোধ, বোকা ॥

বুদ্লি *বিণ.* [ঢা] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ তুই তো এ্যাক্টা বুদ্লি।

বুদ্দির গলুই *বি. বিণ.* [ম]

বোকারাম, অতি নির্বোধ, নিরেট মূর্খ ॥ বুদ্দির গলুই আনিফ্রে কৈ ফাইলা।

বুদা *বি.* [য ম] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ য- তোর বুদার মধ্যে বাড়া যদি না ঢুকোতে পারি তবে আমার নামটা বদলায়ে দেব। ম- তর বুদাত ফারাইয়াম মাগি।

বুদাই *বিণ.* [ম সি] বেকুব, আহাম্মক ॥ ম- বুদাই মাইংগ্যা কিচ্ছু বুজে না। সি- দুরু উংগ বুদাই, সুজা খতাটাও বুজছ না।

বুদি *বিণ.* [ফ] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ বুদির মত বৈশা থ্যাইক্যা লাভ কি?

বুদ্ধি ওকিলগি বনুতায়া *বি.* [সাঁও.] কম পুরুষ ॥

বুদ্ধির ঢেঁকি *বিণ.* [কল] নির্বোধ লোক, বোকা লোক ॥ ও যা বুদ্ধির ঢেঁকি ওর উপর নির্ভর করা মোটেই ঠিক হবে না।

বুদ্ধিহারা *বিণ.* হতবুদ্ধি, লুপ্তবুদ্ধি ॥ বুদ্ধিহারা হইয়াছি শুদ্ধি নাহি পাই- [ভারত]।

বুদ্ধু *বিণ.* বোকা, বুদ্ধিহীন, গোঁয়ার, অশিক্ষিত, মূর্খ ॥ দুর বে। তুই শালা বুদ্ধু- [কা.পু.,স.ম.]।

বুন্দা *বিণ.* [সি] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ পোলাডা আস্তা বুন্দা ।

বুনদাইল্যা *বিণ.* [ম] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ বুনদাইল্যাচুদারে দে কাম অইত না।

বুনমেগুয়া *বি. বিণ.* [কল] বোনকে যে মাগ করে, চরিত্রহীন ॥ বুনমেগুয়া আমার বেটিকে কেনরে, তোর ঘরের মেয়েগুলাকে যত পারুস্ চুদ্গে যা।

বুনি *বি.* [কুম ম] স্তন, দুধ, দুদু, মাই ॥ কুম- সেরির বুনিডা আপেলের মতন্ । ম- আকাশের নেশা ফুলির খাড়া বুনিত্।

বুনি চুষুরা *বি.* [ম] মেয়েদের স্তন চুষে যে ॥ বুনি চুষুরার গরের বুনি চুষুরা, সময় আছে বালা অইয়া যা।

বুড়াচুদা *বিণ.* [চট্ট] বয়স্ক মানুষকে গালি অর্থে ॥ বুড়া চুদা গওর চুপ থাক।

বুড়ো চোদন *বিণ.* [খু] খারাপ লোক ॥ আমি না তুই বুড়ো চোদন।

বুড়ো ভাম *বিণ.* [খু] বকধার্মিক, ভণ্ড, ভানকারী ॥ ঐ বুড়ো ভামের সাথে ব্যবসা করব না।

বুড়ো সালিক *বি. বিণ.* [কল] ধূর্ত, বদমেজাজের বুড়ালোক ॥ বুড়ো

সালিকের ঘাড়ে রোঁ।

বুর *বি.* [ম] যোনি, স্ত্রী যৌনাঙ্গ [ময়মনসিংহ অঞ্চলের মেথরদের ভাষায়]

বুরংবক্ *বিণ.* [ঢা] কাণ্ডজ্ঞানহীন, নির্বোধ ॥ এই বুরংবক্রে কে বুযাইবো?

বৃন্দাবন *বি.* [খু] প্রেমিক প্রেমিকার মিলনস্থল ॥ এ যেন রাধা কৃষ্ণের বৃন্দাবন।

বৃষস্যন্তী *বিণ.* কামুকী, পুরুষাভিলাষিনী নারী ॥ বৃষস্যন্তী বলে তোর বাপের মাথা খাই- [মানিক]।

বেইট্যা *বিণ.* [কুম] অপদার্থ, অসার, অযোগ্য ॥ ব্যাডা বেইট্যা ঐ গেসে।

বেইট্ট্যা *বি. বিণ.* [সি কুম] মেয়েলি স্বভাব ॥ মাগনানি তরে বেইট্ট্যা খয় মাইনুসে, দেখ খেমন ফুনুমুছ্রাটা দিল। কুম- ব্যাডা বেইট্যা ঐ গেসে।

বেইদা *বিণ.* [ম] অপদার্থ, অসার, অযোগ্য ॥ তর মত বেইদারে দে কি অইব।

বেইন্যা *বিণ.* [ম] গরিব, নিঃস্ব ॥ বেইন্যা বেডার ঝিরে বেয়া করাইলে কিছু ফাইবে ?

বেইন্নার বেটা *বিণ.* [রং] নীচু জাতের ছেলে ॥ বেইন্নার ব্যাটা এটি আসলু ক্যা।

বেইমান *বিণ.* [ম খু কল] যার ঈমান নাই, বিশ্বাসঘাতক, অকৃতজ্ঞ, নেমকহারাম ॥ ম- বেইমানের গরের বেইমান মুখ সামলাইয়া কতা ক। খু- তুই তো মীরজাফরের মতো একটা বেইমান। কল- আমি কি তোর কোন উপকার করিনি বেইমান!

বেইমানী *বি.* বিশ্বাসঘাতকতা, কৃতঘ্নতা ॥ মিছা লয়ে ফির বেইমানী হিন্দুয়ানী- [ভারত]।

বেউশ্‌শা *বি.* [চট্ট] বোকা, নির্বোধ ॥ এ্যান বেউশ্‌শা কা লার, আগে হুশ ঠিক গর।

বেইশ্যা *বি.* [চট্ট রং দি] বেশ্যা, বারবনিতা, চরিত্রহীন মহিলা, গণিকা, পতিতা, বারনারী, বারস্ত্রী, বারবধূ, কামিনী ॥ চট্ট- বেইশ্যা হত্তো চলাফিরা ঠিক গর। রং- বেইশ্যা মাগিটার ঘরত মন থাকে না সারা দিন নাঙের ঘরক মুক দেখে দেখে বেড়াইস। দি- পালা এইঠে থাকি, ঘিষিড়ি বনিনা বেইশ্যা মাগি কুষ্ঠেকার, খেন্দেরি চুদিটার আইজওবদি শাউয়ার

মারান কমে না।

বেইশ্যার বেটা *বি.* [রং দি] বেশ্যার ছেলে, চরিত্রহীনার সন্তান ॥ রং- বেইশ্যার বেটা মোর বেটিক বিয়া করার জন্য পাগলা হইছে মুই কি পাগলা। দি- বেইশ্যার বেটা বেইশ্যা হামার ঘরত্ আর জানি না দেখোঁ।

বেইস্যা *বি.* [দি] বেশ্যা, পতিতা, কুলটা, বারবনিতা, গণিকা, বারস্ত্রী, বারবধূ, কামিনী ॥ বেইস্যার ঘরের বেইস্যা তোর কি আইজও হুশ হইল না।

বেইস্যাকন্নি *বি.* [দি] অসতির মেয়ে, বেশ্যা নারীর কন্যা, পতিতার কন্যা ॥ হামার বাড়িত্ একখান বেইস্যাকন্নি আছিল, তার দেমাগ কি, নাম ফির থুইছে ফুলমতি।

বেইয়া *বিণ.* [ম] নির্লজ্জ, লাজ-শরমহীন, বেহায়া ॥ ইমুন বেইয়ার লগে ফর্‌লাম মান ইজ্জত আর রইল না।

বেঈয়াচুদি *বি.* [দি] গোপনে প্রেম করা নারী, পরকীয়া করে যে নারী ॥ হামারঠে খবর আইসেছে তুই নাকি বেঈয়াচুদির মতন রাইতত্ ঘুরি বেরাইস।

বেউশ্যা *বি.* বেশ্যা, গণিকা, কুলটা, বারবনিতা, বারস্ত্রী, বারবধূ, বারনারী, কামিনী ॥ চলিল বেউশ্যা যত চাপিয়া কুঞ্জরে- [ব.সা.প.]।

বেওড়াবাজ *বি. বিণ.* [কল] মাতাল, মদ্যপ, নেশাগ্রস্ত ॥ ওই বেওড়াবাজটাকে হাত পা ভেঙে দাও।

বেওশা *বি.* [দি] বেশ্যা, গণিকা, কুলটা, বারবনিতা, বারস্ত্রী, বারবধূ, বারনারী, কামিনী, পতিতা, গণিকা ॥ বেওশাগিরি করে আর কত দিন চলবি এই বার লাইনত্ আইস।

বেওশা মাগি *বি.* [দি] বেশ্যা মাগি, গণিকা, কুলটা, বারবনিতা, বারস্ত্রী, বারবধূ, বারনারী, কামিনী, নগরশোভিনী, খানকি, পতিতা, গণিকা ॥ বেওশা মাগি কুষ্ঠেকার।

বেঁটে বংকু *বিণ.* [কল] অত্যন্ত বেঁটে ॥ ওই লম্বা মাগিটার বর বেঁটে বংকু।

বেক্‌রো *বি. বিণ.* [রং] ঘাড়তেড়া, উচ্ছৃঙ্খল ॥ বেক্‌রোটার গালত্ একটা চড় কষি দেও।

বেকার *বিণ.* [কল] পুরুষত্বহীন, নপুংসক, যৌন অক্ষম পুরুষ ॥ বউটা ওর পাত্তা দেয় না এখন ও বেকার।

বেকুব *বিণ.* [ম চট্ট] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ ম- আরে বেকুব ইভ্ড্যা কি কাম করলে! চট্ট- বেকুব চুদা গওর বউ ছারি কলত বাইজ্যে।

বেকুবর হদ্দ *বিণ.* [চট্ট] বোকার এক্শেষ, নিরেট বোকা, অতি নির্বোধ ॥ ইথে বেকুবর হদ্দ, দুনিয়াইদারি ন বুঝে।

বেক্কল *বি. বিণ.* [কুম ম ব] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন ॥ ব- বেক্কলের মতো কাম করো না। ম- এই বেক্কলের গরের বেক্কল ইহানো কি করস্। কুম- বেক্কল কোতাকার।

বেগুন *বি.* [কল] স্তন, বৃহদায়তন ঝুলে যাওয়া স্তন ॥ অল্প বয়সেই মাগিটার বেগুন ঝুলে রয়েছে।

বেগুনপোড়া *বি.* [খু] অপরিপুষ্ট স্তন ॥ সত্যি দোস্ত বুকে হাত দিয়ে দেখি বেগুনপোড়া।

বেঙ্গখাকুয়া *বি. বিণ.* ব্যাঙ খেকো, গালি বিশেষ ॥ মোর সংগে করে বাদ মোরে জিনিবারে সাধ গালি পাড়ে বেঙ্গখাকুয়া কানী- [রায়]।

বেজন্মা *বিণ.* [কু খু কল] যার জন্মের ঠিক নেই, অবৈধ সন্তান, জারজ, পিতৃপরিচয়হীন ॥ কু- বেজন্মার বাচ্চা বেজন্মা। খু- বেজন্মা বলেই তো এমন কুৎসিত চরিত্র। কল- দুর হ এখান থেকে বেজন্মা কোথাকার।

বেজন্মার বাচ্চা *বি.* জন্মের যার ঠিক নেই এমন ব্যক্তির সন্তান ॥ চুপ শালা বেজন্মার বাচ্চা- [বা.এ., র.ব]।

বেজাইন্না *বি.* [নো] অবুঝ, নির্বোধ ॥ বেজাইন্না হোলারে লই এক্কারে ছিন্দতে আই।

বেজাইল্ল্যা *বি. বিণ.* [ম] যে ঝামেলা সৃষ্টি করে, বিরোধ সৃষ্টিকারী ॥ আরে বেজাইল্ল্যার গরের্ বেজাইল্ল্যা তুই যিহানঅ যাস্ ইহান্অঐ বেজাল লাগে।

বেজাত *বিণ.* [কু] বংশপরিচয়হীন, নীচ ॥ তুইতো বেজাতের মত কতা বলছিস।

বেটি *বি.* বদস্বভাবের মেয়ে ॥ বেটি তিন-শ টাকা মাসয়ারা চায়- [স.এ. দী.মি.]।

বেডার চেট *বি. বিণ.* [ম] অযোগ্য, অপদার্থ, অসার, অক্ষম ॥ আমার বেডার চেট কইত্তে আইছস্।

বেঢঙ্গা *বিণ.* [দি] অগোছালো ॥ তোর কি কুনু লাজ লজ্জা নেই বেঢঙ্গা কুষ্ঠেকার।

বেতাছির *বিণ.* [ম] বেআদব, যার

কোন কিছুতেই প্রভাব পড়ে না ॥ অত মাইর খাইল এরফরেও বেতাছির বালা অইল না।

বেতাল *বিণ.* [কু] শাসনহীন, উচ্ছৃঙ্খল ॥ বেতাল ছেলির (ছেলে) দ্বারা কিছু হবে না।

বেতুমিজ *বিণ.* [ম] বেআদব, অশিষ্ট, অভদ্র, ধৃষ্ট ॥ এই বেতুমিজের গরের্ বেতুমিজ।

বেদা *বি.* [কুম ম] লাথি, পা দ্বারা প্রহার ॥ কুম- তরে এ্যাকবৈ বেদায় হোতাইয়া লাইমু। ম- তরে বেদাইতে বেদাইতে টিক্ করবাম।

বেদি *বিণ.* [ঢা] বোকা মেয়ে, নির্বোধ মেয়ে, বেআক্কেল মেয়ে ॥ এই সেরি বেদির মতন্ কাম করে।

বেদিল *বিণ.* [চট্ট] হৃদয়হীন, নিষ্ঠুর, মায়া-মমতাহীন ॥ এ্যান বেদিল, মানুষল্লাই এক্কিনি মায়া নয় নে?

বেদীন *বিণ.* ধর্মহীন, দীনহীন ॥ কাফের বাঙ্গালি হিন্দু বেদীন বামন- [ভারত]; ছেনাইয়া লিতে চায় কাফের বেদীন- [শা.গ.]।

বেদুইরা *বিণ.* [কুম] দুষ্ট, দোষযুক্ত, অসৎ ॥ বেদুইরা পোলার লায্ নাই।

বেদুয়া *বিণ.* জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন ॥ বেদুয়া ঢেমনে কভু না শুনাই পুরাণ- [ক.চ.]।

বেদো *বিণ.* [কল] পাজি, বদমাশ ॥ বেদোকে বিশ্বাস নাই আমার ঘরেও আসতে পারে।

বেদেল *বিণ.* নিষ্ঠুর, হৃদয়হীন ॥ বেদেল পড়িয়া কেন নজরে তাকাও- [শা.গ.]।

বেদোমা *বি. বিণ.* [নো] বোকা, নির্বোধ, বেআক্কেল ॥ বেদোমার ঘরের্ বেদোমা ঘ্যাআন বুদ্ধি কবে হ্ইব?

বেন্নে *বিণ.* [ব] গরিব, দরিদ্র ॥ বেন্নের বেটার আবার বড় গলা।

বেন্নের বাচ্চা *বি.* [ব] গরিবের ছেলে ॥ বেন্নের বাচ্চার আবার বড় গলা।

বেপোন্দা *বিণ.* [কু] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ হারামজাদা বেপোন্দা কিছু বোঝে না।

বেফাইশ্ *বিণ.* [ম] অশ্লীল, খারাপ ॥ এর মুখটা অত বেফাইশ্, যা মনে লয় তাই কয়্ ।

বেবৃচর *বিণ.* [রা] অসভ্য, অশিষ্ট, ধৃষ্ট ॥ ছেলেটা একদম বেবৃচর হয়ে গেছে।

বেবি *বি. বিণ.* [খু] নবযৌবনা, যৌবনপ্রাপ্ত মেয়ে ॥ দ্যাখি মেনকাটা বেবি হয়ে ওঠেছে।

বেবুদধিয়া *বিণ.* [রং] নির্বোধ, বোকা,

বেআক্কেল ॥ বেবুদধিয়া চেংড়া কোন্‌ঠেকার।

বেযর্‌মা *বিণ.* [ম ফ] জারজ, পিতৃপরিচয়হীন, বেজন্মা, হারামজাদা ॥ ম- ইমুন বেযর্‌মা মানুশ্‌ ত দেহি নাই। ফ- বেযর্‌মা ছাওয়াল দেহি নাই।

বেয়াকুব *বিণ.* [ম] কাণ্ডজ্ঞানহীন, নির্বোধ ॥ আরে বেয়াকুব, এই রহম কাম কেম্‌নে করলে।

বেয়াড়া[১] *বিণ.* [ম] অকর্মণ্য, অযোগ্য, অসার, অপদার্থ ॥ তর মত বেয়াড়া দে কি অইব।

বেয়াড়া[২] *বিণ.* [কল] বদ, মন্দ, একগুঁয়ে, জেদী ॥ এমন বেয়াড়া ছেলে, কিছুতেই কথা শুনে না।

বেআদব *বিণ.* অসভ্য, অশিষ্ট, ধৃষ্ট ॥ 'অ্যাঁ' কিরে বেআদব? 'আজ্ঞে' বলতে পারিসনে- [ঝা., সু.রা.]?

বেয়াদ্দব *বিণ.* [ম] আদবহীন, শিষ্টাচারহীন, অশিষ্ট ॥ তর মত বেয়াদ্দবের জাগা ইহানঅ নাই।

বের্‌বখরি *বিণ.* [সি] বোকা, আহাম্মক ॥ বের্‌বখরি হাউয়ামারানির পুআ।

বেরাইজ্জা *বিণ.* [চট্ট] রাজ্যহীন ॥ বেরাইজ্জা চুদা গওর রঙবাজি ন গরিস্‌।

বেরানো মাগী *বি. বিণ.* [দি] ভবঘুরে নারী ॥ ঐ বেরানো মাগী মরদের মতন খালি ঘুরি বেরান কেনে?

বেলহা *বি. বিণ.* [ম] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ এই বেলহার বাচ্চা ইহানে কি করস্‌।

বেলাজা *বিণ.* [ম কুম] লজ্জাহীন, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ এই বেলাজা তর্‌ আর্‌ শরম অইব কেমনে। কুম- তুই বরো বেলাজা মানুশ।

বেলিগ *বি. বিণ.* [কুম] বেআদব, অশিষ্ট, অসভ্য ॥ ব্যাডার কতা ঠিক নাই, এ্যাক্‌সার বেলিগ।

বেলিল্লা *বিণ.* [ম] বেশরমা, লজ্জাহীন ॥ এই বেলিল্লা ইহান্‌তে অহন ওঠ্‌।

বেলিল্লাপনা *বি.* [ম] লজ্জাহীনতা, নির্লজ্জতা ॥ এই রকম বেলিল্লাপনা করতাছে কেরে এই ছেরি।

বেল্লিক *বি. বিণ.* [ম] বেহায়া, ভাড়, মূর্খ, বোকা ॥ আরে বেল্লিক তর চুদ অইব আর কবে। [সে বেল্লিক বনমালা পরে কোন গুণে- মানিক]।

বেল্লিগ্‌গিরি *বি.* [ম] বেহায়াপনা, নির্লজ্জ আচরণ ॥ তর বেল্লিগ্‌গিরি আর যাইত না।

বেশ্‌কি মাগী *বিণ.* [কু] বেশ্যা মাগী,

অসতি মেয়ে, গণিকা, কুলটা, বারবনিতা, বারস্ত্রী, বারবধূ, বারনারী, কামিনী ॥ বেশ্কি মাগী কুথাকার।

বেশরমা *বি. বিণ.* [ম] লজ্জাহীন, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ তর মত বেশরমা আর আছে রে।

বেশাইরা *বিণ.* [ম] দুষ্ট, খারাপ ॥ বেশাইরা বেডা ইহানঅ কি করে।

বেশ্যা *বি.* [ম পা] বহুগামী নারী, পেশাদার নর্তকী, গণিকা, দুশ্চরিত্রা, পতিতা, বারবনিতা, বারনারী, বারস্ত্রী, কামিনী, কুলটা ॥ ম- তুই একটা বেশ্যা। পা- শালী বেশ্যা তোক্ চুদি। [বেশ্যা নারীগণ নাচএ ঘন ঘন মহাশব্দ রাজপুরে- শা.খা. ; আর ঐ বেশ্যার নাম আঙুর- টি.ত., উ.দ.]।

বেশ্যাবেটী *বি.* বেশ্যানারীর কন্যা, পতিতার কন্যা ॥ সে বেশ্যাবেটীকে তোমার ত্যাগ কত্তে হবে- [স.এ., দী.মি.]।

বেশ্যা মাগি *বি. বিণ.* [কল] পতিতা, দেহব্যবসায়িনী, স্বৈরিণী, গণিকা, কুলটা, বারবনিতা, বারস্ত্রী, বারবধূ, বারনারী, কামিনী ॥ বেশ্যা মাগির চিন্তা কি একটা খদ্দের ধরলেই পাঁচশ।

বেশ্যার বাচ্চা *বি.* [ম] বহুগামী নারীর সন্তান ॥ তুই একটা বেশ্যার বাচ্চা শালা।

বেশ্যে *বি.* [রা] বেশ্যা, গণিকা, পতিতা, বারবনিতা, বারস্ত্রী, কামিনী, বারনারী, বারবধূ, কুলটা ॥ বেশ্যে মাগির মুখত্ আবার বড় বড় কথা।

বেসাতি *বি.* [কল] বেশ্যাবৃত্তি, পতিতাবৃত্তি, দেহব্যবসা ॥ ঘরের বউ বেসাতি করে বেড়াচ্ছে।

বেসালিকাগি *বিণ.* [সাঁও.] অসতি, চরিত্রহীন নারী, বেশ্যা ॥

বেহদ্দ *বি.* খারাপ, নিকৃষ্ট ॥ মেয়েটা বেহদ্দ বেহায়া দেখছি- [অলীক., জ্যো.ঠা.]।

বেহাইয়া *বিণ.* [ম] লজ্জাহীন, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ এই বেহাইয়ার বাচ্চা বেহাইয়া।

বেহাংগাম *বিণ.* [কুম] বেআদব, অশিষ্ট, অসভ্য ॥ তুই বরো বেহাংগামরে ।

বেহায়া *বি. বিণ.* [ম কল] লজ্জাহীন, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ ম- তর মত বেহায়া আর দেহি নাই। কল- ও বেহায়া মেয়ে, যতই বল কিছুতেই যাবে না।

বেহায়াপনা *বি.* [কল] বেহায়ার ভাব,

নির্লজ্জ আচরণ ॥ ছুঁড়ির বেহায়াপনা দেখলে গা জ্বলে যায়।

বেহুরমত *বিণ.* [ম] বেইজ্জত, বেপর্দা ॥ ইমুন বেহুরমত্যা নারী কইত্তে আইল।

বৈটাহিনারি *বিণ.* [পা] বেশ্যা, পেশাগার, পতিতা, কুলটা, বারবনিতা, বারস্ত্রী, বারনারী, বারবধূ, কামিনী ॥ বৈটাহিনারি মাগির কথা শুনলে গাও জইলি যায়।

বৈতল্ *বিণ.* [সি] ভবঘুরে, অকর্মণ্য ॥ হারা জীবন দরি বৈতল্ অইয়া গুরলা।

বৈতলর্ বৈতল্ *বিণ.* [সি] অকর্মার অধিক অকর্মা ॥ বৈতলর্ বৈতল্ বালা খতা হুনতে চাও না।

বৈতাল্ *বি. বিণ.* [ঢা] চরিত্রহীন মেয়ে, অসতী মেয়ে, বারবনিতা, বারস্ত্রী, বারনারী, পতিতা, কুলটা, কামিনী ॥ বৈতাল্ মাইয়াডা শুরু করছে কি?

বৈতাল্নি *বি.* [ঢা] চরিত্রহীন নারী ॥ চুপ কইরা থাক বৈতাল্নি।

বৈতাল মাগী *বিণ.* [রা] ছিনাল, চরিত্রহীন নারী ॥ আয় বৈতাল মাগী, তোর গলাডা খশ্ কৈরা কাইট্যা দিমু।

বৈতাল্লিশ্ *বিণ.* [খু] ফাজিল, বখাটে, বাচাল, প্রগল্ভ ॥ ওর বৈতাল্লিশ্ স্বভাব যাবে না।

বৈদর *বি.* [ম] খারাপ, চরিত্রহীন মেয়ে ॥ এই বৈদরট্টা ইহানে কি অইছে যা।

বৈদরনি *বি.* [ম] খারাপ নারী, বেশ্যা ॥ বৈদরনির গরের বৈদরনি দরতে পারলে চুদবাম।

বৈদ্বক *বি. বিণ.* [নো] খারাপ লোক ॥ বৈদ্বকের হাল্লায় হৈরসত্ ।

বৈশ্টেপ *বি.* [ব] বেশ্যা, গণিকা, পতিতা, বারবনিতা, বারস্ত্রী, কামিনী, বারনারী, বারবধূ, কুলটা ॥ ও বৈশ্টেপগুনা আমি মোটেই দেখ্তে পারি না।

বৈশ্শাল *বি. বিণ.* [ম] বেশ্যা, গণিকা, পতিতা, বারবনিতা, বারস্ত্রী, কামিনী, বারনারী, বারবধূ, কুলটা ॥ এই বৈশ্শাল তর মাঙো অত ঝাল কেন্ ।

বোইঠিক খাওয়া *ক্রি.* [কল] সঙ্গম করা, যৌনক্রিয়া করা ॥ বিধু বাবু বোইঠিক্ খায় ধেনোমদ গিলে।

বোংগাই *বিণ.* [ঢা] নির্বোধ, বোকা, বেআক্কেল ॥ লোকটা আস্তা বোংগাই।

বোংরা *বিণ.* [পা] বোকা, নির্বোধ,

বেআক্কেল ॥ বোংরার বাচ্চা বোংরা সর্‌।

বোঁচা *বিণ.* [পা রা] নাক খাটো পুরুষ ॥ পা- বোঁচা লোক চুপ থাক। রা- কুষ্ঠে গেছিলিরে বোঁচা।

বোকস *বিণ.* কাণ্ডজ্ঞানহীন, বোকা ॥ বুড়া রাকস বুড়া বোকস বুড়া দেখে জ্বলি- [শিব]।

বোকা *বিণ.* নির্বোধ, বুদ্ধিহীন, বাজে ॥ কয়েকটা বোকা ওষুদের দোকান- [রা.সা., ন.ভ.]

বোকাচন্ডি *বিণ.* [খু] নিরেট বোকা, অতিশয় মূর্খ ॥ বোকাচন্ডি আমি না তুই।

বোকাচন্দর *বি. বিণ.* [খু] আহাম্মক, নিরেট বোকা ॥ বোকাচন্দরের মতো কথা বলিস্‌ না।

বোকাচোদা *বি.* [রা দি পা খু] বোকার সন্তান, অত্যন্ত নির্বোধ, অবৈধ সন্তান ॥ রা- তোর মত বোকাচোদা লোক হামি আর একটাও দেখিনি। দি- তোর মত বোকাচোঁদা মুই দুনিয়াত দেখোঁ নাই। খু- বোকাচোদা ছাড়া আবার তুই কি? পা- বোকাচোদা লোক বেশি কতা কও ক্যা? [ঐ বোকাচোদা এল আর গঙ্গার পাড়ে হেগে কলকাতার পত্তন করল- কা.মা., ন.ভ.]

বোকড়া *বি.* [রা] পাঁঠা [নিকৃষ্ট অর্থে] ॥ লটি মাগি চিল্লাস না বোকড়া দিয়া চুদামুনি।

বোক্‌দা *বি. বিণ.* [রা] মূর্খ, বোকা, নির্বোধ ॥ বোক্‌দাচোদার মত কথা কস ক্যা।

বোগাস *বিণ.* [কল] বাজে, ফালতু ॥ লোকটা বোগাস, পাত্তা দিবিনি।

বোদ্‌বোদা *বিণ.* [রং] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ ছাওয়াটা বোদ্‌বোদা হৈছে।

বোদা *বিণ.* [কুম] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ তুই ব্যাটা বোদা।

বোদাই *বিণ.* [ঢা কুম] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ ঢা- বুদাইগুলো দিয়া কম অইব না। কুম- তুই ব্যাটা বোদাই।

বোন্‌চোর *বিণ.* [দি] গালি বিশেষ ॥ শালা বোন্‌চোর কুষ্ঠেকার।

বোবাইমামুদ *বিণ.* [কুম] বেকুব, বোকা, বুদ্ধিহীন, নির্বোধ ॥ তোর মতন্‌ বোবাইমামুদ আর কে আছে?

বোম্‌দা *বি.* [ফ] পাঁঠা, বেঢপ, বিশ্রী ॥ শালা তোর চেহারাটা ঠিক বোম্‌দার মত।

বোমবা *বি. বিণ.* [ফ] বোকা, কাণ্ডজ্ঞানহীন, নির্বোধ ॥ বোমবারে কোনূ কাম দেওয়া না দেওয়া সমান।

বোম্বেটে *বি. বিণ.* [কল] দুষ্টু ছেলে, উৎপাৎকারী ছেলে, দস্যু স্বভাব বিশিষ্ট ॥ বোম্বেটে ছেলের সঙ্গে আপনার মেয়েকে পাঠিয়ে দেওয়া ঠিক হয়নি।

বোহেমিয়ান *বিণ.* উচ্ছৃংখল, বেপরোয়া ॥ আবার সে পূর্ণ পরিস্ফুট আর্টিস্টরূপে বোহেমিয়ানি করতে লেগে গেল- [রবি., র. ঠা.]

বৌককার বৌ *বি. বিণ.* [ঢা] অতি জড়সড় ব্যক্তি ॥ বৌককার বৌ ঐয়া বৈশা থাকলে চলবে না।

বৌনিয়া *বিণ.* [দি] হতভাগা, দুর্ভাগা, মন্দ ভাগ্যের লোক ॥ তুই হছি বৌনিয়ার ঘরের বৌনিয়া।

ব্যাআইয়া *বিণ.* [নো] লজ্জাহীন, নির্লজ্জ ॥ এরে ব্যাআইয়া কামাই ন-করি খ- রিজে শরম লাগে না?

ব্যাওয়া *বি.* [কুম ম] বিধবা, যে নারীর স্বামী মারা গেছে ॥ কুম-ব্যাওয়ার মান নাই। ম- দ্যাখ আল্লা তরে ব্যাওয়া করছে।

ব্যাওলা *বিণ.* [চট্ট] আপনভোলা, খেয়ালি ॥ ব্যাওলা ব্যাওলা ক্যা লাগের ঘটনা কি?

ব্যাওলালি *বিণ.* [রং] বেহায়া, চরিত্রহীন ॥ মাইয়াকোনা বড় ব্যাওলালি ।

ব্যাক্কল *বিণ.* [কুম ম] বেআক্কেল, বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেওকুফ ॥ কুম- ব্যাক্কলের আক্কল নাই। ম- ব্যাক্কলের গরের ব্যাক্কল লইয়া কি করবাম্।

ব্যাক্কল্যা *বিণ.* [ম] বোকা, বেআক্কেল, নির্বোধ ॥ ব্যাক্কল্যার গরের ব্যাক্কল্যা তুই।

ব্যাগাইরা *বিণ.* [ম] যে ভাল কথাও মানিতে চায় না ॥ তর মত ব্যাগাইরাচোদা আর দেহি নাই।

ব্যাগারুয়া *বিণ.* [সি] বেখাপ্পা, অদ্ভুত ॥ হেয় এ্যাখটা ব্যাগারুয়া মানুশ্।

ব্যাচ্ছাদড় *বিণ.* [রা] অবাধ্য, নাছোড়বান্দা ॥ জীবনে বহুত ঘাড়ুয়া দেখিছি, মাগার তোর মত ব্যাচ্ছাদড় দেখিনি।

ব্যাছাধর্ *বিণ.* [রং] বেহায়া, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ ছাওয়াটা বড় ব্যাছাধর্ ।

ব্যাজারবেজি *বিণ.* [কল] হট্টগোল ॥ সন্ধ্যা হতে না হতেই শুরু হয় স্বামী-স্ত্রীর মধ্যে ব্যাজারবেজি।

ব্যাটবল *বি.* [খু] পুরুষাঙ্গ-অণ্ডকোষ ॥

এই ব্যাটবল ঢাক।

ব্যাটারি ডাউন *বি.* [খু] যৌনঅক্ষম পুরুষ, নপুংসক ॥ আর হয় না দোস্ ব্যাটারি ডাউন।

ব্যাঢং *বি. বিণ.* [রা] বেআদব, বেহায়া ॥ নিজে ব্যাঢং হয়্যা আদব শিখাবা আসিছে।

ব্যাতবা *বিণ.* [ম] কাণ্ডজ্ঞানহীন, বোকা ॥ ইমুন ব্যাতবা মানু লইয়া ছলা যায়?

ব্যাতারিরা *বি. বিণ.* [কুম] বেহায়া, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ তুই এত ব্যাতারিরা ক্যানে ঐলি।

ব্যাতাল *বিণ.* [নো] বেখেয়াল, তালহীন ॥ তুই এ্যাত ব্যাতাল ক্যান্।

ব্যাদবগি *বিণ.* [সাঁও.] বেআদব, অশিষ্ট, অসভ্য ॥

ব্যাদাবেদি *বি.* [কুম] গালাগালি ॥ এমুন শয়তানের মুখেই ব্যাদাবেদি মানায়।

ব্যাদ্দব *বি. বিণ.* [পা] বেআদব, অশিষ্ট, অসভ্য ॥ ব্যাদ্দব, ভদ্রতা শিকা দেবো নে।

ব্যানুনে *বিণ.* [ফ] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ ॥ ব্যানুনে মানুশ্ কাউরে কিসু দেয় না।

ব্যান্ডেল দেআ *ক্রি.* [কল] ধাপ্পা দেয়া, ধোঁকা দেয়া, প্রতারণা করা ॥ ব্যান্ডেল দিয়ে আর কত চল্‌বি।

ব্যাপউরি বাঁদি *বি.* [কল] বেশ্যা [ওড়িয়া বেশ্যার ভাষায়], গণিকা, পতিতা, বারবনিতা, বারস্ত্রী, কামিনী, বারনারী, বারবধূ, কুলটা ॥ ওই ব্যাপউরি বাঁদি এখন বাবুর সঙ্গী সাথী।

ব্যাফাইশা *বিণ.* [য] যে নির্লজ্জের মত কথা বলে ॥ এই সাবধান, বেশি ব্যাফাইশা কথা বলবি নে।

ব্যাবদা *বি. বিণ.* [খু] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ ব্যাবদাটা নিয়ে আমি কি করব বল তো?

ব্যাযাইনুনা *বিণ.* [কুম] নাছোড়বান্দা, একগুঁয়ে, যে কিছুতেই ছাড়ে না ॥ এমুন ব্যাযাইন্‌না মানুশ আর দেহি না।

ব্যায়য়া *বিণ.* [ম] বেহায়া, নির্লজ্জ, লাজ-শরমহীন ॥ ইমুন ব্যায়য়া লোক তো দেহি নাই।

ব্যারগা *বিণ.* [সি] বদমেজাজী, বদরাগী ॥ লোকটা খুব ব্যারগা।

ব্যারাপ্যাচাইল্যা *বিণ.* [পা] বাচাল, যে বেশি কথা বলে ॥ ব্যারাপ্যাচাইল্যা এত হলি কি হয়।

ব্যারেন্দা *বিণ.* [কুম] বোকা, নির্বোধ,

বুদ্ধিহীন, বেআক্কেল ॥ এই ব্যারেন্‌দা চোদারে লই এক্কারে মইচ্ছি।

ব্যালাজ *বিণ.* [রা] নির্লজ্জ, বেহায়া, লাজ-শরমহীন ॥ ব্যালাজ কথা কহা ভাল না।

ব্যালায্যা *বিণ.* [নো] নির্লজ্জ, লাজ-শরমহীন, লজ্জাহীন ॥ ব্যালায্যা বেলিক মাইউলা কতা কম ক।

ব্যাশ্‌কেল *বি. বিণ.* [রা] বেকুব, কম বুদ্ধির লোক ॥ চোদানির পো ব্যাশ্‌কেলচোদা।

ব্যাহাংরা *বিণ.* [ফ] দুষ্ট, খারাপ, নষ্ট লোক ॥ লোকটা বর ব্যাহাংরা।

ভ

ভংচং *বি.* [পা] টালবাহানা, ফাঁকিবাজি, ধূর্ততা ॥ এত ভংচং কিসের।

ভক্‌কি *বি.* [খু] যৌন সংগম, যৌনক্রিয়া, রতিক্রিয়া ॥ ভক্‌কি কাউকে শেখাতে হয় না।

ভক্‌কি করা *ক্রি.* [খু] যৌন সংগম করা ॥ যে কোনো নারীর সাথে ভক্‌কি করা যায় না।

ভগ *বি.* [কল] যোনি, গুদ, গাঁড়, স্ত্রী যৌনাঙ্গ ॥ শালির ভগে আঙ্গুল দিতে না দিতেই রস বেরিয়ে এলো।

ভগর ভগর *ক্রি.* [পা] বাজে কথা, অনর্থক কথা ॥ শালা ভগর ভগর করার তালেই আছে।

ভচকা *ক্রি. বি.* [ঢা] থেঁতলে দেয়া, পিষ্ট করা, ছেঁচিয়া দেয়া ॥ ভচকায় দে খোমা, গার্ল ফ্রেন্ড য্যান চিনবার না পারে।

ভচ ফচ *অব্য.* [কু] সঙ্গমকালীন কাল্পনিক শব্দ ॥ তুই অমন ভচ ফচ করে কথা বলছিস কেনে?

ভড়ং *বি.* [খু] বাহ্য আড়ম্বর, ন্যাকামি, নকশা, কায়দা, কৌশল ॥ ধর্মের ভড়ং ছেড়ে ধার্মিক হও। [কিছু ভড়ং আছে-এ.পা.,বা.ব.]

ভণ্ড *বিণ.* [ম] শঠ, প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ ॥ ম-তুই একটা আস্তা ভণ্ডা। [তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়- মা., ন.ই.]!

ভবঘুরে *বিণ.* বাউণ্ডুলে, অনর্থক নানা জায়গায় ঘুরে বেড়ানো ॥ আমার এই ভবঘুরে জীবনের অপরাহ্ণ বেলায় দাঁড়াইয়া ইহারই একটা অধ্যায় বলিতে বসিয়া আজ কত

কথাই না মনে পড়িতেছে! [শ্রী., শ.চ.]।

ভবরা *বিণ.* [রা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ এমুন ভবরা দেখা যায় না।

ভয়ফকনি *বি. বিণ.* [রা] ভীতু লোক, ভীরু, সহজেই ভয় পায় এমন ॥ তুই যে ভয়ফকনি তাতে এত রাইত্যে যাইব্যে।

ভরবরিআ *বি. বিণ.* [কল] মাতাল, নেশাগ্রস্ত, মদ্যপ, মদখোর ॥ বউ বাচ্চা এই ভরবরিআকে ছেড়ে চলে গিয়েছে।

ভরম *বি.* [কল] পকেটমারের সর্দার ॥ এই ভরমকে ধরে পুলিশে দাও।

ভরা ক্রি. [কল] পকেটমারা, ছিনতাই করা, ধর্ষণ করা ॥ ভরা হলো ওদের আসল ব্যবসা।

ভরাবাজ *বি. বিণ.* [কল] ধাপ্পাবাজ, ধোঁকাবাজ, প্রবঞ্চক, প্রতারক ॥ ভরাবাজরা সমাজের মধ্যে অবস্থান করে।

ভরেলা ক্রি. [কল] ছিনতাই করা, ধর্ষণ করা, কামড়া কামড়ি করা ॥ সমাজ থেকে ভরেলাদের উচ্ছেদ করা উচিৎ।

ভরোনৃঠেলা *বিণ.* [খু] অকর্মণ্য, অসার, অযোগ্য ॥ নাঙল ঠেলা ছাড়া ঐ ভরোনৃঠেলা আর কী করবে।

ভরোস *বি.* [কল] যে লোক বেশ্যার টাকায় খাওয়া পড়া চালায় ॥ ব্যাটার আর কোনো কাজ নেই, এখন মাগির ভরোস হয়েছে।

ভসক্কা *বি.* [কল] কুরূপা বেশ্যা ॥ ভসক্কারা খদ্দেরদের নিয়ে টানাহেঁচড়া করে।

ভসকা *বি. বিণ.* [কল] নির্জীব, হতোদ্যম ॥ ভসকা খাবার বেলায় ঠিক আছে, কিন্তু কাজের বেলায় নেই।

ভসকানো ক্রি. [ম কল] মেরে মুখ বিকৃত করে দেওয়া ॥ কল- মেরে চেহারা ভসকাইয়া দেব শালা। ম- মাইরা তর মুখ ভসকাইয়া দেম চুতমারানির ফুত্।

ভাইখাকী *ক্রি. বি.* অলক্ষণে নারী, মন্দ ভাগ্যের নারী ॥ তোর যে বড় গলারে ভাইখাকী- [কথো., উই.কে.]

ভাইভাতারি/ব্যাইভাতারী *বি. বিণ.* [রা কল] ভাইকে স্বামী বানানো, ভাইকে যে নারী ভাতার করে, বেশ্যা ॥ রা- এই ভাইভাতারি মাগিকে দিয়্যা সবই হবো, বাদ দে অর কথা। কল- পড়তে

যাওয়ার নাম করে ভাইভাতারি গাছতলায় বসে থাকে। [তুই যেমন ব্যাইভাতারী তাই ও কথা বল্‌চিস্‌- আর লো আমরা যাই- বি.পা.বু., দী.মি.]

ভাইভাতারীর ভাই *বিণ.* ভাতার হওয়া ভাই বাদ দিয়ে অন্য ভাই, বেশ্যা, দুশ্চরিত্র ॥ দেঁড়য়ে রলি কেন, ও ভাইভাতারীর ভাই, মার্‌ না মোর প্রাণ বার কর্যে ফ্যাল না- [নী.দ., দী.মি.]

ভাউ *বি.* [কল] দাগি চোর ॥ এবার ভাউ দেখলেই পুলিশে খবর দেব।

ভাউল্‌লা *বি. বিণ.* [খু] বেহিসাবি, যে হিসাব করিয়া চলে না ॥ ভাউল্‌লা বলেই তো বাবুর সব গেল।

ভাউশা *বিণ.* [রং] নোংরা, বেজন্মা ॥ রহিম এ্যাকটা ভাউশা ছাওয়া।

ভাঁওতা *বি.* মিথ্যা, প্রতারণা ॥ শুধু গায়ের জোর আর ভাঁওতা দিয়ে সাধারণ মানুষকে ক'দিন দম করে রাখা যায়- [কাল.,স.ম]

ভাঁওতাবাজ *বি.* [কল] ঠক, প্রতারক, ধোঁকাবাজ, ধাপ্পাবাজ ॥ তুই তো এক নম্বরের ভাঁওতাবাজ।

ভাঁড়১ *বি.* [কল] যে লোক বেশ্যার উপার্জনে জীবিকা নির্বাহ করে ॥ সারাটা জীবন সে কাটিয়ে দিল মাগি মানুষের ভাঁড় হয়ে।

ভাঁড়২ *বি.* [ম] বেল্লিক, বেহায়া, লাজ-শরমহীন, নির্লজ্জ ॥ এ্যা অহন একটা ভাঁড় অইছে।

ভাঁড়ান *ক্রি.* প্রতারণা করা, বঞ্চনা করা ॥ ভক্তে ভাঁড়াতে নারিবে তার বাপে- [ঘন]।

ভাঁযা *বি. বিণ.* [চট্ট] বন্ধ্যা, বাঁঝা, যে নারীর সন্তান হয় না ॥ ইডা ভাঁযা বেডি, পুত পিতা নাই।

ভাংখোর *বি. বিণ.* [দি] ভাং খায় যে, নেশাখোর ॥ ভাংখোরের বেটা ভাংখোর আপনা আপনি মরিবি।

ভাংচি দেওয়া *ক্রি. বি.* ঝগড়া, বিয়ের সম্বন্ধের সময় ঝগড়া দিয়ে বিয়ে ভেঙে দেওয়া ॥ কে মশাই আপনি? ভাঙচি দেবার আর জায়গা খুঁজে পান না- [প্র.প্র.,আ. দে.]

ভাঙর *বি.* গাঁজাখোর, গাঁজার নেশায় আসক্ত মানুষ ॥ ভাঙরের নাহি যম- [ভারত]।

ভাঙ্গরা *বি.* সিদ্ধিপানে আসক্ত ॥ দুর্গা বলে শিব ভাঙ্গরা কথা শুন তুমি- [মা.চ.] ; কোপে বলে কি বলিলি ভাঙ্গরার বেটি- [বিজয়]।

ভাঙ্গী *বি.* সিদ্ধিখোর, আসক্ত মানুষ, নেশাগ্রস্ত মানুষ ॥ একে বুড়া তাহে ভাঙ্গী ধুতুরায় ভোল- [ভারত]।

ভা.কু *বি.* [কল] [ভাদ্রমাসের কুকুরের সাথে তুলনায়] নারীসঙ্গের জন্য লোলুপ ব্যক্তি, মাগিবাজ ॥ ওই মাগিটার পেছনে লোকটা ভা.কু হয়ে ঘুরছে।

ভাড়ুয়া *বি.* ভেড়া, প্রাণী বিশেষ ॥ আইল রে ভাড়ুয়া- [ব.সা.প.]।

ভাত কা ভাতি *বি.* [কল] দরিদ্র বেশ্যা ॥ এই ভাতকা ভাতির জীবন অনটনের মধ্যে যাচ্ছে।

ভাত্ঢুক্শা *বি. বিণ.* [রা] অকর্মা, অকর্মণ্য, কর্মহীন ॥ তোরে কুইত্তা দিয়া চুদালেও শান্তি হবে না, শালা ভাতুঢুক্শা।

ভাতার *বি.* [বরি খু] স্বামী, পতি [ব্যঙ্গার্থে] ॥ বরি- ভাত দ্যায়না ভাতারে। খু- ভাত দেবার ভাতার না কিল মারার গোসাই। [যুবতীর কোল হোন্তে লই যাইমু ভাতার- সৈ.সু. ; তিনি চলে গেলেন ড্যাংডেঙ্গিয়ে, মেয়ে ভেগে গেল ভাতারের সংগে- কা.পু., স.ম]।

ভাতার খাঁকি/ভাতার খাগি *বি. ক্রি. বি.* [কু খু বরি রা] স্বামীকে খায় এমন নারী, অলুক্ষণে নারী ॥ কু- ভাতারখাঁকি মাগী তোর মরণও হয় না। খু- ঝেঁটিয়ে ভাতার খাঁকিকে দূর করবো। বরি- ভাতার খাগি, তুইতো সব খাইচো। রা- ভাতার খাকি মাগী যা মর্ গা। [এ ভাতার খাগি সর্ব্বনাশির পুতটা মরুক তিন দিনে উহার তিনডা বেটার মাথা খাউক ঘাটে বসে মঙ্গল গাউক- কথো., উই. কে.]

ভাতারখাগীর ভাতার *বি.* অলুক্ষণে নারীর ভাতার ॥ ভাতারখাগীর ভাতার মেয়ে মানুষ ধরে গুদোমে রাখতে পারে- [নী.দ., দী.মি.]

ভাতার খ্যাক্কা *বি. বিণ.* [দি] যে নারীর স্বামী বাঁচে না ॥ ভাতার খ্যাক্কা মাগী ভাব চোদাস না শাওয়ার মধ্যে পুত্তা দিমুনি।

ভাতার ছাড়ি *বি. বিণ.* [রা] স্বামী পরিত্যক্তা ॥ ভাতার ছাড়ি মাগি তোর আর কোন কালে লাজ শরম হবে।

ভাতার লাগা *ক্রি.* [পা] বিবাহ হওয়া ॥ শালীর ভাতার লাইগলো শেষে।

ভাতি *বি.* [কল] বেশ্যা, গণিকা, পতিতা, বারবনিতা, বারস্ত্রী, কামিনী, বারনারী, বারবধূ, কুলটা ॥ ভাতির খপ্পরে পড়েছিস্ শালা।

ভাতিবাজ *বি. বিণ.* [কল] যারা মেয়েদের বিরক্ত করে ॥ শালা ভাতিবাজরা মেয়েদের স্কুল কলেজ গেটে আড্ডা মারে ।

ভাতুরে *বিণ.* [খু] অকর্মণ্য, অসার, অযোগ্য, কর্মহীন ॥ আমার ভাতুরে মেয়ে কি করে ঘর করবে বলো তো?

ভাদ মাইস্যা কুঁইর *বি. বিণ.* [চট্ট] ভাদ্রের খল কুকুর [নিকৃষ্ট অর্থে] ॥ এ্যান পঅলাই ক্যা গরর্, ভাদ মাইস্যা কুঁইরে হঁঅর দিয়ে নে?

ভাদামে *বিণ.* [য] ভবঘুরে, বিনা কাজে সর্বত্র ঘুরিয়া বেড়ায় এমন ॥ ভাদামে হয়ে আর কতকাল কাটাবে?

ভাবচোদাও *ক্রি. বি* [পা] দেমাক দেখানো ॥ শালা চুদির ভাই ভাব চোদাও।

ভাবট *বিণ.* ভণ্ডসাধু, প্রতারক ॥ লোক ভাড়িবারে বেটা ধরিছে ভাবট মোর মনে ব্যক্ত হইল সকল কপট- [সঞ্জয়]।

ভাবুটী *বি.* কপটতা, ছলনা, প্রতারণা, প্রবঞ্চনা ॥ ভাবুটী করিয়া কিছু কয় কুমন্ত্রণা করে- [মানিক]।

ভারতছাড়া *বি. বিণ.* হতচ্ছাড়া, দুর্ভাগা, ভাগ্যহীন ॥ আঃ ড্যাক্‌রা ভারতছাড়া- [জা.বা.,দী.মি.]

ভায়ানি *বিণ.* [য] ফাজিল, ভবঘুরে ॥ এই ভায়ানি এসে মেয়েটাকে রোজ রোজ ফুসলাচ্ছে।

ভারিভুরি *বি.* প্রতারণা, ঠকামি, ধূর্ততা ॥ ভারিভুরি করিয়া নগর ভেড়্যা খাসু- [মানিক]।

ভারুয়া *বিণ.* ঠক, প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ, ধাপ্পাবাজ ॥ কোথা হৈতে কাল হৈঞা ভারুয়া আইলা- [ত.বি.]।

ভালুকান্ *ক্রি. বি.* [দি] ফাজলামি করা, ফাজিলের ন্যায় আচরণ, বাচালতা ॥ ঐ ছুঁড়ি খান খুবে খচ্চর, ভালুকান্ করি ছোড়াগুলাক খারাপ করি দিল্।

ভিকাচুদু *বিণ.* [রা] বেয়াকুব, বোকা, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ শেশ্ দিয়ে আমাক্ ভিকাচুদু বানালে।

ভিট্‌কেল *বি. বিণ.* [য] ধড়িবাজ, ধাপ্পাবাজ, ধোঁকাবাজ, প্রতারক ॥ আমি এই ভিট্‌কেলের কথা শুনে জমি বেচবো না।

ভিটামিন পি *বি.* [খু] বীর্য, শুক্র ॥ ভিটামিন পি ছাড়া তোমার স্বাস্থ্যের উন্নতি হবে না।

ভিয়েটনাম *বি.* [কল] নিষিদ্ধপল্লি, বেশ্যালয়, গণিকালয়, যৌনপল্লি ॥ এই চল যাই, ভিয়েটনামে গিয়ে মজা করে আসি।

ভুক্‌কার *বি. বিণ.* [কল] উড়নচণ্ডে, খিটখিটে ॥ এই ভুক্‌কার চাল

চলনে মানুষ বিরক্ত ।

ভুক্‌ড়িদার *বি.* [কল] মোটা মানুষ, স্থূল লোক ॥ ওই ভুক্‌ড়িদারের চেহারা দেখ্‌লে হাসি পায়।

ভুচ্‌চার *বি.* [কল] গেঁয়ো মানুষ, অসভ্য ॥ ওই ভুচ্‌চার শহরে এসে বাড়ি যাওয়ার পথটি হারিয়ে ফেলেছে।

ভুচা *বি.* [রা] পুরুষের লিঙ্গ, শিশ্ন ॥ তুই আমার ভুচা খা।

ভুটকি *বি. বিণ.* [ব] মোটা, স্থূল ॥ ভুটকি মাগির সাথে হামি নাই।

ভুড়ুংগা *বি. বিণ.* [রা] পেটমোটা ॥ শালীর বেটির ভুড়ুংগা দেখিছু।

ভুড়িদার *বি.* [কল] ঘুষখোর পুলিশ ॥ ভুড়িদার দশ জনকে আসামি করেছে, উদ্দেশ্য হলো টাকা নেওয়া।

ভুন্ *বি.* [রা] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ ঐ ভুনের গরম দেখাইস্ না।

ভুন্‌নাস *বি.* [কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ লুচ্ছামি করতে গিয়ে ব্লেড দিয়ে লোকটার ভুন্‌নাস কেটে দিয়েছে।

ভুনাজ *বি.* [কল] দাগি আসামি ॥ কয়েকদিন হলো ভুনাজটি জেল খেটে বেরিয়ে এসেছে।

ভুতোল *বি.* [কল] পতিতা, গণিকা, বারবনিতা, বারস্ত্রী, কামিনী, বারনারী, বারবধূ, কুলটা ॥ ওই ভুতোল মাগিটার দিন শেষ।

ভুতোলবাজি *বি.* [কল] পতিতাবৃত্তি, দেহব্যবসা, বেশ্যাবৃত্তি ॥ নমিতা এখন ভুতোলবাজিতে নেমেছে।

ভূঞিফোড়া *বিণ.* বেজন্মা, উৎপত্তিহীন ॥ আদি অন্ত নাহি শিব তুমি ভূঞিফোড়া- [রায়]।

ভূতনিয়া *বিণ.* দুষ্ট, দুবৃত্ত, দুশ্চরিত্র, বদমাশ ॥ যুগী নহে এহি বেটা বড় ভূতনিয়া কার জানি নারী নেএ ধুলা পড়া দিয়া- [রায়]।

ভূদাই *বি. বিণ.* [পা] বোকালোক, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ ভূদাই লোক কতা কইও না।

ভেকা *বিণ.* হতবুদ্ধি, বোকা ॥ বায়ুবাণে ধেনু উড়ে বেটা হৈল ভেকা- [কৃত্তি]।

ভেজাইল্ল্যা *বিণ.* [ম] যে জটিলতা সৃষ্টি করে ॥ হে এ্যাক্‌টা ভেজাইল্ল্যা লোক যিহানঅ যায় ইহানে প্যাছ লাগে।

ভেটে *বিণ.* [খু] বেঁটে, বামন, খাটো ॥ ও একটা ভেটে শয়তান।

ভেড়াচ্চোদা *বি. বিণ.* [পা] খচ্চর, বদমাশ ॥ ভেড়াচ্চোদাক্ চুদি হাটু ভাঙি ফেলাবো।

ভেড়ু *বি. বিণ.* [রং] দাগাবাজ,

বিশ্বাসঘাতক, প্রবঞ্চক, শঠ ॥ বাহে বড় ভেড়ু ।

ভেড়ুআ *বি.* [কল] পতিতার উপার্জনে নির্ভরশীল লোক ॥ রতন শীল তো একটা মাগীর ভেড়ুআ ।

ভেড়ুয়া[১] *বিণ.* [খু] বেশ্যাসক্ত, লুচ্চা, বদমাশ ॥ ও তো একটা মাগির ভেড়ুয়া ।

ভেড়ুয়া[২] *বিণ.* বোকা, নির্বোধ, বেআক্কেল, বুদ্ধিহীন, বেওকুফ ॥ আমরা মাইরি পথ ঘাটে ভেড়ুয়ার মত চলাফেরা করি- [কা.পু., স.ম.]

ভেড়ে *বিণ.* [রা] বদমাশ, কাপুরুষ ॥ তুই একেবারে ভেড়ে ছেলে। [কোথা হৈতে কাল আইলি তুই ভেড়ের ভেড়ে- কেতকা]।

ভেড়ো *বিণ.* [খু] ভীতু, দুর্বল ॥ মাগির ভেড়ো করবে প্রতিবাদ?

ভেতো *বিণ.* [কল] ভাত খায় যে, অলস প্রকৃতির লোক ॥ ভেতো বাঙালি, কোনো কাজ করে না, ঘুরে ফিরে বেড়ায়।

ভেদনি *বি. বিণ.* [য] বোকা, বেআক্কেল, নির্বোধ, বুদ্ধিহীন, বেওকুফ ॥ শিশুকাল থেকে এই ভেদনিকে কোলেপিঠে করে মানুষ করছি এখনো বোধজ্ঞান হলো না।

ভেবদা চুদি *বি. বিণ.* [দি] বোকা, বেআক্কেল, নির্বোধ, বুদ্ধিহীন, বেওকুফ ॥ ঐ ভেবদাচুদি ছুঁড়ি খানক বেলে ছাড়ি দিছে ওর ভাতার এইলা মাইন্‌সক্ নিয়া ফের সংসার হয়।

ভেবলে যাওয়া *ক্রি. বি.* [কল] বোকা বনে যাওয়া ॥ কি যে হলো, হটাৎ করে আমি ওকে দেখে ভেবলে গেলাম।

ভেমো *বি. বিণ.* [কল] বোকা লোক, বেআক্কেল, বুদ্ধিহীন, বেওকুফ, নির্বোধ ॥ যতই ওকে ভেমো ভাব না কেন আসলে ও চালাক।

ভোংগা *বিণ.* [রা] বোকা, বেআক্কেল, বুদ্ধিহীন, বেওকুফ, নির্বোধ ॥ ভোংগা মানুশ্‌টাকে ঠগাই গেলি বাহে।

ভোঁ ভোঁ করা *ক্রি.* [কু] ছাগলের বা পাঁঠার বুলি [তুচ্ছার্থে] ॥ পাঁঠার মত ভোঁ ভোঁ করিসনি বেশ্যা-খানকি বাড়ি পাটি দেব।

ভোঁচা *বি.* [রা] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ মুখোত কি ভোঁচা ঢুকা বসা আছু।

ভোঁদা *বিণ.* [কল, খু] বোকা, মূর্খ, হাবাগোবা, নির্বোধ, বুদ্ধিহীন ॥ কল- এতবার বললাম তবুও ভোঁদা কিছুই বুঝতে পারলি নে। খু-

ভোঁদার কোন ভেদবুদ্ধি থাকে না।

ভোগিরথ-জনোনি *বি.* [কল] সমকামী নারী ॥ ফালতু ভোগিরথদের সঙ্গে আমি মিশিনা।

ভোগের ঠ্যাং *বি.* [কু] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ এগিয়ে আই তোর ভোগের ঠ্যাং এ নাতি মারবু (লাথি মারবো)।

ভোত্না *বিণ.* [রা] অকেজো, অকর্মণ্য, অসার ॥ রে ভোতলা কোথায় জাশ্ ?

ভোতর *বিণ.* [য] অলস, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি ॥ কোন কাজ কর্ম করে না-এই ভোতরটা।

ভোদা *বি.* [কু খু ঢা] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ খু- তোমার ভোদার জ্বালা মেরে তবে অন্য কাজ। কু- তোমার ভোদা ফাটায়ে দেবানে কলাম । ঢা- ওই মাগী ভোদায় ঠাই পাই না।

ভোদাই *বিণ.* [রং বরি কু] বোকা, নির্বোধ, বেআক্কেল, বুদ্ধিহীন, বেওকুফ ॥ রং-ভোদাই চ্যাংড়াটাক্ দিয়া কিছু হবার নয়। বরি- তুই এক নম্বরের ভোদাই । কু- তোর মত ভোদাই আমি আর দুটো পাইনি।

ভোদাইচোদা *বিণ.* [রং] বোকার বাচ্চা ॥ তুই একটা ভোদাইচোদা।

ভোদাইবেটা *বি. বিণ.* [রং] বোকার সন্তান ॥ ভোদাইবেটা কোন্ঠ্যাকার।

ভোদাইমার্কা *বি. বিণ.* [রা রং খু য] বোকা, বুদ্ধিহীন, স্থূল ॥ খু- ভোদাইমার্কা বলেই তো ওর এই দুরবস্থা। য- এই ব্যাটা কিছুই বোঝেনা একেবারে ভোদাইমার্কা। রং- ভোদাইমার্কা চ্যাংড়াটাক্ দিয়া কিছু হবার নয়।

ভোদ্যা *বি.* [ম] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ তর ভোদ্যার বিত্রে ফাড়াইয়াম।

ভোদ্যার কচকচানি *বি.* [ম] যোনির চুলকানি, যৌন সুড়সুড়ি ॥ মাগী তর ভোদ্যার কচকচানি মজাইয়াম।

ভোন্দা *বিণ.* [ব] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ ছেলেটা একেবারে ভোন্দা।

ভোম্বল *বিণ.* [খু কল] ভোম হয়ে থাকে যে, বোকা, জড়বুদ্ধি, হতবাক, হতভম্ব ॥ এসো ভোম ভোলানাথ ভোম্বলদা, কল্কে টানিবো ।

ভোরি *বি.* [কল] স্তন, দুধ, বুনি ॥ দাঁত দিয়ে মাগির ভোরিটা কামড়ে ধরলাম।

ভোলানাথ *বি.* [কল] গাঁজা, নেশা

জাতীয় দ্রব্য ॥ বাবা ভোলানাথ, তুমিই আমার একমাত্র ভরসা।

ভ্যাকার্ ভ্যাকার্ *বি.* [রা] বকবক, অনর্থক কথা বলা ॥ যা হট, তোকে কে এখানে ভ্যাকার্ ভ্যাকার্ করতে ডাইক্যাছে।

ভ্যাগা *বিণ.* [খু] বোকা, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ, নির্বোধ ॥ ভ্যাগার যা কাজ তাই করেছে।

ভ্যাজালা *বিণ.* [রা] কুচক্রী, ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী ॥ এরকম ভ্যাজালা মানুশ্ আর দেখিনি।

ভ্যাড়া বল্দা *বি. বিণ.* [রা] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ ছাওয়াটা দিন্ দিন্ ভ্যাড়া বল্দা হচ্চে।

ভ্যাতা *বি.* [কল] বেশ্যা, গণিকা, পতিতা, বারবনিতা, বারস্ত্রী, কামিনী, বারনারী, বারবধূ, কুলটা ॥ ভ্যাতা মাগি টাকা ছাড়া আর কিছু চেনেনা।

ভ্যাদ্ভেদা *বিণ.* [রা] বাচাল, যে বেশি কথা বলে ॥ ঐ ভ্যাদ্ভেদা যা বাড়ি যা আর ভ্যাদ ভ্যাদ করিস্না এখানে।

ভ্যাদ্লা *বি. বিণ.* [রা য] বোকা, মূর্খ ॥ রা- ভ্যাদ্লার মত এখানে খাড়ো হয়্যা কি করছিস ? য- বাইরে থেকে মনে হবে ভ্যাদ্লা-আসলে চালাক।

ভ্যাদা *বি. বিণ.* [খু] নরম, দুর্বল ॥ বেলে মাছের মত এর ভ্যাদা শরীর।

ভ্যাদামারকা *বিণ.* [খু] বুদ্ধিহীন, বোকা, নির্বোধ ॥ ভ্যাদামারকা লোকের যা হওয়ার তাই হয়েছে।

ভ্যাদেরা *বিণ.* [দি] সরল, বোকা, নির্বোধ, বেআক্কেল ॥ শালা ভ্যাদেরা বেটা হুস থাকে না কাথাগুলান ভুলিস কেমন করি বে।

ভ্যানত্রাবাজ *বিণ.* [কল] মাতাল, মদ্যপ, নেশাগ্রস্ত ব্যক্তি ॥ ভ্যানত্রাবাজ বললো, একটা বোতলের জন্য আমি মার্ডার করতে পারি।

ভ্যাবাগঙ্গারাম *বিণ.* [কল] বোকা, বোধবুদ্ধিহীন, নির্বোধ, বেআক্কেল ॥ ভাগ শালা ভ্যাবাগঙ্গারাম, হা করে দাঁড়িয়ে রয়েছে।

ভ্যারেণ্ডা *বি. বিণ.* [খু] মূল্যহীন, অসার, অকর্মণ্য, অকেজো ॥ লোকটা একদম ভ্যারেণ্ডামার্কা।

ভ্যারেণ্ডা ভাজা *ক্রি. বি.* [খু] ব্যর্থ ॥ কি আর করবা এখন বসে বসে ভ্যারেণ্ডা ভাজো।

ভ্যালটা *বিণ.* [রং] নির্বোধ, বোকা ॥

এ্যাই ভ্যালটাক্ ধরি মোর হইছে যত জ্বালা, দ্যাখেন দ্যাখি কোন শোধবোদ আছে নাকি ?

ম

মউজ *বি.* [ম] আনন্দ, নেশাজনিত আমেজ ॥ তর এই মউজ করা বাইর হরবাম চুত্‌মারানির ফুত্।

মএদানি *বি.* [কল] যৌন বিকার, যৌন উত্তেজনা ॥ গোপালের মএদানি রোগ হয়েছে।

মএলাখোর *বি.* [কল] সক্রিয় কামুক, সমকামী মানুষ ॥ মএলাখোরের কাছে কোনো কিছু বাছ বিচার নেই, যা পাচ্ছে তাই খাচ্ছে।

মক্কর *বি.* [য] প্রবঞ্চনা, ভান, চালাকি, প্রতারণা ॥ শেষ পর্যন্ত মেয়ে মানুষটা ওকে মক্কর করে টাকা নিয়ে ভেগেছে ।

মকর *বি.* [কল] বেশ্যা, গণিকা, পতিতা, বারবনিতা, বারস্ত্রী, কামিনী, বারনারী, বারবধূ, কুলটা ॥ এই আনটাটকা মকরটাকে আমি ঘরে তুলে নেব।

মকর পুত্তর *বি.* [কল] জারজ পুত্র, বেজন্মা, পিতৃপরিচয়হীন ॥ এই মকর পুত্তর জানেনা ওর বাবা কে ছিল?

মক্‌খিচুস *বিণ.* [কল] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ, বখিল ॥ তা খাবে কেন ব্যাটা মক্ষীচুষ- [ভাগুন.,সু.ভ.]

মগদ *বিণ.* বোকা, নির্বোধ, বুদ্ধিহীন ॥ পৃথিবীতে মোর সম নাহিক মগদ বিনা অপরাধে কৈনু হেন নারী বধ- [আলা]।

মগর *বিণ.* অহংকারী, দাম্ভিক ॥ দক্ষিণ দ্বারে জাগে বাঙ্গালি মগর- [মা.চ.]।

মগরা *বিণ.* [কুম বরি] গোঁয়ার, বদমেজাজী ॥ কুম- পোলাডা যবর মগ্‌রা। বরি- আমার লগে একদম মগরামী হরবি না।

মগা *বিণ.* [ম] বোকা, মূর্খ, নির্বোধ ॥ হালা মগা তর কুনু চুদ্ নাই।

মগার বাপ *বি.* [ঢা] খুব বোকা, নিরেট মূর্খ ॥ ঐ মগার বাপ তরে সৈ করমু।

মগি *বিণ.* [কুম] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন ॥ তুই এমুন মগির মতন কাম কর্‌সত্ কেরে?

মগুর ঝি *বি.* [চট্ট] মগের মেয়ে ॥

মগুর ঝি তোর বংশ সুদ্ধ খারাপ।

মঘা *বিণ.* [রা] বুদ্ধিহীন, নির্বোধ, বোকা ॥ তুই একটা মঘা নাইলে এত সোঝা ব্যাপারটা বুস্‌তে পার্‌ছিলিনা কেনে।

মচ্চুনামুখা *বি. বিণ.* [রা] শুকনো মুখের অধিকারী ॥ মচ্চুনামুখা মাগিক দ্যাখলেই শরীলডা জল্যা যায়।

মজুর *বি.* [ম] দিনমজুর, কামলা ॥ মজুরের গরের মজুর তর বাত কাইতাম না।

মজুরনী *বি.* [ম] দিনমজুর [স্ত্রীলিংগ] ॥ মজুরনী তর মাঙঅ চুদ্‌বাম্।

মজুরনীর পুত্ *বি.* [ম] দিনমজুরের ছেলে ॥ মজুরনীর পুত্ দরলে রাক্‌তাম না।

মটকা *বি. বিণ.* [রং ম] মোটালোক, স্থূল ॥ রং- দুলাভাই গরীব মাইন্‌সের মাল গুল্যা খায়া দেহটাকে ভাল মটকা বানাইছেন। ম- মটকার লাগান বেডা কেমনে কাম করব।

মটকা গরম *বি.* [খু] মাথা গরম, অস্থির মানুষ ॥ দ্যাখ মটকা গরম হলে কিন্তু একটা বিতিকিচ্ছিরি কাণ্ড হবে।

মট্‌কা মারা *ক্রি.* কপট ঘুমের ছল করা, জেগেও না শোনার ভান করা ॥ যোগী বুড়া সেই ঘরে শুয়ে ছিল অন্ধকারে ভগবতী বুকে দিল পা/দ্বিজ রামেশ্বরে কয় মটকা মারি বুড়া রয় শঙ্করীর শিহরিল গা- [শিব]।

মটন্‌রোল *বি.* [খু] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ আমার মটন্‌রোলের অবস্থা খুব খারাপ।

মতলববাজ *বিণ.* [কল] স্বার্থপর, সুযোগ সন্ধানী ॥ ওর মতো মতলববাজ আর একটিও নাই।

মথুরা *বিণ.* [রা] বুদ্ধিহীন, বোকা, নির্বোধ ॥ মথুরা মিন্‌স্যাকে দিয়া কুনু কাম হব্যে না।

মদ্‌খোর *বি.* [ম দি] মদ খায় যে, নেশাখোর ॥ ম- মদ্‌খোরের বাচ্চা তর্ মাত্‌লামি বাইর্ হর্‌বাম। দি- ঐ যে মদ্‌খোরটা আইল মাগিবাজ বেটা ছুঁড়িগুলার কানে কানে কি বা কহচে।

মদন *বি. বিণ.* [কু, খু ম] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ কু- শালা মদন নাকি, কিছু বোঝে না। খু- ওটা মদন সাজানো খেলা। ম- হালা মদন কোন্‌হানের।

মদন অনল *বি.* প্রেমানল, কাম ভাব, যৌন উত্তেজনা ॥ যুবতী পুড়িয়া

মরে মদন অনলে- [গু.স.]।

মদন কল *বি.* [বরি] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ তোর মুখে মদন কল ছাড়া কথা নাই।

মদন বিলাসী *বিণ.* রতি বিলাসী, রতি ক্রিয়ায় আগ্রহী ॥ যার ঘরে স্বামী তাহার মদন বিলাসী অন্ধকার ঘরে দেখি পূর্ণিমার শশী- [গু.স.]।

মদনা *বিণ.* [রা] বোকা, মূর্খ, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ মদনা মিন্‌স্যার খাইবার ভাস আছে কিন্তু কামের বেলায় কিছু লয়।

মদনার গরের মদনা *বিণ.* [ম] বোকারাম, নিরেট মূর্খ ॥ আরে আমার মদনার গরের মদনা কি কাম্‌ডা করলে!

মদনে *ক্রি. বিণ.* যৌন সম্ভোগ কামনায় ॥ অধিক পোড়এ তনু মদনে জর্জরে- [শে.চা.]।

মদলেখা *বিণ.* কামোদ্দীপক, যৌন উত্তেজক ॥ বাটাভরি বিড়াগুয়া কুঙ্কুম কস্তুরী চূয়া সুগন্ধি চন্দন মদলেখা- [ক.চ.]।

মনপাট্‌টিআ *বিণ.* [কল] গরিব লোক ॥ এবার পুজোর সময় মনপাট্‌টিআ দেখে দান করো।

মনোস *বি. বিণ.* [কল] খিটখিটে মেয়ে ॥ এই মনোসটিকে বিয়ে করে সংসারটা রসাতলে গেল।

মরার বাচ্চা মরা *বি.* [পা] তুচ্ছার্থে ॥ মরার বাচ্চা মরা বেশি বুজিস্‌।

মরার ব্যাট্টা মরা *বি.* [রা] তুচ্ছার্থে ॥ ঐ মরার ব্যাট্টা মরাকে হামি আর কিছু কহব না।

মর্দানি *বি.* [কল] বাহাদুরি দেখানো, পৌরুষ, পুরুষালি ॥ তোকে বেশি মর্দানি দেখাতে হবে না, যা করছো তাই কর।

মর্দুদ *বিণ.* দুর্বৃত্ত, দুরাচার, বদমাশ ॥ বুলিল মর্দুদ পাপী থাক হুশিয়ার- [সৈ.সু.]।

মস্‌তান/মাস্‌তান *বি.* [কল] গুণ্ডা, সমাজবিরোধী, উপদ্রবকারী, দুর্বৃত্ত, দাদাগিরি ॥ শিবু সারাটি জীবন মাস্‌তানি করে মহল্লা কাঁপিয়েছে।

মস্‌তিঅলা *বি.* [কল] খেলুড়ে মেয়ে, বেশ্যা, চরিত্রহীন মেয়ে ॥ অনেকদিন থেকে মসতিঅলা আমাকে উরুৎ দেখাচ্ছে।

মসতি লড়ানো *বি.* [কল] সমকামী, একই লিঙ্গের মানুষের পরস্পর যৌনকর্ম ॥ মস্‌তি লড়ানোর মধ্যে কোন সুখ নেই।

মস্তান *বি.* [ম] গুণ্ডা, দুর্বৃত্ত, বদমাশ, জবরদস্তিকারী ॥ তর মস্তানিডা ফুট্‌কির বিত্‌রে আমায়াম।

মস্তানী *বি.* [ম] গুণ্ডামি ॥ আমার সাতে মস্তানী ছুদাইস্ না।

মহুয়া *বি.* [কল] প্রেমিক, প্রণয়ী ॥ যশোদা আমার মহুয়া।

মাই *বি.* [খু] স্তন, দুধ, পয়োধর ॥ সব তো শেষ করলি এখন বসে বসে বউর মাই চোস্। [এই পরিবেশে ...স্তন আর স্তন থাকে না, দু দিনেই তা হেলে পড়ে মাই হয়ে যায়- ক.থে.মি., অ.মি.]

মাইকো *বি.* [সাঁও.] হিজড়া, ক্লীব, নপুংসক ॥

মাইগ্যা *বিণ.* [ঢা বরি ম] মেয়েলি স্বভাবের পুরুষ ॥ ঢা- বউয়ের পুটকিতে মুখ দিয়া পইরা থাকে, হালায় মাইগ্যা। বরি- তোর মতো মাইগ্যা পুরুষ আমি দেহি নাই। ম- এ মাইগ্যার গরের্ মাইগ্যা তর্ বাত কাইতাম্ না।

মাইগ্যা কাউরি *বি.* [ম] কাজ না করে যে মেগে খায় ॥ মাইগ্যা কাউরির গরের মাইগ্যা কাউরি, কাজ কাম করছ না, বাভডা দেহাছ বড় লাডের।

মাইগ্যারুদা *বিণ.* [বরি] স্ত্রৈণ, স্ত্রীর বশীভূত, স্ত্রীবাধ্য, ভার্যাধীন, স্ত্রীবৎ ॥ অর মতো মাইগ্যারুদা খুইজ্জা পাবা না।

মাইন্দার *বি.* [নো য খু বরি] মজুর, চাকর ॥ নো- মাইন্দার পুত্ কিয়ের অত গব্গবানি। য- শালা মাইন্দার তোর মুখে এত বড় কথা? বরি- মুই কারো মাইন্দার না। খু- ওতো আমার বাড়ির মাইন্দার।

মাইনাস করা *ক্রি.* [খু] প্রস্রাব করা, মূত্র ত্যাগ করা, মুতা ॥ দোস্ত চল মাইনাস করে আসি।

মাইমল *বি.* [সি] জেলে [হীন অর্থে] ॥ মাইমলের চুদা তর্ মারে গাইড় মারি।

মাইয়্মরা *বিণ.* [ম] শীর্ণ, দুর্বল ॥ মাইয়্মরাডা এই কাম শেশ্ করতে ফারবো।

মাইর *বি.* প্রহার, আঘাত ॥ মাইরের চোটেতে উঠে ক্রন্দনের রোল- [ব.সা.প.]।

মাইর বোটা দে গাইড় মারব [খু] ছাড়াছাড়ি নেই, ক্রুদ্ধ ভাব ॥ মাইর বোটা দে গাইড় মারব শালা।

মাইরল *বি.* [সি] যে মারামারি করে ॥ মাইরল পুআয় খালি মাইর লাগায়।

মাইরি *অব্য.* দিব্যির ডাকবিশেষ, কসম খেয়ে বলা ॥ মাইরি আমি যথার্থ বল্চি, কাঞ্চনের বড়

অহংকার হয়েছে, তা হলে একবার দেখাই- [স.এ.,দী,মি.]

মাইল্ *বি.* [সি] কলেরা, ওলাওঠা ॥ হারামজাদা মাইলে নেওরা।

মাইল্ মরা মাসি *বি.* [কুম] অকর্মণ্য, অসার, অযোগ্য ॥ তুই একটা মাইল মরা মাসি।

মাই লুউ [মা.] তোর বদা, তোমার যোনি ॥

মাইলে নেওয়া *বি.* [সি] মরণে নিয়ে যাওয়া ছেলে, কলেরায় নিয়ে যাওয়া ছেলে ॥ ইগুর মউত নাই, মাইলেও নেয় না।

মাইলে নেওরী *বি.* [সি] মরণে নিয়ে যাওয়া মেয়ে, কলেরায় মরা মেয়ে ॥ ছুতমারাউনি মাইলে নেউরি।

মাইল্ল্যা *বি.* [ম] মৃত্যুদূত, কলেরা, যম ॥ তরে মাইল্ল্যা নেউক।

মাউগ *বি.* [সি] মাগী, স্ত্রী, ভার্যা ॥ মাউগ ফাইয়া মারে ফাউরি লিছে। [মাগের বসন পরে ভূঁয়ে লাম্বে কোঁছা- ক.চ.]।

মাউগ্গা *বিণ.* [ঢা] স্ত্রৈণ, স্ত্রী বশীভূত ॥ মাউগ্গা ব্যাডা বড় বড় কতা কয়।

মাউগ মুরিদা *বিণ.* [সি] স্ত্রীর বশীভূত, স্ত্রৈণ, স্ত্রীবাধ্য, স্ত্রীবৎ, ভার্যাধীন ॥ হালা মাউগ মুরিদা বউর খতায় উঠে আর বয়।

মাউগ্যা *বিণ.* [সি] স্ত্রী বশীভূত, স্ত্রৈণ, মেয়ে স্বভাবের, স্ত্রীবাধ্য, ভার্যাধীন ॥ মাউগগ্যারা বৌয়ের খতা ছারা লড়ে না।

মাউল্ল্যা *বি.* *বিণ.* [বরি] অকেজো, ভবঘুরে ॥ তুই তো একটা মাউল্ল্যা।

মাও চুদরা বাই *বি.* [হা.] চুত্মারানির ভাই ॥

মাং *বি.* [ম খু পা] যোনি, দবলা, সাওয়া ॥ ম- ইমুন মাঙের কাম কইর না। খু- আহ অত সস্তা না আমার মাং। পা- মাং এ এত কুটকুটানি ক্যা।

মাংকিবাজি *বি.* বাঁদরামো, অসভ্য আচরণ ॥ এসব কি হচ্ছে মাংকিবাজি- [আ.যে.,গৌ.ঘো.]

মাংগি *বি.* [দি] মাঙ, সাওয়া, যোনি ॥ চুদুরি মাংগি খালি চোঁদায় বেড়াছি দিন রাইত্।

মাংগুয়া *বি.* *বিণ.* [চট্ট] স্ত্রৈণ, স্ত্রীর বশীভূত ॥ বেড়ি মাংগুয়া গওর, তারে দি কী অইব?

মাংগুলা *বি.* [চট্ট] নিতম্বের মাংসখণ্ড ॥ মারি পোঁদার মাংগুলা ফাড়ি ফেলাইয়ুম ।

মাংগের বেটা *বি.* [দি] তুচ্ছার্থে ॥

মাংগের বেটা তোর মাক্ চুঁদো।

মাংগো *বি. বিণ.* [রং] বদমাশ, দুর্বৃত্ত, চরিত্রহীন ॥ মাংগো কুনঠে যাশ বাহে?

মাংগোট *বি. বিণ.* [খু] বদমাশ, দুর্বৃত্ত, চরিত্রহীন ॥ শালা এক নম্বরের মাংগোট।

মাংমারানি[১] *বি.* [দি রা খু] বেশ্যা, সঙ্গমকারী নারী ॥ রা- ঐ মাংমারানি তোকে যে বাড়ি যাইতে কহছি এতক্ষণ যাইস্ন্যা কেনে ? খু- আমার না তোর মেয়ে মাংমারানি? দি- মাংমারানির বেটি তোর শাউয়াক্ চুঁদো।

মাংমারানি[২] *ক্রি. বি.* [কল] যৌনক্রিয়া করা, মৈথুন ॥ মাংমারানি করার আর কোথাও জায়গা পেলি না।

মাংমারানির বেটা *বি.* [দি] তুচ্ছার্থে ॥ মাংমারানির বেটা তোর মাক্ চুঁদো।

মাংমারানির বেটি *বি.* [দি] তুচ্ছার্থে ॥ মাংমারানির বেটি তোর শাউয়াক চুঁদো।

মা কালির পাঁঠা *বি.* [কল] কুরূপা মেয়ে, বিশ্রী মেয়ে ॥ মা কালির পাঁঠার মতো তপতী দাঁড়িয়ে আছে।

মাক্কিচুস্ *বিণ.* [কল] কৃপণ, যে লোক চাকরানী সম্পর্কে দুর্বল ॥ মাক্কিচুস্ বিনি পয়সা চাকরানীকে নিয়ে রাতে শুয়ে থাকে।

মাকড়া *বি.* [কল] গাঁজা, নিয়মিত বেশ্যালয়গামী ॥ একদিনও ফুরসত নেই মাকড়া সন্ধ্যে হলে উন্মাদ হয়ে যায়।

মাকড়ি *বি.* [কল] সুন্দরী মেয়ে, যৌন আবেদনময়ী মেয়ে ॥ ওই মাকড়ি শালী দেখে মাথাটা আমার গরম হয়ে উঠেছে।

মাকা চোদা *বি. বিণ.* [ঢা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন ॥ গরু কইয়া মইষের মাংশ কিনছে, হালায় মাকা চোদা।

মাকাল ফল *বি. বিণ.* [ম] অযোগ্য, দেখতে সুন্দর হলেও কাজে অযোগ্য ॥ এ ত একটা মাকাল ফল।

মাকু *বি.* [পা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন ॥ মাকু আমার কতা বেশি শিকিছে ও।

মাকেক চোঁদা *ক্রি.* [কু] মায়ের সাথে সঙ্গম করা ॥ আর একবার মেরে দেখ তোর মাকেক কেমন করে চুঁদি।

মাক্কী *বি. বিণ.* [ম] হাবাগোবা, চোর ॥ সহালতে এই মাক্কীডা গুরতাছে

কেরে।

মাঙ *বি.* [খু] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ তোর মাঙ ছেচে দিব শালী ।

মাঙচাটা *বি. বিণ.* [রং] নারীর নেশাকারী, বদমাশ, দুর্বৃত্ত ॥ মাঙচাটাক্ ঘাড় ধরি বাইর করি দাও।

মাঙচুঙ *বি.* [কল] যৌন বিকারগ্রস্ত লোক, যৌন ক্রিয়ায় আগ্রহী মানুষ ॥ মাগি মানুষ দেখলেই মাঙচুঙের মাথা বিগড়ে যায়।

মাঙডা *বি.* [ম] যোনির সাথে তুলনা করে তুচ্ছার্থে কাউকে বলা ॥ এই মাঙডারে এই কামঅ কেরে দিছে।

মাঙপাত্তি *বি.* [কল] তাসের জুয়া, তাস দিয়ে যে জুয়া খেলা হয় ॥ শিশির বাবুর বাড়িতে প্রতি রাত্রে মাঙপাত্তির আসর বসে।

মাঙি *বি. বিণ.* [সি] বোকা, যার মাঙ আছে ॥ মাঙি দেখ কিতা খয়, মনে লয় দইর‍্যা খেচা দেই।

মাঙের পুড়ি *বি.* [সি] যোনি থেকে উদ্গত মেয়ে ॥ মাঙের পুড়ি তর মার হেটা।

মাঙের ফুয়া *বি.* [সি] যোনি থেকে উদ্গত ছেলে ॥ মাঙের ফুয়া তর মারে হাঙ্গা করি।

মাঙের বাল *বি.* [ম] তুচ্ছার্থে কাউকে বলা ॥ দেক্বামূনে কি করস্ আমার মাঙের বাল।

মাঙের বেটা *বি.* [রং] তুচ্ছার্থে কাউকে বলা ॥ মাঙের বেটা কাম নাই তোর?

মাঙ্গমারানি *বিণ.* [কু] সঙ্গমকারী, মৈথুনকারী ॥ মাঙ্গমারানি কুথাকার এইটা বুঝিস না।

মাঙ্গার ভাই *বি. বিণ.* [কু] তথাকথিত ভাই ॥ মাঙ্গার ভাই বুকাচোদা।

মাঙ্গির হুত *বি.* [নো] বেশ্যার পুত্র, চরিত্রহীন নারীর ছেলে ॥ মাঙ্গির হুত যিয়ানুদি হইহত্ হিয়ানুদি ঠেলি ভরি দিমু।

মাঙ্গিলাল *বি.* [ম] স্ত্রী যৌনাঙ্গ অর্থে ॥ কিরে মাঙ্গিলাল অন্যজনের বাউরা হইয়া আর কতদিন থাকবি।

মাঙ্গীর হুরী *বি.* [ম] বেশ্যার মেয়ে, বেশ্যাকন্যা ॥ মাঙ্গীর হুরী তরে ঘুড়াদে চুদায়াম।

মাঙ্গের পো *বি. বিণ.* [ঢা] যোনি হতে উৎপন্ন পুত্র ॥ হালায় একটা মাঙ্গের পো।

মাঙ্গের পুত *বি.* [ঢা] জননাঙ্গ হতে উৎপন্ন পুত্র ॥ কথার দাম নাই হালায় মাঙ্গের পুত।

মাগখেগো *ক্রি. বি.* দুশ্চরিত্র, স্ত্রী নির্যাতনকারী ব্যক্তি ॥ কামিনী

মাগ্‌খেগো ভাতারের হাত হতে রক্ষা পায়- [ন.ত., দী.মি.]

মাগ্‌গি *বি.* দুর্মূল্য ॥ এই মাগ্‌গীর বাজারে প্রাণের চেয়ে চাকরি বড়- [পঞ্চ১.,সৈ.মু.]

মাগ্‌রা *বিণ.* [ঢা] একগুঁয়ে, গোঁয়ার, একরোখা ॥ পোলাডা খুব মাগ্‌রা।

মাগরামি *বি.* [কুম] একগুঁয়েমি, গুয়ার্তুমি ॥ এত মাগরামি করলে মাইর খাবি।

মা-মাগ *বিণ.* [কল] মাকে যে মাগ করে ॥ এখানে মা-মাগ করতে কি জন্যে এলি।

মাগি/মাগী *বি. বিণ.* [ম পা খু] বেশ্যা, অসতি মেয়ে, রমণকারী নারী, নিন্দার্থে নারী ॥ পা- মাগি গর কতা কইসনি। ম- মাগি তর সাওয়াত চুদ্‌বাম। খু- দিব্যি মাগিটা পেয়েছ, খাসা মাল। [লোড় করিতে ননদ মাগী দেয় সেই খোঁটা- পদরত্না ; পালাচ্ছু ক্যানে ছিলান মাগি- টানা., স.ব.; এ তো দেখছি হানিফ গাজীর মাগ- বু.সা.ঘা.রোঁ., ম.দ.]।

মাগি কোন্‌টি যায়ে মারা দিস্‌ [খু] চুরি করে সঙ্গম করা, গোপনে অবৈধ রতিক্রিয়া করা ॥ তবু ছাড়বো না, বল মাগি, কোনটি যায়ে মারা দিস্‌।

মাগিখোর *বি. বিণ.* [রা] রমণ পাগল, যৌন উন্মাদ ॥ তোর মত মাগিখোরকে হামি ভালুই চিনি।

মাগিবাজ *বি. বিণ.* [কু ম খু কল] মেয়ের পিছনে লেগে থাকে যে পুরুষ, মেয়েদের সঙ্গে যে বেশি ঢলাঢলি করে ॥ কু- বুড়ো হলি তবু তোর মাগিবাজী গেল না। খু- তোর মাগিবাজী ছাড়া আর কোনো কাজ নেই। ম- তুই এ্যাক্‌টা মাগিবাজ বেডা। কল- উয়ার কথায় কোন ঠিক আছে কি, মাগিবাজ ছেলে।

মাগির পোয়া *বি.* [চট্ট] অসতীর ছেলে, চরিত্রহীন নারীর ছেলে ॥ মাগির পোয়া মাইগ্‌গাই ন গরিস।

মাগির বাউর‍্যা *বি. বিণ.* [ম ঢা] যে পুরুষ স্ত্রীর কথা মত চলে, স্ত্রৈণ, স্ত্রীবাধ্য, ভার্যাধীন, স্ত্রীবৎ ॥ ম- তুই মাগির বাউর‍্যারে। ঢা- অয় তো মাগির বাউর‍্যা।

মাগির বেটা *বি.* [রং দি] বেশ্যার ছেলে, অসৎ নারীর ছেলে ॥ রং- মাগির বেটা ঘরত্‌ থাকি বোদর বোদর করিস্‌ সাহস থাকে ত বারত্‌ আয়। দি- ঐ মাগির বেটাটাও মাগি পাগলা।

মাগির বেটি *বি.* [রং] বেশ্যার মেয়ে, চরিত্রহীন নারীর মেয়ে ॥ মাগির বেটি তোর কোন কাম্ নাই।

মাগির ভেড়ো *বি. বিণ.* [খু] স্ত্রৈণ, বউয়ের বশীভূত পুরুষ, স্ত্রীবাধ্য, ভার্যাধীন ॥ ওই মাগির ভেড়ো আবার কি কথা বলবে।

মাগি মরুদে *বিণ.* [খু] স্ত্রীর বশীভূত পুরুষ, স্ত্রৈণ, স্ত্রীবাধ্য, ভার্যাধীন ॥ মাগি মরুদের কপালে এই-ই হয়।

মাগী মিনসে *বি.* তুচ্ছার্থে স্বামী ও স্ত্রী ॥ মাগী মিনসে ঝগড়া করে রৈতে নার বাসে- [রা.সে.]।

মাগু *বি.* স্ত্রী, ভার্যা ॥ মাগু হল্য সতন্তরা বেটা হল্য আন- [মানিক]।

মাঝের পা *বি.* [খু] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ মাঝের পা দিয়ে তোরে সাঁটাবো।

মাড় খাউড়া *বি. বিণ.* [সি] ভাতের ফেনা খায় যে, নিম্নবর্ণের বুঝাতে ॥ খমজাতর্ জন্মা মাড়খাউড়ির পুআ।

মাড়িচাপা *বি. বিণ.* [খু] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ ॥ হাঁটকুড়ো হলেই কি মাড়িচাপা হয়?

মাড়ুক *বি. বিণ.* [খু] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ ॥ তোর দাদা এমন মাড়ুক কেন গো?

মাত্‌তাল *বি. বিণ.* [কুম] পাগল, উন্মাদ, বিকৃত মস্তিষ্কের মানুষ ॥ মাত্‌তালের মত কতা কইও না।

মাতব্বর *বিণ.* [কল] মোড়ল, ভণ্ড, চালাকচতুর, পাণ্ডাজাতীয় ব্যক্তি ॥ তুমি সমাজের মাথা না একজন মাতব্বর লোক- [পুঁই., বি,ভূ.ব.]

মাতাফাত্‌লা *বিণ.* [সি] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ, বুদ্ধিহীন ॥ মাতাফাত্‌লা মানুষ দিয়্যা কুনু বালা খাম অয় না।

মাতারি *বি. বিণ.* [ঢা বরি কুম সি] চাকরানী, ঝি, গৃহপরিচারিকা [হীন অর্থে] ॥ সি- মাতারি হিরবার কিতা খয়। বরি- কাজের কামের মাতারির ফুডানি কত? ঢা- মাতারির বাচ্চা কেমুন অইবো। কুম- মাতারির এ্যাত কতা কেন্?

মাতৃজার *বি.* মাতার উপপতি, মায়ের অবৈধ প্রেমিক ॥ মাতৃজার তুল্য তারা করিল গোপন- [রসক]।

মাথাক্ চোঁদো [দি] ঘৃণা, ক্ষোভ অর্থে ॥ মাংগের বেটি তোর মাথাক্ চোঁদো রাইতত্ তোর কিসের বেড়ানি।

মাথা ফাটা কেলা *বি.* [কু] পুরুষাঙ্গ,

শিশ্ন ॥ তোমার মাথা ফাটা কেলা দেবানে।

মাথা ফুটো *বিণ.* [কল] চালাক লোক [বর্ধমান জেলার চোর] ॥ মাথা ফুটো লোকেরা এই গোলমালটা বাঁধিয়ে দিয়েছে।

মাথায় কেরা পোক্ *বি.* [নো] মাথায় ছিট, পাগল, উন্মাদ ॥ হালার হোলা মাথায় কেরা ঢুকছেনি হুডর হুডর করছ ?

মাদ্‌লা *বি.* [রা] বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেআক্কেল, বেওকুফ ॥ তুইতো ভারি মাদ্‌লা?

মাদারচোত্ *বি. বিণ.* [খু রং] মায়ের সাথে সঙ্গমকারী ॥ খু- শালা এক নম্বর মাদারচোত। রং- মাদারচোত্‌কে ধর্ তোরে।

মাদার চোৎ *বি. বিণ.* [কল] মাকে চুদে যে, মায়ের সাথে সঙ্গমকারী ॥ শালা মাদারচোতের বেটা যাবি আমাদের পাড়াতে, দেখব।

মাদারচোদ্ *বিণ.* [বরি] মূর্খ, বোকা, নির্বোধ ॥ তুই একটা মাদারচোদ্।

মাদার ফাকার *বি. বিণ.* [ঢা] মায়ের সঙ্গে যৌনকর্মকারী ॥ হালায় মাদার ফাকার, ইংলিশ চোদন দিয়া দিমু।

মাধু *বি.* [কল] চোরাইমালের ক্রেতা ॥ দামী দামী মাল সস্তায় কিনছে মাধু।

মান কচু দেওয়া *ক্রি.* [ঢা] ক্রোধ ঝাড়া ॥ তোর ইয়ের ভিতরে মান কচু দিমু।

মান্‌কে *বিণ.* [ফ] বুদ্ধিহীন, বোকা, নির্বোধ ॥ তোমার মত মান্‌কে ছেলে নাই।

মান্‌দাই *বিণ.* [ম] খবিস, অসভ্য ॥ এই মান্‌দাইরে বাইরায়্যা দৌরা ইহান্‌তে।

মান্‌দার *বি. বিণ.* [নো] চাকর, ভৃত্য ॥ মান্‌দার হুতু কিয়ের এত গবৃগবানি।

মান্দার পুত *বি. বিণ.* [ম] মজুরের সন্তান [হীন অর্থে] ॥ ঐ মান্দার পুত জমিদারি ছুদাইস্ ক্যা।

মামৃদাগিরি *বি.* [কুম] অতিরিক্ত ফাজলামি ॥ মামৃদাগিরি থোও।

মামৃদির পো *বি. বিণ.* [ঢা] গালি বিশেষ ॥ মামৃদির পো দেইক্‌ক্যা লইও এইবার।

মামদোবাজি *বি.* [খু] ফাজলামি, বাচালতা ॥ মামদোবাজির জায়গা এটা না বুঝলে?

মা-মাসি করা *ক্রি. বি.* [কল] গালাগালি দেওয়া, বারোটা বাজানো ॥ ঘরে ঢুকলেই বউটা

হরদম মা-মাসি করে ছাড়ছে।

মা মেগো *বি. বিণ.* [কল] গালি, মায়ের সাথে অবৈধ সম্পর্ক ॥ শালা মা মেগো, এক বিছানায় শুয়ে থাকে।

মামুর জন্ম *বি. বিণ.* [বরি] অবৈধ জন্ম, জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন, হারামজাদা ॥ এ কথা যদি কারোরে কও তয় তোর মামুর জন্ম।

মায়রি [কল] মায়ের নামে কিরে করা ॥ মায়রি আমাকে বিশ্বাস কর ঠক্‌বি না।

মায়রে বাপ *বি.* [ঢা] কথার কথা ॥ মায়রে বাপ কিস্যু ভালা লাগে না।

মারকুটে *বিণ.* [কল] যে খুব মারধোর করে, ডানপিটে ॥ দিলীপ মারকুটে লোক, টের পেলে ধেয়ে আসবে।

মারব গোদা পায় লাথি ক্রি. [খু] ভারী ওজনের আঘাত, কঠিন শাস্তি দেয়া ॥ যখন মারব গোদা পায় লাথি তখন বুঝবি কটা ধানে কটা চাল।

মারভাতি *বি.* [কল] যে নারী স্বামীকে প্রহার করে ॥ মারভাতির ঠেলায় ওর স্বামী গৃহ ছেড়েছে।

মার মার কাট কাট *অব্য.* [কল] দুর্দান্ত ব্যাপার, অত্যন্ত উত্তেজনা ব্যাপার, প্রচণ্ড মারামারি ॥ মার মার কাট কাট শব্দে লোকেরা ছুটে এলো।

মারাদেয়ানি *বি. বিণ.* [ম] বেশ্যা প্রায় নারী, চরিত্রহীন নারী ॥ এই একটা মারাদেয়ানি মাগী।

মারান *বি.* [বরি] অসৎ কর্ম, খারাপ কাজ ॥ মারান ভালো তো পুড়ান ভাল না।

মারানি দেওয়া ক্রি. [ঢা] ইজ্জত বিক্রি করা, দেহব্যবসা ॥ মারানি দিতে কৈ গেছিলে।

মারানী *বি.* [ম] বেশ্যা, দুশ্চরিত্রা নারী ॥ চুত্‌মারানির্ মারানির ফুলা।

মারানো *ক্রি.* [কল] যৌনক্রিয়া করা, অকাজে সময় ব্যয় করা, ফালতু কাজ করা ॥ চুদমারানো ব্যাটা, সামনে আসবিনে।

মাল *বি.* [পা ঢা য খু] মদ, বীর্য, ধাতু, যুবতী নারী ॥ পা- মাল আমার খুব কথা শিকিছি ও। খু- মাল দেখলেই তোর মাথা গরম হয়ে যায় নাহ্ ? য- বেটা রোজ রোজ মাগিপাড়ায় মাল খেতে যায়। ঢা- সোনায় মাল অয় নাই বিয়ে বিয়ে করে।

মালপো *বি.* [কল] সুন্দরী মহিলার ছেলে, বেশ্যার ছেলে ॥ দেখেছিস মালপো টাই গলায় দিয়ে রাস্তায়

ঘুরছে।

মালাউন *বি.* [নো ম] বিতাড়িত, অভিশপ্ত [হিন্দুদের মালাউন বলে গালি দেয় মুসলমানরা] ॥ নো- হালা মালাউনের বাচ্চা মালাউন মোনাফেকী ছাড়। ম- মালাউনরা খোদার গজব। [সেই গিধি নামাকুল হবে মালাউন হাসান হোসেন তারে করিবেক খুন- শা.গ.]।

মালার ফুল *বি.* [কল] স্তনবৃন্ত, দুধযুগল ॥ কমলির মালার ফুলে চুমু দিয়েছি।

মালাহা *বি.* [ত্রি.] শুকর [নিকৃষ্ট অর্থে] ॥

মালিশ করা *ক্রি. বি.* [কল] প্রহার করা, আঘাত করা, শাস্তি দেয়া ॥ সামনে থেকে ভেগে যা-তা না হলে মালিশ করে দেবক্ষণ।

মাসকাবারি *বি.* [কল] মাসিক, ঋতুস্রাব ॥ গীতার এখন মাসকাবারি চলছে।

মাস্তি *ক্রি. বি.* [খু] আনন্দ করা, ফুর্তি করা ॥ মাস্তি করেই তো জীবনটা কাটালি।

মাহুন্দা *বিণ.* [ম] দাড়িহীন, নিদাইরা, শ্মশ্রুহীন ॥ ইডভ্যা কি মাহুন্দা বেডা।

মি আ *বি.* [বম] পাগল, উন্মাদ ॥

মিচকে *বিণ.* দুষ্টু, চাপা দুষ্টু ॥ দাশু কি সত্যি সত্যি পাগল, না কেবল মিচকেমি করে- [পা.দা.,সু.রা.]

মিচিক মা মিচিকসা *বি.* [গা.] মাগির ঘরের মাগি ॥

মিজাংজে *বিণ.* [বম] অলস, কুঁড়ে, শ্রমবিমুখ ॥

মিনমিন্যা *বিণ.* [নো] আমতা আমতা ভাব ॥ মিনমিন্যা কী কচ্। হবচ্ছারে লই আঁর হাঁসি হইছে।

মিনমিন্যা শয়তান *বি.* [ম] নীরবে যে ক্ষতি করে ॥ ইমুন মিন্‌মিন্যা শয়তান ত আর দেহি নাই।

মিন্‌শা *বিণ.* [ঢা] অলস, কুঁড়ে, শ্রমবিমুখ, নিরুদ্যম ॥ মিন্‌শা হইয়া থাকলে ভাত অইবো ?

মিয়া চো *বি.* [খুমি] জারজ সন্তান ॥

মিন্‌সে *বি.* [কু খু] পুরুষ, পুরুষমানুষ, বদমাশ ব্যক্তি ॥ কু- ও দিদি, মিন্‌সে গেল কনে। খু- আমার মিন্‌সে তোর মিন্‌সের ভেড়ো না। [এ বুড় মিনসে তো কম নয় গা- বু.সা.ঘা.রোঁ., ম.দ.]

মিন্সা *বি.* মানুষ [তুচ্ছার্থে] ॥ বুড়া সুড়া মিন্সা হয়ে কেমন কর সয়া- [শিব]।

মিরচিংগি *বিণ.* [পা] অলস, কুঁড়ে, শ্রমবিমুখ, নিরুদ্যম ॥ শে বড়

মিরচিংগি।

মিরমিরা শয়তান *বি.* [ম] গোপনে দুষ্টামি, শয়তানি ॥ তুই একটা মিরমিরা শয়তান।॥

মিলিটারি চোদন *বি.* [খু] কঠিন সংগম, শাস্তি ॥ মিলিটারি চোদন ছাড়া তোমার চুলকুনি মরবে না।

মিলোরি *বি.* [কল] জারজ, পিতৃপরিচয়হীন ॥ যেখানেই যায়-সেখানেই ওকে মিলোরি বলে গালি দেয়।

মিশ্‌কা শয়তান *বি.* [ঢা] নীরব শয়তান, গোপনে অন্যের ক্ষতি করে যে ॥ হ্যাগো বউডা একটা মিশ্‌কা শয়তান।

মিস্‌খোর *বিণ.* [সি] মিথ্যাবাদী, মিথ্যুক ॥ মিস্‌খোরকে হেশে বাগে খায়।

মিস্‌খোরনী *বিণ.* [সি] মিথ্যাবাদিনী ॥ মিস্‌খোরনী তো মিছা খতা মাইন্‌সের ঠাইন লাগাইবই।

মিসত্রি *বি.* [কল] পকেটমার, অপরের পকেটের টাকা অপহরণকারী ॥ ফটকা এখন মিসত্রি পেশায় হাত দিয়েছে।

মিসি বাবা *বি.* [কল] অত্যন্ত কালো, কুৎসিত ॥ মানুষ যে এতত মিসি বাবা হয়, আমার ধারণা ছিল না।

মীরজাফর *বি.* [ম] বিশ্বাসঘাতক ॥ ম- মীরজাফরী ছাড়। [নবাব সিরাজ উদ্ দৌলার প্রধান সেনাপতি ছিলেন মীর জাফর আলী খান। ব্রিটিশদের সাথে সিরাজের যুদ্ধের সময় মীর জাফর আলী খান বিশ্বাসঘাতকতা করে যুদ্ধ করেননি। তখন থেকেই বিশ্বাসঘাতক শব্দের সাথে মীর জাফর নামটি প্রচলিত হয়। কেউ বিশ্বাসভঙ্গ করলে মীর জাফর শব্দটি গালি অর্থে ব্যবহৃত হয়।] তুই মীরজাফরের গরের মীরজাফর।

মুইচ্চা *বি.* [চট্ট কুম] মুচি, কৃপণ ॥ চট্ট- মুইচ্চার কাছে সাহায্য চাই লাভ নাই। কুম- মুইচ্চার আবার ঠমক্ ।

মুংলি *বি.* [রা] তুচ্ছার্থে ॥ যা মুংলি এখান থাইক্যা, কে তোকে এখ্যানে ডাইক্যাছে।

মুক্‌কি *বি.* [য] ঘুষি, মুষ্টাঘাত, হাত দিয়ে প্রহার ॥ একটা মুক্‌কি মেরে গালটা থেতলে দেব।

মুক্‌টি *বি.* [দি রা] কিল, মুষ্টাঘাত ॥ দি- চঁড়াই দাঁতলা কেলাই দিম্ বে মুক্‌টি মারি, বাজে কাথা কহেচি কেনে। রা- চোপা নড়াশ্‌নে মুক্‌টি

মেরে চোপা ভেংগে দেব।

মুখ করা ক্রি. [পা ম] গালি দেয়া, তিরস্কার করা, বকা দেয়া ॥ ম- মুখ করলে মুহে পারাদে দরবাম। পা- এত মুখ করিস্ ক্যা।

মুখক চুঁদো *ক্রি.* [দি] ঘৃণা, ক্ষোভ ॥ শালির বেটি শালি তোর মুখক্ চুঁদো।

মুখখুয়া *বিণ.* [দি] নির্লজ্জ, মুখপোড়া ॥ ঐ মুখখুয়া গোলামের বেটাটা হামার পাড়াত্ কেনে ঘুরঘুর করেছে, জারুয়া শালার গোটা বংশটায় খারাপ।

মুখঘুড়ি *বিণ.* [কু] কালো মেয়ের মুখ [তাচ্ছিল্য অর্থে] ॥ মুখঘুড়ি মাগী তোর ভাতারের কাছে যা।

মুখপুড়ি/মুখপুড়ী *বিণ.* [ম খু দি] যে নারী মুখের উপর কথা বলে, অসভ্য, নির্লজ্জ, নষ্ট কাজ করে যে নারীর মুখ পুড়েছে ॥ খু- দুর হয়ে যা মুখপুড়ি। দি- ঐ মুখপুড়ি ঘরের তো কুনো ঘিনপিত্ নাই এতো যে মাইর খাচে তাঁহোতো কাথায় কাথায় তর্ক করা ছারিল নাই। ম- এই মুখপুড়ি জামাইর্ বাত্ কাইতে পারত না। [ইচ্ছা করে মুখপুড়ীকে পাঁশ পেড়ে কাটি- শু., শ.চ.]

মুখপোড়া *বিণ.* [খু ম দি] যে পুরুষ মুখের উপর কথা বলে, অসভ্য, নির্লজ্জ, খারাপ কাজ করে যার মুখ পুড়েছে ॥ খু- মুখপোড়া মিন্সের কথা শুনো। দি- মুখপোড়া তুই মরিসনা কেনে তুই মরি যা। ম- এর মত মুখপোড়া আর নাই। [আ মরণ মুখপোড়া মেয়ে- প্র.প্র., আ.দে.]

মুখবতাল্ *বিণ.* [রা] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ খানকি মাগি খুবই মুখবতাল্।

মুগৈর পুত্ *বি.* [কুম] জারজ, পিতৃপরিচয়হীন ॥ মুগৈর পুত্ থাম নাহলে বালা অইব না।

মুটকি *বিণ.* [রা] মোটা নারী, স্থূল শরীরের নারী ॥ তুই তো একটা মুটকি মাগী তোকে কে বিহ্যা করবে।

মুটু *বিণ.* [ম] মোটালোক, স্থূল শরীরের মানুষ ॥ মুটুর গরের মুটু অত মোডা রিক্সায় একসাথে উঠলে লড়তামই হারিনা।

মুনজার *বি.* [কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ ববির মুনজারটা ডান পাশে বাঁকা হয়ে থাকে।

মুন্না *বি.* [কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ মেয়েটা ইয়ার্কি মারতে মারতে আমার মুন্নায় হাত দিয়ে

দেখলো।

মুনাফিক/মুনাফেক/মোনাফিক *বিণ.* [ম] কপট, ভণ্ড, প্রবঞ্চক, বকধার্মিক ॥ ম- এই মুনাফিকের গরের্ মুনাফিক তর বাফের টিহাছে রে। [মুনাফিক হইয়া জন্মিল সে সকল- সৈ.সু.; মুনাফেক সবের মনেত দুই ভাব সৈ.সু. ; পীর মুর্শিদ নাহি মানে যেই জন মোনাফিক বোলে তারে কোরানের বচন- শে.চা.]।

মুরখ/মুরুখ *বিণ. বি.* মূর্খ, অজ্ঞ, ভ্রান্তবুদ্ধি ॥ [তুহুঁ সম মুরখ জগতে নাহি আন- বিদ্যা; না বুঝিয়া শাস্ত্রজ্ঞান করায় মুরুখ- চৈ.ম.]।

মুরগি *বি.* [কল] বোকা, যে সহজে ঠকে যায় ॥ নতুন যে সব মুরগী ঢুকছে তাদের ব্রেন-ওয়াশ করতে পারো, আমাকে জ্ঞান দিতে এসো না- [কাল.,স.ম.]

মুরত *বি.* [নো] সামর্থ, শক্তি ॥ দু হইসার মুরত নাই, হেতেন দেই গেড়্গেডায় ।

মুরমুইর‍্যা শয়তান *বি.* [ম] যে লোক সামনে কিছু বলে না, আড়ালে গিয়ে বদনাম করে ॥ এ্যাই মুরমইর‍্যা শয়তান্রে একটা উচিত শিক্ষা দিতে অইব।

মুরুক ছুং লাইক [চ.] মাটি ফেটে ঢুকে মর ॥

মুলোমাশো *বিণ.* [য] হতভাগ্য, দুর্ভাগ্য ॥ আমার এই মুলোমাশো জীবনটা মাগির পাল্লায় পড়ে শেষ হয়ে গেল।

মুষ *ক্রি.* প্রতারণা করা, প্রবঞ্চনা করা, ধোঁকা দেয়া ॥ বাগদিনী বেশে মুষে বিশাখের মা- [শিব]।

মুষ্টিযোগ *বি.* [কল] হস্তমৈথুন, হাত দ্বারা মৈথুন ॥ কি করব, বাথ রুমে বসে মুষ্টিযোগ করি।

মুহার *বিণ.* [বরি] ঝগড়াটে, মুখরা, কলহপরায়ণ ॥ বৌডা বর মুহার ।

মূর্খ *বিণ.* [ম] নির্বোধ, বোকা, অজ্ঞ, বুদ্ধিহীন ॥ এই মূর্খর বাইচ্চা মূর্খ তর আক্কাজ বরাত্ কিছু আছে রে। [মূর্খরা সব শোন, মানুষ এনেছে গ্রন্থ- গ্রন্থ আনেনি মানুষ কোনো- মা., ন.ই]

মেইনৃকা *বি. বিণ.* [ম] ভীরু, ভীতু, ভয়কাতুরে ॥ এই মেইন্কারে দে এই কাম অইব?

মেচ্কি শয়তান *বি.* [চট্ট] দুষ্ট বুদ্ধিসম্পন্ন লোক, খারাপ মানুষ ॥ বৌ ইবা মেচ্কি শয়তান এনা।

মেদি *বিণ.* [ব] ভীরু, কাপুরুষ ॥ মেদির মত করিস কেন?

মেনিবিলাই *বিণ.* [ঢা] ভীতু, বোকা ॥ মেনি বিলাই দিয়া কাজ অয় না।

মেনিমুখো *বি. বিণ.* [কল] লাজুক, অকর্মণ্য ॥ মেনীমুখোটা সকালবেলাই বৌদি, বৌদি করে উপস্থিত- [প্রত্নকন্যা, সুকা.গ.]

মেয়ে মর্দানি *বি. বিণ.* [কল] মেয়ে মোড়ল, যে মেয়ের হালচাল পুরুষের মতো ॥ ছুঁড়ির মেয়ে মর্দানি দেখলে গা জ্বলে যায়।

মেহুই প সং *বিণ.* [খি.] বিপত্নীক বংশ ॥

মেহুইনু সং *বিণ.* [খি.] বিধবার বংশ ॥

মোক্ করা *ক্রি.* [ম] গালি দেওয়া, তিরস্কার করা ॥ আরেকবার মোক্ করলে মুক্টা ফারাদে বাঙ্গ্যাইলবাম।

মোকন্দ *বিণ.* [ম] বোকা, বেআক্কেল ॥ আরে মোকন্দ একটু বুদ্ধি কইরা হুল।

মোক্পোরা *বিণ.* [ম] লজ্জাহীন, বেহায়া, নির্লজ্জ ॥ এই মোক্পোরারে কই পাইলা।

মোগ্‌রা *বি.* [কুম] একগুঁয়ে, জেদী, একরোখা, গোঁয়ার ॥ হালার মোগ্‌রার লগে কেউর বনবে না।

মোগাপুত্র *বি.* [কল] জারজ সন্তান, পিতৃপরিচয়হীন সন্তান, বেজন্মা ॥ ওই দেখ মোগাপুত্র নবাবের মত হেঁটে যাচ্ছে।

মোজা *বি.* [খু] কন্ডম, জন্ম নিয়ন্ত্রণের উপকরণ ॥ মোজা পরে কাজে নামিস্।

মোজা পরা *ক্রি.* [কু] কন্ডম পরা, জন্ম নিয়ন্ত্রণের উপকরণ ব্যবহার ॥ খানকি চুদতে গিয়ে মোজা পরেছিলিতো।

মোতা *ক্রি.* [বরি] প্রস্রাব করা, মূত্র ত্যাগ করা ॥ কুত্তায় মোতে ঠ্যাং উচাইয়া ।

মোনসা *বিণ.* [কল] খিটখিটে মেয়ে, বদমেজাজী মেয়ে ॥ কি ঝামেলায় যে পড়েছি, মোনসা মেয়েকে গিন্নি বানিয়ে।

মোনা কাটা *বিণ.* [কু] অকর্মণ্য, অকেজো, অসার, নিরুদ্যম ॥ তুই তো দেখি আসল মোনা কাটা।

মোলাট *বি.* [য] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥ তোর মোলাটে লেওড়া ঢুকাবো।

মোসাহেব *বি.* চাটুকার, তোষামোদকারী ॥ মোসাহেব বসিয়া সকল বরাবর- [ভারত]।

মৌত *বি.* [নো] মরণ ॥ তর কি মৌত ঘনাইছে? এইক্কা হাউল বাউল করছ ক্যা?

ম্যাড়া *বি.* [কু খু] নির্জীব, অকর্মণ্য,

অসার, অলস ॥ কু- এমন কাম তোর মত ম্যাড়া মান্‌সের দিয়ি হবিনানে। খু- আমি কি তোর মতো ম্যাড়া নাকি।

ম্যাদা *বিণ.* [খু] নিষ্কর্মা, অকর্মণ্য, অসার, অলস ॥ এটা তোর মতো ম্যাদামার্কা লোকের কম্ম না।

ম্যানা *বি.* [কল] স্তন, দুধ, পয়োধর ॥ এই ছুকড়ি, তোর ম্যানায় একটু হাত বুলোতে দিবি?

ম্যানডা *বিণ.* [ফ] নির্বোধ, বোকা, বুদ্ধিহীন, বেআক্কেল ॥ ম্যানডা মাইন্‌ষির মত কথা কইস্ না।

ম্যান্‌তা *বিণ.* [বরি] অকেজো, হাবা, বোকা, নির্বোধ ॥ বিস্কুটগুলান একদম ম্যানতা মারইয়া গ্যাছে।

ম্যান্‌দামুখো *বিণ.* [ম] যে কথা বলিতে জানে না ॥ ম্যান্‌দা মুখোরা শব সময় পাছে পরে।

ম্যানম্যানি *বিণ.* [সি] ধীরে ধীরে কথা বলা ॥ হে তো ম্যানম্যানাইয়া খতা খইব, হগলডা বুঝা যাইত না।

ম্যানরা বাইয্‌যা *বিণ.* [কুম] নোংরা, অপরিষ্কার ॥ তুই এ্যামুন ম্যানরা বাইয্‌যা ক্যা রে।

ম্যানা গাই *বিণ.* [সি] ভণ্ড, কপট, প্রতারক, ফন্দিবাজ ॥ ম্যানা গাই আসল খতা বাঙতঅ না।

ম্যাব্‌না মারা *ক্রি. বিণ.* [রা] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ তুই খুব ম্যাব্‌না মারা মানুশ।

ম্যারা *বি.* [সি] বেআক্কেল, বোকা, নির্বোধ, বুদ্ধিহীন, বেওকুফ ॥ এই ম্যারার বাচ্চা দিয়্যা খাম অইতঅ না।

ম্যারাংগা *বিণ.* [ম] বোকা, গোবেচারা, নির্বোধ ॥ এই ম্যারাংগা মার্কারে কামঅ লইছ।

ম্রাংবোহ্ *বি.* [মা.] বহুগামী ছেলে ॥

ম্রাং মাহ্ *বি.* [মা.] বহুগামী মেয়ে ॥

য

যগুরি *বিণ.* [কু] যে বেশি ঝগড়া করে, কলহপরায়ণ, ঝগড়াটে ॥ বৌডা যবর্ যগুরি।

যন্‌যাল্যা *বিণ.* [চট্ট ম] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ চট্ট- এ্যান যন্‌যাল্যা মানুষ আর ন দেহি। ম- এই যন্‌যাল্যা কইত্তে আইল।

যপৃশি *বিণ.* [খু] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার,

নীচ ॥ ওই যপ্শির কাছে হাত পাতিস্নে।

যপু *বিণ.* [ম] বাচাল, যে বেশি কথা বলে ॥ বসির একটা বর যপু মানুশ।

যফু *বিণ.* [সি] বাচাল, যে বেশি কথা বলে ॥ মানুশ্টা বর যফু।

যবন *বি. বিণ.* বিধর্মী, বিপরীত ধর্মের মানুষ ॥ হাসন হোসেন দুই কাজী বংশে জন্ম যবন আচার তার সেহি নিজ ধর্ম- [রায়]।

যম *বি.* [ম] অন্তক, মৃত্যু, ধর্মরাজ, যুগ্ম ॥ কেতা বইরা আগলে কি অইব যমে ছারতো না [প্র.]।

যমের অরুচি *বিণ.* অত্যন্ত বিরক্তিকর, এত নিকৃষ্ট যে যমও নিতে চায় না ॥ ও বেটী তো যমের অরুচি- [কেরী.,প্র.না,বি.]

যলম্ যলম্ *ক্রি. বি.* [ঢা] ফাজিলের মত আগে আগে কথা বলার অভ্যাস ॥ এত যলম্ যলম্ করস ক্যান?

যল্লাত্ *বিণ.* [বরি] রাগী, বদমেজাজী, ঝগড়াটে ॥ ছেরিডা এক্ছের যল্লাত্।

যলা *বিণ.* [খু] বোকা, নির্বোধ, বেআক্কেল, বেওকুফ ॥ ও একটা যলা মেয়ে লোক।

যলোম্দার্ *বিণ.* [খু] বেয়াড়া, ভোজনপটু ॥ এমন যলোম্দার্ আর দেখি নাই।

যহুদ *বিণ.* [ঢা] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ মাইয়াডা বর যহুদ।

যাইরা *বিণ.* [পা] জারজ, বেজন্মা, পিতৃপরিচয়হীন ॥ যাইরা তুই আমার সাতে কতা কইস্ নি।

যাইরা পেট্ ফেলান *ক্রি. বি.* [পা] জারজ সন্তান লুকানোর মত কোন কাজ তাড়াতাড়ি করা ॥ যাইরা পেট্ফেলানি কাম ভালোই জানো।

যাইল্ *বিণ.* [সি. কুম] পাষণ্ড, গুণ্ডা, অতি নিষ্ঠুর ॥ সি- যাইল্ ছুত্মারাউনির পুআ। কুম- খোদার যাইল্ হদাইশ কইছে তোরে।

যাইল্লা *বি.* [নো] জেলে, মৎস্যজীবী [হীন অর্থে] ॥ যাইল্লার মারে চুদি ল্যাত লই আইলি না কা।

যাইলা/যাইল্যা *বি.* [পা ঢা] জেলে, মৎস্যজীবী [হীন অর্থে] ॥ পা- যাইলার ব্যাটা চুপ কর। ঢা- যাইলারা আর অহন গাঙে মাছ পায় না।

যাইলানি *বি.* [পা] জেলেনি, মৎস্যজীবীর স্ত্রী [হীন অর্থে] ॥ ও যাইলানির ঘরের যাইলানি এত

ভাব দেহাও ক্যা।

যাউরা/যাউর‍্যা *বিণ.* [ম ঢা] জারজ, কুখ্যাত, পাজি ॥ ম- তুই একটা যাউরা । ঢা- যাউরার বাচ্চা যাউরা চুপ থাক্।

যাউর‍্যানি *বিণ.* [ঢা] জারজ মেয়ে, পিতৃপরিচয়হীন মেয়ে ॥ যাউর‍্যানির ঘরে যাউর‍্যানিই অইছে।

যাংলি *বিণ.* [সি] জংলি, উন্মত্ত, অসভ্য, বন্য ॥ কুত্তার বাইচ্ছা যাংলির গরর্ যাংলি।

যাচিকা *বি.* পরপুরুষের সহবাসপ্রার্থী নারী, উপযাচিকা ॥ যাচিকা যুবতী ছাড়া অধর্ম্ম বিস্তর- [মানিক]।

যাতুধান *বি.* রাক্ষস, নিশাচর ॥ যাতুধান ডাকিনী বেতাল বিনায়ক- [শিব.]।

যান্‌ডিল *বিণ.* [নো] ঝগড়াটে, কলহপরায়ণ ॥ যান্‌ডিল মাইয়োলা ঘরের শান্তি বিনাশ কইল্লি।

যাপর্‌দি *বিণ.* [ম] বোকা, অকর্মণ্য, নির্বোধ ॥ হে একটা যাপর্‌দি ছেরা।

যারখ *বিণ.* [সি] অজ্ঞ, মূর্খ ॥ বদার গরর্ বদা যারখ'র ছাও।

যার্‌গা *বিণ.* [কুম] জারজ, বেজন্মা, দুষ্ট, পাজি, পিতৃপরিচয়হীন ॥ যার্‌গা পোলা শাব্‌দানে কতা কইস্।

যারগুয়া *বিণ.* [কুম চট্ট] জারজ, বেজন্মা, দুষ্ট, পাজি, পিতৃপরিচয়হীন ॥ কুম- যারগুয়া পোলা শাবদানে কতা কইস্। চট্ট- যারগুয়ার পোয়া যারগুয়া, হাজ গরিবর জাগা ন পদ্যে নে?

যারুনি *বিণ.* [কুম] জারজ মেয়ে, বেজন্মা, দুষ্ট, পাজি, পিতৃপরিচয়হীন ॥ যারুনি মাইয়ারে বিয়া কইরবো কে?

যার্‌বা *বিণ.* [নো] জারজ, বেজন্মা, দুষ্ট, পাজি, পিতৃপরিচয়হীন ॥ যার্‌বার হ্যাডের যার্‌বা গেঁডি হাতারিয়া কবচ কা ।

যারো *বিণ.* [খু] জারজ, বেশ্যার সন্তান ॥ জানিস্ ও একটা যারো?

যাহেল *বিণ.* [ফ] গোঁয়ার, নিষ্ঠুর ॥ ঐ যাহেলের ঘরে মেয়ে রাখবো না।

যিদ্‌কুর *বিণ.* [সি] পরশ্রীকাতর, অনিষ্টকারী ॥ যিদ্‌কুররা সমাযর দুশ্‌মন্।

যিনশয়তান *বিণ.* [কুম] বড় দুষ্ট, অনিষ্টকারী ॥ স্যারাডা যবর যিনশয়তান।

যিয়াযতি *বি.* [সি] জুলুম, গালিমন্দ ॥ পেডের পোলা ঐয়া কি

যিয়াযতি করে?

যুক্কা *বি. বিণ.* [সি] অপয়া, মন্দ ভাগ্যের লোক, ভারী ॥ নাওর মাযে যুক্‌কা কেরে, নাওতো চলে না।

যুমমির *বিণ.* [খু] লক্ষীছাড়া, মন্দ ভাগ্যের লোক, দুর্ভাগা, ভাগ্যহীন ॥ ঐ যুমমির ছাড়া এ কাজ করবে কে?

য়ুয়ানুকি শোগা *বি. বিণ.* [ঢা] গালি বিশেষ ॥ এই য়ুয়ানুকি শোগা এই মিহি আইস্ না।

যৈক্কা *বি. বিণ.* [নো] কৃপণ, অত্যন্ত ব্যয়কুণ্ঠ ও সঞ্চয়প্রিয়, অনুদার, নীচ ॥ তার লাহান যৈক্‌কার বাইত্ কি মাইন্‌সে যায়?

য্যায়রা সাওয়াল *বিণ.* [পা] অবৈধ সন্তান, পিতৃপরিচয়হীন সন্তান, দুষ্ট, পাজি ॥ য্যায়রা সাওয়াল রফি কতা শুনে না।

র

রংকা *বি.* [কল] বখাটে ছেলে ॥ গলির মোড়ে রোজ রোজ রংকাগুলো হৈ চৈ করে।

রংবাজ *বি.* [ম] মস্তান, দুর্বৃত্ত, দস্যু ॥ ম- তর রংবাজির মারে চুদি। [খুরকি কিলা থাকতে যে শালাকে খুঁজে পাওয়া যেত না সেই শালা আজ পাড়ার টপ রংবাজ- কা.পু., স.ম.]

রকবাজ *বিণ.* রকে বসে যারা আড্ডা দেয়, বাড়ির সম্মুখস্থ খোলা চাতাল বা বারান্দায় বসে যারা আড্ডা দেয় ॥ তারা সব রক্‌বাজ খচ্চর- [বিবর. স.ব]

রক্ষঃ *বি.* রাক্ষস, পুরাণে ও রূপকথায় উল্লিখিত মানুষখেকো জাতি বিশেষ, অতি মাত্রায় পেটুক ব্যক্তি, অতিভোজী ॥ তুমি রক্ষঃকুল হন্তা জানকী জীবন- [চৈ.ভা.]।

রগড় *বি.* মজাদার ব্যাপার, রসিকতা ॥ তোমার গাওনাতে খুব রগড় হবে- [আ.মু.,ভো.মু.]

রগ্‌রা *বিণ.* [কুম] একগুঁয়ে, গোঁয়ার, একরোখা ॥ রগরা মানুশ্ কিল্‌কনি খায়।

রগ্‌রামি *বি.* [কুম] একগুঁয়েমি, গুয়ার্তুমি ॥ এত রগ্‌রামি কৈরলে বালা অইত না।

রগ্‌ত্যাড়া *বিণ.* [নো] ঘাড়তেড়া, গোঁয়ার ॥ সারা জীবন রগ্‌ত্যাড়াই থাইক্‌বা তুঁই।

রগা ঢিলে *বি.* [কল] চরিত্রের দোষ ॥ সতীনাথ বাবু রগা ঢিলে লোক।

রঙিলা/রঙ্গিলা *বিণ.* [খু] যৌন আকর্ষণীয় নারী, সুন্দরী ॥ ও আমার রঙিলা ফুফুর কাণ্ড। [গুটকা যেমন মাঝে মাঝে বলে, 'রঙ্গিলা ছেমড়ি'- প্রজা.,স.ব.]

রড *বি.* [কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ ও বেশ্যাপাড়ায় ঢোকে রডটা হাতের মুঠোয় ধরে।

রতিদান *বি.* স্ত্রী সম্ভোগ, রতিক্রিয়া, সঙ্গম, যৌনক্রিয়া ॥ আজি রতিদানে হবে পুত্রের লক্ষণ- [বিজয়]।

রতিরঙ্ক *বিণ.* রতি বিষয়ে দীন বা দুর্বল ॥ দূর করি লজ্জাতঙ্ক তুঁহু সাধু রতিরঙ্ক- [ক.চ.]।

রতিরণ *বি.* রতিক্রিয়া, কামক্রিয়া ॥ রতিরণে হৈব তার মদন বাজন- [দৌ.কা.]।

রতিরসরঙ্গ *বি.* শৃঙ্গার রস ও কেলি বিলাস ॥ না বুঝয়ে রতিরসরঙ্গ ক্ষণে অনুমতি ক্ষণে ভঙ্গ- [বিদ্যা]।

রদ্দা মারা *ক্রি. বি.* চাপড় মারা, হাতের পাশ দিয়ে মারা ॥ স্লাদের ধরে কয়েক ঘা রদ্দা মেরে দিলেই তো হত-[প্রজা.,স.ব.]

রদ্দা মাল *বিণ.* [খু] খারাপ জিনিস ॥ এ রদ্দা মাল বাজারে বিক্রি হবে না।

রনজু *বি.* [কল] গাঁজা, নেশা জাতীয় দ্রব্য ॥ ও সারা জীবন রনজু খেয়ে খেয়ে মাতাল থাকলো।

রহড় গিয়াই *বি.* [সাঁও.] পাতলা শরীর ॥

রহস *বি.* সংসর্গ, সহবাস, রতিক্রিয়া, যৌনক্রিয়া, সঙ্গম, যৌনমিলন ॥ পুরুষ রহসে তার গেল চারি মাস- [ক.চ.]।

রাইচক ছি [চ.] হঠাৎ মৃত্যু হোক ॥

রাউরকেল্লা *বি.* [কল] উত্থিত পুরুষাঙ্গ, লিঙ্গের উত্তেজিত অবস্থা ॥ ও যখন হাঁটে, তখন ওর রাউরকেল্লা দিব্বি লাফাতে থাকে।

রাংগাউয়াই কুড়ি *বি.* [সাঁও.] বদমেজাজী মেয়ে লোক ॥

রাংগামুলা *বিণ.* [খু] অপদার্থ, অকর্মণ্য, অসার, অকেজো ॥ দেখতে সুন্দর হলে কি হবে বেটা রাংগামুলা।

রাঁড় *বি.* [খু] বিধবা, রণ্ডা, স্বামীরহিতা স্ত্রীলোক ॥ মেয়েটা রাঁড় কপাল নিয়ে এসেছিল। [নিকা নাহি দিয়া রাঁড় করি রাখে তায়- ভারত]।

রাঁড়বাজি *বি.* [রং] বারবনিতার সাথে সহবাস, বেশ্যার সাথে সঙ্গম ॥ তার ধন রাঁড়বাজিতে উড়িয়াছে।

রাসরস *বি.* শৃঙ্গাররস, নারী-পুরুষের সম্ভোগমূলক রস ॥ গোপগোপীগণ সংগে সদা রাসরস রঙ্গে ভারতের ভক্তি প্রদায়ক- [ভারত]।

রিক্না ছি [চ.] মহামারী রোগে মৃত্যু হউক ॥

রিগং *বি.* [গা.] চেৎ, চ্যাট, পুরুষাঙ্গ, শিশ্ন ॥

রিন্দামি *বি.* অপকর্ম, কুকর্মাদি ॥ রিন্দামি করএ এথা রিষুয়া হৈতে- [হাকিম]।

রিশাউল্‌লা *বিণ.* [চট্ট] হিংসুক, ঈর্ষাবিদ্বেষপরায়ণ, পরশ্রীকাতর ॥ ইথার মতো রিশাউল্‌লা মানুষ্ আর ন দেহি।

রুটাখাটা *বিণ.* [সি] খিটখিটে, বদরাগী, বদমেজাজী ॥ রসখস নাই রুটাখাটা মানুষ খুব খারাপ ।

রুস্তম *বি.* [কল] মস্তান, গুণ্ডা ॥ ঘরের ছেলেমেয়েদের অত্যন্ত রুস্তম হওয়া ভাল না দোস্ত- [জাল,শী.মু.]

রেন্‌ডি *বি.* [খু ঢা] বেশ্যা, বারবনিতা, কুলটা, পতিতা, বারনারী, বারস্ত্রী, বারবধূ, গণিকা, কামিনী ॥ খু- রেন্‌ডিগিরিইতো ওর ব্যবসা। ঢা- রেনডিগুলা এলাকা নষ্ট কইরা ফালাইলো।

রেবাখোর *বি.* সুদখোর, কুসীদজীবী ॥ ষষ্ঠম বাবেত জান রেবাখোর কথা কদাঞ্চিত লভ্যধন না কর সর্বথা- [সৈ.নূ.]।

রেযেল্লা *বিণ.* [সি] নাছোড়বান্দা, যে কিছুতেই ছাড়ে না ॥ রেযেল্লার চুদা হেটা মারাউনির পুআ।

রোগা *বিণ.* [কল] অকর্মণ্য, অসার, অকেজো, অক্ষম ॥ রোগা শুধু বসে খেতে জানে।

রোগাচোদা *বি.* [কল] চুদে চুদে দুর্বল হয়ে যাওয়া ব্যক্তি, দুষ্ট, বদ ॥ রোগাচোদার এ রোগের চিকিৎসা নাই।

রোগাচুদি *বি.* [কল] চুদিয়ে চুদিয়ে দুর্বল হয়ে যাওয়া নারী, দুষ্ট, বদ ॥ রোগাচুদি দুদিন ধরে বাইরে রাত কাটিয়েছিল এখন থুবড়ে পড়েছে।

রোগাছুঁড়ি *বি.* [কল] অতিশয় দুর্বল মেয়ে ॥ রোগাছুঁড়িকে ভাতারে তাড়িয়ে দিয়েছে।

রোগাছোঁড়া *বি.* [কল] অতিশয় দুর্বল ছেলে ॥ রোগাছোঁড়া আমাকে দেখতে এসেছে।

রোতো *বিণ.* [কল] বাজে, খারাপ ॥ এত বড় রোতো লোক জীবনে কখনো দেখেনি।

রোমিও *বি.* [কল] প্রেমিক পুরুষ, ব্যর্থ প্রেমিক ॥ রথীন দত্ত এখন

রোমিও হয়ে ঘুরছে।

রোয়া পচক এন্ [ম্রো] সর্প দংশনে তোমার মৃত্যু হউক।

রোসন্‌লাল *বি.* [কল] খুনি লোক, হত্যাকারী ॥ রোসন্‌লাল দেখলেই বুকটা ভয়ে কেঁপে ওঠে।

ল

লইগ্যা *বি.বিণ.* [নো] সাথি, সঙ্গী, ফাও লোক ॥ শইল্যে কুয়ত থাইকলে, লইগ্যা লাগেনি আইল্যে?

লইঞ *বি.* [সাঁও.] পুরুষাঙ্গ, ধন, ল্যাওড়া, শিশ্ন ॥

লক্‌কড় *বিণ.* [কল] অত্যন্ত নিকৃষ্ট, চরিত্রহীন ॥ এই লক্‌কড় মাগিকে দেখলে আমার মেজাজ গরম হয়ে যায়।

লক্‌ড়িবাজি *বি.* [কল] পতিতালয়ে গমন ॥ সন্ধ্যা হলেই এই লোকটা লক্‌ড়িবাজি করতে যাবে।

লক্কর মাল *বি.* [খু] নিকৃষ্ট, বাজে জিনিস ॥ এসব লক্কর মাল এখন চলে না।

লক্ষিতা *বি.* পরকীয়া নায়িকা বিশেষ ॥ পরপতি রতি চিহ্ন ঢাকিতে যে পারে লক্ষিতা করিয়া কবিগণ বলে তারে- [রসম]।

লক্ষ্মীছাড়া *বিণ.* [ফ] অলক্ষ্মী, দুর্ভাগ্যযুক্ত, হতভাগ্য, দুষ্ট, পাজি, বদমাশ ছেলে ॥ তোর মত লক্ষ্মীছাড়া নাই। [সবে বলে ব্যাস তুমি বড় লক্ষ্মীছাড়া অন্ন উড়ি যায় তুমি যাহ যেই পাড়া- ভারত; যেমন লক্ষ্মীছাড়া বাপ মা- তেমনি ছেলের রীতিকরণ- গণ. তা.ব]

লক্ষ্মীছাড়ি *বিণ.* দুষ্ট, পাজি, বদমাশ মেয়ে ॥ কী বললি ! কী বললি লক্ষ্মীছাড়ি- [প্র.প্র., আ.দে]!

লগ্‌বাজ *বি.* [কল] যারা মেয়েদের বিরক্ত করে, বখাটে ॥ লগ্‌বাজরা মেয়েদের দিকে তাকিয়ে হিহি করে হাসছে।

লট্‌করা *বিণ.* [খু] দুশ্চরিত্র, পাজি ॥ লট্‌করা ছেলের জন্য সুপারিশ করছেন।

লটকা-লটকি *বি.* [কল] অত্যন্ত ঘনিষ্ঠভাবে মেলামেশা করা, প্রেম করা ॥ দেখে এলাম গলির অন্ধকারে দুজন লটকা-লটকি করছে।

লটঘট *বি.* ঝামেলা, প্রেম সম্পর্কিত

গণ্ডগোল ॥ লটঘট আছে নাকি কোথাও- [হা.,ন.ভ.]

লটি *বি. বিণ.* [ব] নটী, বেশ্যা, বারবনিতা, কুলটা, পতিতা, গণিকা, বারনারী, বারস্ত্রী, বারবধূ, কামিনী ॥ লটি মাগির লাগান কতা কইস্ না।

লটির ব্যাটা *বি.* [ব] নটীর ছেলে, বেশ্যার সন্তান ॥ লটির বেটার বড় বড় কতা।

লড়র ফড়র *ক্রি. বিণ.* [নো] মাখামাখি, তোষামোদ ॥ লড়র ফড়র করি খাতিল জোআইও না।

লদিভরা *ক্রি. বি.* [কল] লদি অর্থাৎ নদীতে ভরে দেওয়া বা পুঁতে দেওয়া, মৃত্যু কামনা করা ॥ লদিভরা এ যাত্তায় বেঁচে গেল।

লপেটাবাজি *বি.* চালবাজি, মস্তানি ॥ শালা কুত্তার গারল ফ্রেন্ডের সামনে ও লপেটাবাজি ঘুচিয়ে দিয়েছে- [আ.যে.,গৌ.ঘো.]

লম্পট *বি. বিণ.* [ম খু] লুচ্চা, দুশ্চরিত্র, পরস্ত্রী লোলুপ, কামুক, লঠুয়া, নাগর, লোচ্চা, পারদারিক ॥ ম- তুই আস্তা একটা লম্পটরে । খু- লম্পট এবার ধরা পড়লে মরবে। [লম্পট পুরুষ আসে বারবধূজন বৈসে এক ভিতে তার অধিষ্ঠান- ক.চ.]।

লরাদাইয়া *বি.* [সি] নরাধম, অকর্মণ্য ॥ দুরু লরাদাইয়া তুই জীবনে মানুশ অইতে না।

লরাদৈশ্শা *বিণ.* [চট্ট ম] হতভাগা, মন্দ ভাগ্যের লোক ॥ চট্ট- লরাদৈশ্শারে এক্কিনি চোখে চোখে চাইস। ম- ইমুন লরাদৈশ্শারে লইয়া ফরলাম, জীবনঐ শেষ অইয়া যাইব।

লাআনত্ *বি.* [নো] বদদোয়া, অভিশাপ ॥ জারবা তোর উপর আল্লাহর লাআনত্ হড়ক।

লাইংগা *বি.* [চট্ট কুম] উপপতি, লাং ॥ চট্ট- ইথে তোর লাইংগা নাকি? কুম- হ্যাতে তোর লাইঙ্গা নাকি?

লাইনমারা ক্রি. [খু] প্রেম করা ॥ লাইনমারা ছাড়া ওর কোনো কাজ নেই।

লাইমাক *বি.* [চ.] মাগি, দুশ্চরিত্রা ॥

লাইমাক্কা ছা *বি.* [চ.] মাগির ছেলে, দুশ্চরিত্র নারীর সন্তান ॥

লাইলৃসা *বিণ.* [ম] লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ লাইলৃসামী করিস্ না বালা অ।

লাইসেন্সধারী মাল *বি.* [খু] স্বীকৃত, স্বীকৃত বেশ্যা নারী ॥ রেজিস্ট্রার্ড মাস্তানের মতো ও লাইসেন্সধারী

মাল।

লাউয়াপুত্ *বিণ.* [কুম] জারজ সন্তান, পিতৃপরিচয়হীন সন্তান, বেজন্মা ॥ এ্যাই লাউয়াপুত বেশি কতা কইস্ না।

লাউয়াসুট্‌টা *বিণ.* [সি] অসৎ, ভেল্‌কিবাজ, ধোঁকাবাজ, ফাঁকিবাজ ॥ লাউয়াসুট্‌টা চুদাউরির ভাই।

লাং *বি.* [চট্ট ম বরি সি] উপপতি, অবৈধ প্রণয়ী, জার, নাগর ॥ চট্ট- বেড়ি ইভা লাং লইও সুখত নাই। বরি- হে কি তোর লাং? সি- তার মাউগ দেখ গিয়্যা লাঙর লগ লইছে। ম- লাঙ্গের আশায় কুহু কুহু।

লাংগে নাই ত্যানা, হাংগে বাই পোত্‌তে প্যানা [খু] ছোট মুখে বড় কথা ॥ কি আর বলব লাংগে নাই ত্যানা, হাংগে বাই পোত্‌তে প্যানা।

লাংগের কোলেও হোয়া ভাতারের কোলেও হোয়া *ক্রি.* [খু] উপপতির কোলেও শোয়া, স্বামীর কোলেও শোয়া, দুশ্চরিত্রের মানুষ, ব্যক্তিত্বহীন লোক ॥ লাংগের কোলেও হোয়া ভাতারের কোলেও হোয়া করেই সংসারটা উচ্ছন্নে গেল।

লাংচুন্‌নি *বিণ.* [ব] ছিনাল, পর পুরুষের থাকা ॥ লাংচুন্‌নি মাগির আবার বড় বড় কতা।

লাংচোর *বিণ.* [ফ] ভিন্ন পুরুষের সাথে ভালোবাসাকারিণী। লাং চোর ম্যায়াগরে দূর কর।

লাক ফা *বিণ.* [বম] জারজ সন্তান, পিতৃপরিচয়হীন সন্তান, বেজন্মা ॥

লাগাও *ক্রি.* [ঢা] যৌনকর্ম, যৌনক্রিয়া, রতিক্রিয়া ॥ মায়রে বাপ লাগাও, এত কথা কিসের?

লাট্টু *বি.* [কল] স্তন, দুধ, পয়োধর ॥ জবার লাট্টু দুটো খাওয়ার উপযোগী হয়ে উঠেছে।

লাট্টুবাজ *বি.* [কল] কোটনা, পতিতার দালাল ॥ ওই লাট্টুবাজের কাছে যাবি না।

লাটসাব *বি.* [ম] বড়ো মানুষ [ব্যঙ্গার্থে] ॥ তর মত লাটসাবের ফুট্‌কিওমারি না আমি। [লাট সাহেব এলেও যেতে পাবিনে- ঝা., সু.রা]

লাটের বাট *বি.* *বিণ.* [কল] অত্যন্ত বড়োলোকি চাল, অলস, অকর্মণ্য ব্যক্তি [অবজ্ঞা অর্থে] ॥ লাটের বাট কিনা, তাই রাগ দেখালো।

লাড়ুয়া *বি.* [সি] মেথর, ধাঙ্গড় [হীন অর্থে] ॥ লাড়ুয়া চুদা চাড়ালর চাড়াল।

লাত্খোর *বিণ.* [রা] লম্পট, বেশরম, লাজ-শরমহীন, নির্লজ্জ ॥ উ শালা একটা লাত্খোর অর কি কুনু শরম আছে।

লাপাটু *বিণ.* [সি] লম্পট, বদমাশ, চরিত্রহীন ॥ দুর বেটা লাপাটু ইকান থাকি হর্।

লাল ঝান্ডা *বি.* [কল] মেয়েদের মাসিক, ঋতুস্রাব ॥ সেই গেলাম কিন্তু কাজ হলো না, মেয়েডা লাল ঝান্ডা তুলে দিয়েছে।

লাল্পদ্দ *বি.* [রা] যোনি, স্ত্রীচিহ্ন, উৎপত্তিস্থান ॥ মাগিরগুলান উঠেছে, লাল্পদ্দ ফাটালে বুঝবে হিনি।

লালবোল *বি.* [খু] অশ্লীল কথা, গালি, কটুকথা ॥ ছেলে লালবোল বলে আর তোমরা শুনে যাও।

লালু *বি.* [খু] নিরীহ ছেলে, আদুরে ছেলে [ব্যঙ্গার্থে] ॥ ও আমার ভুলু আর ও আমার লালু।

লিকাম *বি.* [কল] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ কুকাম করতে গিয়ে ধরা পড়েছে, ছেলেরা লিকামে দড়ি বেঁধে ঝুলিয়ে রেখেছে।

লিঙ্গা *বি.* [কল] গরিব বেশ্যা, কমদামি পতিতা ॥ একে তো লিঙ্গা তারপরে চেহারা খারাপ, কেউ ওর ঘরে ওঠে না।

লিঙ্গা করা *ক্রি.* [কল] পতিতার হাতে সব কিছু খুইয়ে আসা ॥ জমিজমা সবকিছু ওই মাগিটার পেছনে উড়িয়েছে, শেষে লিঙ্গা হয়ে পথে দাঁড়িয়েছে।

লিটো *বি.* [কল] মদ, নেশা জাতীয় পানীয় ॥ ঘরের এক কোনায় ওরা লিটো খাচ্ছে।

লিডা *বি.* [কল] মদ, নেশা জাতীয় পানীয় ॥ লিডা খেয়ে খেয়ে ছেলেটা নষ্ট হয়ে গেল।

লিডোআ *বি.* [কল] দেশি মদ, নেশা জাতীয় পানীয় ॥ লিডোআর দাম কম কিন্তু খেতে মজা।

লিনটি *বি.* [সাঁও.] যোনি, স্ত্রী যৌনাঙ্গ ॥

লিনটি চাটাক্রি *বিণ.* [সাঁও.] রমণ পাগল, নারী লোভী ॥

লিনটি দেদাড়ি *বিণ.* [সাঁও.] রমণ পাগল, নারী লোভী ॥

লিপিস্টিক *বি.* [খু] পুরুষাঙ্গ, শিশ্ন ॥ দেখ্বি, লিপিস্টিক দেখাবো?

লিপ্পাকর *বি.* [কল] চোরাইমালের ক্রেতা ॥ আগে গোপনে লিপ্পাকর্রা মাল কিনতো এখন সদরে কিনছে।

লিবৃবংশীয়া *বিণ.* [কল] নির্বংশ হওয়া, সন্তান সন্ততির অভাবে বংশ লোপ হওয়া ॥ আমার ছেলিয়াকে এমন কথা বলবি ত

তুই লিবৃবংশীয়া হবি।

লীলা *ক্রি. বি.* [কল] প্রেম করা, অবৈধ প্রণয় ॥ রাধা কেষ্টর লীলা খেলা এখানে চলছে।

লুইচ্চা *বিণ.* [ঢা নো] লম্পট, বদমাশ, চরিত্রহীন ॥ ঢা-লুইচ্চাডা আবার ধরা খাইছে। নো- হঁদির হুত ইয়ান্অ লুইচ্ছামি কইরবার জায়গা নয়।

লুইন্যা *বিণ* [ম] ঋণগ্রস্ত ॥ এই উড়ন্দচণ্ডি অহন হইছে বর লুইন্যা।

লুগেয়ে *ক্রি.* [চা.] আড়ালে যাওয়া ॥

লুগো আরিবোক *বিণ* [চ.] অমানুষ ॥

লুগোনী *বিণ* [চা.] ভ্রষ্টা মেয়ে ॥

লুচ্চা *বিণ.* [খু পা ম বরি] লম্পট, দুশ্চরিত্র ॥ খু- ও শালাতো ছুচোর মতো লুচ্চা। পা- লুচ্চার বাচ্চা কম কতা ক। বরি- তোর মত লুচ্চা দশ গ্রামেও নাই। ম- তর লুচ্চামি সবাই জানে।

লু জোক শে *বি* [মা.] খারাপ ছেলে ॥

লুডা *বি* [ম] নিঃস্ব, সব কিছু হারানো ॥ আলার ফুত্ অদ্দিনে লুডা লইছস্।

লুতিকর্ম্ম *বি.* সঙ্গম, সহবাস, রতিক্রিয়া, যৌনকর্ম ॥ কামভাবে পরনারী ভিতে না হেরিঅ লুতিকর্ম্ম কদাচিত মনে না করিঅ- [তোহ্]।

লুনুযা *বিণ.* [ম] নুলো, অকেজো, অপদার্থ, অক্ষম, অসার ॥ এই লুনুযা ফারব এই কাম।

লু-প্যাক্ মা *বি* [মা.] খারাপ মেয়ে ॥

লুম্পেন *বি.* [ইং. শব্দ] লুটেরা, বখাটে, মস্তান, লম্পট ॥ লুম্পেনগিরী করতেই ওরা এদেশে এসেছিল। [বস্তির ওই লুম্পেনগুলোর সংগে আড্ডা দিলে চলবে- কা.পু.,স.ম.]

লুলা *বিণ.* [কুম ঢা ব] অকেজো, খোঁড়া, অক্ষম, অকর্মণ্য ॥ কুম-লুলার মতন কায্ কর কেন? ঢা-লুলা বেডার তেজ দেহো। ব- তুই লুলা নেকি যে কাম করবের পারিস্ না।

লুলু *বি.* [খু] যে মেয়ে বহু ছেলেকে নাচায়, দুশ্চরিত্রা ॥ ঐ লুলু মেয়েটা সবাইকে জ্বালালো।

লুল্লু পোতা *বি.* [ঢা] ঝুলে যাওয়া পুরুষাঙ্গ ॥ বুইড়ার বিয়ার শখ হইছে, ব্যাটা লুল্লুপোতা।

লেওড়া *বি.* [য ম] পুরুষাঙ্গ, সোনা, শিশ্ন ॥ য- তোর গুদের মধ্যে লেওড়া ঢুকিয়ে পেট বানায়ে দেব। ম- তুই আমার লেওড়া করবে।

লেংড়া *বিণ.* [ম] খোঁড়া লোক, খঞ্জ, বিকলাঙ্গ ॥ এই লেংড়ারে লইয়া আর গর করতাম না।

লেচ্ছর *বিণ.* [সি] নাছোড়বান্দা, যে কিছুতেই ছাড়ে না ॥ এই লেচ্ছরে তরে দরছে ছাড়তঅ নায়।

লেটলেটানি ক্রি. [নো] সংগম করা, রতিক্রিয়া করা ॥ এত খিতখিতি যঅন, লেটলেটানি হড়চ্ছা মাগির লগে যাই।

লেটা *বি.* [নো] সংগম, সম্পর্ক ॥ ছোদানীর হুত ভাইর বৌর লগে বুঝি লেটা বাজাইছস্।

লেঠুয়ে পালিশ করবো ক্রি. [খু] সোজা করা, সাইজ করা, শায়েস্তা করা ॥ এবার পড়া না হলে লেঠুয়ে পালিশ করবো।

লেঠেল *বি* [কল] যৌন বিকৃত মানুষ ॥ লেঠেলরা কোন বাছ বিছার করে না-মেয়ে মানুষ দেখলেই ঠেঁসে ধরে।

লেডডা *বি.* [ম] পুরুষাঙ্গ, শিশ্ন [মেয়েদের এই বলে গালি দেয়] ॥ লেডডা লইয়া এইন আইছ কেরে, হেইন যাইতা হারনা।

লেডিকিলার *বিণ. বি.* [ইং. শব্দ] মেয়েখেকো মানুষ, চরিত্রহীন ব্যক্তি, যে ব্যক্তি বহু নারীর সাথে সম্পর্ক তৈরি করে ॥ ওতো হিটলারের মতো লেডিকিলার।

লেডিবার্ড *বিণ.* [ইং. শব্দ] সুন্দরী মেয়ে, যৌন আকর্ষণসম্পন্ন নারী ॥ আব্বে এটা লেডিবার্ডের বাপ না- [চেতনা,আ.ক.]

লেড় *বি.* [সি] বীর্য, মাসিকের রক্ত ॥ লেড় খাওরার দল আমার আম গাছঅ ইটা না মারলে ফেটর বাত অজম অয় না।

লেড় হাওড়া *বিণ.* [ম] মাসিকের রক্ত খায় যে, নীচ ॥ লেড় হাওরার গরের লেড় হাওরা তর গরের বাত্ আমি আর কাইতাম্ না।

লেথুয়ে কলজা কাবাব করবো ক্রি. [খু] ক্রোধ ঝাড়া ॥ তোরে লেথুয়ে কলজে কাবাব করবো।

লেদাবুইস্যা *বিণ.* [ম] কম বুদ্ধিসম্পন্ন মানুষ, বোকা, অলস ॥ ঐ লেদাবুইস্যা অত্কান লাগেরে এই কামডা করতে।

লেনদর *বি.* [ম] নোংরা থাকে যে, অপরিষ্কার ॥ হেয়াল লেনদরের মত অত ঘিদর অইয়া রইছস কেরে।

লেবেন্ডিস *বিণ.* [ম] বোকা, অকর্মণ্য, অক্ষম, অসার ॥ এই লেবেন্ডিস মার্কারে লইয়া বিফদে ফরসি।

লেফেন্ডিস *বিণ.* [ম] বোকা, অকর্মণ্য, অক্ষম, অসার ॥ এ একটা আস্তা লেফেন্ডিস।

লেরগিদর *বিণ.* [ম] নোংরা, অপরিষ্কার ॥ অত বর লেরগিদর কি আর আছে!

লেরী কুত্তা *বি* [কল] সঙ্গমেচ্ছু কুকুর [যৌন উন্মাদ মানুষ সম্পর্কে] ॥ ছেলেগুলো লেরী কুত্তার মত মেয়েদের পাছা শুঁকতে শুঁকতে চলেছে।

লেল্হা *বিণ.* [সাঁও.] বোকা, বেআক্কেল ॥

লেহালুয়া *অব্য.* [কল] অবাক, বিস্ময়সূচক বুলি ॥ লেহালুয়া, আমি আবার কী করলাম।

লোক্ *বি.* [কল] বেশ্যালয়ে গমনকারী ॥ কত লোক যে মাগির লোভে যায় এর হিসেব নাই।

লোকু *বি.* [কল] লোভী কুত্তা, অত্যন্ত লোভী ॥ আরে ও-তো একটা লোকু, একটা কিছু দিলেই ছুটে আসবে।

লোটি *বি.* [পা রা] নটী, বেশ্যা, বারবনিতা, গণিকা, পতিতা, বারনারী, বারস্ত্রী, বারবধূ, কুলটা ॥ পা- লোটির বাচ্চা চুপ কর। রা- লোটির স্বভাব আর কোনুদিন ভাল হব্যে না।

লোটির ছাওয়াল *বি.* [পা রা] চরিত্রহীন নারীর সন্তান, বেশ্যার সন্তান ॥ পা- লোটির ছাওয়াল তোর মাক্ চুদি। রা- লোটির ছাওয়াল মুক সামলে কথা কহা।

লোটির বেটি *বি.* [রা] অসতির মেয়ে, চরিত্রহীন নারীর মেয়ে ॥ ইহ্ লোটির বেটি আমাকে সতি হওয়ার জ্ঞান দিতে আসছে।

লোদন *বিণ.* [য] অমিশুক, কুপমণ্ডুক ॥ সারাদিন ঘরে থেকে থেকে ওর স্বভাবটা লোদন হয়ে গেছে কারোর সঙ্গে সম্পর্ক নেই।

লোধা *বিণ.* [রা] অকর্মণ্য, অক্ষম, অসার, অকেজো ॥ লোধাটা ভাল কইরা হাঁটতেও পারে না লুধ কইর‍্যা পইর‍্যা যায়।

লোফার *বিণ. বি.* [কল খু] [ইং. শব্দ] দুশ্চরিত্রের পুরুষ, ভবঘুরে, বোম্বেটে, বখাটে, লম্পট ॥ কল- তোর দাঁত ভেঙে ফেলবো, লোফার কোথাকার। খু- ওই লোফারটা যেন আমার বাড়িতে না আসে।

লোবরা *বিণ.* [রা] অতি লোভী, লোলুপ, লোভযুক্ত ॥ লোব্‌রাডা যেটে শেটে খায়ে বেড়ায়।

লোভী *বিণ.* অন্যের জিনিস পাওয়ার তীব্র বাসনা ॥ ধন্‌না শিশুকাল থেকেই খচ্চরের আঁদি ও লোভী-

[হা., ন.ভা]।

লোয়ার *বিণ* [সি] নোংরা, অগোছালো ॥ লোয়ার জন্মা খবিছর চুদা।

লোহার ব্যাটা *বিণ.* [রা] তুচ্ছার্থে ॥ তোর মতন লোহার ব্যাটা হামার কিছু করতে পারবে না।

ল্যাওড়া *বি. বিণ.* [কল খু ঢা. পা ম] পুরুষাঙ্গ, লিঙ্গ, শিশ্ন, খারাপ [ব্যঙ্গার্থে] ॥ কল- ল্যাওড়া মুখে পুরে দেবো। খু-দ্যাখো ঘোড়ার মতো ল্যাওড়া ঝুলে আছে। ঢা- ল্যাওড়ার কথা কও, তুমি বিসিএস পরীক্ষা দিবা! কাম করিস্ না। ॥ পা-ল্যাওড়ার কাম কর ভালো হয় না। ম- ইমুন ল্যাওড়ার কাম কইর না। [ও ল্যাওড়া লিখলেই কী আর না লিখলেই কী- কা.মা., ন.ভ.]।

